প্রাচীন মন্ডলীর বৈরাগ্যের কৃচ্ছব্রতের প্রতি প্রবণতা লিপিকারদিগকে কতিপয় আলোচিত অংশে "উপবাস" উল্লেখ করতে সমর্থন দান করেছিল (উদাঃ মথি ১৭:২১; মার্ক ৯:২৯; কার্য্যাবলী ১০:৩০; ১করি ৭:৫) আরও বিস্তারিত তথ্যের জন্য Bruce Metzger's Atextual Commentary on the Greek New Testament Published by United Bible Societies on this questionable text আলোচনা করুন।

➢ "প্রকৃত পক্ষে" ১৫:১৪ তে (উল্লেখিত) বিশেষ আলোচ্য বিষয়টি দেখুন।
৬:১৭, ৬ পদের ন্যায় এটি একটি সত্য। এ অংশের প্রসঙ্গটি একটি ধর্মীয় ভাবে জাহির করুন।

আলোচনার প্রশ্ন সমূহঃ

এটি একটি পাঠ নির্দ্দেশক টীকা যার অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদে জন্য দায়ী। আমাদের প্রত্যেককেই আমাদের নিজস্ব আলোকে চলা ফেরা করতে হবে। আপনি বাইবেল এবং পবিত্র আত্মাই অনুবাদে অগ্রগন্য। আপনি অবশ্যই তা একজন টীকা কারের উপরে ছেড়ে দেবেন না।

এ সকল আলোচনার প্রশ্ন সমূহ আপনাকে চিন্তা করার জন্য বইটির এ অংশের গুরুত্বপূর্ণ মূল বিষয়ের মাধ্যমে যোগান দেওয়া হয়েছে। সে সব চিন্তার উক্তেজক অর্থে নিশ্চয়ক কিছু নয়।

১. যীশু কেন কুঁবাক্যের এ ৩টি ক্ষেত্রে (ভিক্ষাদান, প্রার্থনা এবং উপবাস) দোষ প্রদানের (দোষযুক্ত হওয়ার) জন্য বেছে নিলেন?
২. আমরা আমাদের সময়ে এই ভাবে কোন কোন ক্ষেত্রে ব্যবহার করে থাকি?
৩. কেন একজনের আচরণ তার কাজের চেয়েও বেশী গুরুত্বপূর্ণ?

১৯- ২৪ পদ সমূহের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি।

১. এ অনুচ্ছেদের সত্য সমূহ লূক লিখিত সুসমাচারে পূর্ণ ব্যক্তি করা হয়েছে কিন্তু বিভিন বিন্যাসে (১) মানুষকে অবশ্যই স্বর্গে ধন সঞ্চয় করতে হবে (লূক ১২:৩৩- ৩৬) (২) চক্ষু হচ্ছে শরীরের প্রদীপ (লূক ১১:৩৪- ৩৬); (৩) একজন লোক দুই কর্তার দাসত্ব করতে পারে না (লূক ১৬:১৩) এবং (৪) প্রকৃতির জন্য সরবরাহ মানুষের জন্য ঈশ্বরের যোগানের (সরবরাহের) দৃষ্টান্ত দেয় (লূক ১২:২২- ৩১) যীশু বিভিন দলের জন্য তার শিক্ষা পূর্ণ ব্যক্ত করেছিলেন এবং বিভিন বিন্যাসে একই প্রকার বস্তুর ব্যবহার করেছিলেন।
২. যীশু ঈশ্বরের সম্বন্ধে শিক্ষা দেবার জন্য প্রকৃতিকে ব্যবহার করেছিলেন (১) সব কিছুরই মালিক ঈশ্বর এবং (২) মানুষ বস্তু বা নীচুপ্রাণী থেকে বেশী গুরুত্বপূর্ণ।
৩. এ অংশটিকে অবশ্যই আক্ষরিক অর্থে বুঝাতে হবে না, কিন্তু বৈসাদৃশ্যে বুঝাতে হবে বা প্রতি তুলনায় বুঝাতে হবে। পার্থিব ধন মন্দ কিছু নয়, কিন্তু বস্তুর অগ্রগন্য তা অন্য স্থানে স্থাপন মন্দ হতে পারে (উদাঃ ১ তীম ৬:১০) মানুষের জীবনের প্রয়োজন সম্বন্ধে সমীচিন নয়, উৎকণ্ঠায় তার প্রতি ঈশ্বরের যত্নের এবং প্রয়োজনের জন্য সরবরাহের বিশ্বাসের অভাব প্রমান করে (উদাঃ ফিলিপীয় ৪:৬) বিশ্বাস হচ্ছে মূল চাবিকাঠি।
৪. ধর্মশাস্ত্রে এ অংশটি তিনটি সম্পর্কযুক্ত আলোচ্য অংশের প্রেক্ষাপটে ভাগ করা যায় (১) ১৯- ২১ পদ (২) ২২- ২৪ এবং (৩) ২৫- ৩৪ পদ এ বিষয় রব্বিগণ যা বলেন "একটি সুতায় গাঁথা মুক্তা" তার সঙ্গে সাদৃশ্য পূর্ণ যার অর্থ কতিপয় সম্পর্কহীন বিষয় অতি সানিধ্যে আলোচনা করা।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যায়ন।

এন, এ, এস, বি (হাল নাগাদ সংশোধিত) মূল গ্রন্থ ৬:১৯- ২৩।
১৯ "তোমরা পৃথিবীতে আপনাদের জন্য ধন সঞ্চয় করিও না; এখানে তো কীটেও মরিচায় ক্ষয় করে এবং এখানে চোরে সিঁধ কাটিয়া চুরি করে। ২০ কিন্তু স্বর্গে আপনাদের জন্য ধন সঞ্চয় কর; সেখানে কিটে ও মরিচায় ক্ষয় করে না, সেখানে চোরেও সিঁধ কাটিয়া চুরি করে না। ২১ কারণ

যেখানে ধন সেখানে তোমার মনও থাকিবে। ২২ চক্ষুই শরীরের প্রদীপ; অতএব তোমার চক্ষু যদি সরল হয়, তবে তোমার সমস্ত শরীর দ্বীপ্তিময় হইবে। ২৩ কিন্তু তোমার চক্ষু যদি মন্দ হয়, তবে তোমার সমস্ত শরীর অন্ধকারময় হইবে। অতএব তোমার আন্তরিক দ্বীপ্তি যদি অন্ধকারময় হয়, সেই অন্ধকার কত বড়।

৬:১৯ "ধন সঞ্চয় করো না" এটি আক্ষরিক ভাবে "ধন সঞ্চয় করা বন্ধ কর"
এ একই প্রকার শব্দ নিয়ে লেখাও ২০ পদে পাওয়া যায়। এটি একটি অপ্রধান পদ সহ বর্তমান অনুজ্ঞা সূচক বর্ত্তমান কাল যার অর্থ হচ্ছে পূর্ব থেকে চলে আসা কোন কাজকে থামিয়ে দেওয়া। পতিত মানবতার ইচ্ছা হলো তাদের নিজেদের সম্পদের দ্বারা সুখী জীবনের জন্য যা প্রয়োজন তা যোগান দিতে চেষ্ঠা করা। ব্যকরণগত গঠন এখানে প্রমান করে যে, মুক্তি প্রাপ্ত লোকের পক্ষে একটি পরীক্ষাও বটে। প্রকৃত সুখ এবং কৃতকার্যতা কেবল মাত্র ঈশ্বরের উপরে নির্ভরতা এবং আত্ম সন্তুষ্টি, যা তিনি জুগিয়ে দিয়েছেন তার মধ্যে পাওয়া যায়। (উাদঃ উপদেশক ১- ২,২:২৪- ২৫; ৩:১২,২২; ৫:১৮; ৮:১৫; ৯:৭- ৯;ফিলিপীয় ৪:১১- ১২)

- "ধন প্রাচীন পৃথিবীতে ৩টি উৎস থেকে ঐশ্বর্য্য উৎসারিত হতো (১) খাদ্য, (২) খাদ্য বস্তু এবং (৩) মূল্যবান ধাতু ও রত্ন। এর প্রত্যেকটি পদই হয় ধ্বংস বা চুরি হতে পারে। পোকায় বস্ত্র আক্রমন করবে। মরিচা (Rust) শব্দটি "খাওয়া" (to eat) বা খেয়ে ফেলা (eat away) বা মরিচায় ক্ষয় করা "CorrodeÓ শব্দ সমূহের মূল থেকে এসেছে এবং তা পোকার খাদ্য খাওয়া বুঝতে রুপক ভাবে ব্যবহৃত হয়েছে। চুরির অর্থ মূল্যবান ধাতু রত্ন বা অন্য জিনিস অপহরণ,ডাকাতি করণ বলে উল্লেখ করা হয়েছে। মূলতঃ এর অর্থ আমাদের পার্থিব ধন ক্ষতিগ্রস্ত হতে পারে এমন । যদি কারও সুখ ধনের উপরে নির্ভর করে, তবে সে সব যেকোন মূহুর্তেই হারাতে হতে পাওে। নিরাপক্তা এবং সুখ প্রার্থি ও বস্তুর মধ্যে পাওয়া যায়। তা যে ভ্রান্ত ধারন সে বিষয় লূক ১২:১৫ পদে বলা হয়েছে।
- "বিনাশ" (Destroy) পদটির অর্ধ "বিলোপ সাধন করা" (To Cause to disappear)
- "চোর এস সে সব চুরি করে নিয়ে যাবে" (Thieves breaking and steal them) "আসবে" শব্দটির আক্ষরিক অর্থ ছিল সিঁধ কাটা (dig through) একালে অনেক ঘরই ছিল মাটির দেওয়ালের তৈরী। গ্রীক ভাষায় চোর বা ডাকাতের অর্থ এসেছে "মাটি কখন কারী" (Mud digger) শব্দ সমূহ থেকে।

৬:২০ "কিন্তু স্বর্গে আপনাদের জন্য ধন সঞ্চয় কর" (but store up for your selves treasuresin heaven) এটি একটি কর্ত্তৃবাচক বর্তমান অনুজ্ঞাশুচক বাক্য মূলত তা আধ্যাত্মিক আচরনের এবং কার্যের অর্থেই ১ তীমথীয় ৬:১৭- ১৯ সুন্দর ভাবে সেই ধারনাই প্রকাশ করে। ঈশ্বর নিজেই আমাদের স্বগীয় ধন সুরক্ষা করেন (উদাঃ ১ পিতর ১:৪- ৫)
২০ পদের ক্রিয়াপদটি বিশেষ্যের ন্যায় একই মূল থেকে এসেছে। আক্ষরিক ভাবে এটি এরুপ বুদ্ধি দীপ্ত তর্কাদি হতে পারতো "তোমাদের নিজেদের জন্য স্বর্গে ধন সঞ্চয় কর"
৬:২১ "কারণ যেখানে তোমাদের ধন সেখানে তোমার মনও থাকিবে" এটি গুরুত্বপূর্ণ যে সর্বনামের বহুবচনটি যা পূর্ববর্ত্তী পদ সমূহে ব্যবহৃত হয়েছে এবং এখন এক বচনে পরিবর্ত্তন হচ্ছে। এ অনুচ্ছেদটি পার্থিব বস্তুর নশ্বরতা এবং পবিত্র বস্তুর চিরকালটিকে শিক্ষা দেয় এ বিষয় একথাও জোরালো ভাবে প্রকাশ করে যেখানে কারও স্বার্থ এবং শক্তি নিয়োজিত সেখানে প্রকৃত পক্ষে তার অগ্রগন্যতা প্রকাশ পায়। অন্তঃকরণ (একটি ইব্রীয় ভাষার শব্দ প্রয়োগের কৌশল) হচ্ছে ব্যক্তি কেন্দ্রস্থল। এটি একজনের আপন সত্ত্বার সার্বিক প্রকাশ।

৬ঃ২২ "চক্ষু" শরীরের প্রদীপ" এ বাক্যের পটভূমি ছিল যীহুদীদের চক্ষুর ধারনা যাকে আত্মার জানালা বলে বলা হতো। চিন্তার জীবনে যা একজন সমর্থন করে তাই প্রমাণ করে যে সে কে? চিন্তা বাসনার জন্ম দেয়, বাসনা কর্মের সৃষ্টি করে কর্ম ব্যক্তিকে প্রকাশ করে।

৬ঃ২২- ২৩ এ দুটি পদ স্পষ্টতঃ পরস্পর বিপরীত। বৈপরিত্য যে শব্দ সমূহে প্রকাশ করা হয়েছিল তা হচ্ছে "ভাল" বনাম "মন্দ" "একটি" বনাম "দ্বিগুণ" "সহৃদয়" বনাম "কৃপণ" বা "সাস্থ্যবান" বনাম "রোগগ্রস্থ। চক্ষু শব্দটি ব্যবহার করা হয়েছিল একত্বের কারণে যে স্বাস্থবান দৃষ্টি সংস্থান কওে,যোগায় বনাম দ্বিগুন অস্পষ্ট দৃষ্টি রোগের সৃষ্টি করে।

এসব পদে ৩টি শর্তসাপেক্ষ বাক্য আছে (যেমন) প্রথম দুটি হচ্ছে তৃতীয় শ্রেণীর শর্ত সাপেক্ষ যা সম্ভাব্য কর্মের বিষয় প্রকাশ করে। কিছু কিছু মানুষ আছে যারা আধ্যাত্বিক সত্য স্পষ্ট দেখতে পায় এবং অনেকে আছেন যারা আধ্যাত্বিক ভাবে অন্ধ। শেষের "যদি" কথাটি থাকায় তা একটি ১ম শ্রেণীর শর্ত সাপেক্ষ বাক্য হয়ে দাড়িয়েছে যা অন্ধকে বৈশিষ্ট প্রদান কনের, যারা মনে করে যে তারা দেখতে পায় ।

এন, এ, এস, বি (হাল নাগাদ সংস্কারকৃত) মূল পাঠ ৬ঃ২৪
২৪ "সেই দুই কর্ত্তার দাসত্ব করতে পারে না, কেননা সে হয়তো একজনকে দ্বেষ করিবে, আর একজনকে প্রেম করিবে, নয়তো একজনের প্রতি অনুরক্ত হইবে আর একজনকে তুচ্ছ করিবে, তোমরা ঈশ্বর এবং ধন উভয়ের দাসত্ব করিতে পার না" ।

৬ঃ২৪"কেহই দুই কর্তার দাসত্ব করিতে পারে না" এ বিষয়টি পৃথিবীকে কঠিন বাস্তবতায় পর্য্যবসিত করে। এটি হচ্ছে প্রকৃত জীবন ত্রাসের একটি সহজ পছন্দ। মনুষ্য প্রকৃতি পক্ষে স্বাধীন মুক্ত নয়। তার এক কিংবা দুই প্রভুর দাসত্ব করে (উদাঃ ১যোহন ২ঃ১৫- ১৭)

- "সে হয়তো একজনকে দ্বেষ করিবে, নয় আর একজনকে প্রেম করিবে" এ সব হচ্ছে সমতুল্য সম্পর্কের ক্ষেত্রে। ইব্রীয় ভাষার শব্দ "দ্বেষ" (hate) এবং 'প্রেম" (love) তুলনার বাগরীতি ছিল (উদাঃ আদি ২৯ঃ৩০,৩১,৩৩; মালাখী ১ঃ২- ৩; মথি ২১ঃ১৫;লূক ১৪ঃ২৬; যোহন ১২ঃ২৫ এবং রোমীয় ৯ঃ১৩) পরস্পরাগত অর্থে তা দ্বেষ নয়, কিন্তু তা কারও অগ্রগণ্যতা।

এন, এ, এস, বি, এন, আর, এস, ভি "তুমি ঈশ্বর এবং ধনের দাসত্ব করিতে পার না"
এন, কে, জে, ভি 'তুমি ঈশ্বর এবং ধন সম্পদের দাসত্ব করিতে পার না"
টি, ই, ভি 'তুমি ঈশ্বর এবং অর্থ উভয়েরই দাসত্ব করিতে পার না"
জে, বি 'তুমি ঈশ্বর এবং অর্থ এ উভয়েরই দাস হইতে পার না"

"সম্পদ" (Wealth) শব্দটি ইব্রীয় ভাষার মূল "সঞ্চয় করা" (to store up) বা "ন্যাস্ত করা" (to entrust) থেকে এসেছে। এটি মূলত একজন লোক অন্য আর একজন লোকের কাছে অর্থ বিনিয়োগের ক্ষেত্রে বিশ্বাস স্থাপনের ক্ষেত্রে অর্থ নির্দ্দেশ করতে ব্যবহৃত হতো। এ অর্থ হলো "যে একজন (আর একজনকে) বিশ্বাস করতো" মনে হয় এটি লক্ষের উপরে জোর দেয় যার উপরে একজন তার নিরাপক্তা নির্ভর করে। A.T.Robertson দৃঢ়তার সঙ্গে বলেছেন যে, এ শব্দটি অর্থের দেবতার নামের জন্য সিরীয়গণ কর্ত্তৃক অস্বীকার করা হয়েছে, তথাপিও একটি যুক্তি সঙ্গত সাদৃশ্য বলে মনে হয়। Willium Barclay Zvi Daily Study Bible On Matthew Vol. 1P. 252 তে দৃঢ়তার সঙ্গে

ব্যক্ত করেছেন যে প্রাচীন ভূমধ্যসাগরীয় পৃথিবীতে ধন (mammon) বড় হাতের অক্ষর "M" দিয়ে বানান করণ হতে থাকলো, এটি ছিল দেবতার নাম করণের একটি পন্থা। অর্থই সমস্যা নয়, কিন্তু অর্থের অগ্রগণ্যতাই সমস্যা (উদাঃ ১ম তীমথিয় ৬:১০)। অর্থের বাস্তব জীবনের দুঃখজনক অভিজ্ঞতা হচ্ছে যে আমদের কখনই যথেষ্ট টাকা থাকে না এবং সত্ত্বর তা আমরা অধিকার করার পরিবর্তে তা আমাদের অধিকার করে বসে। যত আমরা পাই, ততই আমরা তা হারানোর বিষয়ে ব্যতিব্যাস্ত ও উদ্বিগ্ন হয়ে পড়ি, আমরা তা রক্ষা করতে গিয়ে ক্রমে ক্ষয় প্রাপ্ত হয়ে যাই।
নীচের বিশেষ আলোচ্য বিষয় দেখুনঃ

বিশেষ আলোচ্য বিষয়ঃ ঐশ্বর্য্য

১. পুরাতন নিয়মের সার্বিক প্রেক্ষাপট।

এ. ঈশ্বরই সর্ব বিষয়ের মালিক

১. আদিপুস্তক ১- ২

২. বংশাবলী ২৯:১১

৩. গীতসংহিতা ২৪:১;৫০:১২;৮৯:১১

৪. যিশাইয় ৬৬:২

বি. ঈশ্বরের উদ্দেশ্যে মানুষই ধনের তত্ত্বাবধায়ক

১. দ্বিতীয় বিবরণ ৮:১১- ২০

২. লেবীয় পুস্তক ১৯:৯- ১৮

৩. ইয়োব ৩১:১৬- ৩৩

৪. যিশাইয় ৫৮:৬- ১০

সি. ধন হচ্ছে উপাসনার একটি অঙ্গ

১. দুইটি দশমাংশ

এ. গনণাপুস্তক ১৮:২১- ২৯; দ্বিতীয় বিবরণ ১২:৬- ৭; ১৪:২২- ২৭।

বি. দ্বিতীয় বিবরণ ১৪:২৮- ২৯; ২৬:১২- ১৫।

২. হিতোপদেশ ৩:৯

ডি. ধনকে অঙ্গিকারের যথার্থতার স্বচক্ষে একটি দান হিসাবে দেখা হয়।

১. দ্বিতীয় বিবরণ ২৭- ২৮

২. হিতোপদেশ ৩:১০;৮:২০- ২১;১০:২২;১৫:৬

ই. অন্যদের বিনিময়ে মূল্যে ধনের (ধন প্রাপ্যতার বিরুদ্ধে সতর্কবানী

১. হিতোপদেশ ২১:৬

২. যিরমিয় ৫:২৬- ২৯

৩. হোশেয় ১২:৬- ৮

৪. মীখা ৬:৯- ১২

এফ. ধনই পূর্ণ বস্তু নয় যদি না তা অগ্রগণ্য বিবেচিত হয়।

১. গীত সংহিতা ৫২:৭; ৬২:১০; ৭৩:৩- ৯

২. পরমগীত ১১:২৮;২৩:৪- ৫;২৭:২৪;২৮:২০- ২২

৩. ইয়োব ৩১:২৪- ২৮

(২) পরমগীতের অদ্বিতীয় প্রেক্ষাপট

এ ধনকে ব্যক্তিগত প্রচেষ্টার প্রতিযোগীতার ক্ষেত্রে মধ্যে স্থাপন করা হয়েছে।

১.ঢিলেমী এবং আলোস্যকে নিন্দা করা হয়েছে পরমগীত ৬:৬- ১১; ১০:৪- ৫,২৬; ১২:২৪,২৭; ১৩:৪; ১৫:১৯; ১৮:৯; ১৯:১৫,২৪,২০:৪,১৩; ২১:২৫; ২২:১৩; ২৪:৩০- ৩৪; ২৬:১৩- ১৬।

২.কঠোর শ্রম সমর্থিত হয়েছে পরমগীত ১২:১১,১৪; ১৩:১১

বি. ধার্মিকতা বনাম মন্দতার উদাহরণ দুতে দরিদ্রতা বনাম ব্যবহৃত হয়েছে ১০:১ এফ, এফ; ১১:২৭- ২৮;১৩:৭;১৫:১৬- ১৭;২৮:৬,১৯- ২০।

সি. জ্ঞান (ঈশ্বর এবং তার বাক্য জ্ঞাত হওয়া এবং এ জ্ঞান টিকিয়ে রাখা) ধনের চেয়ে ও অধিক উত্তম পরমগীত ৩:১৩- ১৫;৮:৯- ১১;১৮:২১;১৩:১৮

ডি. সতর্কবাণী এবং মৃদুভর্ৎসনা

১. সতর্কবাণী/ সাবধান বাণী সমূহ

এ প্রতিবাসীর ঋণের নিরাপত্তা দেওয়া সম্বন্ধে সতর্ক হওয়া পরমগীত ৬:১- ৫;১১:১৫;১৭:১৮;২০:১৬;২২:২৬- ২৭;২৭:১৩।

বি. মন্দ উপায়ে ধনার্জন থেকে সাবধান হও। পরমগীত ১:১৯; ১০:২, ১৫;১১:১; ১৩:১১; ১৬:১১; ২০:১০,২৩; ২১:৬; ২২:১৬,২২; ২৮:৮।

সি. ঋণ করা থেকে সাবধান হওয়া পরমগীত ২২:৭

ডি. ধনরক্ষণ স্থায়ীত্বের থেকে সতর্ক হউন পরমগীত ২৩:৪- ৫

ই. বিচার দিনে ধন কোন কাজে আসবে না পরমগীত ১১:৪

এফ. ধনের অনেক “বন্ধু” আছে পরমগীত ১৪:২০.১৯:৪।

২. মৃদুভর্ৎসনা সমূহ

এ. দয়া সমর্থিত পরমগীত ১১:২৪- ২৬, ১৪:৩১; ১৭:৫; ১৯:১৭; ২২:৯; ২২:২৩; ২৩:১০- ১১; ২৮:২৭।

বি. ধার্মিকতা ধন থেকে শ্রেয় পরমগীত ১৬:৮;২৮:৬,৮,২০- ২২

সি. একান্ত প্রয়োজনের জন্য প্রার্থনা, প্রাচুর্য্যের জন্য নয় পরমগীত ৩০:৭- ৯

ডি. গরীবকে দান করা ঈশ্বরকেই দেওয়া পরমগীত ১৪:৩১

(৩) নতুন নিয়মের প্রেক্ষাপট।

এ. যীশু ।

১. ঈশ্বর ও তার সম্পদের উপরে বিশ্বাস স্থাপন করার পরিবর্ক্তে আমাদের নিজেদের এবং আমাদের সম্পদের উপরে বিশ্বাস স্থাপন করার বিষয়ে ধন একটি অদ্ভুত প্রলোভনের সৃষ্টি করে।

এ. মথি ৬:২৪;১৩:২২;১৯:২৩

বি. মার্ক ১০:২৩- ৩১

সি. লূক ১২:১৫- ২১,৩৩- ৩৪

ডি. প্রকাশিত বাক্য ৩:১৭- ১৯

২. ঈশ্বর আমাদের পার্থিব প্রয়োজনের যোগান দেবেন

এ. মথি ৬:১৯- ৩৪

বি. লূক ১২:২৯- ৩২

৩. বীজবপন করা শস্য সংগ্রহ করার সংগে সম্পর্ক যুক্ত (আধ্যাত্বিক এবং পার্থিব)

এ. মার্ক ৪:২৪
বি. লূক ৬:৩৬- ৩৮
সি. মথি ৬:১৪; ১৮:৩

৪. অনুশোচনা ধনকে প্রভাবিত করে।

এ. লূক ১৯:২- ১০
বি. লেবীয় ৫:১৬ ৫

৫. অর্থনৈতিক শোষণকে নিন্দা করা হয়েছে।

এ. মথি ২৩:২৫
বি. মার্ক ১২:৩৮- ৪০

৬. শেষ কালীন বিচার আমাদের সম্পদের ব্যবহারের সঙ্গে সম্পর্ক যুক্ত- মথি ২৫:৩১- ৪৬

বি. পৌল

১. পরমগীতের (কাজ) ন্যায় ব্যবহারিক দৃষ্টি

এ. ইফিষিয় ৪:২৮
বি. ১ থীষল ৪:১১- ১২
সি. ২ থীষল ৩:৮,১১- ১২
ডি. ১ তিমথীয় ৫:৮

২. যীশুর ন্যায় আত্মিক দৃষ্টি (বস্তু সব ক্ষণস্থায়ী, তৃপ্তি লাভ কর)

এ ১ তীমথি ৬:৬- ১০ (আত্মতুষ্টি)
বি. ফিলিপীয় ৪:১১- ১২ (আত্মতুষ্টি)
সি.ইব্রীয় ১৩:৫ (আত্মতুষ্টি)
ডি. ১ তীমথিয় ৬:১৭- ১৯ (উদারাতা এবং ঈশ্বরে বিশ্বাস, ধনে নয়)
ই. ১ করিন্থিয় ৭:৩০- ৩১ (বস্তুর ওপান্তর)

৩. উপসংহার

এ. ধন সম্বন্ধে বাইবেলে কোন প্রণালীবদ্ধ ধর্মতত্ত্ব নেই।
বি. এ বিষয়ে কোন নির্দিষ্ট অনুচ্ছেদ নাই সেজন্য অবশ্যই অনুচ্ছেদ থেকে অন্তর্দৃষ্টি আহরণ করতে হবে। আপনি এসব বিচ্ছিন মূল গ্রন্থের মধ্যে আপনার ধারনা ব্যাখ্যা না করার থেকে সতর্ক থাকুন।
সি. পরমগীত যা জ্ঞানি সাধু ব্যক্তি গণের দ্বারা লিখিত হয়েছিল সে সবের বাইবেলের যে সব অন্য ধরনের সাধারণ জীবন হতে অংকিত দৃশ্যাদির চেয়েও ভিন ধরনের প্রেক্ষাপটে আছে। পরমগীত হচ্ছে কার্যকর এবং স্বতন্ত্র ভাবে কেন্দ্রিভুত। এটি ভারসাম্য রক্ষা করে এবং অবশ্যই অন্য ধর্ম শাস্ত্রের দ্বারা তার ভারসাম্য রক্ষা করতে হবে।
ডি. বাইবেলের আলোকে ধন সম্বন্ধে ধারনা এবং তার ব্যবহার বিশ্লেষণ করা আমাদের সময়ে তার প্রয়োজন আছে। আমাদের অগ্রগন্যতা ভুল স্থানে প্রতিষ্ঠিত করা হবে, যদি নাকি ধনতন্ত্র বা একজন কত ধন সঞ্চয় করেছে তার চেয়েও বেশী গুরুত্বপূর্ণ প্রশ্ন যে, সে কেন এবং কেমন করে তা করতে সফলকাম হয় ।
ই. ধন সঞ্চয়কে অবশ্যই ঈশ্বরের প্রকৃত উপাসনা এবং দায়িত্বশীল ধনাধ্যক্ষতার সঙ্গে ভারসাম্য রক্ষা করতে হবে (উদা ২ করিন্থিয় ৮- ৯)

এন, এস, এস, বি (হালনাগাদ সংশোধিত) মূলপাঠ ৬:২৫- ৩৩
২৫ "এই জন্য আমি তোমাদিগকে বলিতেছি, কি ভোজন করিব, কি পান করিব বলিয়া প্রাণের বিষয়, কিংবা কি পরিব বলিয়া শরীরের বিষয়ে ভাবিত হইও না, ভক্ষ্য হইতে প্রাণ ও বস্ত্র হইতে শরীর কি বড় বিষয় নয়? ২৬ আকাশের পক্ষিদেও প্রতি দৃষ্টি পাত কর,তাহারা বুনেও না কাটেও না, গোলাঘরে সঞ্চয়ও করে না, তথাপি তোমাদের স্বর্গীয় পিতা তাহাদিগকে আহার দিয়া কেন, তোমরা কি তাহাদের হইতে অধিক শ্রেষ্ঠ নও? ১৭ আর তোমাদের মধ্যে কে ভাবিত হইয়া আপন বয়স এক হস্ত মাত্র বৃদ্ধি করিতে পারে? ২৮ আর বস্ত্র নিমিক্ত কেন ভাবিত হও? ক্ষেত্রের কানুর পুস্পের বিষয়ে বিবেচনা কর, সেই গুলি কেমন বাড়ে; ২৯ সেই সকল শ্রম করে না সূতাও কাটে না, তথাপি আমি তোমাদিগকে বলিতেছি শলেমনও আপনার সমস্ত প্রতাপে ইহার একটির ন্যায় সুসজ্জিত ছিলেন না । ৩০ ভাল ক্ষেত্রের যে তৃণ আজ আছে ও কাল চুলায় ফেলিয়া দেওয়া যাইবে, তাহা যদি ঈশ্বর একরুপ বিভুষিত করেন, তবে হে অল্প বিশ্বাসিরা, তোমাদিগকে কি আরও অধিক নিশ্চয় বিভুষিত করিবেন না? ৩১ অতএব ইহা বলিয়া ভাবিত হইও না যে, ৩২ কি খাব, কি পরিব বা কি পান করিব ? কেননা পরজাতীয়রাই এসকল বিষয় চেষ্ঠা করিয়া থাকে, তোমাদের স্বর্গীয় পিতাও জানেন যে, এই সকল দ্রব্য তোমদের প্রয়োজন আছে। ৩৩ কিন্তু তোমরা প্রথমে তার রাজ্যের ও তার ধার্মিকতার বিষয় চেষ্ঠা কর, তাহা হইলে ঐ সকল দ্রব্যও তোমাদিগকে দেওয়া যাইবে" ।

৬:২৫ "এই কারণে আমি তোমাদিগকে বলিতেছি" এ বিষয় ১৯- ২৪ পদসমূহের সঙ্গে যুক্তি সম্মত সম্বন্ধ প্রমাণ করে।

- "প্রাণের বিষয় ভাবিত হইওয়া না" এটি আর একটি নাসূচক বর্ত্তমান অনুজ্ঞা জ্ঞাপক বাক্য যার অর্থ হচ্ছে, যে কাজটি পূর্ব থেকেই চলে আসছে তা থামিয়ে দেওয়া। সমতুল্য উদ্ধৃতির জন্য ফিলিপীয় ৪:৬ দেখুন। ২৫ পদটি পূর্বের পদগুলির আলোকে সাধারণ রীতি- নীতির কথা বলে ।

৬:৩০ "কিন্তু যদি ঈশ্বর" এটি একটি ১ম শ্রেণীর শর্তসাপেক্ষ বাক্য যা বক্তার প্রেক্ষাপট বা তার আক্ষরিক উক্তির উদ্দেশ্য সমূহের জন্য সত্য বলে অনুমান করা হয়। ঈশ্বর তার সৃষ্টির জন্য (সব কিছু) যোগান দিয়ে থাকেন ।

- "যে (তৃণ) আজ আছে ও কাল তাকে চুলায় ফেলিয়া দেওয়া যাইবে" ছোট চুলায় রুটি শিখার জন্য আগুন জ্বালাতে শুকনো তৃলের ব্যবহার ছিল সাধারণ বিষয়। এটি ছিল জীবনেরের ক্ষণ স্থায়িতের সম্বন্ধে একটি রুপক উপমা আক্ষরিক অর্থে অনন্তকালিন বিচারের সম্বন্ধে নয়। বিশ্বাসীগণ বনজ সুন্দর তুণকালের চেয়ে ও অনেক বেশী মূল্যবান।
- "হে অল্প বিশ্বাসীগণ" এ খন্ড বাক্যটি মথি লিখিত সুসমাচরে কয়েকবার ব্যবহার করা হয়েছে (উদাঃ ৮:২৬,১৪:৩১,১৬:৮) বিশ্বাসীগণের বিশ্বাস বৃদ্ধির জন্য যীশুর শিক্ষার রুপদান করা হয়েছিল ।

৬:৩১ "অতএব ভাবিত হইয় না" এটি একটি সাংঘাতিক গুরুত্বপূর্ণ বিষয়, যখন এক ব্যক্তি মনে করে যে, সে কেমন করে তার মূল চাহিদা মিটাবে তাতে ঈশ্বরের উপরে তার বিশ্বাসের ঘাটতি প্রমাণ করে, যেখানে ঈশ্বর বিশ্বাসী গণের অভাবে যোগান দেবার জন্য প্রতিজ্ঞা করেছেন।

৬:৩২

এন, এ, এস, বি "কেননা পরজাতীয়রাই এই সকল বিষয় চেষ্ঠা করিয়া থাকে"

এন, কে, জে, ভি "কারণ পরজাতীয়েরাই এ সকল বিষয় অন্বেষণ করিয়া থাকে"

এন, আর, এস, ভি "কারণ পরজাতীয়েরাই, যারা এ সকল বিষয়ের জন্য সংগ্রাম করিয়া থাকে"

টি, ই, ভি "এ সকল বিষয় সম্বন্ধে পৌত্তলিকেরা সর্বদাই উদ্বিগ্ন"

জে, বি "পৌত্তলিকরাই এ সকল বিষয়ের প্রতি মননিবেশ করে থাকে"

পতিত মনবের বৈশিষ্ট গুলির মধ্যে একটি হচ্ছে বস্তুর প্রতি তাদের অতৃপ্ত বাসনা। বিশ্বাসীগনের এ পৃথিবীতে বেঁচে থাকতে হলে কি প্রয়োজন তা জানেন। তিনি তাদের একান্ত প্রয়োজনীয় যোগান দেবেন কিন্তু সব সময় তাদের কমতি অনুযায়ী নয়।

৬:৩৩

এন, এ, এস, বি, এন, কে, জে, ভি "কিন্তু প্রথমে তাহার রাজ্য ও তাহার ধার্মিকতার বিষয় চিন্তা কর"

এন, আর, এস, ভি "কিন্তু প্রথমে চেষ্ঠা কর ঈশ্বরের রাজ্য এবং তার ধার্মিকতার জন্য সংগ্রাম কর"

টি, ই, ভি "অন্যান্য প্রত্যেকটি বিষয়ের চেয়েও ঈশ্বরের রাজ্যের বিষয়ে চিন্তা কর"

জে, বি "প্রথমে তার রাজ্যের বিষয় সনসংযোগ কর এবং তার ধার্মিকতার বিষয়"

কে, জে, ভি অনুবাদটি "কোন বিষয়ের সঙ্গে জড়িত নয়" হচ্ছে দুর্ভাগ্য জনক, কারণ আমাদের যুগে তা ইঙ্গিত বহণ করে যে ভবিষ্যতের যে কোন বিষয়ের পরিকল্পনা অনুচিত । অবশ্যই বিষয়টি তাই নয় (উদাঃ ১তীম, ৫:৮) প্রধান ভাবনা হচ্ছে "উদ্বিগ্নতা" (উদাঃ পদসমূহ ২৫,২৭,২৮,৩১ এবং ৩৪)

- ✓ "ভক্ষ হইতে প্রাণ এবং বস্ত্র হইতে শরীর কি বড় বিষয় নয়" ? দৈহিক প্রাণ হচ্ছে একটি গুরুত্বপূর্ণ বিষয়, কিন্তু তাই শাশ্বত বিষয় নয়। এ পৃথিবী ঈশ্বরের সঙ্গে পূর্ণতর এবং অত্যন্ত অন্তরঙ্গ সহভাগীতার কেবল মাত্র একটি প্রশিক্ষণ ক্ষেত্র। এটি বাইবেলের সত্য যে, ঈশ্বর তার সন্তানদের যত্ত নিয়ে থাকেন এবং তিনি তাদের প্রয়োজনুযায়ী যোগান দেন।

৬:২৬,২৮ "আকাশের পক্ষিগণ মাঠের কানুড় পুস্প সকল" অনুবাদটি "বন্য পাখী সব এবং পুস্প সব" হলেই উপযুক্ত হতো কারণ মূল প্রন্থটি নির্দিষ্ট করে বিশেষ কোন পাখী বা ফুলের বিষয় প্রকাশ করেনি কিন্তু কেবল মাত্র সাধারণ গুলোর কথাই প্রকাশ করেছে। কারণ বিন্যাসটি (নিদ্দিষ্ট বিষয়টি) ছিল পর্বতে দত্ত উপদেশ, সম্ভবতঃ যীশু নিকটস্থ বন্য পাখীর ঝাঁক বা বনফুলের প্রতি অঙ্গুলী নির্দেশ করেছিলেন। এ বিষয়টি ছিল রব্বনীদের (গুরুদের) ক্ষুদ্রতর থেকে বৃহত্তর বিষয়ের দুর্বোধ যুক্তি।

৬:২৭

এন, এ, এস, বি "আপন বয়স এক ঘন্টা মাত্র বৃদ্ধি করতে পারে" ?

এন, কে, জে, ভি "আপন উচ্চতা এক হস্ত মাত্র বৃদ্ধি করিতে পারে" ?

এন, আর, এস, ভি "আপন আয়ুকাল এক মুহূর্ত বৃদ্ধি করতে পারে" ?

টি, ই, ভি "আয়ুকাল হইতে কিঞ্চিত বেশী সময় বাঁচাতে পারে" ?

জে, বি "আপন আয়ুকাল এক হস্ত মাত্র বৃদ্ধি করিতে পারে" ?

এটি হচ্ছে আক্ষরিক ভাবে একটি হিব্রুশব্দ "হস্ত" । হস্তের অর্থ হচ্ছে একজন মানুষের কুনুই থেকে তার হাতের দীর্ঘ্যতম আঙ্গুলের মাথা পর্যন্ত অংশকে এক হস্ত দীর্ঘ বলা হয়। বিষয়টি ছিল পুরাতন নিয়মের একটি মাপ, যা নির্ম্মান কাজে ব্যবহৃত হতো এবং সাধারণত তা ছিল আঠারো ইঞ্চি দীর্ঘ।

যা হোক একটি রাজোচিত হস্তে মাপছিল যা মন্দিরের বেলায় ব্যবহৃত হতো, তা ছিল একুশ ইঞ্চি দীর্ঘ্য। নতুন নিয়মে এটি হয় উচ্চতা, নয় তো সময়ের ক্ষেত্রে ব্যবহৃত হতোঃ উচ্চুর বিষয় লূক ১৯:৩ পদে এবং সময়ের বিষয় যোহন ৯:২১ পদ ও ইব্রীয় ১১:১১ পদ সমূহে উল্লিখিত আছে। কারণ এক জন মানুষের পক্ষে তার স্বাভাবিক উচ্চতার চেয়ে এক ফুট বেশী লম্বা হওয়া এক অদ্ভুত ব্যাপার, হয় কথাটি (১) বয়োবৃদ্ধির রুপালঙ্কার হিসাবে ব্যবহৃত হয়েছে নয় তো (২) তা একটি প্রাচ্যের অতি রঞ্জিত বর্ণনা। এ একটি বর্ত্তমান অনুজ্ঞাসূচক বাক্য যা রীতিগতভাবে একটি আদেশ। সত্যটি হচ্ছে বিশ্বসীগণের জীবনে ঈশ্বরকে অবশ্যই অগ্রগন্য হতে হবে। "তাঁর ধার্মিকতা" শব্দগুচ্ছটি এখানে নৈতিক অর্থে ব্যবহৃত হয়েছিল, যেমন পৌলের লেখায় আছে তেমন বৈধ্য অর্থে নয়। ঐ নৈতিক অর্থ মথি ৫:৬,১০,২০, ৬:১, দ্বিতীয় বিবরণ ৬:২৫, যিশায় ১:২৭- ২৮ এবং দানিয়েল ৪:২৭ পদে দেখা যায়। এটি ধার্মিকতার কাজের একটি আহ্বান নয়; বরং তা তাকে (ঈশ্বরকে) কোন ব্যক্তি জানে বলে নির্দ্দেশ করে, তার জীবন সৎ কর্মের দ্বারাই বৈশিষ্য লাভ করবে (উদাঃ ইফি ২:১০) অবস্থাগত, আরোপিত ধার্মিকতা খ্রিষ্টিয় জীবনে প্রতিফলিত হওয়া উচিত।

"তাঁর কাজ" শব্দগুচ্ছটি ছিল মানুষের অন্তরে ঈশ্বরের রাজ্যের বর্ত্তমান ধারণা যা একদিন সর্ব পৃথিবী ব্যাপি পরিব্যাপ্ত হবে। এটা ছিল যীশুর প্রচার কেন্দ্রের উৎসবিন্দু। এ রাজ্যের জীবন বিধান অবশ্যই সর্বচ্চো অগ্রগন্য হতে হবে। পুরাতন গ্রীক পান্ডুলিপিতে (N & B) "ঈশ্বরের" সম্বন্ধে কোন পুরুষবাচক শব্দগুচ্ছ নেই (উদাঃ এন আর এস ভিএবং টি ই ভি)।

"এবং এসকল বিষয় তোমাতে যোগ করা হবে" এ বিষয় জীবনের দৈহিক এবং স্বাভাবিক প্রয়োজনের বিষয় বলে।

ঈশ্বর বিশ্বাসী গনকে আটকে পড়া অবস্থায় ছেড়ে দেবেন না। এটি একটি সাধারণ রীতি নীতি যা সর্বদা নির্দ্দিষ্ট প্রশ্ন সমূহের উত্তর দিতে পারেনা, কেন এ ব্যক্তি বা ঐ ব্যক্তি ক্ষতি ভোগ করছে বা কেন সে অভাব গ্রস্ত আছে। কখন কখন ঈশ্বর প্রয়োজনের একটি সময় বরাদ্ধ করবেন যাতে বিশ্বাসী বর্গ তাকে বিশ্বাস করে, তার দিকে ফিরে বা তাদের চরিত্রের উৎকর্ষ সাধন করতে পারে।

এন, এ, এস, বি (হাল নাগাদ সংশোধিত) মূল পাঠ ৬:৩৬
৩৪ অতএব কল্যকার নিমিক্ত ভাবিত হইওনা; কেননা কল্য আপনার বিষয় আপনিই ভাবিত হইবে; দিনের কষ্ট দিনের জন্যই যথেষ্ট।

৬:৩৪ এ পদটি চিন্তারাশির পতন ঘটায়। পতিত পৃথিবীতে খ্রিষ্টীয় জীবন একটি দৈনিক পদচরন। মন্দ বিষয় সব যা অবিশ্বাসীদের বেলায় ঘটে তা প্রায়ই বিশ্বাসীবর্গের বেলায়'ও ঘটে। এর অর্থ এ নয় যে ঈশ্বর তত্ত্বাবধান করেন না। এর অর্থ কেবল মাত্র এ যে বিশ্বাসী বর্গ পতিত পৃথিবীর নিয়ম শৃংখলায় আবদ্ধ হয়ে পড়ে। জীবনের সমস্যা কে তোমাকে এ চিন্তায় প্রতারনা করতে দিও না যে, ঈশ্বর যত্ন নিয়ে থাকেন না।

আলোচনার প্রশ্ন সমূহ।

এ একটি পাঠ নির্দ্দেশক টীকা যার অর্থ আপনি আপনার নিজের বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমাদের প্রত্যেককেই নিজস্ব আলোকে বিচরন করতে হবে। আপনি বাইবেল এবং পবিত্র আত্মাই অনুবাদে অগ্রগন্য। আপনি অবশ্যই তা একজন টীকা কারের উপরে ন্যাস্ত করবেন না।

এ সকল আলোচনার প্রশ্ন সমূহ বইটির এ অনুচ্ছেদের গুরুত্বপূর্ণ মূল বিষয়ের চিন্তায় সাহায্য করতে যোগান দেওয়া হয়েছে। সে সব চিন্তার উদ্দিপক অর্থে এবং নির্দ্দিষ্ট কিছু নয়।

১. পদ সমূহ ১৯- ৩৪ সমস্ত পর্বতে দত্ত উপদেশের উপস্থাপনা সঙ্গে কিভাবে সম্পর্ক যুক্ত?
২. লোক সকল যারা যীশুর কথা শুনছিল তার কি পৃথিবীতে ধন সঞ্চয় করে চলছিল? যারা যীশুর কথা শুনছিল তারা কি পৃথিবীতে ধন সঞ্চয় করে চলছিল? এ সব আমাদের আধুনিক সঞ্চয় হিসাব বীমা অবসরের পরিকল্পনার উপরে কতটা জোরালো ভাবে সম্পর্ক প্রকাশ করে?
৩. কেমন করে একজন স্বর্গে ধন সঞ্চয় করে? স্বর্গীয় ধনগুলির মধ্যে কি আছে?
৪. তোমার নিজের ভাষায় এবং তোমার নিজের অভিজ্ঞতা থেকে ২২- ২৪ পদের আধ্যতিক সত্যের ব্যাখ্যা কর।
৫. টাকা কি মন্দ জিনিস?
৬. উদ্বিগ্নতা কি পাপ (পঃ ৩১)?
৭. ৩৩ পদ কি ধার্মিকতার কাজ শিক্ষা দেয়?
৮. ব্যাখ্যা কর খ্রীষ্টানগণ কেন ক্লেশ ভোগ করে?

মথি ৭
আধুনিক অনুবাদের অনুচ্ছেদ বিভাগ

ইউ, বি, এস	এন, কে, জে, ভি	এন, আর, এস, ভি	টি, ই, ভি	জে, বি
অন্যের বিচার করা	বিচার করো না	যীশুর বার্ত্তার প্রয়োগিক উদাহরণের অর্থ	অনের বিচার করা	বিচার করো না
৭:১- ৬	৭:১- ৬	৭:১- ৬	৭:১- ৫	৭:১- ৬
				ঈবিত্র বস্তুকে অপবিত্র করো না
		৭:৬	৭:৬	৭:৬
প্রার্থনা জানা ও অনুসন্ধান কর, দরজায় করাঘাত করা	অনুরোধরত থাক, অনুসন্ধানরত থাক, দরজায় করাঘাত করতে থাক	-	অনুরোধ কর, অনুসন্ধান কর, দরজায় আঘাত কর	কার্য্যকরী প্রার্থনা
৭:৭- ১২	৭:৭- ১২	৭:৭- ১১	৭:৭- ১১	৭:৭- ১১
				স্বর্ণ সূত্র
		৭:১২	৭:১২	৭:১২
সঙ্কীর্ণ দ্বার	সঙ্কীর্ণ পথ	-	সঙ্কীর্ণ পথ	দুটি পথ
৭:১৩- ১৪	৭:১৩- ১৪	৭:১৩- ১৪	৭:১৩- ১৪	৭:১৩- ১৪
ফলের দ্বারাই	তোমরা তাদের	-	গাছ এবং তার	ভাক্ত ভাববাদী

বৃক্ষের পরিচয়	ফলের দ্বারাই জানতে পারবে		ফল	
৭:১৫- ২০	৭:১৫- ২০	৭:১৫- ২০	৭:১৫- ২০	৭:১৫- ২০
আমি তোমাকে চিনি না একেবারেই	আমি তোমাকে চিনি না একেবারেই	-	আমি তোমাকে একেবারেই চিনি না	প্রকৃত শিষ্য বর্গ
৭:২১- ২৩	৭:২১- ২৩	৭:২১- ২৩	৭:২১- ২৩	৭:২১- ২৩
দুটি ভিক্তি	পাথরের উপরে স্থাপিত	-	দুটি গৃহের নির্মাণ কর্তা	-
৭:২৪- ২৭	৭:২৪- ২৭	৭:২৪- ২৭	৭:২৪- ২৫	৭:২৪- ২৭
			৭:২৬- ২৭	-
			যীশুর ক্ষমতা	জনতার বিস্ময়
৭:২৮- ২৯	৭:২৮- ২৯	৭:২৮- ২৯	৭:২৮- ২৯	৭:২৮- ২৯

পাঠ চক্র তিন

অনুচ্ছেদ বরাবরে মূল গ্রন্থকারের উদ্দেশ্য অনুস্মরণ।

এটি একটি পাঠ নির্দ্দেশক টীকা যার অর্থ আপনি, আপনার নিজস্ব বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমাদের প্রত্যেককেই অবশ্যই নিজ আলোকে বিচরণ করতে হবে। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই তা টীকা কারের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একটি মাত্র অধিবেশনেই পড়ে ফেলুন। বিষয় সমূহ চিহ্নিত করণ উপরের পাঁচটি অনুবাবেদর সঙ্গে আপনার বিষয় বিভাগ সমূহ তুলনা করুন। অনুচ্ছেদের বিভাজ্যতা অনুপ্রাণিত বিষয় নয় কিন্তু তা মূল গ্রন্থকারের অভিপ্রায় অনুসরনের চাবিকাঠি, যা হচ্ছে অনুাবাদের প্রধান বিষয় (মধ্যমনি)। প্রত্যেক অনুচ্ছেদের একটি কেবল, একটি মাত্র বিষয়ই আছে।

১. প্রথম অনুচ্ছেদ।
২. দ্বিতীয় অনুচ্ছেদ।
৩. তৃতীয় অনুচ্ছেদ।
৪. ইত্যাদি।

মথি লিখিত সুসমাচারের ভূমিকা ৭:১- ২৯।

এ. লূকের সম্পূর্নসদৃশ্য বক্তব্য একই অনুচ্ছেদে স্পষ্ট বক্তব্যের দ্বারা শুরু করা হয়েছে। “দয়ালু হও যেমন ...” লূক ৬:৩৬- ৩৮, ৪১- ৪২. সাধারনতঃ লুকের বিষয়ে যীশুর উপদেশের বিবরণ মথির চেয়েও সংক্ষিপ্ত কিন্তু এখানে মথি যীশুর বাক্য অনেক বেশী পরিমানে লিখেছেন।

বি. এ অধ্যায়ের মধ্যে যোগসুত্রের কতিপয় অভাব আছে, যা গ্রীক ভাষায় সচরাচর দেখা যায়, তার পদ সমূহ হচ্ছে ১,৬,৭,১৩ এবং ১৫। এটি ব্যক্তির সত্যকে স্পষ্টভাবে সকলের চোখের সামনে তুলে ধরার ছিল একটি ব্যাকরণগত পন্থা। এটি পূর্ব থেকেই অনুমেয় বিষয় যে যীশুর উপদেশ ছিল একটি একত্রিকৃত মূল সূর অথবা সুগঠিত রুপরেখা। তিনি হয়তো রব্বুনিদের (গুরুদের) সাধারণ শিক্ষা কৌশল যাকে “সুতোয় গাঁথা মুক্তা” বলা হতো তিনি অনুসরণ করতেন। যদিও বিচ্ছিন বিষয়ের

মধ্যে প্রথমে কয়েকটি তাদের চারিদিকের প্রেক্ষাপটের এককসমূহের মধ্যে সম্পর্ক বিহীন মনে হয় (১) একটি ও অপরটি এবং (২) অন্য সুসমাচার ব্যবহারের সদৃশ আলোকে নিঃছিদ্র পন্থায় অনুবাদ করাই হবে উত্তম। গ্রন্থকার মথিও একটি একিভূত মূল সুর এবং সুগঠিত রূপরেখা যা সঠিকভাবে নির্দ্দিষ্ট করে যে, যীশুর শিক্ষার মধ্যে কোনটি লেখা হবে এবং কোন ধারাবাহিকতা করা হবে।

সি. ১- ১২ পদ সমূহ পূর্ববর্ত্তী প্রেক্ষাপটের সঙ্গে নিমে প্রদত্ত পদ্ধতিতে সম্পর্কযুক্ত করা সম্ভব (১) ১- ৫ পদ সমূহ ৫ঃ২০ পদের আশংকা প্রমান করে এবং ৪৮ (২) ৬ পদ ভাবশ্রবণ, অদৃশ্য প্রীতির আশংকা প্রমান করে (৩) ৭- ১১ পদ সমূহ প্রার্থনাই হচ্ছে বিশ্বাসীর উপযুক্ত উপলব্ধির চাবিকাঠি এবং (৪) ১২ পদ মহান সত্যের সংক্ষিপ্তরূপ যাতে সমস্ত রাজ্যের জনগণকে বৈশিষ্ট প্রদান করা উচিত।

ডি. এ অনুচ্ছেদটি পর্বতে দত্ত উপদেশের ন্যায় জীবনকে হাতে কলমে রঞ্জিত করে। মথি লিখিত সুসমাচারের উপরে লিখিত উহলিয়াম হেনড্রিকসনের ১- ৫ পদ এবং ৬ পদের মধ্যে সম্পর্কের অতি উত্তম আলোচনা পাওয়া যায়, "প্রভু তার শ্রোতাদের অন্যের বিচার করা থেকে বিরত থাকার জন্য সতর্ক করে আসছিলেন (১- ৫) এটিও বিচার করতে হবে (৬ পদ) অত্যাধিক সমালোচক হতে হবে না তথাপিও সমালোচক হতে হবে। বিনয়ী এবং ধৈর্য্যশীল হতে হবে, তথাপি অতিরিক্ত ধৈর্য্যশীল হতে হবে না" পৃ ৩৬০

ই. মনে রাখুন এটি সুসমাচারের উপস্থাপনা নয় কিন্তু মশীহের রাজ্যের জীবন সম্বন্ধে একটি বার্ত্তা।এর ৩টি গুরুত্ব পূর্ণ সত্য হচ্ছে (১) ধার্মিকতার পাপ (২) ঈশ্বর সমন্ধে যীশুর শিক্ষার উত্তমতা এবং (৩) যীশু এবং তার শিক্ষার আমাদের সাড়া এবং ঈশ্বরের বিচারে আমাদের সাড়া।

এফ. পর্বতে দত্ত উপদেশ সমাপ্ত হয়েছে তিনটি অথবা চারটি আহ্বান এবং সাবধান বানী নিয়ে তার দুটি পছন্দের সঙ্গে সম্পর্ক যুক্ত যা মানবকুলের সম্মুখীন হতে হয় (৭ঃ ১৩- ২৭) (১) দুটি পথ (২) দুটিফল (৩) দুটি জীবিকা এবং (৪) দুটি ভিত্তি। সে সবই শেষ কালীন বিচারের উপরে প্রতিষ্ঠিত বর্ত্তমান কার্য সকলের সঙ্গে সম্পর্কিত।

জি. এ বিষয়টি অবশ্যই স্মরণ রাখতে হবে যে. এ পর্য্যায়ে যীশুর প্রচার ও শিক্ষার পূর্ণ সুসমাচার এ পর্যন্ত জানা যায়নি। শ্রোতাগণ এমন কি শিষ্যবর্গ সম্পূর্ণ বুঝতে পারে নাই যে যীশু ছিলেন এবং শিষ্যত্বের মূল্য যা তাতে নির্যাতনে, প্রত্যাখ্যানে এবং মৃত্যুকালে অনুসরণ করতে প্রয়োজন ছিল।

শব্দ এবং শব্দ গুচ্ছ অধ্যয়ণ।

এন, এ, এস, বি (হাল নাগাদ সংশোধিত) মূল পাঠ্য ৭ঃ১- ৫

১ তোমরা বিচার করিও না যেন বিচারিত না হও। ২ কেননা যেরুপ বিচারে তোমরা বিচার কর, সেইরুপ বিচারে তোমরাও বিচারিত হইবে এবং তোমরা যে পরিমানে পরিমাপ কর, সেই পরিমাপে তোমাদের নিমিত্ত পরিমাপ করা যাইবে। ৩ আর তোমার ভ্রাতার চক্ষে যে কুঠা আছে, তাহাই কেন দেখিতেছ, কিন্তু তোমার নিজের চক্ষে যে করিকাঠ আছে, তাহা কেন ভাবিয়া দেখিতেছ না? ৪ অথবা তুমি কেমন করিয়া আপন ভ্রাতাকে বলিবে, আইস, আমি তোমর চক্ষু হইতে কুটাগাছটা বাহির করিয়া দেই? আর দেখ তোমার নিজের চক্ষে কড়িকাট রহিয়াছে। ৫ কপটি, আগে আপনার চক্ষু হইতে কড়িকাট বাহির করিয় ফেল, আর তখন তোমার ভ্রাতার চক্ষু হইতে কুটা গাছটা বাহির করিবার নিমিত্ত স্পষ্ট দেখিতে পাইবে।

৭:১ “করোনা” এটি একটি না সূচক বাক্য সহ আজ্ঞা সূচক বর্ত্তমানকাল যার অর্থ হচ্ছে ইতোমধ্যে চলমান কাজ থেকে থেমে যাওয়া খ্রীষ্টানদের একে আপরের সমালোচনা করার প্রবনতা আছে। এ পদটি প্রায়ই উদ্ধৃত করা হয় প্রমাণ করার কজ্য যে খ্রীষ্টানদের একে অপরের বিচার করা মোটেই উচিত নয়। কিন্তু পদসমূহ ৫,৬,১৫; ১ করিন্থীয় ৫:১- ১২ এবং ১ যোহন ৪:১- ১৬ প্রমাণ করে যীশু অনুমান করছিলেন একজনের আচরণ এবং মনের গতিই হচ্ছে একটি চাবিকাঠি (উদাঃ গালা ৬:১; রোমিয় ২:১- ১১,১৪:১- ২৩; যাকোব ৪:১১- ১২)

- “বিচারক” এ গ্রীক শব্দটি হচ্ছে (আমাদের) ইংরেজী “সমালোচক” শব্দ পতঙ্গ সম্বন্ধীয় উৎস থেকে। ৫ পদের অন্তর্গত এ একই মূলের অপর একটি শব্দের অনুবাদ করা হয়েছে “সর্পটি” বলে । মনে হয় এ বিষয় সমালোচনা মূলক/ সঙ্কট পূর্ণ, বিচার্য্য নৈতিক ও মানসিক দিকের ইঙ্গিত বহন করে নিজে যা করে যা স্বয়ং সংঘটিত করে তা তার চেয়েও তীব্রতর ভাবে বিচার করে।

এ বিষয় একটি পাপ বিন্যাসের উপর অপর একটি পাপ বিন্যাসের গুরুত্ব আরোপ করে। বিষয়টি কোন একজনের নিজের পাপ মাফ করে কিন্তু তা অন্যান্যদের পাপ মাফ করে না (উদাঃ ২য় সমূয়েল ১২:১- ৯)।

বিশেষ আলোচ্য বিষয়ঃ খ্রিষ্টীয়ানদের কি একজন আর একজনের বিচার করা উচিৎ ?

এ মূল বিষয়টি অবশ্যই দুভাগে আলোচনা করতে হবে। (১) বিশ্বাসীবর্গকে একে অপরের বিচার না করতে উপদেশ দেওয়া হয়েছে (উদাঃ মথি ৭:১- ৫; লূক ৬:৩৭,৪২, রোমীয় ২:১- ১১; যাকোব ৪:১১- ১২) (২) যা হোক বিশ্বাসীগনকে নেতাদের মূল্যায়ন করতে উপদেশ দেওয়া হয়েছে (উদাঃ মথি ৭:৬, ১৫- ১৬; ১ করি ১৪:২৯; থীষলনিকীয় ৫:২১; ১ তীম ৩:১- ১৩; এবং ১ যোহন ৪:১- ৬)

উপযুক্ত মূল্যায়নের জন্য কিছু বিচারের মান বা নীতি সাহায্য কারী হতে পারেঃ

১. মূল্যায়ণ হওয়া উচিত সত্যতা সমর্থনের উদ্দেশ্যে (উদাঃ ১ যোহন ৪:১- “পরীক্ষা প্রমানের লক্ষ্যে)
২. বিনয় শান্ততার মধ্যে দিয়ে মূল্যায়ণ হওয়া উচিৎ (উদাঃ গালাতীয় ৬:১)
৩. ব্যাক্তিগত উৎকর্ষের বিষয়ের উপরে অধিকতর গুরুত্বকে কেন্দ্র বিন্দু করে অবশ্যই উচিৎ হবে না
৪. মূল্যায়নের সে সব নেতৃবর্গ কে চিহ্নিত করা উচিৎ যাদের মন্ডলী অথবা জনগনের মধ্যে সমালোচনার জন্য হাত অথবা পরিচালনা ছিল না । (উদাঃ ১তীম ৩)

- “যেন বিচাররিত না হও” এ অকর্ম ক্রিয়াপদটি ছিল ঈশ্বর কে উদ্দেশ্য করে বলার একটি পথ। এটি ছিল মথিও সাধারন ভাব প্রকাশের নিমিক্ত প্রয়োজনাতিরিক্ত শব্দে প্রয়োগ গুলোর মধ্যে একটি।

খ্রিষ্টীয়ান গন তবু'ও পাপ করে থাকে (উদাঃ রোমীয় ৭:১- ২৫; ১যোহন ১:৯- ২:১) ভীষন ভাবে অন্যের সমালোচক হওয়া একটি বোকামী হয়ে দাড়ায়, যেহেতু এই একই প্রকার মারাত্মক প্রবনতা সব বিশ্বাসীবর্গের মধ্যেই আছে, এমনকি যদি একই এলাকার মধ্যে না'ও হয়।

৭:২ দুই পদের গ্রীক মূল পাঠ ছন্দঃপূর্ন কবিতার আকারে প্রতীয়মান হয়। এটি হয়তো একটি সুপরিচিত প্রবাদ বাক্য হয়ে থাকবে। প্রকৃত বিষয়টি হচ্ছে এ বর্ননাটি অন্য যে সব বিভিন্ন বিন্যাসে

এ অনুবাদকে সর্মথন করে সেই অন্য সুসমাচারে ব্যবহৃত হয়েছিল। এ পদের মধ্যে গুরুত্বপূর্ন সত্য আছে যা প্রায়ই নতূন নিয়মে একেবারে পূনঃ পূনঃ বলা হয়েছিল (উদাঃ (মথিঃ ৫:৭; ৬:১৪-১৫; ১৮:৩৫; মার্ক ১১:২৫; যাকোব ২:১৩ এবং ৫:৯) বিশ্বাসী গন অন্যের প্রতি কেমন আচরন করে তা হচ্ছে ঈশ্বর তাদের প্রতি যে রুপ আচরন করেছেন তারই একটি প্রতিফলন। এ বিষয়টি বাইবেলের সত্যেও সমর্থনকে বিশ্বাসের দ্বারা বিনষ্ট অর্থে নয়। এটির অর্থ হচ্ছে, যাদের বিনামূল্যে ক্ষমা করা হয়েছে তাদের উপযুক্ত আচরন এবং জীবন যাত্রার উপরে গুরুত্ব আরোপ করার অর্থে (এ কথা বলা হয়েছে)।

৭:৩ "ধার তোমার ভ্রাতার চক্ষে যে কুটা আছে, তাহাই কেন দেখিতেছ?" পাখির বাসা তৈরী করিতে যে কুটা ব্যবহৃত হয়, তা বুঝতে শ্রেষ্ট গ্রীক লেখক গন "কুটা শব্দটি ব্যবহার করেছেন। সেজন্য আমরা গাছের গুল্মেও ছোট দ্রব্যের বিষয় বলছি যা ছোট একই প্রকার ক্ষূদ্র বস্তুর ন্যায় অকিঞ্চিৎকর।

- "কিন্তু তোমার চক্ষে যে করিকাঠ আছে, তাহা কেন ভাবিয়া দেখিতেছ না?"
- এটি একটি প্রাচ্য দেশীয় অতিরঞ্জন ছিল। "কাষ্ট খন্ডে" বলতে একটি বড় কাঠের টুকরোকে বুঝায়, একটি নির্ম্মানের কাঠ বা ঘরের চালের আড়া বুঝানো হয়েছে। যীশু প্রায়ই আধ্যাত্তিক সত্য সমূহ জ্ঞাত করতে এ অতিব যুক্তির আক্ষরিক শব্দটি ব্যবহার করতেন (উদাঃ অনুরুপ উল্লেখ মথি ৫:২৯-৩০; ১৯-২৪ এবং ২৩:২৪)।

৭:৫ "হে কপটি" এ যৌগিক শব্দটি অভিনয় জগত থেকে এসেছিল এবং মুখোশ ধারী একজন অভিনেতার সম্বন্ধে বলা হতো Òto judge Ó এবং ÒunderÓ এ দুটি গ্রীক শব্দ থেকে এসেছে । এ বিষয় একজন ব্যাক্তির এককভাবে দুই অভিনয় করার বর্ননা করতো কিন্তু সে প্রকৃত পক্ষে অন্য কেউ হয়ে থাকবে (লূক১৮:৯) এ ধরনের কাজের একটি উত্তম উদাহরন দেখা যায় দায়ূদের জীবনে (উদাঃ ২সমূয়েল ১২:১-৯) যীশু এ শব্দটি সধর্ম মত ফরিষীদের বেলায় ব্যবহার করেছিলেন, ৫:২০; ৬:২,৫,১৬; ১৫:১,৭; ২৩:১৩পদে আছে।

এ পদটি বিশ্বাসীবর্গের উপযুক্ততার সম্বন্ধে অন্য খ্রিষ্টীয়ানদের জন্য ইঙ্গিত বহন করে যখন তা প্রষন বা সহৃদয় তা সহকারে স্বধর্মম্মন্য ভাবে না করা হয়। গালাতীয় ৬:১ পদ খ্রিষটীয়ানদের উপযুক্ত আচরন এবং মনের গতি সম্বন্ধে, একে অন্যকে সংশোধনের জন্য উপকারী। মন্ডলীকে সর্বদাই তার সভ্য পদ ও নেতৃত্বের জন্য আধ্যাত্তিক ভাবে পরীক্ষা নিরীক্ষা করতে এবং পরামর্শ দিতে হয়েছে।

এন, এস, বি (হাল নাগাদ সংশোধিত) মূল পাঠ ৭:৬।
৬ "পবিত্র বস্তু কুকুর দিগকে দিও না. এবং তোমাদের মুক্তা শূকরদেও সম্মূখে ফেলিও না, পাছে তাহারা পা দিয়া তাহা দলায়, এবং ফিরিয়া তোমাদিগকে আক্রমন করে"।

৭:৬ "পবিত্র জিনিষ কুকুর দিগকে দিওনা" এটি একটি -ন- সূচক বাক্যংশ সহ একটি কর্ত্তৃবাচ্য অতীত কাল যা "কখন'ও এমন কাজ করার কথা চিন্তাও করো না" এ কথার ইঙ্গিত বহন করে। The Diache , গির্জায় ব্যবহৃত একটি অতিরিক্ত গির্জার বিধান সম্বলিত বই, যে সব লোক বাপ্তিস্ম নেয় নাই যাদের প্রভুর ভোজ থেকে বাদ দেওয়া হতো (Diache ৯.৫) পদটি তাদের শিক্ষার বেলায় প্রয়োগ করা হতো। সর্বদাই প্রকৃত প্রশ্নসমূহ হয়ে দাড়িয়েছে (১) পবিত্র বস্তু সমূহ কি? (২) কাদের বেলায় "কুকুর" এবং "শূকর" শব্দ দুটি ব্যবহার করা হয়? "পবিত্র বস্তুসব" অবশ্যই পর্বতে দত্ত উপদেশের প্রেক্ষাপটে বিবেচনা করতে হবে যে শিক্ষা ছিল ঈশ্বর সম্বন্ধে, নাসরতীয় যীশুর জীবন

ও পরিচর্য্যার মধ্যে সন্নিবিষ্ট, অথবা অন্যভাবে বলতে গেলে, তা ছিল সুসমাচারে কিছু লোক সম্বন্ধে "কুকুর" বা "শূকর" বলে যীশুর উল্লেখ টীকাকারদের মধ্যে ভীষন আতংকের সৃষ্টি করেছিল। যীশু যে সমাজের কথা বলেছিলেন সেখানে উভয় প্রাণীই ছিল কলুষিত বিদ্বেষপূর্ণ এবং বিকর্ষী ও বিরক্তিকর। এসব শব্দ কাদের সম্পর্কে বলা হয়েছে সে সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। যীশু জীবনে এ বিষয়টি হয়তো স্বধার্মিক ইহুদী নেতাদের এবং বেদনা বোধহীন ও উদাসীন পলেষ্টীয় রোকদের সম্বন্ধে উল্লেখ করা হয়ে থাকবে।

এ বিষয়টি হতে পারে ইহুদী নেতৃত্ব এবং যীরুশালেমের জনতা কর্তৃক যীশুকে পরিত্যাগ এবং তার মৃর্ত্যুর সম্বন্ধে ভাববানীর উল্লেখ। যাহোক এ বিষয়টি মন্ডলীর জীবনে ততটা স্পষ্ট নয় যে এ কথা সবার সম্বন্ধে বলা হচ্ছে। উইলিয়াম হেনড্রিকসেন মথি লিখিত সুসমাচারের উপরে তার টীকায় লিখেছেন, "উদাহরন স্বরুপ এর অর্থ হচ্ছে যে যারা ভ্রুকুটী করে থাকে তাদের কাছে যীশুর শিষ্যগন যেন অবশ্যই নিরন্তর সুসমাচারের বার্ত্তা তুলে না ধরেন।" *(পৃ: ৩৫৯) এর একটি উদাহরন মথি* ১০:১৪ পদে লিখিত হয়েছে, "তোমরা তোমাদের পায়ের ধুলা ঝাড়িয়া ফেলিও" (উদা: প্রেরিতদের কার্য্যাবলী ১৩:৫১ এবং ১৮:৫-৬)

- 'মুক্তা" প্রাচীন পৃথিবীতে এসব ছিল খুবই মূল্যবান।

এন, এ, এস, বি (হাল নাগাদ সংশোধিত) মূল পাঠ ৭:৭-১১।
৭"যাঞা কর, তোমাদিগকে দেওয়া যাইবে; অন্বেষন কর পাইবে; দ্বারে আঘাত কর, তোমাদের জন্য খুলিয়া দেওয়া যাইবে। ৮কেননা যে কেহ যাঞা করে, সে গ্রহন করে; এবং যে অন্বেষন করে সে পায়; আর যে আঘাত করে, তাহার জন্য খুলিয়া দেওয়া যাইবে। ৯তোমাদের মধ্যে এমন লোক, কে যে, আপন পুত্র রুটি চাইলে তাকে পাথর দিবে, ১০কিংবা মাছ চাইলে, তাকে সাপ দেবে? ১১অতএব তোমরা মন্দ হইয়াও যদি তোমাদের সন্তান দিগকে উত্তম দ্রব্য দান করিতে জান, তবে ইহা কতক অধিক নিশ্চয় যে, তোমাদের স্বর্গস্থ পিতা, যাহারা তাঁহার কাছে যাঞ্চা করে, তাহাদিগকে উত্তম উত্তম দ্রব্য দান করিবেন।"

৭:৭"যাঞা কর ... অন্বেষণ কর ... দ্বারে আঘাত কর" এসব হচ্ছে বর্ত্তমান আজ্ঞাসূচক বাক্য সব, যা অভ্যাসগত, জীবন ধারী নিয়ন্ত্রনের কথা বর্ননা করে। (উদা: দ্বিতীয় বিবরন ৪:২৯; যিরমীয় ২৯:১৩) একজনের (মানুষর) ঈশ্বরের সাড়া দেওয়া আচরনের স্বভাবের সঙ্গে ভালভাবে স্বীয় ভারসাম্য বজায় রাখা গুরুত্ব পূর্ণ। বিশ্বাসীবর্গের জন্য যা মঙ্গল জনক নয় তা করতে তারা ঈশ্বরের প্রতি বল প্রয়োগ করতে পারে না।
যা হোক, একই সময়ে তারা স্বর্গীয় পিতার নিকটে তাদের চাহিদা উপস্থাপন করতে পারে। যীশু সেইরুপ প্রার্থনাই তিনবার গেৎসীমানী বাগানে বসে জানিয়ে ছিলেন। (উদা: মার্ক ১৫:৩৬, ৩৯,৪১; মথি ২৬:৩৯,৪২,৪৪) পৌল'ও তার মাংসের মধ্যে কন্টকের জন্যে তিনবার প্রার্থনা জানিয়ে ছিলেন (উদা: ২করিন্থীয় ১২:৮) কিন্তু কেউ একজন তার প্রার্থনার বিষয়ে নির্দ্দিষ্ট উত্তর পায় সেটাই বড় বিষয় নয় কিন্তু তিনি যে পিতার সঙ্গে সময় কাটান সেটাই মহৎ বিষয়।
৭:৮-১০ অটল থাকা গুরুত্ব পূর্ন (উদা: লূক ১৮:২-৮) যা হোক এত অনিচ্ছুক ঈশ্বরকে বাধ্য করা হয় না কিন্তু তাতে আগ্রহের মান এবং ব্যাক্তির আগ্রহ এবং সংশ্রব প্রকাশ পায়। না বহু বাক্য না পুনঃ পুনঃ প্রার্থনা এর কোনটাই যা কার'ও সর্বোত্তম স্বার্থ নয়, তা দিতে দিতে পিতাকে কেউ হা

প্রেরনা যোগাতে পারবে না। প্রার্থনার মাধ্যমে, বিশ্বাসীগন যা পেয়ে থাকে তা হলো একটি বর্ধিষঞ্চু সম্পর্ক এবং ঈশ্বরে উপরে নির্ভরশীলতা।

৭ঃ ৯-১০ যীশু প্রার্থনার রহস্য বর্ননা করতে পিতা এবং পুত্রের অনুরুপতা প্রয়োগ ব্যবহার করেছেন। মথি দুটি উদাহরন দিচ্ছেন অন্য পক্ষে লূক দিচ্ছেন তিনটি (উদাঃ লূক ১১ঃ১২) সমস্ত উদাহরনের বিষয় ছিল ঈশ্বর বিশ্বাসী গনকে "উত্তম দ্রব্য" দিয়ে থাকেন। লূক এ "উত্তমের" সংজ্ঞা দিয়েছেন "পবিত্র আত্মা" বলে (উদাঃ লূক ১১ঃ১৩) আমাদের পিতা সবচাইতে মন্দ কাজ প্রায়ই যা করতে পারতেন তা হলো আমাদের অনুপোযুক্ত স্বার্থপর প্রার্থনার উত্তর প্রদান। এ তিনটি উদাহরন হচ্ছে কোন কিছুর উপরে কৌশল প্রয়োগ, সে সব একই রকম বলে মনে হয়ঃ পাথর রুটির মত, মাছ বা মাছের মত এবং ডিম কোঁকড়ানো, বিবর্ণ বিছার মত।

৭ঃ১১ "অতএব তোমরা যদি" এটি একটি প্রথম শ্রেনীর শর্ত সাপেক্ষ বাক্য যা গ্রন্থকারের যথানুপাতিক বা তার আক্ষরিক উদ্দেশ্যের জন্য সত্য বলে অনুমিত হয়। বরং তির্য্যকভাবে সমস্ত পাপী লোকদের জন্য একটি সমর্থন। (উদাঃ রোমীয় ৩ঃ৯, ২৩) এর বৈপরিত্য হচ্ছে একটি মন্দ মনুষ্য এবং স্নেহময় পূর্ণ ঈশ্বরের মধ্যের পার্থক্য। ঈশ্বর তার আচরন মনুষ্য পরিবারের মধ্যে দিয়ে প্রমান করেন। "যাহারা তাঁহার কাছে যাঞ্চা করে, তাহাদিগকে উত্তম দ্রব্য দান করিবেন" লূক ১১ঃ১৩ পদে যে সাদৃশ্য আছে তা হচ্ছে "উত্তমের" স্থানে "পবিত্র আত্মা" লূক লিখিত সুসমাচারে কোন আর্টিকেল নেই, অতএব এর অর্থ পবিত্র আত্মা কর্তৃক প্রদত্ত "অনুগ্রহ দান" হতে পারতো। এটি অব্যর্থ মূল গ্রন্থ হিসাবে ব্যবহার করা যায় না, যে কেউ অবশ্যই ঈশ্বরকে পবিত্র আত্মার জন্য প্রার্থনা জানাতে পারেন, কারন শাস্ত্রের মধ্যে প্রচন্ড ধাক্কা সহকারে বলা হয়েছে যে পবিত্র আত্মা বিশ্বাসীগনের মুক্তিতে বসবাস করে। (উদাঃ রোমীয় ৮ঃ৯ এবং গালাতীয় ৩ঃ২,৩,৫,১৪) তথাপি একটি অর্থ, একটি অনুভূতি আছে, পবিত্র আত্মা পূরন কর, যা বিশ্বাসীগনের মননের উপরে প্রতিষ্ঠিত তা পুনরা বৃত্তি যোগ্য।

এন, এ, এস, বি (হাল নাগাদ সংশোধিত) মূল পাঠ ৭ঃ১২।
১২"অতএব সর্ব বিষয়ে তোমরা যাহা যাহা ইচ্ছা কর যে, লোকে তোমাদের প্রতি করে, তোমরাও তাহাদের প্রতি সেইরুপ করি'ওঃ কেননা ইহাই ব্যবস্থা এবং ভাববানী গ্রন্থের সার।"

৭ঃ১২ এটিকে প্রায়ই স্বর্ণ সুত্র বরা হয়েছে (উদাঃ লূক ৬ঃ৩১) সার বক্তব্য এ অনুমানের উপর প্রতিষ্ঠিত ছিল যে, বিশ্বাসীগন নতুন অন্তঃকরন বিশিষ্ট রাজ্যের লোক (প্রজা)।এটি একটি আত্ম কেন্দ্রিক পূর্ণ পতিত মানবের সাড়া। যীশু ছিলেন একটি মাত্র ব্যাক্তি যিনি এ প্রবাদ বাক্য টি যথার্থ রুপে বনর্না করে ছিলেন, যদিও এর বিপরীত (প্রবাদ) রব্বুণী (অধ্যাপক) দের রেখা থেকে জানা ছিল (উদাঃ Tobit 4:15 and Rabbi Hillel, found in the Talmud, b Shabbath 31a, and philo of Alexandria). এ বিষয়টি একটি অনুপোযুক্ত আত্ম মূল্যের উপরে জোরাল প্রকাশ নয় কিন্তু তা হচ্ছে বিশ্বাসীগন খ্রিষ্টেতে কারা, তা জানার বিষয়ে এবং উত্তম বাক্য ও সেই শান্তি এবং ধার্মিকতা বোধ, যীশুর নামে কোন একজন সহযোগী মানুষের মধ্যে অন্তরে অভিক্ষেপন। এর প্রয়োজন আছে যে, মানুষ যা ভাল বলে মনে করে তাই করে, যা অন্যায় কাজ করা থেকে বিরত থাকার চেয়ে'ও অনেক ভাল।

- “কেননা ইহাই ব্যবস্থা এবং ভাববানী গ্রন্থের সার।” ব্যবস্থা এবং ভাববানী হচ্ছে, ইব্রীয় ভাষায় যে সব বই প্রামান্য বলিয়া স্বীকৃত বা যাজকীয় অনুসনের বিধান এবং নিয়মের তিনটির মধ্যে দুটি বিভাগের নাম। এটি ছিল হিব্রুভাষার সংক্ষিপ্ত বাগ বৈশিষ্ট্য, সমস্ত পুরাতন নিয়মে যার উল্লেখ আছে (উদঃ ৫:১৭)।

ইহা গুরুত্বপূর্ন যে পুরাতন নিয়ম যে সকল বিষয় দাবি করে তা মোটামুটি বর্ননা করে যীশু একটি সংক্ষিপ্ত উক্তি করেছিলেন (তুলনা করুন মথি ২২ঃ ৩,৪- ৪০; মার্ক ১২ঃ ২৮- ৩৪) প্রথম শতাব্দীর একজন ইহুদীর নিকট এই উক্তিটি চূড়ান্তভাবে বিতর্কিত হতো (রোমিয় ১৩:৯)।

এন.এস.বি (হালনাগাদ) পদঃ ৭ঃ ১৩- ১৪
[১৩]“সঙ্কীর্ন দ্বার দিয়া প্রবেশ কর; কেননা সর্ব্বনাশে যাবার দ্বার প্রশস্ত ও পথ পরিসর এবং অনেকেই তা দিয়ে প্রবেশ করে; [১৪]কেননা জীবনে যাবার দ্বার সঙ্কীর্ন ও পথ দুর্গম ও এবং অল্প লোকেই তাহা পায়।”

৭ঃ ১৩ এই পদটি কি অর্থ প্রকাশ করেঃ (১) একটি দ্বার দিয়ে প্রবেশ করা এবং তারপর একটি পথে হাটা; অথবা (২) একটি পথ দিয়ে হাটা যা একটি দ্বারের নিকট পৌছায়; অথবা (৩) ইহা কি ইহুদী উপমার একটি উদাহরন? প্রকৃত সত্য এই যে একটি দ্বার সর্বপ্রথম দেখা যায় এবং তারপর একটি পথ এ অর্থ প্রকাশ করে যে ইহা যীশুর শিক্ষার মাধ্যমে একটি ব্যক্তিগত পথে ঈশ্বরকে জানার জন্য একজনের আসা এবং তারপর একটি রাজ্যে জীবন যাপন করা । কতগুলো সন্দেহ এখানে বাইবেলে উল্লেখিত পরিত্রাণকে তিনভাগে বিভক্ত দৃষ্টিভঙ্গির কারন অথবা উৎসরুপে গন্য হতে পারে (১) প্রাথমিক বিশ্বাস এবং অনুতাপ (২) খ্রীষ্টের মত জীবনযাত্রা (৩) শেষকালীন সর্ব্বোচ্চ সীমা। এই উপমা লুক ১৩:২৩- ২৭ এর অনুরূপ।

- “সঙ্কীর্ন দ্বার” এই প্রকার প্রবাদগত সত্য ঐতিহ্যগতভাবে “দুটি পথ” হিসাবে পরিগনিত হয়েছে। (দ্বিতীয় বিবরন ৩০ঃ ১৫,১৯; গীতসংহিতা ১; হিতোপদেশ ৪ঃ ১০- ১৯; যিশাইয় ১:১৯- ২০ এবং যিরমিয় ২১:৮)। ইহা সনাক্ত করা কঠিন যীশু কাদের সাথে কথা বলতেছিলেনঃ (১) শিষ্যদের সাথে (২) ফরিশীদের সাথে, অথবা (৩) সমবেত লোকদের সাথে। এই সর্বজনীন প্রসঙ্গটি এই অর্থপ্রকাশ করতে পারে যে এই পদটি ৫:২০ এবং ৫:৪৮ এর সাথে সম্পর্কযুক্ত। তাই যদি হয়, তাহলে এই অর্থ হতে পারে যে ফরিসীয় আইনের চুলচেরা অনুসরনের মত, দ্বারের সীমাবদ্ধ প্রকৃতির অনেকগুলো আইন ছিল না, কিন্তু জীবনযাপনের ভালবাসা খ্রীষ্টের সাথে সম্পর্ক হতেই প্রবাহিত। খ্রীষ্টের অবশ্যই কতগুলো নিয়ম রয়েছে (তুলনা করুন ১১ঃ ২৯- ৩০), কিন্তু তা একটি পরিবর্তিত হৃদয় হতে প্রবাহিত হয়। আমরা যদি এই পদটি একটি ইহুদী ধর্মবিরোধী দৃষ্টিভঙ্গিতে চিন্তা করি (তুলনা করুন ৬:৭, ৩২), তাহলে ইহা পরিত্রাতা হিসেবে যীশুতে (দ্বার) এবং প্রভুতে (পথ) বিশ্বাসের সাথে সম্পর্কিত করে।

মথি ৭:১৩- ১৪ দিয়ে শুরু করে ধর্মপরায়ন ব্যক্তিদের সম্পর্কে একটি ধারাবাহিক তুলনা রয়েছেঃ (১) ধর্মীয় কর্তব্য পালনের দুইটি পথ(১৩- ১৪); (২) দুই প্রকারের ধর্মীয় নেতা (১৫- ২৩); এবং (৩) ধর্মীয় জীবনের দুইটি ভিত্তি (২৪- ২৭)। প্রশ্নটি এই নয় যে যীশু কোন প্রকার ধর্মপরায়ন লোকদের নির্দেশ করেছেন কিন্তু নির্দেশ করেছেন কিভাবে ধর্মপরায়ন লোকেরা ঈশ্বরের ইচ্ছার সম্পর্কে তাদের উপলব্ধির প্রতি সাড়া প্রদান করে। কিছু কিছু লোক অন্যান্য লোকদের নিকট হতে তাৎক্ষনিক প্রশংসা এবং পুরস্কার লাভের জন্য ধর্মকে পোষাকের মত ব্যবহার করে। ইহা হোল একটি ‘আমি’ এবং ‘এখন’ কেন্দ্রীভূত জীবনপ্রণালী (তুলনা করুন যিশাইয় ২৯:১৩; কলসীয় ২ঃ ১৬- ২৩)। ঈশ্বরের

বর্তমান এবং ভবিষ্যৎ রাজ্যের জন্য প্রকৃত শিষ্যেরা যীশুর বাক্যগুলোর আলোকে তাদের জীবন সাজায়।

- "কেননা সর্ব্বনাশে যাইবার দ্বার প্রশ্বস্থ ও পথ পরিসর" "পথ" হতে পারেঃ (১) জীবনযাত্রার একটি রূপক সরূপ এবং (২) মন্ডলীর সর্বপ্রথম নাম (তুলনা করুন প্রেরিত ৯:২; ১৯:৯,২৩; ২২:৪; ২৪:১৪,২২; ১৮:২৫-২৬)। এই পদটি এই অর্থ প্রকাশ করে যে পরিত্রান এমন একটি সহজ সিদ্ধান্ত নয় যা সংস্কৃতির মূলস্রোতের সাথে সময়োপযোগী হয়, কিন্তু জীবনের একটি চূড়ান্ত পরিবর্তন যা ঈশ্বরের নীতিগুলোর প্রতি বাধ্যতা সৃষ্টি করে। প্রকৃত অবস্থা হল যে একটি পথ যা সর্বনাশের দিকে নিয়ে যায় তা ঐ সকল লোকদেরকে চূড়ান্ত পরিনতি দেখিয়ে দেয় যারা ঈশ্বরের উপরে নির্ভর করে জীবন যাপন করে না। কখনও কখনও তাদেরকে খুব ধর্মপরায়ন মনে হয় (তুলনা করুন যিশাইয় ২৯:১৩; মথি ৭:২১-২৩ কলসীয় ২:২৩)।

৭:১৪ "সহজ বিশ্বাস-বাদ" এর দিনে এটি একটি প্রয়োজনীয় সাম্যতা। এখানে বলা হচ্ছে না যে খ্রীষ্টধর্ম মানুষের কঠোর প্রচেষ্টার উপর নির্ভরশীল, বরং বিশ্বাসপুর্ন জীবন অত্যাচার দ্বারা পুর্ন হবে। এই পদে উল্লেখিত "সরু" শব্দটি নুতন নিয়মের "যন্ত্রনা" অথবা "নির্যাতন" এর মত শব্দগুলোর একই মূল প্রকাশ করে। এই গুরুত্বারোপ মথি ১১:২৯-৩০ এর ঠিক বিপরীত। এ দুটি শব্দকে "দ্বার" এবং "পথ" হিসাবে বিশেষভাবে চিহ্নিত করা যেতে পারে। ঈশ্বরের বিনামুল্যে দান হিসাবে যীশুর মধ্য দিয়ে আমরা ঈশ্বরের কাছে আসি (তুলনা করুন রোমীয় ৩:২৪; ৫:১৫-১৭; ৬:২৩; ইফিষীয় ২:৮-৯)। কিন্তু যখণ একবার আমরা তাকে জানতে পারি, তা হয় মহামুল্যবান মনিমুক্তার মত এবং তাকে অনুসরন করার জন্য আমরা আমাদের যা কিছু আছে তা বিক্রি করি। পরিত্রান নিঃসন্দেহে বিনামূল্যে পাওয়া যায় কিন্তু এর মূল্য হল সবকিছু যা আমাদের রয়েছে এবং আমরা।

"অল্প লোকেই তাহা পায়" এ'শব্দ সমষ্টিটিকে মথি ৭:১৩ এবং লুক ১৩:২৩-২৪ এর সাথে তুলনা করা উচিত। প্রশ্ন হল "অনেকে কি পরিত্রান পাওয়ার পরিবর্তে হারিয়ে যেতে চলেছে?" পদটি কি এ'সংখ্যাবিষয়ক পার্থক্য শিক্ষা দেয়?

এন.এস.বি (হাল নাগাদ) পদ ৭:১৫-২০

[১৫]ভাক্ত ভাববাদিগন হইতে সাবধান; তাহারা মেষের বেশে তোমাদের নিকটে আইসে, কিন্তু অন্তরে গ্রাসকারী কেন্দুয়া। [১৬]তোমরা তাহাদের ফল দ্বারাই তাহাদিগকে চিনিতে পারিবে। লোকে কি কাঁটাগাছ হইতে দ্রাক্ষাফল, কিম্বা শিয়ালকাঁটা হইতে ডুমুরফল সংগ্রহ করে?" [১৭]সেই প্রকারে প্রত্যেক ভাল গাছে ভাল ফল ধরে কিন্তু মন্দ গাছে মন্দ ফল ধরে। [১৮]ভাল গাছে মন্দ ফল ধরিতে পারে না। [১৯]যে কোন গাছে ভাল ফল ধরে না, তাহা কাটিয়া আগুনে ফেলিয়া দেওয়া যায়। [২০]অতএব তোমরা উহাদের ফল দ্বারাই উহাদিগকে চিনিতে পারিবে।

৭:১৫ "ভাক্ত ভাববাদিগন হতে সাবধান" এটি বর্তমান কালের জন্য আদেশ। যীশু মাঝে মাঝে ভাক্ত ভাববাদিগনের বিষয়ে কথা বলতেন (তুলনা করুন মথি ২৪:৪,৫,১১,২৩-২৪; মার্ক ১৩:২২)। ভাক্ত ভাববাদিদেরকে চিহ্নিত করা সবসময় একটি কঠিন কাজ কারন সাধারনত তাদের প্রদত্ত শিক্ষায় সত্যের কোন কোন উপাদান থাকতে পারে, এবং তাদের উদ্দেশ্য কোন ব্যক্তি সবসময় বুঝতে নাও পারে। সেজন্য এটি একটি সমস্যা মূলক প্রশ্ন কিভাবে বিশ্বাসীবর্গ নিশ্চিত হবেন কারা

ভাক্ত ভাববাদি। মূল্যায়নের জন্য যে'সকল উপাদানকে বিবেচনা করতে হবে তা'হোলঃ (১) দ্বিতীয় বিবরন ১৩:১- ৩ এবং ১৮:২২; (২) তীত ১:১৬ এবং ১ যোহন ৪:৭- ১১; এবং (৩) ১ যোহন ৪:১- ৩। এ নীতির উপর ভিক্তি করে, খ্রীষ্টিয়ানগন তাদের মূল্যায়ন করতে সমর্থ । ১৫ হতে ২০ পর্যন্ত পদগুলো ফল পরীক্ষার বিষয়ের সাথে সম্পর্ক রক্ষা করে, যখন একই অধ্যায়ের ২১- ২৩ পদগুলো সে'সকল লোকদের নির্দেশ করে যারা ভাল ফল ধরে বলে মনে হয় কিন্তু ঈশ্বরের সাথে তাদের কোন সম্পর্ক নাই। একটি দ্বার এবং একটি পথ উভয়ই রয়েছে; কিন্তু একটি প্রাথমিক বিশ্বাস এবং বিশ্বাসের জীবন উভয়ই।

- "তারা মেষের বেশে তোমাদের কাছে আসে, কিন্তু অন্তরে গ্রাসকারী কেন্দুয়া" কেন্দুয়া হল মেষের ঐতিহ্যগত শত্রু (তুলনা করুন মথি ১০:১৬; প্রেরিত ২০:২৯)। এর অর্থ হল যে পথটির একটি কঠিন দিক হল যা জীবনের দিকে নিয়ে যায় তা হল যে কিছু লোক রয়েছে যারা অসত্য শিক্ষা বা বানীর মাধ্যমে আমাদেরকে ভূল পথে চালাতে চেষ্টা করে (তুলনা করুন ইফিসীয় ৪:১৪)। ভাক্ত ভাববাদিগনের জন্য সাধারনত এই বানীতে কিছু ব্যক্তিগত সুবিধা থাকবে। তাদেরকে অত্যন্ত ধর্মপরায়ন মনে হয়। ২১ পদ থেকে ২৩ পদ পর্যন্ত পদগুলো দেখিয়ে দেয় কিভাবে কেন্দুয়াগুলোকে মেষের মত দেখাতে পারে।

৭:১৬ "তোমরা ওদের ফল দ্বারাই ওদেরকে চিনতে পারবে" মথি লিখিত সুসমাচারে এ উপমাটি অদ্বিতীয়। এটি ভবিষ্যতের জন্য একটি নির্দেশ যা বর্তমান কালে একটি আদেশ হিসাবে ব্যবহৃত (আরো দেখুন ২০ পদ)। "জ্ঞান" শব্দটি জোরালো, যা প্রকাশ করে যে বিশ্বাসীগন ভাক্ত ভাববাদিগনকে চিনতে পারবে এবং অবশ্যই চিনতে হবে। আমরা তাদেরকে তাদের জীবনযাত্রার অধিকার এবং তাদের ধর্মীয় মতবাদ সংক্রান্ত শিক্ষা দ্বারা চিনতে পারি। কখনও কখনও প্রশ্ন করা হয়েছে এ'সবের কোন বিষয়টি একজনের ফল তৈরী করে, যখন প্রকৃত পক্ষে উভয় বিষয় (১) তাদের শিক্ষা (তুলনা করুন দ্বিতীয় বিবরন ১৩:১- ৩; ১৮:২২; লুক ৬;৪৫; ১ যোহন ৪:১- ৩); এবং (২) তাদের কাজসমূহ (তুলনা করুন লুক ৩:৮- ১৪; ৬:৪৩- ৪৬; যোহন ১৫:৮- ১০;ইফিষীয় ৫:৯- ১২; কলসীয় ১:১০; তীত ১:১৬; যাকোব ৩:১৭- ১৮; ১যোহন ৪:৭- ১১) সম্পন্ন করে।

৭:১৯ যেহেতু ৩:১০ এর এই শব্দসমষ্টি যোহন বাপ্তাইজক ব্যবহার করেছেন, অনেকে বিশ্বাস করেন এটি ছিল একটি সর্বজনীন প্রবাদবাক্য।

এন.এ.এস.বি (হালনাগাদ) পদঃ ৭:২১- ২৩

[২১]যারা আমাকে হে প্রভু, হে প্রভু বলে, তারা সকলেই যে স্বর্গরাজ্যে প্রবেশ করতে পারবে এমন নয়, কিন্তু যে ব্যক্তি আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা পালন করে সে পাবে। [২২]সেদিন অনেকে আমাকে বলবে, হে পভু, হে প্রভু আপনার নামেই আমরা কি ভাববানী বলি নাই? আপনার নামেই কি ভূত ছাড়াই নাই? আপনার নামেই কি অনেক পরাক্রম কার্য্য করি নাই? [২৩]তখন আমি তাহাদেরকে স্পষ্টই বলব আমি কখনও তোমাদেরকে চিনি নাই; হে অধর্মচারীরা, আমার নিকট হতে দূর হও।

৭:২১ "যারা আমাকে বলে তারা সকলেই নয়" এটি একটি বর্তমান কর্তৃবাচক বিশেষন যা বিরতিহীন কাজ সম্পর্কে কথা বলে। তারা এ সকল শব্দগুলো বারবার বলত।

- "প্রভু, প্রভু" ইহুদী আইনজ্ঞগন বলতেন যে একটি নামের দ্বিরুক্তি আবেগ প্রকাশ করে (তুলনা করুন আদি প্রস্তক ২২: ১১)।

❑ "কুরিওস (Kurios) " গ্রীক শব্দটি প্রথম শতাব্দীতে বিভিন্নভাবে ব্যবহৃত হত। এর সহজ অর্থ হতে পারত (১) "মহাশয়" (২) "প্রভু"; (৩) মালিক; অথবা (৪) "ভুস্বামী"। কিন্তু ধর্মীয় মতবাদের পরিপ্রেক্ষিতে, ইয়াহোয়ে (YHWH) নামের পুরাতন নিয়মের অনুবাদ থেকে উদ্ভুত এর সম্পুর্ন অর্থ দিয়ে সাধারনত এর ব্যখ্যা দেয়া হয় (তুলনা করুন অদিপুস্তক ২২:১১)

এ পরিপ্রেক্ষিতে এসকল লোকেরা যীশুর সম্পর্কে একটি ধর্মতাত্ত্বিক উক্তি করে থাকত, কিন্তু তাঁর সাথে একটি ব্যক্তিগত সম্পর্ক ছিল না। যীশুর পরিচর্যা কাজের প্রাথমিক স্তরে এটি জানাতে পারা কঠিন ছিল এ'শব্দটির উপর কি পরিমান ধর্মতাত্ত্বিক গুরুত্ব সংযুক্ত। পিতরও এটিকে যীশুর জন্য একটি ধর্মতাত্ত্বিক উপাধি হিসেবে ব্যবহার করেছিলেন। (তুলনা করুন লুক ৫:৮) যেমন করেছিলেন লুক ৬:৪৬ -য়ে, যেখানে যীশু একজনের মৌখিক ঘোষনাকে বাধ্যতার সাথে সংযুক্ত করেন। যাহোক, এ পরিপ্রেক্ষিতে দৃশ্যটি হল শেষ সময়ে অর্থাৎ যীশুর দ্বিতীয় আগমনের সময়ে এসকল ভাক্ত ভাববাদিগনকে বিচারে আনা হবে।

বিশেষ আলোচ্য বিষয়ঃ স্বধর্ম ত্যাগ (এ্যফিসন্ট্যামি)

গ্রীক শব্দ এ্যাফিস্ট্যামি (স্বধর্ম ত্যাগ) এর একটি বড় অর্থ রয়েছে। যাহোক, ইংরেজী শব্দ "ধঢ়ড়ংঃধংু" একটি গ্রীক শব্দ থেকে উদভূত হয়েছে এবং আধুনিক পাঠকগনের কাছে এর ব্যবহারকে পক্ষপাতদুষ্ট করে। সব সময়েই এটি একটি চাবিস্বরূপ, কিন্তু একটি বর্তমান সময়ের সংজ্ঞা নয়। এটি একটি যৌগিক শব্দ যা "ধঢ়ড়চ অব্যয়ের সাথে যুক্ত, যার অর্থ হোল "থেকে" অথবা "কোন কিছু থেকে দূরে" এবং যরংঃধসর শব্দটির অর্থ হল "বাসা", "দাঁড়ানো", অথবা"দৃঢ় করা"। নিম্নে উল্লেখিত (অ- ধর্মতাত্ত্বিক) ব্যবহারগুলো লক্ষ্য করুন।

১। শারিরীকভাবে চলে যাওয়া

(ক) মন্দির হতে , লুক ২:৩৭

(খ) একটি বাড়ি হতে, মার্ক ১৩:৩৪

(গ) এক ব্যক্তি হতে, মার্ক ১২:১২, ১৪:৫০ প্রেরিত ৫:৩৮

(ঘ) সমস্ত কিছু হতে, মথি ১৯:২৭,২৯।

২। রাজনৈতিকভাবে চলে যাওয়া, প্রেরিত ৫:৩৭

৩। আত্মীয়ভাবে চলে যাওয়া প্রেরিত ৫:৩৮; ১৫:৩৮; ১৯:৯; ২২:২৯

৪। চলে যাওয়া (বিবাহ বিচ্ছেদ) দ্বিতীয় বিবরন ২৪:১,৩ (৭০) এরবং নতুন নিয়ম মথি ৫:৩১, ১৯:৭; মার্ক ১০: ৪,১ করিন্থীয় ৭:১১

৫। ধার দুর করা, মথি ১৮:২৪

৬। পরিত্যাগ করে সম্পর্ক শুন্যতা দেখানো মথি ৪:২০’ ২২:২৭’ যোহন ৪:২৮’ ১৬:৩২

৭। পরিত্যাগ না করে সম্পর্ক দেখানো, যোহন ৮:২৯’ ১৪:১৮

৮। অনুমতি প্রদান করা, মথি ১৩:৩০’ ১৯:১৪’ মার্ক ১৪:৬; লুক ১৩:৮

ধর্মতাত্ত্বিকভাবে ক্রিয়াপদটির একটি ব্যাপক ব্যবহার রয়েছে;

১। বাদ দেওয়া, ক্ষমা করা, পাপের অপরাধ মার্জনা করা, যাত্রা ৩২:৩২; গননা ১৪:১৯, ইয়োব ৪২:১০ এবং নতুন নিয়ম, মথি ৬:১২, ১৪- ১৫, মার্ক ১১:২৫- ২৬ - এর গ্রীক অনুবাদ (ঞযব ঝবঢ়ঃঁধমরহঃ) হতে।

২। পাপ করা থেকে বিরত থাকা, ২য় তীমথিয় ২:১৯

৩। যে সকল বিষয় থেকে দূরে থাকাটা অবহেলা করতে হবে তা হলঃ

(ক) নিয়ম, মথি ২৩:২৩; প্রেরিত ২১:২১

(খ) বিশ্বাস, যিহিস্কেল ২০:৮ (গ্রীক অনুবাদ); লুক ৮:১৩; ২ থিষলনীকীয় ২:৩; ১তীমথিয় ৪:১, ইব্রীয় ৩:১২

আধুনিক বিশ্বাসীরা এমন অনেক ধর্মতাত্ত্বিক প্রশ্ন করেন যা নূতন নিয়মের লেখকগন কখনও চিন্তা করেন নাই। বিশ্বাসকে বিশ্বস্ততা থেকে আলাদা করার জন্য এদের মধ্যে হয়ত একটি আধুনিক প্রবনতার সাথে সম্পর্ক স্থাপন করত।

ঝাইবেলে এমন অনেক ব্যক্তি রয়েছেন যারা ঈশ্বরের লোকদের সাথে অর্ন্তভূক্ত এবং কিছু ঘটনা ঘটে।

১। পুরাতন নিয়ম

(ক) কোরহ, গননা ১৬

(খ) এলির পুত্ররা, ১ সমুয়েল ২,৪

(গ) শৌল, ১ সমুয়েল ১১- ৩১

(ঘ) ভাক্ত ভাববাদিগন (উদাহরনসমূহ)

১। দ্বিতীয় বিবরন ১৩:১- ৫, ১৮:১৯- ২২

২। যিরমিয় ২৮

৩। যিহিস্কেল ১৩:১- ৭

(ঙ) ভাক্ত ভাবাদিনীগন

১। যিহিস্কেল ১৩:১৭

২। নহিমিয় ৬:১৪

(চ) ইস্রায়েলের খারাপ নেতারা (উদাহরনসমূহ)

১। যিরমিয় ৫:৩০- ৩১; ৮:১- ২; ২৩:১- ৪

২। যিহিস্কেল ২২:২৩- ৩১

৩। মীখা ৩:৫- ১২

২।　　নূতন নিয়ম

(ক) এই গ্রীক শব্দটি আক্ষরিকভাবে হল ধঢ়ড়ংঃধংুব পুরাতন নিয়ম এবং নূতন নিয়ম উভয়ই যীশুর দ্বিতীয় আগমনের পূর্বে খারাপ

এবং অসত্য শিক্ষার প্রচন্ডতাকে নিশ্চিত করে। (তুলনা করুন মথি ২৪:২৪, মার্ক ১৩:২২; প্রেরিত ২০:২৯,৩০; ২ থিষলনীকীয় ২:৩,৯-১২; ২ তীমথিয় ৪:৪)। এ গ্রীক শব্দটি বিভিন্ন প্রকারের ভূমির উপমাতে যীশুর কথাকে প্রতিফলিত করে যা লুক ৮:১৩ তে পাওয়া যায়। এ সকল ভাক্ত শিক্ষকগন সুস্পষ্ট ভাবে খ্রীষ্টিয়ান নয়, কিন্তু তারা খ্রীষ্টিয় সমাজ হতেই এসেছিল (তুলনা করুন ২০:২৯-৩০; ১যোহন ২:১৯); যাহোক তারা সত্যকে এবং বিশ্বাসীগনকে ভূলাতে এবং বলপূর্বক বন্দী করতে সমর্থ, কিন্তু তারা অবিস্মরনীয় (ইব্রীয় ৩:১২)।

ধর্মতাত্বিক প্রশ্নটি হল ভাক্ত শিক্ষকগন কি কখনও বিশ্বাসী ছিল? এর উত্তর দেওয়া কঠিন কারন স্থানীয় মন্ডলী গুলিতে ভাক্ত শিক্ষকেরা ছিল (তুলনা করুন ১ যোহন ২:১৮-১৯)। কখনও কখনও আমাদের ধর্মতাত্বিক অথবা ধর্মীয় সম্প্রদায়গত ঐতিহ্য বাইবেলের বিশেষ পদসমূহের উল্লেখ ছাড়া এ প্রশ্নের উত্তর প্রদান করে (বাইবেল থেকে কোন পদ উল্লেখ করে যদি প্রমান করা না হয় তবে তা দ্বারা কারো পক্ষপাতিত্ব প্রমান হবে)।

(খ) আপাত বিশ্বাস

১.　যুদাস, যোহন ১৭:১২

২.　শিমোন ম্যাগনাস, প্রেরিত ৮

৩.　মথি ৭:২১-২৩ পদে যাদের সম্পর্কে বলা হয়েছে।

৪.　মথি ১৩:১-২৩; মার্ক ৪:১-১২; লুক ৮:৪-১০ পদে যাদের সম্পর্কে বলা হয়েছে।

৫.　যোহন ৮:৩১-৫৯ পদে যে যিহুদীদের কথা উল্লেখ করা হয়েছে।

৬.　আলেকসান্দর এবং হুমিনায়, ১ তীমথিয় ১:১৯-২০

৭.　১তীমথিয় ৬:২১ এ উল্লেখিত ব্যক্তিগন

৮.　হুমিনীয় ফিলীত, ২ তীমথিয় ২:১৬-১৮

৯.　দীমা, ২ তীমথিয় ৪:১০

১০.　ইব্রীয় ৩:৬-১০ পদে উল্লেখিত আপাত বিশ্বাসীগন।

১১.　শিক্ষকেরা, ২ পিতর ২:১৯-২১; যিহুদা ১২-১৯

১২.　খ্রীষ্টানেরা, ১ যোহন ২:১৮-১৯

(গ) ফলবিহীন বিশ্বাস

১.　মথি ৭:১৩-২৩

২.　১ করিন্থীয় ৩:১০-১৫

৩.　২ পিতর ১:৮-১১

আমরা খুব অল্প সময়েই এই পদগুলো নিয়ে চিন্তা করি কারন আমাদের ধর্মতত্ব (ক্যালভিন মতবাদ, আরমেনিয়ান মতবাদ প্রভৃতি) ক্ষমতাপূর্ন জবাব কর্তৃত্বের সাথে নির্দেশ দেয়। এ বিষয়টি উত্থাপন করার জন্য অনুগ্রহপূর্বক আমাকে দোষী সাব্যস্ত করবেন না। আমার কাছে গুরুত্বপূর্ন হল

সেই যথাযথ পদ্ধতি যে পদ্ধতিতে বাইবেলের ব্যাখ্যা করা হয়, আমাদেরকে অবশ্যই বাইবেলকে কথা বলতে দিতে হবে এবং পূর্বে স্থির করা ধর্মতত্ত্বে রূপ দিতে চেষ্টা করা উচিত নয়। কখনও কখনও ইহা কষ্টকর এবং বেদনাদায়ক কারন আমাদের ধর্মতত্ত্বের অনেক কিছুই সম্প্রদায়গত, সাংস্কৃতিক এবং আত্মীয়তা সম্পর্কিত (পিতামাতা, বন্ধু, পালক) কিন্তু বাইবেল সম্পর্কিত নয়। কিছু লোক যারা ঈশ্বরের লোকদের মধ্যে রয়েছে তারা সবাই ঈশ্বরের লোক নয়।

- ❑ "স্বর্গরাজ্যে প্রবেশ করবে" এটি ভবিষ্যতের জন্য একটি নির্দেশ। যীশুর প্রচারের মূলবিন্দু ছিল স্বর্গরাজ্য। এটি মার্ক এবং লুক লিখিত সুসমাচারে ব্যবহৃত শব্দগুচ্ছ "ঈশ্বরের রাজ্য" এর সদৃশ। যিহুদীদের কাছে লিখবার সময়ে মথি "ঈশ্বর" শব্দটির পরিবর্তে "স্বর্গ" শব্দটি ব্যবহার করেছিলেন। এ পদটি একটি ভবিষ্যত রীতির অর্থ প্রকাশ করে, অপরদিকে মথি ৩:২ বর্তমান রীতির অর্থ প্রকাশ করে। বর্তমানে স্বর্গরাজ্য হল মানুষের হৃদয়ে ঈশ্বরের রাজ্য যা একদিন সমুদয় জগতে পরিপূর্নতা লাভ করবে। যীশু মথি ৬:১০ এ তাঁর আদর্শ প্রার্থনায় (প্রভুর প্রার্থনায়) এ জগতে ঈশ্বরের রাজ্য আগমনের জন্য প্রার্থনা করতেছিলেন।

❑ "যে ব্যক্তি আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা পালন করে" এটি একটি বর্তমান কর্তৃবাচ্যের বিশেষন। পরবর্তী কয়েকটি পদের প্রকৃত মুল বিন্দু হল ঐ সকল লোকদের উপর যারা বলে থাকে তারা হলেন রাজ্যের প্রজা কিন্তু তারা এমন পথে চলে যা প্রকাশ করে যে তারা সেই রাজ্যের নয়। ২৩, ২৪ এবং ২৬ পদের উপসংহার মূলক অংশে এটা দেখা যেতে পারে। ঈশ্বরের দৃঢ় ইচ্ছা হল তাঁর পুত্রের উপর বিশ্বাস (তুলনা করুন যোহন ৬:২৯, ৩৯- ৪০)। এ'সকল ধর্মীয় ভাক্ত ভাববাদিদের এই প্রকার ব্যক্তিগত সম্পর্কের অভাব ছিল (তুলনা করুন ৬:২৩)। ইহা ন্যায়, শাস্ত্রসম্মত অথবা প্রচলিত মত বিরোধী অথচ সত্য হল বাইবেলের সত্যের ঐ প্রকার বৈশিষ্ট্য। ঈশ্বরের ইচ্ছা হল একটি প্রথম দিকের সিদ্ধান্ত (দ্বার) এবং বিরামহীন জীবন যাত্রা (পথ) উভয়ই।

❑

বিশেষ আলোচ্য বিষয়: ঈশ্বরের ইচ্ছা (এঃযবষবসধ)

যোহনের সুসমাচার

যীশু পিতার ইচ্ছা পূর্ন করতে এসেছিলেন (তুলনা করুন ৪:৩৪; ৫:৩০; ৬:৩৮)

শেষদিনে তাদেরকে উঠানো যাদেরকে পিতা তাঁর পুত্রকে দিয়েছিলেন (তুলনা করুন ৬:৩৯)।

যাতে সকলে পুত্রকে বিশ্বাস করে (তুলনা করুন ৬:২৯, ৪০)।

তাদের প্রার্থনায় উত্তর দেন যারা তাঁর ইচ্ছা পালন করে (তুলনা করুন ৯:৩১ এবং ১ যোহন ৫:১৪)।

সংক্ষিপ্ত সুসমাচার সমূহ

ঈশ্বরের ইচ্ছা পালন করা ক্রুশতুল্য (তুলনা করুন মথি ৭:২১)

যে কেহ ঈশ্বরের ইচ্ছা পালন করে , সে যীশুর ভ্রাতা ও ভগ্নী (তুলনা করুন মথি ১২:৫; মার্ক ৩:৩৫)

ইহা ঈশ্বরের ইচ্ছা নয় যে অনেকে বিনষ্ট হয় (মথি ১৮:১৪; ১তীমথিয় ২:৪; ২ পিতর ৩:৯)

কালভেরী ছিল যীশুর জন্য পিতার ইচ্ছা (তুলনা করুন মথি ২৬:৪২; লুক ২২:৪২)

পৌলের পত্রসমূহ

সকল বিশ্বাসীর পরিপক্কতা এবং কার্য (তুলনা করুন রোমীয় ১২:১- ২)

বিশ্বাসীগনকে এই উপস্থিত মন্দ যুগ হতে উদ্ধার করেন। (তুলনা করুন গালাতীয় ১:৪)
ঈশ্বরের ইচ্ছা হল তাঁর মুক্তির পরিকল্পনা (তুলনা করন ইফিসীয় ১:৫,৯,১১)
বিশ্বাসীগন পবিত্র আত্মাতে পূর্ন জীবন অভিজ্ঞতা লাভ এবং জীবনযাপন (তুলনা করুন ইফিষীয় ৫:১৭)
বিশ্বাসীগন ঈশ্বরের জ্ঞানে পূর্ন হয় (তুলনা করুন কলসীয় ১:৯)
বিশ্বাসীগন সিদ্ধ এবং কৃত নিশ্চিত হন (তুলনা করুন কলসীয় ৪:১২)
বিশ্বাসীগন পবিত্রীকৃত হন (তুলনা করুন ১ থিষলনীকীয় ৪:৩)
বিশ্বাসীগন সর্ব বিষয়ে ধন্যবাদ করেন (তুলনা করুন ১ থিষলনীকীয় ৫:১৮।

পিতরের পত্রসমূহ
বিশ্বাসীবর্গ সদাচরন করতে করতে নির্বোধ মানুষদেরকে নিরুত্তর করবেন। (তুলনা করুন ১ পিতর ২:১৫)
বিশ্বাসীবর্গ দুঃখ ভোগ করবেন (তুলনা করুন ১ পিতর ৩:১৭; ৪:১৯)
বিশ্বাসীবর্গ আত্মকেন্দ্রিক অর্থ্যাৎ নিজের অভিলাষে জীবন যাপন করেন না (তুলনা করুন ১ পিতর ৪:২)

যোহনের পত্রসমূহ
বিশ্বাসীগন অনন্তকাল স্থায়ী (তুলনা করুন ১ যোহন ২:১৭)
প্রার্থনার উত্তর পাবার জন্য বিশ্বাসীগনের উপায় (চাবি) (তুলনা করুন ১ যোহন ৫:১৪)

- ‘‘সেই দিন অনেকে আমাকে বলবে’’ এই গ্রীক প্রশ্নের কাঠামোটি একটি ‘‘হ্যাঁ’’ উত্তর আশা করত। ‘‘সেই দিন’’ পদ দুইটি যীশু খ্রীষ্টের দ্বিতীয় আগমনকে নির্দেশ করে। এটিকে কখনও কখনও পুনরুত্থান দিন বা বিচারের দিন বলা হয়ে থাকে, যা নির্ভর করে আপনি তাঁকে ব্যক্তিগতভাবে চিনেন কিনা অথবা চিনেন না।

- ‘‘আপনার নামে...আপনার নামে... আপনার নামে’’ এই বাক্যাংশটির অর্থ হল ‘‘আপনার আধিপত্যে’’ অথবা ‘‘আপনার শিষ্যের মত’’। ২৩ পদে এটা সুষ্পষ্ট যে তারা ব্যক্তিগতভাবে যীশুকে জানতে পারেনি। লক্ষ্য করুন তারা যে সকল কাজ করে তা নিয়মসম্মত কাজ। কিন্তু সম্পর্ক ছাড়া ফল ফলছাড়া সম্পর্কের মত জঘন্য। ইস্কারিয়ত যুদাসসহ যীশুর প্রকৃত শিষ্যগন একইপ্রকার আশ্চর্য কাজ করেছিলেন (তুলনা করুন ১০:১- ৪)। আশ্চর্য কাজসমূহ স্বয়ংক্রিয়ভাবে ঈশ্বর হতে একটি চিহ্ন নয় (তুলনা করুন মথি ২৪:২৪ এবং ২ থিষলনীকীয় ২:৯- ১০) । ধর্মীয় আত্ম প্রবঞ্চনা একটি দুঃখদায়ক ঘটনা।

- ৭:২৩ ‘‘আমি তাদেরকে স্পষ্টই বলব’’ এই গ্রীক শব্দটির অর্থ হল প্রকাশ্যে ‘‘ঘোষনা করা’’ অথবা ‘‘স্বীকার করা’’। এই বিবৃতির প্রকাশিত অর্থ হোল যে যীশুর বিচার করবার ক্ষমতা রয়েছে এবং ঐ বিচার হোল তাঁতে ব্যক্তিগত বিশ্বাসের সম্পর্কে।

- ‘‘আমি কখনও তোমাদেরকে জানি না’’ গ্রীক ভাষায় এটি ছিল একটি দৃঢ় ব্যাকরনগত গঠন। ‘‘জানা’’ শব্দটির একটি পুরাতন নিয়মানুগ পটভূমিকা রয়েছে যার অর্থ হল ‘‘ঘনিষ্ট, ব্যাক্তিগত সম্পর্ক’’ (তুলনা করুন আদি ৪:১ এবং যিরমিয় ১:৫)। ইহা চিন্তা করা ভীতিকর যে ২২ পদে

উল্লেখিত ধর্মীয় কার্যক্রম এই প্রকার আত্ত প্রবঞ্চনার পথে সম্পাদন করা যেতে পারে (তুলনা করুন ১ করিন্থীয় ১৩:১- ৩)

- "আমার নিকট হতে দূর হও" এটি একটি বর্তমান কালের জন্য সক্রিয় আদেশ, আক্ষরিক অর্থে "আমার নিকট হতে দূর হতে থাক" এর মত একটি বিরামহীন আদেশ।" অতএব এর প্রকাশিত অর্থ হল "তুমি ইতিমধ্যে দূরে চলে গেছ - কেবল চলতে থাক।" ইহা হল গীতসংহিতা ৬:৮ এর পরোক্ষ উল্লেখ।
- "তোমরা যারা অধর্মচারী" ইহা অতি জঘন্য যে এই সকল আপাত দৃষ্টিতে কার্যকর ধর্মীয় নেতাগন যীশুর ক্ষমতা এবং ব্যক্তিত্বের উপর নির্ভরশীল ছিল না।

এন.এ.এস.বি (হাল নাগাদ) পদ ৭:২৪- ২৭

[২৪] অতএব যে কেহ আমার এই সকল বাক্য শুনিয়া পালন করে, তাহাকে এমন একজন বুদ্ধি মান লোকের তুল্য বলতে হবে, যে পাষানের উপরে আপন গৃহ নির্ম্মান করল। [২৫] পরে বৃষ্টি নামল, বন্যা আসল, বায়ূ বইল এবং সেই গুহে লাগল, তথাপি তাহা পড়ল না, কারন পাষানের উপরে তাহার ভিত্তিমূল স্থাপিত হয়েছিল। [২৬] আর যে কেহ আমার এই সকল বাক্য শুনিয়া পালন না করে, তাকে এমন একজন নির্ব্বোধ লোকের তুল্য বলতে হবে, যে বালুকার উপরে আপন গৃহ নির্ম্মান করল। [২৭] পরে বৃষ্টি নামল, বন্যা আসল, বায়ূ বইল, এবং সেই গৃহে আঘাত করল, তাতে তাহা পড়ে গেল, ও তার পতন ঘোরতর হোল।"

৭" ২৪ "যে কেহ আমার এই সকল বাক্য শুনে পালন করে" মথি এবং লুকের নিকট এ উপমাটি অদ্বিতীয় ছিল (৬:৪৭- ৪৯)। এটি সেই চিন্তার মত যা দ্বিতীয় বিবরন ৬:১ এর গ্রীক শব্দ "Shama" তে পাওয়া যায়, যেখানে শব্দটি পরোক্ষভাবে "শুনে পালন করে" অর্থ করে। খ্রীষ্ট ধর্মে অন্তর্ভূক্ত রয়েছে: (১) জ্ঞান (য) ব্যক্তিগত সাড়া; এবং (৩) সেবার জীবন যাত্রা। ইহা আকর্ষনীয় বিষয় যে উভয় প্রকার নির্মাতারাই যীশুর কথা শুনেন। আবার, ইহা মনে হয় যে এই সকল সতর্কবানীর প্রসঙ্গ হল সেইসব ধর্মপরায়ন লোকেরা যারা কিছু পর্যায়ে শুনেছে এবং পালন করেছে।

৭:২৪- ২৭ এই সকল পদ সত্যের অর্থ্যাৎ বিভিন প্রকার ভূমির উপমার সদৃশ। কেবলমাত্র যাতনা এবং দুঃখ ভোগ দ্বারা "ভন্ড" বিশ্বাসীদের প্রকৃত চরিত্র প্রকাশিত হয়। একটি যাতনা দায়ক জীবন হল খ্রীষ্টিয়ানদের জন্য প্রকৃত সম্ভাবনা (তুলনা করুন যোহন ১৫:২০; ১৬:৩৩; প্রেরিত ১৪:২২; রোমীয় ৮:১৭; ১ থিষলনীকীয় ৩:৩; ২ তীমথিয় ৩:১২; ১ পিতর ২:২১; ৪:১২- ১৬)

৭:২৬ ইহা আগ্রহোদ্দীপক যে উভয় প্রকার নির্মাতারাই যীশুর কথা শুনেছিলেন। আবার ইহা মনে হয় এই সকল সতর্কবানীর প্রসঙ্গ হল সে, সকল ধর্ম পরায়ন লোকেরা যারা কোন এক পর্যায়ে শুনেছে এবং পালন করেছে। এ.টি. রবার্টসন "নুতন নিয়মের বাক্যের ছবিতে" (Word Pictured in the New Testament) বলেছেন "ধর্মীয় উপদেশগুলি শোনা একটি বিপদজনক কাজ যদি কোন ব্যক্তি সেগুলি কার্য্যে রূপ দান না করেন।

এন.এ.এস.বি. (হালনাগাদ) শাস্ত্র পদ ৭:২৮- ২৯

[২৮]"যীশু যখন এই সকল বাক্য শেষ করলেন, লোকসমূহ তাঁর উপদেশ চমৎকার জ্ঞান করিল; [২৯]কারন তিনি ক্ষমতা সমপন ব্যক্তির ন্যায় তাহাদেরকে উপদেশ দিতেন, তাদের অধ্যাপকদের ন্যায়

নয়।”

৭:২৮ “যীশু যখন এই সকল বাক্য শেষ করলেন” মথি তার লিখিত সুসমাচারের অনেকগুলো প্রধান প্রধান অংশ শেষ করবার জন্য এই পদগুলো ব্যবহার করেছিলেন (তুলনা করুন ৭:২৮; ১১:১; ১৩: ৫৩; ১৯:১; ২৬:১)। শব্দগুলি বইটির সম্ভাব্য রূপ রেখা তৈরী করেছে ।

❑ “লোকসমূহ তাঁর উপদেশে চমৎকার জ্ঞান করিল” যীশুর উপদেশ অধ্যাপকদের উপদেশ থেকে অনেক অন্যরকম ছিল। পূর্ববর্তী শিক্ষকদের উপর তিনি তাঁর ক্ষমতা প্রতিষ্টিত করেন নাই, কিন্তু নিজের উপর প্রতিষ্ঠিত করেছিলেন। যীশুর ক্ষমতার এই দিকটি মথি লিখিত সুসমাচারের একটি বৈশিষ্ট (তুলনা করুন ১০:১; ২১:২৩-২৪; ২৭; ২৮:১৮)। যীশু প্রতিশ্রুতি মশীহ এবং শেষদিনের বিচারক এই উভয় পদটি দাবি করেছিলেন।

আলোচনার জন্য প্রশ্নসমূহ

এটা হল একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্কে আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই যে আলো রয়েছে সেই আলোতে চলতে হবে। এই ব্যাখ্যাতে আপনার, বাইবেলে এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। একজন ব্যাখ্যাকারীর কাছে এটাকে আপনি অবশ্যই ছেড়ে দিতে পারেন না।

আলোচনার সময় এই সকল প্রশ্ন আপনাকে সাহায্য করার জন্য দেয়া হয়েছে যাতে আপনি বইটির প্রধান প্রধান অংশের বিষয়গুলি পুঙ্খানু পুঙ্খভাবে চিন্তা করতে পারেন। এগুলোর উদ্দেশ্য হল চিন্তাকে জাগিয়ে তোলার জন্য, চূড়ান্ত করার জন্য নয়।

১. একে অপরকে বিচার করা কি খ্রীষ্টিয়ানদের জন্য পাপ?
২. ৬ষ্ট পদ কি অর্থ প্রকাশ করে?
৩. ৭ম পদটি কি প্রকাশ করে যে প্রার্থনাতে মানুষের অধ্যবসায় কি কোন পারে?
৪. ১৩ তম পদটি প্রকাশ করে যে পরিত্রান পাওয়াটা কি শক্ত কাজ? প্রকৃত পক্ষে পথ দুইট কি কি?
৫. আপনি কিভাবে জানেন কে ভাক্ত ভাববাদি?
৬. “ফল” শব্দটির অর্থ কি?
৭. সাফল্যজনক পরিচর্য্যাকাজগুলোর জন্য ইহা কি সম্ভব যে যীশুর সাথে ব্যক্তিগত সম্পর্ক থেকে দূরে থেকে ক্ষমতা প্রাপ্ত হওয়া যায়?
৮. খ্রীষ্টিয়ান বিশ্বাসে শোনা এবং পালন করার মধ্যে কি সম্পর্ক রয়েছে?
৯. খ্রীষ্টিয় জীবনে নির্যাতনের প্রয়োজন রয়েছে কি?

মথিঃ ৮

অনুচ্ছেদ হিসাবে আধুনিক অনুবাদের বিভাজন সমূহ

ইউ.বি.এস[৪]	এন.কে.জে. ভি	এন.আর.এস.ভি	টি.ই.ভি	জে.বি

একজন কুষ্টির শুচিকরন ৮:১- ৪ একজন শতপতির দাসের সুস্থকরন ৮:৫- ১৩ অন্য অনেক লোকের সুস্থ লাভ ৮:১৪- ১৭ যীশুর হবু অনুসারীগন ৮:১৮- ২২ একটি ঝড় থামানো ৮:২৩- ২৭ গাদারীয় ভূত	যীশু একজন কুষ্ঠকে শুচি করেন ৮:১- ৪ যীশু একজন শতপতির দাসকে সুস্থ করেন ৮:৫- ১৩ পিতরের শাশুরীর সুস্থতা লাভ করলেন ৮:১৪- ১৫ শাব্বাথ দিনের সূর্য্যাস্তের পর অনেকে সুস্থ হলেন ৮:১৬- ১৭ শিষ্যত্বের মূল্য ৮:১৮- ২২ বাতাস এবং ঢেউ যীশুর আজ্ঞা পালন	গালিলের ঘটনাগুলি (৮:১- ৯: ৩৮) ৮:১- ৪ ৮:৫- ১৩ ৮:১৪- ১৭ ৮:১৮- ২২ ৮:২৩- ২৭ ৮:২৮- ৩৪	যীশু একজন কুষ্ঠীকে শুচি করেন ৮:১- ২ ৮:৩- ৪ যীশু একজন রোমীয় অধ্যক্ষের চাকরকে সুস্থ করেন ৮:৫- ৬ ৮:৭ ৮:৮- ৯ ৮:১০- ১৩খ ৮:১৩গ যীশু বহু লোককে সুস্থ করেন ৮:১৪- ১৫ ৮:১৬- ১৭ যীশুর হবু অনুসারীগন ৮:১৮- ১৯ ৮:২০ ৮:২১ ৮:২২ যীশু একটি ঝড় থামান ৮:২৩- ২৭ যীশু দুইজন লোকের	একজন কুষ্ঠীর আরোগ্য লাভ ৮:১- ৪ একজন শতপতির দাসের আরোগ্য লাভ ৮:৫- ১৩ যীশু অনেককে সুস্থ করেন ৮:১৪- ১৫ ৮:১৬- ১৭ যীশুকে অনুসরন করার মূল্য ৮:১৮- ১৯ ৮:২০ ৮:২১ ৮:২২ যীশু ঝড়টি থামান ৮:২৩- ২৭ দুইজন ভূতগ্রস্থ

গ্রস্থদের সুস্থতা লাভ ৮:২৮- ৩৪	করে ৮:২৩- ২৭ ভূত গ্রস্থ লোকেরা সুস্থতা লাভ করল ৮:২৮- ৩৪		ভূত ছাড়ান ৮:২৮- ২৯ ৮:৩০- ৩১ ৮:৩২ ৮:৩৩- ৩৪	লোকের সুস্থতা লাভ ৮:২৮- ২৯ ৮:৩০- ৩১ ৮:৩২- ৩৪

পাঠ সিরিজ তিন পৃষ্টা দেখুন)
অনুচ্ছেদ পর্যায়ে মূল লেখকের অভিপ্রায় অনুসরন করে

এটি একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্ক আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই সেই আলোতে চলতে হবে যে আলো আমাদের মাঝে রয়েছে। এই ব্যাখ্যার আপনার, বাইবেলের এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। আপনি একজন ব্যাখ্যাকারীর উপর এই ব্যখ্যাকে ছেড়ে দিতে পারেন না। আসন থেকে না উঠে একবারেই অধ্যায়টি পড়ুন। বিষয়টি চিহ্নিত করুন । উপরে উল্লেখিত পাঁচ প্রকারের অনুবাদের আলোকে আপনার বিষয় বিভাজন গুলোকে তুলনা করুন। অনুচ্ছেদে ভাগ করাটা ঐশী প্রেরনার বিষয় নয়, কিন্তু এটা মূল লেখকের অভিপ্রায় অনুসরনের চাবি বা উপায় সরূপ, যা হল ব্যাখ্যার হৃদপিন্ড সরূপ। প্রত্যেকটি অনুচ্ছেদের একটি এবং কেবলমাত্র একটি বিষয় রয়েছে।

১। প্রথম অনুচ্ছেদ
২। দ্বিতীয় অনুচ্ছেদ
৩। তৃতীয় অনুচ্ছেদ
৪। ইত্যাদি

মথি ৮:১- ৩৪ এর পঠভুমিকা

(ক) ৮ম এবং ৯ম অধ্যায় দশটি আশ্চর্য কাজের একটি সাহিত্য বিষয়ক ইউনিট বা মাত্রা তৈরী করে যা কেবলমাত্র মানুষের উপর যীশুর ক্ষমতা এবং আধিপত্য বর্ননা করে না, কিন্তু রোগ এবং প্রকৃতির উপর তাঁর ক্ষমতা এবং আধিপত্য বর্ননা করে। এটা দুর্ঘটনা বশত হয় নাই যে এই সকল আশ্চর্য কাজের ক্ষমতা পর্বতে দত্ত যীশুর উপদেশের পরে এসেছে। আশ্চর্য কাজের অর্থ হল (১) যীশুর সুসমাচার নিশ্চিত করা (২) শেষের দিনের ঘটনাগুলোর বাস্তবতা দেখানো, এবং (৩) ঈশ্বরের সহানুভূতি প্রদর্শন করা।

(খ) কাল, স্থান এবং অন্যান্য বিষয়ভেদে এই সকল বিষয়ের মধ্যে অনেক পার্থক্য রয়েছে। আর এই সকল বিষয় সংক্ষিপ্ত সুসমাচার গুলোতে (মথি, মার্ক, লুক) লিপিবদ্ধ রয়েছে । এই পার্থক্য গুলো কথা বলে (১) ঐশী প্রেরনার অধীন প্রত্যেক সুসমাচার লেখকের ক্ষমতা সম্পর্কে যারা বিশেষ শ্রোতাদের প্রতি যীশুর সম্পর্কে তাদের প্রচারমূলক উপস্থাপনা তৈয়ার করে (২) চাক্ষুস সাক্ষীদের বিবরনের সত্যতা সম্পর্কে। সংক্ষিপ্ত সুসমাচার কেন এবং কিভাবে লেখা হয়েছিল তা আমরা ব্যখ্যা করতে পারি না, কিন্তু আমাদের জীবনের জন্য তাদের বিশ্বস্ততা, ঐশ্বী প্রেরনা এবং আধিপত্য আমরা সত্য বলে স্বীকার করতে পারি।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্র্য পাঠঃ ৮ঃ১- ৪
[১]তিনি পর্বত হতে নামলে বিস্তর লোক তাঁর পশ্চাৎ পশ্চাৎ গমন করল। [২]আর দেখ, একজন কুষ্ঠী নিকটে এসে তাঁকে প্রনাম করে বলল, "হে প্রভু, যদি আপনার ইচ্ছা হয়, আমাকে শুচি করতে পারেন। [৩]তখন হাত বাঁড়ায়ে তাকে স্পর্শ করলেন, বললেন আমার ইচ্ছা, তুমি শুচীকৃত হও; আর তখনই সে কুষ্ঠ হতে শুচীকৃত হল। [৪]পরে যীশু তাকে বললেন, দেখিও, এই কথা কাকেও বলিও না; কিন্তু যাজকের নিকটে গিয়ে নিজেকে দেখাও, এবং মোশীর আজ্ঞানুসারে নৈবেদ্য উৎসর্গ কর, তাদের কাছে সাক্ষ্য দেবার জন্য।

৮ঃ১ " যীশু যখন পর্বত হতে নামলেন" এই উক্তি এবং ৫ঃ১ একটি সাহিত্যিক কাঠামো গঠন করে। ৫ম থেকে ৭ম অধ্যায়ে পর্বতে দত্ত যীশুর উপদেশের উপসংহারের সম্পর্কে ইঙ্গিত করে। কেহ কেহ এটাকে ব্যখ্যা করেছেন যীশুকে একজন আজ্ঞা প্রদানকারী হিসাবে, পর্বত থেকে নেমে যেমন মোশী করেছিলেন।

- "বিস্তর লোক তাঁর পশ্চাৎ পশ্চাৎ গমন করল", এই সকল আশ্চর্য কাজের উদ্দেশ্য ছিল এই বার্তাটিকে যথার্থতা প্রদান করা। পতিত মানব জাতি চিরস্থায়ী, যৌথ এবং আধ্যাত্মিক বিষয়ের পরিবর্তে তাৎক্ষনিক, আত্মকেন্দ্রিক এবং পার্থিব বিষয়ের প্রতি সর্বদা আকর্ষিত হয়।

৮ঃ২ "একজন কুষ্ঠী তাঁর নিকট আসল", ইংরেজি শব্দ ষবঢ়বৎ গ্রীক শব্দ ষঋপধষবংচ থেকে উদ্ভুত। আমাদের আধুনিক নামকরনের চেয়ে প্রাচীন শব্দটি আরো অনেক চর্ম রোগকে বুঝিয়ে থাকে। লেবীয় ১৩ এবং ১৪ অধ্যায় কুষ্ঠ রোগের পুরাতন নিয়মের উদাহরনগুলোর সাথে সম্পর্ক রক্ষা করে। ঘটনাটা হল যে যীশুর কাছে আসা কুষ্ঠী সামাজিকভাবে অযোগ্য ছিল; সে ধর্মতাত্বিকভাবে অযোগ্য ছিল কারন কুষ্টকে ঈশ্বরের বিচার ফল স্বরূপ একটি রোগ হিসেবে বিবেচনা করা হত। উষীয় রাজা হলেন পুরাতন নিয়ম এবং ধর্মতাত্বিক ভিত্তি (২য় বংশাবলী ২৬ঃ১৬- ২৩)

- "প্রভু" এই শব্দটির গ্রীক প্রতিশব্দ হোল "Kurios"| এটি "Sir" এর মত একটি ভদ্র উপাধী হিসেবে অথবা যীশুর ঐশ্বরিক মশীহত্বের ধর্মতাত্বিক উপাধি হিসাবে ব্যবহার করা যেতে পারে। প্রসঙ্গটি নির্নয় করে কোন ব্যবহারটি কাঙ্খিত। কখনও কখনও ইহা অনিশ্চিত, যেমন এই প্রসঙ্গে।
- "যদি আপনার ইচ্ছা হয়" এটি একটি তৃতীয় শ্রেনীর শর্তমূলক বাক্য যার অর্থ ছিল সম্ভাব্য ভবিষ্যৎ কার্য। এই লোকটি যীশুর আশ্চর্য কাজ সম্পর্কে শুনেছিল এবং বিশ্বাস করেছিল। তিনি যদি চান তবে তিনি তাকে সুস্থ করতে পারতেন।

৮ঃ৩ "যীশু হাত বাড়ালেন এবং তাকে স্পর্শ করলেন" একজন কুষ্ঠীকে স্পর্শ করাটা পুরাতন নিয়মের আদেশের উপর ভিত্তি করে গড়ে উঠা ঐ সকল দিনের সাংস্কৃতির বিরুদ্ধে ছিল (তুলনা করুন ১৩ঃ৪৫- ৪৬)। এটি যীশুর সহানুভূতি এবং ভয়শুন্যতা দেখিয়েছিল।

- "আমার ইচ্ছা" সে সকলের উপর ভিত্তি করে যীশুর ক্ষমতার উপর তার বিশ্বাস ছিল যা সে শুনেছিল কিন্তু যীশুর ইচ্ছা সম্পর্কে সে নিশ্চিত ছিল না।

৮:৪ “দেখিও এ কথা কাকেও বলিও না” এ প্রকার উক্তিকে কখনও কখনও মশীহ সম্পর্কিত গোপন কথা বলা হয়ে থাকে (তুলনা করুন মথি ৮:৪; ৯:৩০; ১২:১৬; ১৬:২০; ১৭:৯; মার্ক ১:৪৪; ৩:১২; ৫:৪৩; ৭:৩৬; ৮:৩০; ৯:৯; লুক ৪:৪১; ৫:১৪; ৮:৫৬; ৯:২১)। যীশুর অনিচ্ছার সাথে ইহা সম্পর্কযুক্ত যাকে সহজভাবে একজন সুস্থতাদানকারী হিসাবে জানা যায়। তখনও সুসমাচারের বার্তাটি সম্পূর্ন হয় নাই (তুলনা করুন ১৭:৯; মার্ক ৯:৯)। তিনি জানতেন ঐ লোকটি ভূল কারনে তাঁর প্রতি সাড়া দিবে।

“কিন্তু যাকজের নিকটে গিয়ে আপনাকে দেখাও, এবং মোশীর আজ্ঞানুসারে নৈবেদ্য উৎসর্গ কর” লেবীয় ১৩:১৪ এর মোশীর ব্যবস্থাকে দৃড় ভাবে বলার জন্য এটি ছিল যীশুর একটি চেষ্টা।এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ৮:৫- ১৩

[৫]“আর তিনি কফরনাহুমে প্রবেশ করলে একজন শতপতি তার নিকটে এসে বিনতিপূর্ব্বক বললেন [৬]হে প্রভু, আমার দাস গৃহে পক্ষাঘাতে পড়ে আছে, ভয়ানক যাতনা পাচ্ছে। [৭]তিনি তাহাকে কহিলেন, আমি গিয়া তাহাকে সুস্থ করব। [৮]শতপতি উত্তর করলেন, হে প্রভু, আমি এমন যোগ্য নই যে, আপনি আমার ছাদের নীচে আইসেন; কেবল বাক্যে বলুন, তাহাতেই আমার দাস সুস্থ হইবে। [৯]কারন আমিও কর্ত্তৃত্বের অধীন লোক, আবার সেনাগন আমার অধীন; আমি তাহাদের এক জনকে ‘যাও’ বলিলে সে যায় এবং অন্যকে ‘এসো’ বললে সে আসে আর আমার দাসকে ‘এই কর্ম্ম কর’ বললে সে তা করে। [১০]এই কথা শুনে যীশু আশ্চর্য্য জ্ঞান করলেন, এবং যারা পশ্চাৎ পশ্চাৎ আসতেছিল, তাদের বললেন আমি তোমাদিগকে সত্য বলিতেছি, ইস্রায়েলের মধ্যে কারও এত বড় বিশ্বাস দেখতে পাই নাই। [১১]আর আমি তোমাদের বলতেছি, অনেকে পুর্ব্ব ও পশ্চিম হতে আসবে, এবং অব্রাহাম, ইসহাক ও যাকোবের সহিত স্বর্গ- রাজ্যে একত্র বসবে; [১২]কিন্তু রাজ্যের সন্তানদের বাইরের অন্ধকারে ফেলে দেয়া যাবে; সেখানে রোদন ও দন্তঘর্ষন হবে। [১৩]পরে যীশু সেই শতপতিকে বললেন, চলে যাও , যেমন বিশ্বাস করলে, তেমনি তোমার প্রতি হোক। আর সেই দন্ডেই তার দাস সুস্থ হোল।

৮:৫ “কফরনাহুম” নাসারথে তাঁর পুনরুত্থানের পরে এ নগরী পরিনত হয়েছিল যীশুর গালিলীয় প্রধান দপ্তরে (তুলনা করুন ৪:১৩)। এটি ছিল একটি কেন্দ্রীয় অঞ্চল। এখানে পিতর ও আন্দ্রিয়ের একটি বাড়ি ছিল।

- “একজন শতপতি” ইহুদী সমাজে কুষ্টীদের এবং রোমীয় সামরিক অফিসারদের চেয়ে আরো বেশী সমাজ বিছিন ব্যক্তিগন ছিল না (পদ ২)। এ ধারনাটি সকল মানবের জন্য যীশুর প্রেমকে প্রদর্শন করে, যেমন করে তিনি ব্যবহার করেছিলেন গাদারীয় লোকদের সাথে, ৮:২৪; ৩৪; এবং সোর ও সীদোন প্রদেশের স্ত্রীলোকের সাথে (১৫:২১- ২৮) এ একই বিবরনটি লুক ৭:১- ১০ এর সদৃশ কিন্তু একটি ভিন প্রেক্ষিতে।

৮:৬ “আমার দাস” লুক সুসমাচারে বর্নিত এই কাহিনী বর্ননা করে যে ইহুদীদের জন্য এই লোকটির অনেক প্রেম ছিল। মথিতে লিখিত কাহিনী প্রমান করে যে তার চাকরের জন্য তার অনেক স্নেহ ছিল। সারা নূতন নিয়ম ব্যাপী শতপতিদেরকে সাধারনত একটি হ্যাঁ বোধক আলোতে পরিচয় প্রদান করা হয়েছে।

৮:৭ "আমি গিয়ে তাকে সুস্থ করব" এখানে "আমি" শব্দটির উপর গুরুত্ব আরোপ করা হয়েছে যা ৮ম পদে ব্যাখ্যা করা হয়েছে যীশুর সেই কাজ দ্বারা যা কোন দিন শোনা যায় নাই কারন একটি গালিলীয় বাড়িতে প্রবেশ করার ইচ্ছা ছিল,একটি অধিক গুরুত্বপূর্ন সাংস্কৃতিক অথবা ধর্মীয়ভাবে নিষিদ্ধ কাজ।

৮:৮ "কেবল বাক্যে বলুন, তাতেই আমার দাস সুস্থ হবে" একজন সামরিক ব্যক্তি হয়েও এ লোকটি যীশুর ক্ষমতা উপলব্দি করেছিলেন এবং তার দাসের সুস্থতার জন্য একটি ধর্মীয় আচার-অনুষ্টান, অথবা যাদুর সুত্র অথবা এমনকি যীশুর শারীরিক উপস্থিতি দাবী করেন নাই। লুক লিখিত সুসমাচারে দেখা যায় ঐ শতপতি ব্যক্তিগতভাবে যীশুর কাছে আসেন নাই কিন্তু তার প্রতিনিধি পাঠিয়েছিলেনঃ (১) ইহুদী প্রাচীনগন (তুলনা করুন লুক ৭:৩-৫) এবং তার বন্ধুগন (তুলনা করুন লুক ৭:৬)। এটি একটি উত্তম উদাহরন কিভাবে সুসমাচার গুলিতে একই ঘটনা বিভিন ভাবে লিপিবদ্ধ করা হয়েছে। প্রশ্নটি এই নয় যে কোন ঘটনাটি সত্য কিন্তু কেন লেখকগন সেভাবে এটাকে লিপিবদ্ধ করেছেন যেভাবে তারা করেছিলেন।

৮:১০

এস.এ.এস.বি (NASB) "সত্যই, আমি তোমাদেরকে বলছি"
এন.কে.জে.ভি (NKJV) "নিশ্চিতই আমি তোমাদেরকে বলছি"
এন.আর.এস.ভি (NRSV) "সত্যিই আমি তোমাদেরকে বলছি"
টি.ই.ভি (TEV) "আমি তোমাদের বলছি"
জে.বি (JB) " আমি শ্রদ্ধাভরে তোমাদেরকে বলছি"

গুরুত্ব আরোপ করার জন্যই এটাই ছিল যীশুর সহজে চিহ্নিতকরন যোগ্য পদ্ধতি। গ্রীক সাহিত্যে আর কোন উদাহরন নাই। একটি বাক্য শুরু করার জন্য আমেনের একক অথবা দ্বৈত ব্যবহার কোন বিবৃতির বা কথার গুরুত্বকে গুরুত্ব দিয়েছিলেন। ৫:১৮ তে বিশেষ বিষয় দেখুন।

৮: ১১ "অনেকে পুর্ব্ব ও পশ্চিমে হতে আসবে, এবং অব্রাহাম, ইসহাক ও যাকোবের সহিত স্বর্গরাজ্যে একত্রে বসিবে" এটা ছিল ছিল ঈশ্বরের পরিবারের অইহুদীর অন্তর্ভুক্তির পরোক্ষ উল্লেখ। এটা রোমীয় যে কোন ব্যক্তির বিশ্বাসের চেয়ে বেশী ছিল যাকে যীশুর মুখোমুখি হতে হয়েছিল। অইহুদীদের সহিত এই প্রকার অপ্রত্যাশিত সাক্ষাৎ এবং এর সাথে যখন তাদের বিশ্বাসের ব্যপারে যীশুর শক্তিশালী মন্তব্য মিশ্রিত হয় তখন তা সুসমাচারের সর্বজনিন প্রকৃতি এবং প্রচারের উদ্দেশ্যর প্রমান হয়ে উঠে (তুলনা করুন মথি ১৫:২৮; লুক ৭:৯) এই রচনা বৈশিষ্ট গ্রহন করা হয়েছিল শেষ সময়ে মশীহের ভোজের ধারনা থেকে (তুলনা করুন লুক ১৪:১৫; ২২:১৬; প্রকাশিত বাক্য ১৯:৯)

৮:১২ "কিন্তু রাজ্যের সন্তানদেরকে বাইরের অন্ধকারে ফেলে দেয়া যাবে" ঈশ্বরের সাথে ব্যক্তিগত সম্পর্কে অনেক যিহুদী কিছুই জানত না কিন্তু কেবলমাত্র জানত জাতিগত, আইননানুগ এবং ধর্মীয় অনুষ্টানপূর্ন একটি ধর্ম সম্পর্কে যা তাদের কাছে দেয়া হয়েছিল (তুলনা করুন যিশাইয় ২৯:১৩)। তারা তাদের জাতি এবং মোশীর সন্ধির কার্যক্রমের উপর ভিক্তি করে গর্বিত এবং আত্ত ধার্মিক ছিল (তুলনা করুন মথি ৩:৯)। ১২ তম পদে যীশু জোরালভাবে বলেন যে যারা ঐতিহাসিকহারে ঈশ্বরের

মনোনিত জাতির অংশ ছিল না তারার অন্তর্ভূক্ত হবে, এবং অনেকে যারা চিন্তা করে তারা ঈশ্বরের মনোনিত জাতির অংশ ছিল তাদেরকে বাদ দেয়া হবে। এখনও এটি একটি যথার্থ সতর্ক সঙ্কেত।

❑ "বাইরের অন্ধকারে; সেই স্থানে রোদন ও দন্তঘর্ষন হবে" এই রূপক গুলির ব্যবহার করা হয়েছিল মথি ১৩:৪২,৫০; ২২:১৩:২৪:৫১; ২৫:৩০ এ। আর রুপক গুলো ব্যবহার করা হোত ঈশ্বরের কাছ থেকে দূরে চলে যাওয়ার পরিনতি হিসেবে নরকে তাদের পরম ঘৃনা বর্ননা করার জন্য। এখন নর এবং নারীগন যীশুকে সাথে নিয়ে যা কিছু করবেই তাই তাহাদের চূড়ান্ত গন্তব্য নির্নয় করবে। স্বয়ং যীশু হলেন এমন একজন যিনি তাদের সম্মুখীন হয়ে আমাদেরকে ভয়ানক পরিবর্তনকে দেখিয়েছেন যারা তাঁকে বিশ্বাস করতে অস্বীকার করে।

❑

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্র্য পাঠ ৮:১৪- ১৭

[১৪]আর যীশু পিতরের গৃহে এসে দেখলেন, তার শাশুরী শয্যাগত, তাহার জ্বর হয়েছে। [১৫]পরে তিনি তার হস্ত স্পর্শ করলেন, আর জ্বর ছেড়ে গেল; তখন তিনি উঠে যীশুর পরিচর্য্যা করতে লাগলেন। [১৬]আর সন্ধ্যা হলে লোকেরা অনেক ভূতগ্রস্তকে তাঁহার কাছে আনল, তাতে তিনি বাক্য দ্বারাই সেই আত্মাগনকে ছাড়ালেন, এবং সকল পীড়িত লোককে সুস্থ করলেন; [১৭]যেন যিশাইয় ভাববাদী দ্বারা কথিত এই বচন পূর্ন হয়, "তিনি আপনি আমাদের দুর্ব্বলতা সকল গ্রহন করলেন ও ব্যাধি সকল বহন করলেন।"

৮:১৪ "আর যীশু পিতরের গৃহে আসিয়া দেখলেন, তাঁর শাশুড়ী শয্যাগত, তার জ্বর হয়েছে" পিতর বিবাহিত ছিলেন (১করিন্থীয় ৯:৫) এটা ইহুদী সমাজের মধ্যে বিবাহের স্বাভাবিকতার সম্পর্কে কথা বলে। ইহুদী ধর্মগুরুরা বলতেন যে, আদি ২:২৪ এ দেয়া আদেশের কারনে বিবাহ ছিল একটি আইনগত বাধ্যবাধকতা। আমরা তাঁর স্ত্রীর সম্পর্কে কিছু শুনি নাই; তিনি হয়তো অনেক আগে মরেছিলেন। আমাদের কৌতুহল মিটাবার জন্য সুসমাচারগুলো লেখা হয় নাই।

৮:১৬ "আর সন্ধ্যা হলে" শাব্বাথ শেষ হল এবং সে সকল যিহুদীরা এখন পিতরের বাড়ীর সামনের দরজার সামনে এসেছিল তাদেরকে শিক্ষা দেয়া হয়েছিল যে শাব্বাথ দিনে রোগ নিরাময় করার কোন অনুমতি নাই। শুক্রবার সন্ধ্যায় শাব্বাথ শুরু হয়েছিল এবং শনিবার সন্ধ্যায় শেষ হয়েছিল। গীতসংহিতা ১:৫,১৩,১৯,২৩,৩১- এ ইহা সৃষ্টি কার্যের সপ্তাহের দিনগুলোর বিন্যাসকে অনুসরন করে।

❑ "লোকেরা অনেক ভূতগ্রস্তকে তাঁর নিকট আনল, তাতে তিনি বাক্য দ্বারাই সেই আত্মাগনকে ছাড়ালেন, এবং সকল পীড়িত লোককে সুস্থ করলেন" নুতন নিয়মে ভূতগ্রস্থ এবং শারীরিক রোগের মধ্যে সর্বদা একটি পার্থক্য ছিল । কখনও কখনও ভূতেরা শারীরিক সমস্যার কারন ঘটাত, কিন্তু অবশ্যই সর্বদা নয়। শারীরিক অসুস্থতা, জখম, এবং রোগসমূহের অপরিহার্যত আধ্যাত্বিক কারন নাই।

৮:১৭ এটি যিশাইয়র ৫৩:৪ এর একটি উদ্ধৃতি, কিন্তু হিব্রু অথবা গ্রীক অনুবাদের থেকে নয়। নূতন নিয়মে এই একটি মাত্র জায়গায় এই পদটি উদ্ধৃতি করা হয়েছে। অনেক আধুনিক দল দৃঢ়তার সঙ্গে ঘোষনা করেছেন যে শারীরিক নিরাময় যীশুর দুঃখ ভোগ ও মৃত্যুর সাথে জন্মগত। ঈশ্বর হলেন অতি

প্রাকৃত ঈশ্বর যিনি সব সময়ই মানুষের জীবনে কাজ করেন। এই পদের উপর ভিত্তি করে পবিত্র বাইবেলে যথেষ্ট প্রমান নাই যা দৃঢ়তার সঙ্গে ঘোষনা করেন যে সর্ব ক্ষেত্রে সকল রোগ ঈশ্বরের ইচ্ছা অনুসারে হয়ে থাকে এবং তা নিরাময় হবে যদি আমরা যথেষ্ট বিশ্বাস অথবা প্রার্থনা দিয়ে কেবলমাত্র সাড়া প্রদান করি (তুলনা করুন ২ করিন্থীয় ১২:৮- ১০; ২তীমথিয় ৪:২০)

কখনও কখনও গীতসংহিতা ১০৩:৩ খ- ও এই সম্পর্কে উদ্ভুত করা হয়। ১০৩:৩ক এবং ৩ খ এর মধ্যে একটি হিব্রু কার্যকে একই প্রকার সম্পর্ক রয়েছে। উভয় পদই আধ্যাত্বিক ক্ষমতাকে নির্দেশ করে। পুরাতন নিয়মে শারীরিক অসুস্থতাকে আধ্যাত্বিক সমস্যাদিও প্রতীক হিসেবে ব্যবহৃত হত। তুলনা করুন যিশাইয় ১:৫- ৬)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্র পাঠ ৮:১৮- ২২
[১৮]আর যীশু আপনার চারিদিকে বিস্তও লোক দেখে পরপারে যাইতে আজ্ঞা করলেন। [১৯]তখন এক জন অধ্যাপক এসে তাকে বললেন, হে গুরু, আপনি যে কোন স্থানে যাবেন, আমি আপনার পশ্চাৎ পশ্চাৎ যাব। [২০]যীশু তাঁহাকে কহিল, শৃগালদের গর্ত আছে; এবং আকাশের পক্ষিগনের বাসা আছে; কিন্তু মনুষ্যপুত্রের মস্তক রাখিবার স্থান নাই। [২১]শিষ্যদের মধ্যে আরএকজন তাহাকে বললেন, হে প্রভু অগ্রে আমার পিতাকে কবর দিয়া আসতে অনুমতি করুন। [২২]কিন্তু যীশু তাহাকে কহিলেন, আমার পশ্চাৎ আইস; মৃতেরাই আপন আপন মৃতদের কবর দিক।

৮:১৯ "অধ্যাপক" এরা যিহুদীদের মৌখিক নিয়ম (তালমূদ) এবং লিখিত ঐতিহ্যসমুহে (শাস্ত্র) অভিমত ছিলেন। শাস্ত্র ব্যাখ্যা করার ক্ষেত্রে এরা পুরাতন নিয়মের স্থানীয় লেবীয়দের স্থান দখল করেছিলেন। দৈনন্দিন কাজে মোশীর ব্যবস্থাকে কিভাবে প্রয়োগ করা যায় সেই বিষয়ে তাদের পরামর্শ নেয়া হত। যীশুর সময়ে এরা সবাই ছিল ফরিসী।

৮:২০ "যীশু তাদেরকে বললেন" । এই পরিস্থিতিতে দুইজন লোক অন্তর্ভূক্ত ছিলেন। একজন যে কোন জায়গায় যেতে ইচ্ছুক ছিল; যীশু তাকে থামতে বললেন এবং তাঁর পশ্চাতে আসার মূল্য বিবেচনা করতে বললেন, (তুলনা করুন ২০ পদ) আরেক জন তাঁর পশ্চাতে আসতে অনিচ্ছুক ছিল; মানুষের জীবনের উপরে ঈশ্বরের আহবানের অগ্রাধিকারের কারনে যীশু তাকে যেমূল্যে তার পশ্চাতে আসতে বলেছিলেন (তুলনা করুন ২১ পদ) সত্য কখনও কখনও দুই পথকে বাদ দেয়।

- "মনুষ্যপুত্র" এটি ছিল যীশুর নিজের পছন্দ করা উপাধি। এটি ছিল হীব্রু ভাষার শব্দ সমষ্টি যা একজন মানুষকে নির্দেশ করে (তুলনা করুন গীত সংহিতা ৮:৪; যিহিস্কেল ২:১)। কিন্তু দানিয়েল ৭:১৩- তে এর ব্যবহার কারনে এটি ঐশ্বরিক গুনাবলী ধারনা করেছিল। সেজন্য, এই পদটি যীশুর এবং মানবত্ব এবং ঈশ্বরত্বকে সংযুক্ত করে। অধ্যাপকগন এই উপাধি (মনুষ্যপুত্র) ব্যবহার করেন নাই, এর কোন জাতীয়তাবাদী অথবা সামরিক প্রয়োগ ছিল না।

৮:২১ "অগ্রে আমার পিতাকে কবর দিয়ে আসতে অনুমতি দিন" আপাত দৃষ্টিতে এটা একটি যৌক্তিক অনুমতি মনে হয়। যাহোক, বাড়িতে থাকার জন্য এবং কারোর পিতামাতা যতদিন জীবিত থাকেন ততদিন তাদের সেবাযত্ন করার জন্য এটা ছিল একটি সাংস্কৃতিক প্রবাদ। আর এটা ছিল একটি সামাজিক বাধ্য বাধকতা (তুলনা করুন ১ রাজাবলী ১৯:২০)

৮:১২ "মৃতেরাই আপন আপন মৃতদের কবর দিউক" এটি ছিল "মৃত" শব্দ নিয়ে কৌতুক। যীশু যা বলতে চেয়েছিলেন তা হল যে আধ্যাত্বিক জীবন এবং স্বগীয় পিতার প্রতি বাধ্যতা একজনের পার্থিব পিতামাতার প্রতি সামাজিক বাধ্যবাধকতার চেয়ে বেশী গুরুত্বপূর্ন।

এন.এ.এস.বি (হালনাগাদ) পাঠঃ ৮:২৩- ২৭
[২৩]আর তিনি নৌকায় উঠলে তাঁর শিষ্যগণ তাঁর পশ্চাৎ গেলেন। [২৪]আর দেখ, সমুদ্রে ভারী ঝড় আসল, এমন কি, নৌকা তরঙ্গে আচ্ছন্ন হইতেছিল; কিন্তু তিনি নিদ্রাগত ছিলেন। [২৫]তখন তাঁরা তাঁর নিকটে গিয়া তাঁকে জাগিয়ে বললেন, হে প্রভু, রক্ষা করুন, আমরা মারা পড়লাম। [২৬]তিনি তাঁদেরকে বললেন, হে অল্পবিশ্বাসীরা, কেন ভীরু হও? তখন তিনি উঠে বায়ু ও সমুদ্রকে ধমক দিলেন; তাতে মহা শান্তি হল। [২৭]আর সেই ব্যাক্তিরা আশ্চর্য্য জ্ঞান করে বললেন, আঃ! ইতিন কেমন লোক, বায়ু ও সমুদ্র ও যে এর আজ্ঞা মানে!

৮:২৪

এন.এ.এস.বি (NASB) "আর দেখ, সমুদ্রে একটি বড় ঝড় উঠল"
এন.কে.জে.ভি (NKJV) "আর সমুদ্রে হঠাৎ করে একটি ঝড় উঠল"
এন.আর.এস.ভি (NRSV) "একটি সমুদ্রের উপর একটি বাতাস ঝড় উঠল"
টি.ই.ভি (TEV) "হঠাৎ করে একটি ভয়ানক ঝড় হ্রদকে আঘাত করল"
জে.বি (JB) "সতর্ক সঙ্কেত না দিয়ে হ্রদের উপর একটি ঝড় ভেঙ্গে পড়ল"

গালীলে সাগরটি পাহাড় দিয়ে পরিবেষ্টিত এবং নিকটতম হের্মন পর্বত এবং ভূমধ্যসাগরের দ্বারা প্রভাবিত। আর এর জলরাশির উপর নেমে আসা শক্তিশালী ঝড় কখনও কখনও ছিল আকস্মিক, অপ্রত্যাশিত এবং ভয়ঙ্কর। এমনকি এ সকল পেশাগত জেলেরা ভীত ছিল।

৮:২৫ "প্রভু, আমাদেরকে বাঁচান" আর এ হল "বাঁচাও" শব্দটির পুরাতন নিয়মের ব্যবহার যার অর্থ হল শারীরিক মুক্তি (তুলনা করুন যাকোব ৫:১৫)।

৮:২৬ "তাতে মহা শান্তি হল" এমনকি প্রকৃতির উপর যীশুর অধিপত্য দেখে তারা অত্যন্ত বিস্মিত হোলেন। গীতসংহিতা ৮৯:৮,৯ - এর কারনে এটা হয়তো ছিল যীশুর ঈশ্বরত্বের সুপ্ত এবং পরোক্ষ উল্লেখ।

এন.এ.এস.বি (হালনাগাদ) পাঠ ৮:২৮- ৩৪
[২৮]পরে তিনি পরপারে গাদারীয়দের দেশে গেলে দুই জন ভূতগ্রস্ত লোক কবরস্থান হতে বের হয়ে তার সন্মুখে উপস্থিত হল; তারা এত বড় দুর্দ্দান্ত ছিল যে, ঐ পথ দিয়া কেহই যাইতে পারিত না। [২৯]আর দেখ, তারা চেচাইয়া উঠল, বলল, হে ঈশ্বরের পুত্র, আপনার সহিত আমাদের সম্পর্ক কি? আপনি কি নিরুপিত সময়ের পূর্ব্বে আমাদিগকে যাতনা দিতে এখানে আসিলেন? [৩০]তখন তাহাদের হইতে কিছু দুরে বৃহৎ এক শুকর পাল চরছিল। [৩১]তাতে ভূতেরা বিনতি করে তাঁকে বলল, যদি আমাদিগকে ছাড়ান, তবে ঐ শুকর পালে পাঠাইয়া দিউন। [৩২]তিনি তাহাদিগকে বললেন, চলে যাও।

তখন তারা বাহির হইয়া সেই শুকর পালে প্রবেশ করল; আর দেখ, সমুদয় শুকর মহা বেগে ঢালু পাড় দিয়া দৌড়িয়া গিয়া সমুদ্রে পড়ল, ও জলে ডুবে মরল। [৩৩]তখন পালকেরা পলায়ন করল, এবং নগরে গিয়া সমস্ত বিষয়, বিশেষতৎ সেই ভুতগ্রস্তদের বিষয় বর্ননা করল। [৩৪]আর দেখ, নগরের সমস্ত লোক যীশুর সহিত সাক্ষাৎ করবার জন্য বের হয়ে আসল, এবং তাঁকে দেখিয়া নিজেদের সীমা হতে চলে যেতে বিনতি করল।

৮:২৮
এন.এ.এস.বি (NASB),
এন.আর.এস.ভি (NRSV), জে.বি (JB), "গাদারীয়দের দেশের মধ্যে"
এন.কে.জে.ভি(NKJV), "গাদারীয়দের দেশে"
টি.ই.ভি (TEV), "হ্রদের ওপারে গাদারীয়দের অঞ্চল"

এই ভৌগলিক অঞ্চলের উপর অনেক আলোচনা করা হয়েছে। তিনটি ভিন সুসমাচারে তিনটি ভিন উপায়ে এ জায়গাটির উল্লেখ করা হয়েছে। আপাত দৃষ্টিতে এ জায়গাটি খেরসা নগরীর কাছে ছিল, কিন্তু গাদারীয় শহরটির এমন কিছু ভূমি হ্রদের নিকটবর্তী ছিল এবং এই জায়গাটিকে কখনও কখনও গাদারীয়দের জিলা বলে অভিহিত করা হোত, যদিও এ নগরটি ছয় মাইল দূরে ছিল।

- "দুইজন লোক" মথি এই ক্ষেত্রে দুইজন লোকের কথা উল্লেখ করেছেন কিন্তু মার্ক এবং লুক একজন লোকের কথা উল্লেখ করেছেন। (তুলনা করুন মার্ক ৫:১, লুক ৮:২৬)। আর একটি উদাহরন হতে পারে যিরোহোর অন্ধ লোকটি/লোকগুলো (তুলনা করুন মথি ২০:২৯; মার্ক ১০:৪৬, লুক১৮:৩৫)। কেহ কেহ মনে করেন যে দুইজন লোককে উল্লেখ করা হয়েছে কারন বিচারালয়ে সাক্ষী দেয়ার জন্য এই সংখ্যাটি (২) প্রয়োজন ছিল। তুলনা করুন গননা পুস্তক ৩৫:৩০; দ্বিতীয় বিবরন ১৭:৬; মথি ১৮:১৬)।

- "যারা ভূতগ্রস্থ ছিল তারা কবরস্থান হতে বের হল" তারা সমাজের দ্বারা বহিস্কৃত লোক ছিল এবং আর এটাই ছিল একমাত্র জায়গা যেখানে তারা আশ্রয় খুজে পেত। এই যুগে মানুষের তৈরী ছোট ছোট গুহা অথবা প্রাকৃতিক গুহা কবর স্থান হিসেবে ব্যবহৃত হত।এ জায়গাটিতে ভূতগ্রস্থরা ছিল কিনা তা নিশ্চিত নয়। ভূত এবং দূতদের সম্পর্কে অনেক বিশেষ প্রশ্ন রয়েছে যার উত্তর দেয়া যায় না কারন বাইবেলে এ সম্পর্কে যথেষ্ট তথ্য নাই। আমাদের জগতটি মন্দতা, আর দাসদের এবং পতিত দূতদের দ্বারা পরিব্যপ্ত যারা বের হয়েছে ঈশ্বরের ইচ্ছা ব্যাহত করাতে, এবং ঈশ্বরের সবচেয়ে সুন্দর সৃষ্টি মানুষকে এবং তাঁর প্রেম এবং মনোযোগের দৃষ্টিকে ধ্বংস করতে।

- "ঐ পথ দিয়ে কেহই যেতে পারত না" মার্ক ৫:২- ৬ এবং লুক ৮:২৭

৮:২৯ 'তুমি, হে ঈশ্বপুত্র" এ সকল ভূতরা চিনতে পেরেছিল যীশু কে ছিলেন (তুলনা করুন যাকোব ২:১৯)। "ঈশ্বরপুত্র" নামটি অনেকবার ব্যবহার করা হয়েছে (মথি ৪:৩; ১৪:৩৩; ১৬:১৬; ২৭:৪৩, ৫৪ - এ)। এটা ছিল "পুত্র" শব্দটির উপর একটি কথার খেলা (তুলনা করুন মথি ২:১৫; ইস্রায়েল জাতি ছিল পুত্র; ইস্রায়েলের রাজা হলেন পুত্র এবং ইস্রায়েলের মশীহ হলেন পুত্র। সুসমাচার গুলিতে অনেকবারই ভুতেরা যীশুকে চিনতে পারে এবং তাঁকে "ঈশ্বরপুত্র" হিসেবে সম্বোধন করে।

যীশু তাদের সাক্ষ্যকে স্বীকার করেন না। তাঁকে সাহায্য করার জন্য তারা এ কথা বলে নাই। পরবর্তীতে যীশুকে দোষী সাব্যস্ত করা হয়েছিল যে তিনি শয়তানের শক্তি ব্যবহার করেছেন (১২:২৪)। তাঁর সম্পর্কে ভূতদের এই সাক্ষ্য এই অভিযোগটির উপর বিশ্বাস স্থাপন করতে পারত।

- এন.এ.এস.বি (NASB), এন.কে. জে.ভি (NKJV),
 এন.আর.এস.ভি (NRSV), জে.বি (JV)- " নিরুপিত সময়ের পূর্বে আমাদেরকে কি আপনি যাতনা দিতে এখানে এসেছেন? "
- টি.ই.ভি (TEV) "আপনি কি সঠিক সময়ের পূর্বে আমাদেরকে শাস্তি দিতে এসেছেন?"

আধ্যাত্বিক শক্তি জানে যে একটি সময় নিরুপিত হয়েছে যাতে ঈশ্বর জীবিতদের এবং মৃত মানুষদের এবং দুতদের বিচার করতে পারেন। (তুলনা করুন ফিলিপীয় ২:১০-১১; প্রকাশিত বাক্য ১১:১৫)

৮:৩০ "অনেক শুয়োরের পাল" এ সকল শুয়োরের উপস্থিতি থেকে বুঝা যায় যে এটি ছিল একটি অইহুদী এলাকা। যথাযথভাবে ভূতগুলো কেন শুয়োরের পালে প্রবেশ করেছিল তা স্বাভাবিকভাবেই একটি আনুমানিক ধারনা। এ ব্যপারে যথেষ্ট তথ্য নাই। এই শুয়োরের দলের ধ্বংস তাদের আশ্রয়দাতাদের প্রতি ভূতদের মৃত্যুর সর্বশেষ কারনকে দেখিয়ে দেয়।

- "যদি" এটি একটি প্রথম শ্রেনীর শর্ত মূলক বাক্য। যীশু ভূতদের তাড়াতে যাচ্ছিলেন।
- "ভূতেরা" ১০১ - এ বিশেষ বিষয়গুলো দেখুন।

৮:৩৪ "তাঁকে দেখে নিজেদের সীমা হতে চলে যেতে বিনতি করল" সমগ্র বাইবেলের মধ্যে সবচেয়ে দুঃখজনক পদগুলোর মধ্যে এটি হল একটি পদ। ইতিহাসের সবচেয়ে মহান ব্যক্তির উপস্থিতিতে এসকল গ্রামের লোক দুইজন ভূতগ্রস্থ লোকের পরিত্রান এবং মুক্তি এবং তাদের এলাকার জন্য সুসমাচারের অধ্যাত্বিক শক্তির চেয়ে কিছুসংখ্যক শুয়োরের মৃত্যু সম্পর্কে বেশী চিন্তিত ছিল।

আলোচনার জন্য প্রশ্নাবলীঃ

এটা হল একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্কে আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেই যে আলো রয়েছে সেই আলোতে চলতে হবে। এই ব্যাখ্যাতে আপনার বাইবেলে এবং পবিত্র আত্বার অগ্রাধীকার রয়েছে। একজন ব্যাখ্যাকারীর কাছে এটাকে আপনি অবশ্যই ছেড়ে দিতে পারেন না।

আলোচনার জন্য এই সকল প্রশ্ন আপনাকে সাহায্য করার জন্য দেয়া হয়েছে যাতে আপনি বইটির প্রধান অংশের বিষয়গুলি পুঙ্খানুপুঙ্খভাবে চিন্তা করতে পারেন। এগুলোর উদ্দেশ্য হল চিন্তাকে জাগিয়ে তোলার জন্য, চূড়ান্ত করার জন্য নয়।

১. সংক্ষিপ্ত সুসমাচারগুলো (মথি, মার্ক,লুক) যীশুর বাক্য এবং কার্যগুলো কেন ভিন্ন ভাবে লিপিবদ্ধ করেছেন?

২. কেন একজন কুষ্ঠীর সুস্থতা এমন একটি গুরুত্বপুর্ন ঘটনা ছিল (তুলনা করুন ১১:৫)

৩. যীশু কেন চেয়েছিলেন সে সকল লোক যেন পুরোহিতদের কাছে যায় এবং নিজদেরকে দেখায় যাদেরকে তিনি সুস্থ করেছিলেন ?

৪. একজন রোমীয় সামরিক অধ্যক্ষের সাথে কাজ করাটা যীশুর জন্য কি খুবই অস্বাভাবিক ছিল ?

৫. ১১ এবং ১২ পদ দুইটির গুরুত্বটা কি ?

৬. ভূতেরা কারা অথবা কি ? আমাদের পৃথিবীতে তাদের উদ্দেশ্যটা কি ?

৭. ১৭ পদ কি শিক্ষা দেয় যে শারীরিক নিরাময় প্রায়শ্চিত্তের একটি অংশ ?

৮. "মনুষ্যপুত্র" এবং "ঈশ্বরের পুত্র" এই দুটি পদের গুরুত্বটা কি ? (তুলনা করুন যিহিস্কেল ২:১; দানিয়েল ৭:১৩)

মথি ৯

অনুচ্ছেদ হিসাবে আধুনিক অনুবাদের বিভাজন সমূহ

ইউ.বি.এস[4]	এন.কে.জে. ভি	এন.আর.এস.ভি	টি.ই.ভি	জে.বি
একজন পক্ষাঘাতীর	যীশু একজন	গালিলের ঘটনাবলী	যীশু একজন	একজন পক্ষাঘাতীর
আরোগ্য	পক্ষাঘাতীকে	(ক্রমশ)	পক্ষাঘাতগ্রস্থ	সুস্থতা লাভ
	ক্ষমা করেন এবং	(৮:১- ৯: ৩৮)	ব্যাক্তিকে সুস্থ	
	আরোগ্য করেন	৯:১	করেন	
৯:১- ৮		৯:২- ৮	৯:১- ২	৯:১- ৮
	৯:১- ৮		৯:৩	
			৯:৪- ৬	
মথিা আহবান			৯:৭- ৮	মথির আহবান
৯:৯- ১৩	করগ্রাহক মথি			৯:৯
	৯:৯- ১৩	৯:৯	যীশু মথিকে	
			আহবান করেন	
			৯:৯ক- খ	পাপীদের সাথে
		৮:১০- ১৩		ভোজন
			৯:১০- ১১	৯:১০- ১৩
উপবাস সম্পর্কে			৯:১২- ১৩	
প্রশ্ন	যীশুকে উপবাস			উপবাসের উপর
	সম্পর্কে প্রশ্ন করা	৯:১৪- ১৭	উপবাস সম্পর্কে	একটি আলোচনা
৯:১৪- ১৭	হয়		প্রশ্ন	৯:১৪- ১৭
	৮:১৪- ১৭		৯:১৪	
			৯:১৫	
			৯:১৬- ১৭	
শাসনকর্তার কন্যা				একজন প্রদররোগ
এবং এক স্ত্রীলোক	একটি বালিকা			গ্রস্থ স্ত্রীলোকের সুস্থ
যে যীশুর বস্ত্র স্পর্শ	জীবন ফিরে		অধ্যক্ষের কন্যা ও	তা; অধ্যক্ষের
করেছিল	পেলএবং একটি	৯:১৮- ২৬	স্ত্রীলোকটি যে যীশুর	কন্যার জীবন লাভ
	স্ত্রীলোক সুস্থ হলেন		বস্ত্র স্পর্শ করেছিল	৯:১৮

৯:১৮- ২৬			৯:১৮	৯:১৯- ২২
	৯:১৮- ২৬		৯:১৯	
			৯:২০- ২১	
			৯:২২	৯:২৩- ২৬
			৯:২৩- ২৪ক	দুইজন অন্ধের
দুইজন অন্ধের		৯:২৭- ৩১	৯:২৪খ- ২৬	সুস্থতা
আরোগ্য লাভ	দুইজন অন্ধ		যীশু দুইজন	৯:২৭- ৩১
৯:২৭- ৩১	আরোগ্য লাভ		অন্ধকে সুস্থ করেন	একজন ভূতগ্রস্তকে
	করলেন		৯:২৭	সুস্থতা লাভ
	৯:২৭- ৩১		৯:২৮ক- খ	৯:৩২- ৩৪
			৯:২৮গ	
		৯:৩২- ৩৪	৯:২৯- ৩০	
একজন গোঁগার			৯:৩১	
সুস্থতা লাভ				
৯:৩২- ৩৪	একজন গোঁগা কথা	৯:৩৫- ৩৮	যীশু একজন	
	বলে		গোঁগাকে সুস্থ	
যীশুর সমবেদনা	৯:৩২- ৩৪		করেন	৯:৩৫
৯:৩৫- ৩৮			৯:৩২- ৩৩	৯:৩৬- ৩৮
			৯:৩৪	
	৯:৩৫- ৩৮		৯:৩৫- ৩৮	

পাঠ সিরিজ তিন (এর পৃষ্টা দেখুন)
অনুচ্ছেদ পর্যায়ে মূল লেখকের অভিপ্রায় অনুসরন করে

এটি একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্ক আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেককে সেই আলোতে চলতে হবে যে আলো আমাদের মাঝে রয়েছে। এই ব্যাখ্যার আপনার, বাইবেলের এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। আপনি একজন ব্যাখ্যা কারীর উপর এই ব্যখ্যাকে ছেড়ে দিতে পারেন না। আসন থেকে না উঠে একবারেই অধ্যায়টি পড়ুন। বিষয়টি চিহ্নিত করুন । উপরে উল্লেখিত পাঁচ প্রকারের অনুবাদের আলোকে আপনার বিষয় বিভাজন গুলোকে তুলনা করুন। অনুচ্ছেদে ভাগ করাটা ঐশী প্রেরনার বিষয় নয়, কিন্তু এটা মূল লেখকের অভিপ্রায় অনুসরনের চাবি বা উপায় সরুপ , যা হল ব্যাখ্যার হৃদপিন্ড সরুপ। প্রত্যেকটি অনুচ্ছেদের একটি এবং কেবলমাত্র একটি বিষয় রয়েছে।

১। প্রথম অনুচ্ছেদ
২। দ্বিতীয় অনুচ্ছেদ
৩। তৃতীয় অনুচ্ছেদ
৪। ইত্যাদি

মথি ৯:১- ৩৪ এর পঠভূমিকা

ক. মথি কখনও কখনও ঘটনা গুলোকে অল্প কথায় প্রকাশ করেন যা মার্ক এবং লুক উভয়ই অনেক স্পষ্ট এবং খুটিনাটিভাবে লিপিবদ্ধ করেন। যারা ব্যাখ্যা করেন তাদের উচিত নয় স্পষ্ট এবং খুঁটিনাটি বিষয় চেয়ে অন্যান্য সুসমাচারের মধ্যে তুলনা করা যতক্ষন না তারা নির্নয় করতে পেরেছেন কিভাবে/কেন প্রথ্যেক সুসমাচার লেখকগন তাদের মত করে ঘনটাগুলোকে লিপিবদ্ধ করেছিলেন। আমরা একটি সম্পূর্ন ইতিহাস অনুসন্ধান করছি না কিন্তু পবিত্র আত্মা দ্বারা অনুপ্রানিত ধর্মতাত্বিক অভিপ্রায় অনুসন্ধান করছি। তুলনা করুন গর্ডন ফি এবং ডগলাগ ষ্টুয়ার্টসের কিভাবে বাইবেল অধ্যায়ন করতে হবে এর সকল মুল্যের জন্য (পৃষ্টা ১২০- ১২৯)

খ. এই অধ্যায়টি অনেক স্বতন্ত্র ইউনিটে বিভক্তঃ

১. ১ থেকে ৮ পদ পর্যন্ত তুলনা করুন মার্ক ২:৩- ১২ এবং ৫:১৭- ২৬.
২. ৯ থেকে ১৭ পর্যন্ত পদ সমূহ (তুলনা করুন মার্ক ২:১৪- ২২ এবং লুক ৫:২৭- ৩৮
৩. ১৮থেকে ২৬ পর্যন্ত পদসমূহ (মার্ক ৫:২২ এবং লুক ৮:৪১- ৫৬।
৪. ২৭ থেকে ৩১ পর্যন্ত পদসমূহ যা মথিতে ও অপূর্ব
৫. ৩২ থেকে ৩৪ পর্যন্ত পদসমূহও মথিতে অপূর্ব
৬. ৩৫ থেকে ৩৮ পর্যন্ত পদসমূহ অনেকে বিশ্বাস করেন যে এটা হল বার জন শিষ্যের প্রেরিত পদে নিযুক্তির একটি ভূমিকা যা দশম অধ্যায়ের সাথে যাওয়া উচিত।

গ. অষ্টম অধ্যায় রোগের প্রকৃতির এবং ভূতদের উপরে যীশুর ক্ষমতা প্রকাশিত করে। বিভিন প্রকার অবস্থার উপর যীশুর ক্ষমতা এবং আধিপত্য দেখানোর জন্য মথি এই অংশটি ব্যবহার করেছেন।

শব্দ এবং শব্দ সমষ্টি অধ্যায়ন

এন. এস. বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ ৯:১
পরে তিনি নৌকায় উঠে পার হলেন, এবং নিজ নগরে আসলেন।

৯:১ প্রাসঙ্গিকভাবে এই পদটি ৮ অধ্যায়ের সাথে যাওয়া উচিত, কেননা এটা একটি মধ্যবর্তী পদ যা পরবর্তী ঘটনাকে প্রদর্শন করে। যীশু সে শহরে তার শৈশব কাটিয়েছিলেন নাসারতে অবিশ্বাস এবং প্রত্যাখানের অভিজ্ঞতা লাভের পর কফরনাহুম যীশুর প্রচার কার্যের প্রধান কার্যালয়ে পরিনত হয়েছিল।
৯:২ ‘তারা তাঁর কাছে একজন পক্ষাঘাতীকে আনল” এ ঘটনার সম্পূর্ন বিবরন মার্ক ২:১- ২২ পদে পাওয়া যায়। এটা হল সেই কাহিনী যেখানে
পক্ষাঘাতীর বন্ধুরা ছাদ খুলেছিল এবং তাকে যীশুর পায়ের কাছে তাকে নামিয়ে দিয়েছিল।

❑ ‘‘তাদের বিশ্বাস দেখে যীশু’’ প্রাসঙ্গিকভাবে ‘‘তাদের বিশ্বাস’’ কেবলমাত্র ঐ লোকটিকে নির্দেশ করে না যার সুস্থতা প্রয়োজন ছিল, কিন্তু প্রাথমিকভাবে তার বন্ধুদেরকে নির্দেশ করে যাদের অনেক সরল চিক্ততা এবং অধ্যবসায় ছিল।

❑ ‘‘সাহস কর, বৎস্য; তোমার পাপ ক্ষমা হল’’ এটি একটি বর্তমান কর্তৃবাচক আদেশ এবং একটি বর্তমান কর্মবাচক নির্দেশ । যিহুদীরা কখনও কখনও পাপ এবং অসুস্থতা সম্পর্কে গল্প বলতেন (তুলনা করুন যোহন ৫ঃ ১৪; ৯ঃ২; এবং যাকোব ৫ঃ১৫- ১৬। যদিও যীশু এই বিষয়টি আপাতদৃষ্টিতে উপলব্ধি করেছিলেন, এটাও মনেও হয়েছিল যে তিনি সংযুক্ত করার একটি বাহ্যিক কাজের বিরোধিতা করেছিলেন (তুলনা করুন যোহন ৯ঃ৩ এবং লুক ১৩ঃ২- ৩)।এটি যীশুর আত্ম- উপলব্ধির একটি শক্তিশালী উক্তি। কেবলমাত্র ঈশ্বও ক্ষমা করতে পারেন।

৯ঃ৩ ‘‘অধ্যক্ষ গন’’ ব্যাবিলনীয় বন্দিদশার সময় থেকে, ইহুদী সমাজে একটি সম্মানজনক জায়গা হিসাবে ইহুদীদের ধর্মসভা (সিনাগগ) জেরুশালেম মন্দিরের কিছুটা প্রতিদ্বন্দী হয়েছিল। ইহুদী আইনে অভিজ্ঞ এই সকল স্থানীয় লোকেরা ইষ্রার ঐতিহ্য অনুসরন করে অধ্যক্ষ হিসেবে পরিচিত হয়েছিল (ইষ্রা ৭ঃ৮,১০)। বিভিন্ন ধর্মতাত্বিক পরিবেশ থেকে তারা এসেছিলেন, কিন্তু তাদের অধিকাংশই ফরিশী ছিলেন। সত্যিকার আগ্রহের জন্য অথবা যীশুর উপর গোয়েন্দাগিরি করার জন্য তারা সেখানে উপস্থিত ছিল কিনা তা নিশ্চিত নয়। পাপ ক্ষমা করার ক্ষমতা আছে বলে যীশুর এই দাবি শুনে তারা অবশ্যই অবাক হয়েছিলেন। তারা বিশ্বাস করতেন যে ঈশ্বরের এই ক্ষমতা ছিল। এই প্রেক্ষিতে , যীশুর এই মৌলিক দাবিকে তারা ঈশ্বর- নিন্দা বলে বাতিল করেছিলেন (মার্ক ২ঃ৭); প্রকৃত পক্ষে এটা ঈশ্বর নিন্দা হোত যদি যীশু ঈশ্বরের মানবরূপ ধারনকারী পুত্র না হতেন।

৯ঃ৪ ‘‘আর যীশু তাদের চিন্তা বুঝতে পেরে’’ এটা যীশুর ঐশ্বরিক জ্ঞানের একটি উদাহরন কিনা, যা এই অবস্থার থেকে মনে হয়, অথবা লোকের ভীড়ের মধ্য থেকে কেহ কেহ তাদের অসন্তোষ প্রকাশ করেছিলেন কিনা তা নিশ্চিত নয়। নূতন নিয়মে কতগুলি অংশ রয়েছে যা প্রকাশ করে যে যীশু মানব প্রকৃতি ভালভাবে জানতেন এবং অন্যান্য অংশ প্রকাশ কওে যে তিনি তার ঐশ্বরিক জ্ঞান ব্যবহার করেছিলেন।

৯ঃ৫ ‘‘কোনটা বলা সহজ, ‘তোমার পাপ ক্ষমা করা হল’ বলা, না ‘তুমি উঠে বেড়াও’ বলা ‘‘তোমার পাপ ক্ষমা করা হল’’ বলা কঠিনতর কিন্তু একটি শারীরিক সুস্থতার মত এটা স্পষ্ট নয়। পাপ পূর্ন মানুষের পক্ষে উভয় কাজই অসম্ভব।

৯ঃ৬ ‘‘কিন্তু যেন তোমরা জানতে পার’’ সমস্ত সুসমাচারগুলোতে যীশু কেবলমাত্র গরীব এবং অভাবীদের সাথে সংশ্লিষ্ট ছিলেন, কিন্তু ইহুদি নেতাদের ও সাথে সংশ্লিষ্ট ছিলেন (তুলনা করুন যোহন ১১ঃ৪২,৪৫)। মুখোমুখি হয়েছিলেন যাতে তারা তাতে বিশ্বাস করার জন্য ফিরতে পারে। এই আরোগ্যলাভ যতটা অধ্যাক্ষের জন্য প্রয়োজন ছিল ততটা প্রয়োজন ছিল পক্ষাঘাতী ব্যক্তি এবং তার বন্ধুদের জন্য। বাস্তবিক পক্ষে, যীশু সকল স্বাস্থ পরিচর্যা ক্ষেত্রে এটা সত্য কখনও কখনও এ সকল ক্ষমতার কার্যসমূহ করা হয়েছিল শিষ্যদের বিশ্বাস অনুপ্রানিত করার জন্য অথবা পার্শ্বস্থ ব্যক্তিদের মধ্যে বিশ্বাস সৃষ্টি করার জন্য।

❑ ‘‘মনুষ্যপুত্র’’ পুরাতন নিয়ম থেকে এটা হোল একটি বিশেষনীয় বাক্যাংশ। যিহিস্কেল ২:১ এবং গীতসংহিতা ৮:৪ এ ইহা ব্যবহার করা হয়েছিল এর সত্যিকার বুৎপত্তিগত অর্থে এবং এর অর্থ হল ‘‘মনূষ্য’’। যাহোক, ইহা দানিয়েল ৭:১৩ এ একটি অদ্বিতীয় অবস্থায় ব্যবহার করা হয়েছিল যা এ উপাধি বা নাম দ্বারা ব্যক্তিটির মানবীয় এবং ঐশ্বরিক উভয়ই প্রকাশ করে। সেসময় থেকে এ নামটি ইহুদী অধ্যক্ষগন ব্যবহার করেন নাই এবং সেজন্য যীশু ইহা জাতীয়তা বাদী, স্বৈরাচারী এবং সামরিক কোন ভাবেই ব্যবহার করেন নাই, কিন্তু ইহাকে তিনি তাঁর দ্বৈত প্রকৃতি (মানবিক এবং ঐশ্বরিক) গোপন করা এবং প্রকাশ্যের জন্য যথার্থ নাম হিসাবে পছন্দ করেছিলেন (তুলনা করুন ১ যোহন ৪:১- ৬)। এটা ছিল তাঁর নিজের প্রিয় নাম।

❑ ‘‘পৃথিবীতে পাপ ক্ষমা করার ক্ষমতা রয়েছে’’ ‘‘অধিকার’’ ‘‘ক্ষমতা’’ অথবা ‘‘আধিপত্য’’ অর্থে এই অধিকার শব্দটি ব্যবহার করা হয়েছিল। ইহা জোরালোভাবে যীশুর মশীহত্ব প্রকাশ করে, যদিতা না করে তবে তাঁর ঈশ্বরত্ব প্রকাশ করে। ইহুদিরা আশা করেন নাই মশীহ একজন ঐশ্বরিক ব্যক্তি হবেন কিন্তু মশীহকে আশা করেছিলেন একজন অতি প্রকৃত ক্ষমতাধর সামরিক অথবা রাজনৈতিক নেতা হিসাবে। ইহা হল কেবলমাত্র অধিকতর প্রকাশ প্রাপ্তির মাধ্যমে যে বিশ্বাসীগন মশীহের মানবরুপ ধারন/ আধ্যাত্বিক প্রকৃতি বুঝতে পেরেছিলেন।

❑ ‘‘তিনি পক্ষাঘাতীকে বললেন, ‘উঠ, তোমার শয্যা তুলে লও, এবং তোমার ঘরে চলে যাও’’। এই বাক্যটিতে তিনটি ক্রিয়াপদ রয়েছে: (১) ‘‘উঠ’’ হল একটি অতীত কর্তৃবাচক বিশেষন যা একটি আদেশ হিসাবে ব্যবহৃত (২) ‘‘তোমার শয্যা তুলে লও’’ হল একটি অতীত কর্তৃবাচক আদেশ (৩) ‘‘ঘরে চলে যাও’’ হল একটি বর্তমান কর্তৃবাচক আদেশ । এ সকল ক্রিয়ার কালের প্রয়োগ হয়তো করা হয়েছিল যে ঈশ্বর ছিলেন ‘‘উঠ’’ কর্মবাচ্যের কর্তা বা শক্তি। সুস্থতা লাভের পর লোকটির যা কিছু করা দরকার ছিল এই দুইটি আদেশমূলক ক্রিয়াপদ সে সম্পর্কে কথা বলতে পারে। তার শয্যা তুলে লওয়াটা ছিল এমন একটি চিহ্ন যে তার ভিক্ষা করার দিনগুলো শেষ হয়ে গেছে এবং সে ঘরে দিকে ফিরতেছিল। এই সুস্থতালাভ যীশুর ঈশ্বরত্বের এবং মশীহত্বের দাবি নিশ্চিত করে।

৯:৮ ‘‘কিন্তু যখন লোকরা ইহা দেখল, তারা সন্ত্রস্থ হল’’ এখানে এটা হল গ্রীক পান্ডুলিপির সমস্যা যা ‘‘সন্ত্রস্ত হওয়া’’ অথবা ‘‘ভীত হওয়া’’ শব্দটির সাথে সম্পর্কযুক্ত। সবচেয়ে প্রাচীন এবং সবচেয়ে উত্তম গ্রীম পদগুলি হলো ‘‘ভীত হলো’’। পরবর্তীতে পদগুলো শব্দটিকে নমনীয় করে ‘‘বিস্মিত’’ অথবা রাজা জেমসের নতুন সংস্করনে ‘‘চমৎকৃত’’ করা হয়েছিল। কিন্তু গ্রীক পান্ডুলিপি সহজভাবে বাক্যাংশটিকে বাতিল করা হয়।

লোকেরা অভ্যস্থ ছিল না কাউকে এই প্রকার ক্ষমতা নিয়ে কথা বলতে । ঐতিহ্য এবং ইহুদী ধর্মযাজকদের প্রাচীন উক্তির উদ্ধৃতি ধর্মযাজক শাসিত ইহুদী ধর্ম ফাঁদে পড়েছিল। যীশু এমন ধরনের সত্য এবং অসাধারন ক্ষমতা নিয়ে কথা বলতেন যা ইহুদী সমাজের এই প্রজন্ম কখনও শুনে নাই। একজন মানুষকে এই প্রকার ক্ষমতা দেবার জন্য তারা ঈশ্বরের প্রশংসা করেছিলেন। এটা হতে পারে যীশুর মানবত্বের প্রতি একটি লুকানো উক্তি যা প্রাথমিক মন্ডলীর বন্যতন্ত্রের সন্মুখীন হতে হয়েছিল। নূতন নিয়মের উপর অধিক পড়াশুনা থেকে এটাও বিশ্বাসযোগ্য যে ধর্মীয় নেতাগন যীশুর জনপ্রিয়তায় ঈর্ষান্বিত ছিলেণ।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ: ৯:৯

[৯]‘‘আর যীশু সেখান থেকে যেতে যেতে, তিনি মথি নামক এক ব্যক্তিকে করগ্রহন স্থানে বসে থাকতে

দেখলেন; আর তিনি তাকে বললেন "আমার পশ্চাতে আস" আর তিনি উঠলেন এবং তাঁর পশ্চাৎে গমন করলেন।"

৯:৯ "আর যীশু সেখান থেকে যেতে যেতে" ৯ পদ থেকে ১৭ পদগুলো অন্যান্য সংক্ষিপ্ত সুসমাচারে আরো বিস্তারিতভাবে বর্ননা করা হয়েছে যেমন করা হয়েছে মার্ক ২ এবং লুক ৫ অধ্যায়ে।

- "তিনি মথি নামক এক ব্যক্তিকে দেখলেন" মার্ক ২:১৪ এবং লুক ৫:২৭ থেকে আমরা জানতে পারি যে, তার আরেকটি নাম হোল লেবি। এর অর্থ এই নয় যে তিনি একজন যাজক অথবা একজন লেবীয় ছিলেন। যিহুদীদের কখনও কখণও দুইটি নাম থাকত, একটি ইহুদী নাম এবং অন্যটি গ্রীক নাম। আর সাধারনত এ নামগুলো দেয়া হত জন্মের সময়ে। আর ইনি হলেন সেই শিষ্য যাকে এই সুসমাচারের লেখকের সম্মান দেয়া হয়। যীশু তাকে হয়তো পছন্দ করেছেন হিসাব নিকাষ বা দলিল পত্রাদি যথাযথভাবে রাখার গুনের অথবা সকল লোকের প্রতি তাঁর প্রেম দেখানোর একটি উপায় হিসাবে।
- "শরগ্রহন স্থানে বসে" শাষনকর্তা ফিলিপ এবং শাসনকর্তা হেরোদের শাসন এলাকার মাঝে গালীল সাগরের পার্শ্বে কফরনাহুমে অবস্থিত ছিল সেজন্য সিরীয়া এবং যুদেয়ার মধ্যবর্তী কোন স্থানে এই কর গ্রহন স্থানটি অবস্থিত ছিল। শাসনকর্তা হেরোদ অথবা রোমীয় কর্তৃপক্ষের নিকট হতে এই কর গ্রহন স্থানটি ক্রয় করা হয়েছিল। আর এটা করা হত এমন চিন্তা নিয়ে যে আদায় কৃত অতিরিক্ত রাজস্যের পুরাটাই পরিগনিত হত। যীশুর সময়ে কুখ্যাতভাবে এই ধরনের কাজ করা হত এবং সেজন্য করগ্রহন স্থানগুলো ছিল মন্দতা এবং শোষনের সমার্থক শব্দ হিসাবে পরিগনিত হয়েছিল।" স্থানীয় ইহুদী উপাসনালয়ে অথবা ইহুদী সমাজে সরগ্রহনকারীরা অবশ্যই সমাদৃত ছিলেন না।
- "আমার পশ্চাতে এস; তাতে সে উঠে তাঁর পশ্চাৎ গমন করল" খুব সম্ভবত এটাই সর্বপ্রথম সময় ছিল না যে মথি যীশুর কথা শুনেছিলেন। আপাতদৃষ্টিতে মনে হয় তিনি অনেকবারই যীশুর শিক্ষা শুনেছিলেন আর এটা ছিল ধর্মগুরুর পশ্চাতে আসা এবং একজন পূর্ন শিষ্য হবার জন্য একজন ধর্মগুরুর নিকট হতে একজন শিষ্যের প্রতি একটি আনুষ্ঠানিক আহবান। (তুলনা করুন ৪:১৯, ২১)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ ৯:১০- ১৩

[১০]পরে তিনি গৃহমধ্যে ভোজন করতে বসেছেন, আর দেখ, অনেক করগ্রাহী ও পাপী আসিয়া যীশুর এবং তাঁহার শিষ্যদের সহিত বসিল। [১১]তাহা দেখিয়া ফরীশিরা তাঁহার শিষ্যদিগকে বলল, তোমাদের গুরু কি জন্য করগ্রাহী ও পাপীদের সাথে ভোজন করেন? [১২]তাহা শুনিয়া তিনি বললেন, সুস্থ লোকদের চিকিৎসকের প্রয়োজন নাই, বরং পীড়িতদেরই প্রয়োজন আছে। [১৩]কিন্তু তোমরা গিয়া শিক্ষা কর, এই বচনের মর্ম্ম কি, "আমি দয়া চাই, বলিদান নয়"; কেননা আমি ধার্ম্মিক দিগকে নয়, কিন্তু পাপীদিগকে ডাকিতে আসিয়াছি।

এটা মথির গৃহকে উদ্দেশ্য করে বলা হয়েছিল, যীশুর গৃহকে উদ্দেশ্য করে নয়। আপাতদৃষ্টিতে জীবনে এই প্রকার একটি অর্থপূর্ন সিদ্ধান্ত গ্রহনের পরে একটি ভোজ আয়োজন করা সম্পুর্ন রুপে সবার কাছে গ্রহনীয় ছিল কারন সখরিয় নামের অন্য একজন করগ্রাহী এই প্রকার কাজ করেছিলেন (তুলনা করুন লুক ১৯)। মূলতঃ "কুখ্যাত পাপিরা" শব্দ দুইটি দ্বারা ইহুদী সমাজের সে সকল সমাজ হতে বহিস্কৃত লোকদের বুঝানো হতে পারে যারা মোশীর ব্যবস্থার খুটিনাটি কাজগুলো করতে পারত না যা ধর্মগুরু শাসিত ইহুদী ধর্মের মৌখিক ঐতিহ্যে শক্তি বৃদ্ধি করা হয়েছে। আর

এটা সম্ভব যে তাদের মধ্যে কেহ কেহ ছিল, কিন্তু আবার, এটা হতে পারে যে ইহুদী নেতাদের নিকট তাদের ব্যবস্থা অথবা পেশা গ্রহনযোগ্য ছিল না।
"তারা বরলেন" শব্দ সমষ্টির অর্থ হল হেলান দিয়েছিলেন। এই ঐতিহাসিক যুগে লোকেরা খাওয়ার সময় বাম কনুইয়ের উপরে ভর দিয়ে হেলান দিতেন।
৯:১১ "যখন ফরিশীরা এটা দেখলেন, তারা তার শিষ্যদেরকে বললেন," এসকল ফরিসীরা ভোজনের সময় উপস্থিত ছিলেন কিন্তু ভোজনের শরিক ছিলেন না। ইহাকে অস্বাভাবিক মনে হতে পারে কিন্তু প্রাচীন কালে কোন ভোজে অতিথী হিসাবে নিমন্ত্রিত না হলেও কোন ব্যক্তি ঘরের চারপার্শ্বে আসতে এবং দাঁড়াতে পারত অথবা জানালা দিয়ে দেখতে পারত এবং কথাবার্তায় অংশগ্রহন করতে পারতো।মনে হতে পারে "ফরিশীরা" হল "অধ্যক্ষদের" আর একটি নাম যাদের বিষয়ে পূর্বে এই প্রসঙ্গে উল্লেখ করা হয়েছিল। এরা ছিলেন অঙ্গীকারাবদ্ধ ইহুদীদের একটি দল যারা একটি বিশেষ ঐতিহ্য অনুসরন করতেন যা ইহুদীদের মৌখিক ঐতিহ্যের (তালমুদ) সমর্থন করত। লক্ষ্য করুন যে তারা শিষ্যদের মুখোমুখি হয়েছিলেন, স্বয়ং যীশুর মুখোমুখি নয়।

যীশু এসকল কুখ্যাত পাপীদের সাথে ভোজন করে সহভাগিতা এবং বন্ধুত্ব প্রকাশ করতেছিলেন। যোহন বাপ্তাইজক একজন সন্ন্যাসী হিসেবে যীশুর আসার পুর্বেই এসেছিলেন কিন্তু ইহুদী নেতাগন তাকে প্রত্যাখ্যান করেছিলেন আর এখন তারা প্রত্যাখ্যান করল যীশুকে যিনি একজন আরো সামাজিক ব্যক্তির মত এসেছিলেন। (তুলনা করুন ১১:১৯, লুক ৭:৩৪)। তারা এমনকি যীশুকে দোষী সাব্যস্থ করেছিল "মাতাল" বলে যার অর্থ হল "একজন অতিভোজী ব্যক্তি" অথবা "একজন যিনি অতিরিক্ত পান করেন" অনেক সময় ধর্মীয় সংলাপের একটি কুৎসিত এবং আত্ম- ধার্মিক দিক থাকে।

ফরিশীদের উৎপত্তি এবং ধর্মতত্ত্বের উপর একটি পূর্ন আলোচনার জন্য ২২:১৫ - এ টীকা দেখুন।

৯:১২ "আর যখন যীশু তা শুনলেন, তিনি বললেন" এই অবস্থায় যীশু স্পষ্টত ফরিশীদের মন গুলো পরীক্ষা করেন নাই (দেখুন একই অধ্যায়ের ৪ পদ) হয় তাদের কথা গুলো তাকে জানানো হয়েছিল অথবা তিনি নিজেই শুনেছিলেন।

- "সুস্থ লোকদের চিকিৎসকে প্রয়োজন নাই, বরং পীড়িতদেরই প্রয়োজন রয়েছে" এর অর্থ এই নয় যে ফরীশিরা পাপী ছিলেন না; বরঞ্চ এটা ছিল একটি তীব্র ব্যঙ্গপূর্ন জবাব। ধর্মীয় শিক্ষকদের জন্য জায়গাটি হওয়া উচিত তাদের সাথে যাদের শিক্ষা প্রয়োজন।

৯:১৩ "কিন্তু যাও এবং শিক্ষা কর এই বচনের মর্ম্ম কি?" ইহা হল হোশেয় ৬:৬ থেকে একটি উদ্ধৃতি (যেমন পাওয়া মথি ১২:৭) এই পদটি শুরু হয়েছে একটি অতীত নির্দেশমূলক শব্দ সমষ্টি যা একটি বাগধারা ছিল যা ইহুদী অধ্যক্ষগন কোন একটি বিশেষ বিষয় অধ্যয়ন করার জন্য তাদের ছাত্রদের সাধারনত বলতেন। ১৩ পদটি মথি লিখিত সুসমাচারের একটি অদ্বিতীয় পদ।

- "কেননা আমি ধার্ম্মিকদেরকে নয়, কিন্তু পাপীদেরকে ডাকতে এসেছি" লুক ৫:৩২ যা এই ঘটনার একটি সংক্ষিপ্ত ঘটনা, এর সাথে যোগ করেছে "অনুতপ্তদেরকে"। যদিও মথির এই বিবরনীতে বিশেষভাবে ইহা লিপিবদ্ধ করা হয় নাই। কিন্তু মথির বিবরন ইহাকেই নির্দেশ করে ।

লোকদের জন্য যে দুইটি প্রয়োজনীয় জবাব ঈশ্বরের কাছে সঠিক তা হোল অনুতাপ এবং বিশ্বাস (তুলনা করুন মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৫; ১৯; ২০:১২)। যীশু এমনকি দৃঢ়ভাবে ঘোষনা করেছেন যে যতক্ষন লোকেরা অনুতাপ না করেন তারা সকলেই নিষ্ট হবে (তুলনা করুন লুক ১৩:৫)। একজনের জীবনের জন্য অনুতাপ মূলতঃ হোল নিজের থেকে পাপ থেকে এবং বিদ্রোহ করা থেকে ফিরে আসা এবং ঈশ্বরের ইচ্ছা এবং পথে ফিরে আসা। ইহা একটি বড় আবেগ নয় কিন্তু এটা হোল অগ্রাধিকার এবং জীবন যাত্রায় একটি পরিবর্তন । ইহা হোল পরিবর্তনের দিকে ইচ্ছা।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ ৯:১৪- ১৭
[১৪]তখন যোহনের শিষ্যগন তাহার নিকটে আসিয়া কহিল, ফরীশীরা ও আমরা অনেক বার উপবাস করি, কিন্তু আপনার শিষ্যগন উপবাস করে না, ইহার কারন কি? [১৫]যীশু তাঁহাদিগকে বললেন, বর সঙ্গে থাকতে কি বাসর ঘরের লোকে বিলাপ করিতে পারে? ডকন্তু এমন সময় আসিবে, যখন তাহাদের নিকট হতে বর নীত হইবে; তখন তারা উপবাস করিবে। [১৬]পুরাতন বস্ত্রে কেহ কোরা কাপড়ের তালী দেয় না, কেননা তাহার তালীতে বস্ত্র ছিড়িয়া যায়, এবং আরও মন্দ ছিদ্র হয়। [১৭]আর লোকে পুরাতন কুপায় নূতন দ্রাক্ষারস রাখে না; রাখিলে কুপাগুলি ফাটিয়া যায়, তাহাতে দ্রাক্ষারস পড়িয়া যায়, কুপাগুলিও নষ্ট হয়; কিন্তু লোকে নূতন কুপাতেই টাটকা দ্রাক্ষারস রাখে, তাহাতে উভয়েরই রক্ষা হয়।

৯:১৪ "তারপর যোহনের শিষ্য গন তার কাছে আসলেন" ইহা অনিশ্চিত যে (১) তারা তারা সত্যিকার ভারে আগ্রহী ছিলেন কিনা (২) তারা সত্যিকার ভাবে বিভ্রান্ত ছিলেন কিনা অথবা (৩) তারা তাকে প্রতারিত করতে চেষ্টা করেছিলেন কিনা। ফরীশী দের মত তারা নিমন্ত্রিত ছিরেন না কিন্তু ভোজনে আপতঃ উপস্থিত ছিরেন। প্রেরিত ১৯:১ পদে আমরা দেখতে পারি যে যোনের অনেক শিষ্য ছিল ।

- "আমরা এবং ফরিশীরা উপবাস করি, কিন্তু আপনার শিষ্যগন উপবাস করে না" পুরাতন নিয়মে একটি মাত্র উপবাস দিন, যাকে মহা প্রায়শ্চিত্ত দিন বলা হয়, প্রত্যেক বছর উদযাপিত হত। যাহোক, ইহুদী ধর্মীয়গুরুগন সপ্তাহের দ্বিতীয় এবং পঞ্চম দিনগুলোকেও উপবাস দিন করেছিলেন, এই অনুমানের উপর ভিক্তি করে যে ঐ দিন দুইটির একটিতে মোশী সিনাই পর্বতে উঠেছিলেন এবং অন্যাদিন নেমে এসেছিলেন। উপবাস কারোর ধর্মীয় অঙ্গীকার প্রমান করার একটি উপায় হিসাবে পরিনত হয়েছিল। যীশু এই অনুষ্ঠানকে বাতিল করেন না কিন্তু তিনি এটাকে একটি মান নির্ধারক হিসাবে নিশ্চয়তা প্রদান করেন না।

এই পদটিতে একটি গ্রীক পান্ডুলিপিগত সমস্যা রয়েছে যা "প্রায়ই" বহুবার শব্দটির সাথে সংযুক্ত। "ফপবাস" শব্দটির দুইটি ভিন গ্রীক শব্দ রয়েছে যা এই ধারনা প্রতিফলিত করে। একটি শব্দ একই অর্থে পাওয়া যায় লুক ৫:৩৩- এ। মার্ক ২:১৮তে একইভাবে লিখিত আছে "উপবাস" সম্পর্কে। ইউ.বি.এস কমিটি অন্য একটি শব্দ "অনেক" কে বন্ধনীর মধ্যে রেখেছেন কারন তারা অনিশ্চিত ছিলেন এটা মথিতে প্রথমেই ছিল কিনা অথবা পরবর্তীতে একজন লেখকদ্বারা এটা যোগ করা হয়েছে কিনা।

৯:১৫ " কিন্তু এমন দিন আসবে যখন তাদেও নিকট হতে বর নীত হবেন, আর তখন তারা উপবাস করবে" তিনি সত্য বলে ধরে নিয়েছিলেন যে তাঁকে ক্রুশারোপিত করার পর তাঁর শিষ্যগন উপবাস করবেন। এটা হোল সর্বপ্রথম সময় যখন ক্রুশারোপনের বিষয় ইঙ্গিত করা হয়েছিল। এই শব্দ

সমষ্টিতে ব্যবহৃত এ্যাপাইরো শেব্দটির একটি প্রচন্ড অর্থ রয়েছে। যীশুর ‘‘বর’’ উপমাটির মানবজাতির ত্রানকর্তা সংক্রান্ত অর্থ রয়েছে। বিশেষ বিষয় দেখুনঃ ৬:১৬ তে।

৯:১৬- ১৭ উপবাস কিভাবে এই সত্যকে প্রয়োগ করা যায় সে সম্পর্কে অনেক আলোচনা হয়েছে। কারো বিশ্বাসে নমনীয় হওয়ার প্রয়োজনীয়তার গুরুত্ব প্রদান করা মনে করা হতে পারে। যাহেক। একজন ব্যক্তিকে প্রকৃতির এবং ইহার নমনীয়তার প্রসার বিষয়ে অবশ্যই সতর্ক হতে হবে। আর এটা হোল ইহুদী ধর্মগুরুদের ইহুদী মতবাদের মৌখিক ঐতিহ্য সম্পর্কে আক্ষরিক ব্যাখ্যার একটি নিন্দা। ঈশ্বর আমাদের সাহায্য করুন । কখনও ঈশ্বরের প্রতি আমরা কতটুকু বাধ্য তার চেয়ে আমরা আমাদের ঐতিহ্য এবং বাধ্যবাধকতার উপর বেশী প্রতিশ্রুতিবদ্ধ (তুলনা করুন যিশাইয় ২৯:১৩)। এই উপমা মার্ক ২:১৯- ২০ এবং লুক ৫:৩৩- ৩৯ এর অনুরুপ।

[৩৭]যে কেহ পিতা কি মাতাকে আমা হতে অধিক ভাল বাসে, সে আমার যোগ্য নয়; এবং যে কেহ পুত্র কি কন্যাকে আমা হতে অধিক ভালবাসে, সে আমার যোগ্য নয়। [৩৮]আর যে কেহ আপন ক্রুশ তুলিয়া লইয়া আমার পশ্চাৎ না আসে, সে আমার যোগ্য নয়। [৩৯]যে কেহ আপন প্রান রক্ষা করে, সে তাহা হারাবে; এবং যে কেহ আমার নিমিক্তে আপন প্রান হারায়, সে তাহা রক্ষা করবে।

১০:৩৭ "যে কেহ পিতা কি মাতাকে আমা হতে অধিক ভালবাসে" এখানে মূল বিষয় হল মৌলিক অগ্রাধিকার সঙ্কল্প।

❑ "সে আমার যোগ্য নয়" লুক ৯:৬২

১০:৩৮ "যে কেহ আপন ক্রুশ তুলে লয় এবং আমার পশ্চাতে আসে" ক্রুশ ছিল মৃত্যুদন্ড কার্যকারী করনের একটি ফিনিশীয় পদ্ধতি যা রোমীয়রা গ্রহন করেছিল এবং মৃত্যুও পূর্বে কয়েক দিনের জন্য তীব্র যন্ত্রনাদায়ক ব্যথার বিচার প্রনালীতে সম্প্রসারিত করেছিল। এর উদ্দেশ্য ছিল অরোমীয়দেরকে অপরাধমূলক কর্মকান্ড করা থেকে নিরুৎসাহিত করতে । প্যালেস্টাইনে একটি ঐতিহাসিক পূর্ব ঘটনা ছিল (১) চতুর্থ আন্তিওখাস "এফিফানিস" আটশত ফরিশীকে ক্রুশে দিয়েছিলেন। (২) ভ্যরাস (Varus) নামের একজন রোমীয় সেনাপতি একটি বিদ্রোহ দমন করেছিলেন এবং প্যালেস্টাইনের

প্রধান সড়কের দুই পার্শ্বে দুই হাজার ইহুদীকে ক্রুশে দিয়েছিলেন (তুলনা করুন "যোসেফাস, ইহুদীদের প্রাচীন যুগ ১৭:১০:১০)। এ রূপকটি আপনার জীবনের কিছু বিশেষ সমস্যাকে বোঝায় না। ইহা দ্বারা মৃত্যুকে নিজের জন্য মৃত্যুকে বোঝানো হয়ে থাকে। (তুলনা করুন ২করিন্থীয় ৫:১৪-১৫; গালাতীয় ২:২০; ১যোহন ৩:১৬)

১০:৩৯ "জীবন.... জীবন" এর গ্রীক শব্দটি হোল সুকে (Psuche) ।এই শব্দটি কখনও কখনও "ধাত্মা" (Pneuma) এর সমার্থক ছিল। এই পরিপ্রেক্ষিতে, যাহোক, মনে হয় সে এটি এক ব্যক্তিকে অথবা নিজেকে বুঝায়। এ বিবৃতিতে অন্তর্ভুক্ত রয়েছে যীশুর প্রভাবের আলোতে আত্ম- অধিকারের একটি মৌলিক ক্রুশারোপন (তুলনা করুন মথি ১০:৩৯; ১৬:২৫; মার্ক ৮:৩৫; লুক ৯:২৪; যোহন ১২:২৫)।

- "হারায়" বিশেষ আলোচ্য বিষয় দেখুনঃ ২:১৩ তে এ্যাপোল্লুমি (Apollumi)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ১০: ৪০- ৪২

[৪০]যে তোমাদের গ্রহন করে, সে আমাকেই গ্রহন করে, আর যে আমাকে গ্রহন করে, সে আমার প্রেরনকর্ত্তাকেই গ্রহন করে। [৪১]যে ভাববাদীকে ভাববাদী বলে গ্রহন করে, সে ভাববাদীর পুরস্কার পাবে; এবং যে ধার্ম্মিককে ধার্ম্মিক বলিয়া গ্রহন করে, সে ধার্ম্মিকের পুরস্কার পাবে । [৪২]আর যে কেহ এই ক্ষুদ্রগনের মধ্যে কোন এক জনকে শিষ্য বলিয়া কেবল এক বাটী শীতল জল পান করিতে দেয়, আমি তোমাদের সত্য বলিতেছি, সে কোন মতে আপন পুরস্কারে বঞ্চিত হবে না।

১০:৪০- ৪১ "যে তোমাদেরকে গ্রহন করে, সে আমাকেই গ্রহন করে; আর যে আমাকে গ্রহন করে, সে আমার প্রেরন কর্ত্তাকেই গ্রহন করে। যে ভাববাদীকে ভাববাদী বলে গ্রহন করে, সে ভাববাদীর পুরস্কার পাবে; এবং যে ধার্ম্মিককে ধার্ম্মিক বলে গ্রহন করে, সে ধার্মিকের পুরষ্কার পাবে।" এই অংশটি যে অর্থ প্রকাশ করে তা হল যে এই তিনটি শব্দের (আমাকে. ভাববাদী. ধার্মিক) প্রত্যেকটি শব্দই যীশুকে নির্দেশ করে। "ভাববাদী" শব্দটি দ্বিতীয় বিবরন ১৮:১৫ এবং ১৮ এর সাথে সম্পর্কযুক্ত। "ধার্মিক ব্যক্তি শব্দটি প্রেরিত ৭:৫২ তে উল্লিখিত "একজন ধার্মিক ব্যক্তি" এবং লোহিত সাগরের পাড়ে প্রাপ্ত প্রাচীনগ্রন্থ সমূহে উল্লেখিত বাক্যাংশ "ধার্মিকতার শিক্ষক" এর সমতুল্য।

"বৈথসদা" সেখানে দু ধরনের বৈথসদা ছিল। এর মধ্যে একটি ছিল করফরনাহুমের খুবই কাছে অপরটি ছিল যেখানে ঝর্দন নদী প্রবাহিত হয়ে গালীল সাগরে পড়ে ছিল তারই কাছে।

টায়ার এবং সীদনঃ পবিত্র শাস্ত্রের পুরাতন নিয়ম অনুযায়ী টায়ার ও সীদনের লোকজন ছিল পাপপূর্ন ও অহংকারী জাতি। ২৩ পদটি সম্পর্ক যুক্ত যিশাইও ১৪:১৩- ১৫ যিহিস্কেল ২৮:১২- ১৬. এই পদগুলো ব্যাবিলনের রাজাদের অহংকার গর্ব সম্পর্কেই প্রকাশ করেছে এবং টায়ার কে শয়তানের অহংকার হিসাবে তুলে ধরা হয়েছে ।

চট এবং ছাইঃ চট পরিধান এবং ছাই মাখানোর অর্থই হচ্ছে কৃত কর্মের জন্য অনুতপ্ত হওয়া। (যোনা ৩:৫- ৮)

১১:২২পদ যারা শ্রবণ করে এবং সেইমত কাজ করে, তাদের কাজের ফল হিসাবে শাস্তি অথবা পুরস্কৃত হতে পারে। (লূক ১২:৪৭,৪৮, মথি ১০:১৫)
১১:২৩: এবং তোমাকে করফরনাহুম স্বর্গ পর্যন্ত উচ্চীকৃত করা যাবে না, তুমি যাবে? ব্যাকরন গত উক্তর বলা যায় না। ইহা সম্ভবত যিশাইয় ভাববাদীর উক্তির পরোক্ষ উদ্ধৃতি : যিশাইয় ১৪:১৩-১৪, যিহি: ২৮:২,৫-৬,১৭, যেখানে ব্যাবিলন ও টায়ারের রাজার অহংকারকে শয়তানের অহংকারের প্রতিফলন হিসাবে ধরা হয়েছে। (যিহি:২৮:১২-১৬)

অবতরন থেকে নরক / পাতাল: এই উক্তিটি যিশাইয় ভাববাদীর পরোক্ষ উক্তি যিশাইয় ১৪:১৫ যিহি ২৬:২০, ২৮:৮, ৩১:১৪, ৩২:১৮, ২৪:১ মৃত্যু ও রাম সম্পর্কে বলা হয় (লূক ১৬:২৩)। রাব্বিদের নিয়ম অনুযায়ী ধামিকতার একটি প্রধান অংশ ছিল। এই অংশকে স্বগীয় কানন বলে ডাকা হত, আবার দুষ্টতার অংশ'ও ছিল। দুষ্টতার অংশকে দূনীতির আকড়া নামে ডাকা হত। এটা সত্য যে যীশুর বাক্য অনুসারে একজন দুস্কৃতিকারী তার সাথে মৃত্যুবরন করেন। লূক ২৩:৪৩। প্রভু যীশু মৃত্যুর মধ্যে দিয়েই নরকে প্রবেশ করেছেন এবং ধার্মিকতাকে প্রতিষ্ঠা করেছেন। প্রভু যীশু স্বর্গে পঞ্চাশ না হওয়া পর্যন্ত ফিরবেননা। প্রভু যীশুর পুনুরুত্থানের সময়ই নরকে ধার্মিকতাকে প্রতিষ্ঠা করেছেন। তাই প্রেরীত পৌল বলেছেন ২য় কর ৫:৮ দেহের অনুসন্ধিতি হতে প্রভুর সাথেই উপস্থিতি। অবশ্যই সতর্ক থাকতে হবে এবং ধারনা পোষন করতে হবে পাতাল থেকে নরক যাতনা। নতুন নিয়মে দূরে রাখা হয়েছে।

বিশেষ বিষয়: মৃত্যু কোথায়?
পবিত্র শাস্ত্র অনুযায়ী ৪টি বিষয় জীবনের সাথে সম্পর্কযুক্ত।
১. পুরাতন নিয়ম অনুযায়ী মৃত্যু সংগৃহিত হয় সচেতনতায় কিন্তু নিরবে এবং অকার্যকর হিসাবে ধারন করে এসব জায়গাকে বলা হয় সিওল (ঝযবড়ষ)। সিওল এর গ্রীক শব্দ হেডীজ (ঐধফবং) পাতাল হিসাবে বর্ননা করা হয়েছে যা দৃশ্যমান নয়।
পুরাতন এবং নতুন নিয়মে উভয় ক্ষেত্রেই মানবিক মৃত্যু নরকের যাত্রাকে বর্ননা করা আছে। রাব্বিগন দুটি ভাগকে প্রমান করেছেন,যথা দুষ্টতা অপরটি ধামিকতা। লূক লিখিত মঙ্গল সুসমাচারে প্রকাশ আছে লূক ২৩:৪৩। একই ভাবে পৌল শুধুমাত্র স্বর্গকে প্রকাশ করেছেন ২য় কর ১২:৪।

২. ২য় পিতর ২:৪ (যিহুদা ১:৬) দুষ্টতাকে ব্যবহার করা হয়েছে দূতেরা কিভাবে প্রকাশ করেছেন। গ্রীক পৌরানিক কাহিনীতে বলা হয়েছে পাতালে কারাগার ছিল অর্ধ মানুষ, অর্ধ টিটানস এর জন্য। যিহুদীদের প্রকাশিতব্য আন্তঃবাইবেল অনুযায়ী দূতদের জন্য বিশেষ ধারন করে ব্যাখা করা হয়েছে (আদি: ৬ অধ্যায়ের ইনকের জন্য)
৩. নূতন নিয়মের ৩য় শব্দটি হচ্ছে জেহেনা (Gehenna) KJV (KingJames Virson) তে নরকে (Hell) হিসাবে অনুবাদ করা হয়েছে। হিব্রু শব্দ গুলো হিব্রু বাক্যে অনেক সময় জটিলতা সৃষ্টি করে যথা "হিল্লম হ্রদের পুত্র"। এই হ্রদ জেরুশালেমের দক্ষিণে, যেখানে ফনিসিয়ানদের দেবতা ছিল। মলেখ শিশু উৎস্বর্গ করে উপসনা করত। দেবতা পূজায় অংশ গ্রহন করতো। এমনকি রাজা মানেষ দেবতা পূজায় অংশগ্রহন করত।
ইহুদী জাতি প্রথম শতাব্দীতে এই জায়গা থেকে সরে যায় এবং যেরুশালেমের আবর্জনার স্তুপ হিসাবে ব্যবহার করা হয়। যীশু রুপক অর্থে এই আবর্জনার স্তুপকে অনন্ত শাস্তি হিসাবে ব্যবহার করেছেন (আগুন, ধুম্র, গন্ধ গরম)।জেনা শব্দটি প্রভু যীশু মাত্র একবারই ব্যবহার করেছেন।

(যাকোব ৩:৬)
এই স্থানটি শয়তানের জন্যই প্রস্তুত করা হয়েছিল এবং তাঁর দূতগনের জন্য, কিন্তু বিদ্রোহী, অনুতপ্ত কারী নয় এমন লোকজনই নিজেদের পৃথক করেছিল। বর্তমানে নরক নেই। শেষ বিচারের পর শুধু মাত্র নরকটি নির্ধারিত করা হবে।
৪. শেষ শব্দটি হচ্ছে স্বর্গ। স্বর্গ সম্পর্কে বর্ননা অনুযায়ী
একটি সুন্দর এবং ব্যায়বহুল হিসাবে পৃথিবী থেকে রুপক অর্থে ব্যবহার করা হয়। একমাত্র শাব্দিক হিসাবে বাইবেলের লেখক গন পৃথিবীতে বর্ননা করেছেন। বাইবেল অনুযায়ী মৃত্যুর পর স্বর্গ অথবা নরক সম্পর্কে তেমন বিস্তারিত আলোচনা বা বর্ননা করেনি। প্রকৃত অর্থে বর্ননা হয়নি, কারন মনে করা হয় ইহা আমাদের সাধ্যের বাইরে এবং অনুভূতির'ও উর্দ্ধে। স্বর্গ সম্পর্কে ভাল এইটুকুই বর্ননা করেছেন কিন্তু তেমন জাকঁজমকের সাথে বর্নিত হয়নি। বর্তমানে ত্রিত্ব ইশ্বরের উপস্থিতি ও তাঁর সাথে সহভাগিতার সম্ভাবনাকে গুরুত্ব দেওয়া হয়েছে।

যদি শব্দটি ২য় শর্তের বাক্য যাকে বলা হয় প্রকৃততার সমন্বয় সাধনকারী। অনুবাদটি এভাবে হওয়া উচিত যদি আশ্চর্য কাজটি প্রকাশিত সদমে হয়, সেটি তোমার মধ্যেও প্রকাশিত হতে পারেন। (কিন্তু তাদের মধ্যে হয়নি) তখন ইহা অবশ্যই বর্তমানে'ও প্রকাশিত হত বা স্থায়িত্ব লাভ করতো।
১১:২৪ "সদমের ভূমি" ভূমি শব্দটি সম্ভবত অরামিক শব্দ হিসাবে 'নগর' শব্দটি থেকে এসেছে। আধুনিক ভূতত্ত্ব বিদ গন বিশ্বাস করেন যে পুরাতন নিয়মের এই শহরটি মরু সাগরের দক্ষিণ প্রান্তের শেষ প্রান্তে অবস্থিত ছিল।

এন এ এস বি (আধুনিক করা / হালনাগাদ) শাস্ত্র পাঠঃ ১১:২৫- ২৭।
২৫ পদ- "সেই সময়ে যীশু বলেছেন হে পিতা, স্বর্গের প্রভু আমি তোমার গৌরব করি, কেননা তুমি বিজ্ঞ ও বুদ্ধি মান কাছ থেকে সকল বিষয় গুপ্ত রাখিয়া শিশুদের কাছে প্রকাশ করেছ।
২৬ পদ- হে পিতঃ এভাবেই তোমার দৃষ্টিতে ও ইচ্ছায় প্রীতিজনক হইল।
২৭ পদ- সকলই আমার পিতা হইতে আমাতে সমর্পিত হইয়াছে। আর পুত্রকে কেহ জানে না, কেবল মাত্র পিতা জানেন এবং পিতা কে কেহ জানে না কেবল পুত্র জানেন। পুত্র যাহার কাছে ইচ্ছা তাহার কাছে প্রকাশ করেন এবং শুধু মাত্র তিনিই জানেন।"

১১:২৫"আমি তোমার গৌরব করি" এই মিশ্র বাক্যটি বর্তমান অবস্থার জন্য সত্য বলিয়া ঘোষনা করা হয়েছে। (তুলনা ৩:৬ ফিলিপিয় ২:১১) গৌরবান্ধিত অথবা অনুষ্ঠানাদি পালনে প্রসিদ্ধ করা (লূক ১:২১) একইভাবে গ্রীক ও হিব্রুতে সেপ্টুজেন্টে গৌরবান্বিত শব্দে অনুবাদিত করা হয়েছে। অরামিক ভাষাতে'ও সম্ভবত প্রকাশ্যে সম্মত প্রকাশ করেছে।

'তুমি এই সকল দ্রব্য বিজ্ঞ ও বুদ্ধিমানদের দৃষ্টিতে গুপ্ত রাখিয়াছ এবং শিশুদের কাছে প্রকাশ করেছে" । ইহা সেমিটিক জাতির ভাষা প্রকাশের বৈশিষ্ট অনুযায়ী সকল ধরনের মানব কুলকে প্রকাশ করে, শুধু মাত্র ধমীয় নয় অথবা বাক্য নয় কিন্ত ইশ্বর সম্বন্ধীয়। শিশুদের বলতে এখানে নূতন বিশ্বাসী বর্গ কে বলা হয়েছে (মথি ১৮:৬)। ইহা ইহুদী ধর্মাবলম্বীদের আশ্চর্য্যান্ধিত করেছিল, যে পুরাতন নিয়মে যীশুকে চিনতে পারে নাই এবং তাঁর উপর বিশ্বাস রাখে নাই।

১১:২৭ পদ : সমস্ত বস্তুই তিনি আমার উপর ন্যাস্ত করেছেন এবং ইহা পিতা কর্তৃক করা হয়েছে। তাই বাক্যটি প্রভু যীশু সম্পর্কে গভীর ভাবে সমর্থন করে; নিজস্ব চিন্তায়, অনুভূতিতে সর্বময় কর্তৃত্বের ভার তাঁর উপরই (মথি ২৮:১৮, ইফি১:২০- ২২, কলসীয় ২:১০ এবং ১ম পিতর ৩:২৭)

কেহ, একজনও, পিতাকে জানেনা, "জানা" এই গভীরতম শব্দটি ব্যবহৃত হয়েছে দু'বার, অর্থ হল পুরোপুরিভাবে বা সম্পূর্নভাবে জ্ঞানকে বলা হয়েছে। কেহ, পিতা কে জানেনা কিন্তু পুত্র জানেন, (যোহন ১:১৮, ১৭:২৫)

"এবং যে কেহ যাহার জন্য পুত্রের ইচ্ছা তাহার উপর প্রণোমিত হয়, ইহা প্রমাণিত শাস্ত্র বাক্য নয় যে যীশুর পছন্দ অথবা অন্যদের পছন্দ নয়। ২৮ পদে বলা হয়েছে ইহা ঈশ্বরেরই পছন্দ, যীশু খ্রীষ্টের পছন্দ এবং সকল মানব সন্তানের পছন্দ (তিমোথী ২:৪ ২য় পিতর ৩:৯) ইহা প্রমানিত হয়েছে যে যীশু নিজ থেকেই প্রকাশিত হয়েছেন অদৃশ্যভাবে অনন্ত ঈশ্বরের পক্ষে (যোহন ১:১,১৮ কল, ১:১৫ ইব্রীয় ১:৩)

এন এ এস বি (হালনাগাদ) শাস্ত্রবাক্য: ১১:২৮- ৩০।
২৮-পদ: যারা ভীত সন্ত্রস্ত যারা ভারাক্রান্ত তারা আমার কাছে এসো। আমি তোমাদের বিশ্রাম দেব।
২৯ পদ: আমার জোয়ালী আপন কাঁধে তুলে লও এবং আমা হতে শিক্ষা গ্রহন কর, কেননা আমি শান্ত এবং নম্রচিত্ত এবং তুমিও তোমার আত্মায় বিশ্রাম খুঁজে পাবে।
৩০ পদ- কারন আমার জোয়ালী সহজ এবং আমার বোঝা খুবই উজ্জল।

১১:২৮- ৩০, এই পদগুলো মথি লিখিত সুসমাচারে অদ্বিতীয় ও অন্যতম। ২৮ পদ সমর্থন করে সত্য মতবাদ গুলোকে কারন ২৯ পদে পবিত্রতা অগ্রগতিকে পুরোপুরিভাবে সমর্থন করে।

১১:২৮ 'আমার কাছে এসো' এখানে গুরুত্ব দেওয়া হয়েছে ব্যাক্তিগত সম্পর্ককে, কোন মতবাদ বা অনুষ্ঠানকে নয়। একই সত্যতা বার বার যোহন লিখিত সুসমাচারে প্রকাশ করা হয়েছে।

'ভীত' ইহা বর্তমানে সক্রিয় কার্যক্রম। এই শব্দটি একজন ভার বোঝাকারী হিসাবে বর্নিত আছে। শব্দটি সমার্থ বা প্রতিশব্দ হিসাবে ব্যবহৃত হয়েছে।

ভার বোঝা ইহা বর্তমানে'ও পরোক্ষ কার্যক্রম; এই দুটি শব্দ যিহুদী সমাজের রাব্বিদের কাছে একটি গুরুত্বপূর্ন বিষয় হিসাবে দেখাত সেটি হলো বাধ্যতা বা অবশ্যই পালনীয় (প্রেরীত ১৫:১০) একই ধারনা যীহুদী সমাজের ভাব ধারায় প্রকাশিত হয়েছে 'যোয়ালী' হিসাবে (২৯, ৩০ মথি২৩:৪) এইসকল ভাবধারা ব্যবহৃত হয়েছে আজগুবি কাহিনী হিসাবে বিশেষ করে মৌখিক ভাবে (টালমুদ) যিহুদী সমাজের প্রচলিত মৌখিক অনেক বিষয় গুলো অবশ্যই পালনীয় করে ভার বোঝা স্বরুপ করা হয়েছে। ঈশ্বরের কাছে আনার পরিবর্তে বিধি ব্যবস্থাগুলো চাপিয়ে দেওয়া হয়েছে। যিহুদী ব্যবস্থা গুলো কালক্রমেই বাঁধা হয়ে দাড়িয়েছিল, সম্পর্কে পরিবর্তে। (মন্ডলীতে সতর্কতা দরকার)

আমি তোমাকে বিশ্রাম দেব। ইহা অবশ্যই নিশ্চয়তা। যীশু বলেছিলেন "আমি নিজেই তোমাকে বিশ্রামের জন্য পরিচালনা দান করবো।" বিশ্রাম বলতে কোন করনীয় কার্যক্রম সম্পর্কে বলা হয়নি

কিন্তু সময়ের সতেজতাকে বলা হয়েছে, সুতরাং খ্রীষ্টের পক্ষে প্রয়োজনীয় কাজ করা ও প্রশিক্ষণ একান্ত দরকার।

১১:২৯ "শিক্ষা" ইহা ধমনী যুক্ত সক্রিয় কাজ। শব্দটি পৌরানিক শব্দ 'শিষ্য' এর সাথে ঘনিষ্ট সম্পর্কযুক্ত। ১১:১ পদ অনুযায়ী বিশ্বাসীবর্গ কে আদেশ দিয়েছেন যে তারা যেন শিক্ষা গ্রহন করে এবং পরিপক্ক হন।
"আমি শান্ত এবং নম্র" গ্রীক মতাদর্শে এই বাক্যটি সত্য নয় কিন্তু প্রভু যীশু তার শিক্ষার মনোভাবে শান্ত ও নম্রতাকে প্রধান চাবিকাঠি হিসাবে গ্রহন করেছেন। শান্ত ও নম্রতাই হচ্ছে ঈশ্বরের স্বর্গরাজ্য।
১১:৩০: "আমার যোয়ালী সহজ এবং আমার বোঝা উজ্জল" এখানে নতুন চুক্তির মাধ্যমে নতুন কার্য্যক্রম শুরু করার পরামর্শ আছে। বিশ্বাস ও অনুতপ্ত প্রভু যীশুর নাম হচ্ছে প্রথম ধাপ, দ্বিতীয়টি হচ্ছে বাধ্যতা ও পরিপক্ষতা। তৃতীয়টি হচ্ছে পৃথকীকরন।
একমাত্র প্রভু যীশু খ্রীষ্টই ফরিশীদের ভারবোঝা সরুপকাজ পরিবর্তন করতে পারেন অন্য কথায় এ সকল ধাপ হচ্ছে অনুতপ্ত, বিশ্বাস, বাধ্যতা, পৃথকীকরন, উপসনা ও পরিচর্য্যা।

<u>আলোচনার প্রশ্ন সমূহঃ</u>

এই পড়ার পাঠ্য তালিকা অনুযায়ী আপনি কোন অর্থে আপনার নিজের বাইবেল অনুবাদের দায়িত্বটি আছে বলে মনে করেন ?

আমাদের প্রত্যেকের অবশ্যই জ্যোতিতে চলা দরকার, এধরনের জ্যোতি কি আমাদের আছে ?

বাইবেলের অনুবাদের জন্য,আপনি পবিত্র শাস্ত্র এবং পবিত্র আত্মা সম্পর্কে কোনটি সবচেয়ে গুরুত্বপূর্ন বলে মনে করেন?

আপনি অবশ্যই মন্তব্য থেকে আশা ত্যাগ করেননি।

এই আলোচনায় প্রশ্নগুলি আপনাকে আরোও গুরুত্বপূর্ন বিষয় নিয়ে চিন্তা ভাবনা করতে সাহায্য করবে। স্পষ্ট ভাবে নয় কিন্তু ভাববানী হিসাবে।

১. যোহন বাপ্তাইজক কেন সন্দেহ করেছিলেন যে, যীশু প্রতিজ্ঞাত মোশীহ হিসাবে এসেছেন।
২. কেন যীশু বলেছেন যোহন বাপ্তাইজক ঈশ্বরের নতুন রাজ্যের লোক নয়।
৩. ১৭ পদ যোহন বাপ্তাইজক ও যীশুকে কিভাবে উপস্থাপন করেছেন?
৪. সেখানে কি শাস্তির কোন কারন আছে?
৫. যীশু খ্রীষ্ট সকল মানব সন্তানকে তার কাছে আসার জন্য আমন্ত্রণ করেছেন অথবা একটি বিষয় পছন্দ করতে বলেছেন।
৬. "বোঝা ও জোয়ালী" সম্পর্কে ব্যাখ্যা দাও? কোন সংস্কৃতি বা ধর্মীয় পরিমন্ডলে দেখা যায়?

<u>মথিঃ ১২:</u>

আধুনিক অনুবাদে পাঠের ভিনতা

ইউ বি এস	এন কে জে ভি	এন আর এস ভি	টি ই ভি	জে ভি
বিশ্রাম বারে শস্য মর্দন ১২:১- ৮ পদ	বিশ্রাম বারের কর্তা যীশু খ্রীষ্ট ১২:১- ৮ পদ	যীশু, বিশ্রামবারের ব্যবস্থা আইন ১২:১- ৮ পদ	বিশ্রামবার সম্পর্কে প্রশ্ন ১২:১- ২, ৩- ৪ পদ	বিশ্রামবারে শস্য সংগ্রহ ১২:১- ৮ পদ
মানুষটির শুকনো হাত ১২:৯- ১৪ পদ	বিশ্রামবারে সিদ্ধান্তা করেন ১২:৯- ১৪ পদ	১২:৯- ১৪ পদ	মানুষটির কুকড়ানো হাত ১২:৯- ১০, ১২:১১- ১৩, ১২:১৩- ১৪	মানুষটির শুকনো হাত সুস্থ্য করেন
দাসকে মনোনিত করছে ১২:১৫- ২১ পদ	আমার দাস স্থির থাক ১২:১৫- ২১ পদ	কাজই সুস্থ্যতা ১২:১৫- ২১ পদ	ঈশ্বর তার দাসকে মনোনিত করেন ১২:১৫- ২১ পদ	যীশু, (ইয়াহুয়ার) ঈশ্বরের দাস ১২:১৫- ২১ পদ
যীশু এবং ১২:২২- ৩২ পদ	বিভক্ত ঘর একত্রে দাড়াতে পারে না ১২:২২- ৩২ পদ	যীশু শক্তির উৎস ১২:২২- ৩২ পদ	যীশু এবং ১২:২২- ২৩ ১২:২৪ ১২:২৫- ২৮ ১২:২৯ ১২:৩০- ৩২	যীশু এবং ১২:২২- ২৪ ১২:২৫- ২৮ ১২:২৯ ১২:৩০- ৩২
	ক্ষমার অযোগ্য পাপ ১২:৩১- ৩২			

ইউ বি এস	এন কে জে ভি	এন আর এস ভি	টি ই ভি	জে ভি
পদ ও ফল	ফলে গাছ চেনা	১২:৩৩- ৩৭	গাছ ও তার ফল	বাক্য হৃদয়ের

১২:৩৩- ৩৭	যায় ১২:৩৩- ৩৭		১২:৩৩- ৩৭	বিরোধিতা করে ১২:৩৩- ৩৭
চিহ্নের গুরুত্বতা ১২:৩৮- ৪২	অধ্যাপক’ও ফরিশীরা চিহ্ন দেখতে চাইল ১২:৩৮- ৪২	চিহ্নের জন্য আবেদন ১২:৩৮- ৪২	আশর্চয্য কাজের গুরুত্বতা ১২:৩৮	যোনা ভাববাদীর চিহ্ন ১২:৩৮- ৪২
অসূচী আত্মাটি ফিরে আসে ১২:৪৩- ৪৫	অসূচী আত্মাটি ফিরে ১২:৩৮- ৪২	অসূচী আত্মাটি ফিরে আসে ১২:৩৮- ৪২	দুষ্ট আত্মা ফিরে ১২:৩৮- ৪২	ফিরে অসূচী আত্মা ১২:৪৩- ৪৫
যীশুর মাতা ও ভ্রাতারা ১২:৪৬- ৫০	যীশুর মাতা ও ভ্রাতাদেরকে তার কাছে প্রেরন করেন ১২:৪৬- ৫০	যীশুর সত্য পরিবার ১২:৪৬- ৫০	যীশুর মা ও ভ্রাতারা ১২:৪৬- ৪৭ ১২:৪৮- ৫০	যীশুর সত্য আত্মায় বর্গ ১২:৪৬- ৫০

শব্দ ও পংতির বিষয়ে পড়াশুনা।

এন এ এস বি (হাল নাগাদ) শাস্ত্র বাক্যঃ ১২ঃ ১- ৮

১. সেই সময়ে যীশু বিশ্রাম বারে শস্য ক্ষেত্রের মধ্যে দিয়ে যাচ্ছিলেন এবং তার শিষ্যরা ক্ষুধিত হওয়ায় শষ্যের শিষ ছিড়ে খেতে লাগলেন।
২. কিন্তু ফরিশীরা যখন এটি দেখলেন তখন যীশুকে তারা বললেন বিশ্রাম বারে বিধেয় নয়, তথাপি আপনার শিষ্যরা করছে।
৩. কিন্তু যীশু তাদের উক্তরে বললেন দায়ুদ যখন ক্ষুধা পেলেন তখন তিনি এবং সঙ্গীরা কি করেছে।
৪. তারা কিভাবে ধর্ম ধামে প্রবেশ করলেন এবং তার মন্দিরের রুটি ভোজন করেছিলেন যাহা তাঁর এবং তার সঙ্গীদের ভোজন করা বিধেয় ছিলনা।
৫. অথবা তোমরা কি ব্যবস্থায় পাঠ করনাই যে বিশ্রামবারে যাজকেরা ধর্মধামে বিশ্রামবার পালন না করলেও নির্দোষ থাকে।
৬. কিন্তু আমি তোমাদের বলছি এখানে মন্দিরের চেয়ে যে কেউ মহৎ ও গুরুত্ব আছেন।
৭. কিন্তু যদি তোমরা জানতে ইহার অর্থ কি? আমি দয়া চাই, বলিদান চাই না। তোমরা নির্দোষদিগকে দোষী করতে পারনা। মনুষ্য পুত্রই বিশ্রাম বারের কর্তা।

১২:১ যীশু বিশ্রাম বারে শস্য ক্ষেত্রের মধ্যে দিয়ে গেলেন টালমুদ শিক্ষা দেয় যে যেকোন লোক যাতায়াতে ২০০০ হাজার লোকের মধ্যে যাতায়াত করতে কোন অন্ধজাতির প্রয়োজন নেই। ইহা মজার ব্যাপার ছিল যে সেই ভির প্রযুক্ত লোকের মধ্যে ফরিশী এবং অধ্যাপক সহ বিশ্রামবারের যাতায়াত করেছিলেন। সুতরাং সকলই দোষী ছিল, বিশ্রাম বারের ব্যবস্থা লংঘন করেছিল। প্রকৃতপক্ষে ধর্মতত্ত্বে ফরিশীদের জন্যেও বিচারিত সম্পর্কে আলোচিত হয়েছে । (নোট ২২:১৫)

শিষ্যের শিষ ছিড়ে খেতে আরম্ভ করল সাধারনত এধরনের কাজ অনুমোদিত ছিল। (২য় বিবরন ২৩:২৫) সমস্যাটি ছিল যে এধরনের কাজ বিশ্রামবারে সংগঠিত হয়েছে (যাত্রা ৩৪:২১) অন্যান্য

সিনপটিক সুসমাচার অনুযায়ী জানা যায় শিষ্যরাও ক্ষুধার্ত ছিল । সুযোগ বা কায়দা অনুযায়ী রাব্বিরাও বিভিন্ন কর্মে দোষী ছিল যথাঃ

১. শষ্য মর্দন
২. পদ্ধতিতে আনা
৩. বিশ্রাম বারে খাদ্য প্রস্তুত
৪. এবং প্রতিটা অনুষ্ঠানাদি অশুচী হস্তে সম্পাদিত করত।

১২:৩,

তোমরা কি পড় নাই দায়ুদ ক্ষুধিত হওয়ার সময় কি করেছিল ? (১ম শমূঃ ২১:১)

১২:৪,

এন এ এস বি- “রুটির দিগে মনোযোগ”
এ কে জে ভি- “রুটিটি লোকে দেখতে পেল’’
এন আর এস ভি- “প্রতিজ্ঞত রুটি ছিল’’
টি ই ভি- “ রুটিটি ঈশ্বরকে উৎস্বর্গ করা হল”
জে ভি- “ রুটিটি উৎস্বর্গের”

এই গুলোতে “রুটি প্রদর্শিত” করা হয় অথবা “বৃষ্টির উপস্থিতি” করে দেখানো হয়ঃ যেটি নাকি পবিত্র ন্থান নিয়ম সিন্দুকে সংস্থাপিত করা হয় এবং পরবর্তিতে মন্দিরে (প্রতিষ্ঠার মূল্যে ১২ পন্ডিতের উর্দ্ধে)। এইটি শুধু মাত্র পুরোহিতদের জন্যই পবিত্র সহকারে তৈরী করা হত(লেবীয় ২৪:৫- ৯; যাত্রা ২৫:৩০) ঐ ১২টি রুটি প্রতি সপ্তাহে সংস্থাপিত করা হত। যে কোন ভাবে ১ম শমূঃ ২১ অধ্যায় অনুযায়ী বিশেষ শর্ত অনুযায়ী দায়ূদকে খাবারের অনুমতি প্রদান করা হয়।

১২:৫

পুরোহিত গন মন্দিরের ভিতর অজান্তেই বিশ্রাম বারকে লংঘন করেছিলেন? বিশ্রামবার কি যাজকবর্গদের কাজের দিন ছিল।(গনন ২৮:৯- ১০)

১২:৬

“কিন্তু আমি তোমাদের বলছি যে কোন দিক থেকে ধর্ম ধাম অপেক্ষা মহৎ ব্যাক্তি এখানে আছেন” । কিছু শাস্ত্র বাক্য পুরুষ জাতির উপর প্রধান্য অনুবাদিত হয়েছে, আবার কোন কোন শাস্ত্র বাক্য নিরপেক্ষ্য ভাবে অনুবাদিত হচ্ছে।‘কোন কিছু’ (এন এ এস বি, এন আর এস বি, টি ই ভি, জে বি) এইটা মনে হচ্ছে স্বর্গরাজ্য ইঙ্গিত দেওয়া হচ্ছে। মোসীহ সম্পর্কে বলা হচ্ছে (২৮:৪১- ৪২) যিহুদীদেরকে কিছু নাড়া দিয়ে বলা হচ্ছে।

১২:৭

“ইহার অর্থ কি যদি তোমরা জানতে” ইহা দ্বিতীয় শর্ত আরোপিত বাক্য “ঘটনার মতানৈক্য” বাক্যটি বলা হচ্ছে যদি তুমি জানতে? (কিন্তু সে জানেনা) সুতরাং অসহায় অজ্ঞদের দোষী করতে পারনা (কিন্তু তুমি করে থাক)

“আমার আশা সহানুভূতি, কিন্তু স্বার্থত্যাগ নয়” এইটি হোশেয় ৬:৬ পদ থেকে চয়ন করা। ইহা একটি ভাববাদীদের প্রচারের উদাহর সেটি বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে অনুষ্ঠানাদি সম্পর্কে (মিখা ৬:৬- ৮)

১২:৮ “কেননা মনুষ্য পুত্র বিশ্রাম বারের কর্তা” এটি মারাত্মকভাবে মর্মাহত করেছে যিহুদীদের, যারা ত্বকচ্ছেদ ও বিশ্রামবারকে অবশ্যই পালনীয় হিসাবে পালন করে চলেছেন (মার্ক ২:২৭)
যখন লোকজন কোন কিছু প্রশ্ন করতেন এবং ঈশ্বর ব্যাতিরেখে প্রতিবাদ করতেন, তখনই তাকে দেবতা পুজারী মনে করা হত।

এন এ এস বি (হাল নাগাদ) শাস্ত্র বাক্যঃ ১২ঃ ১- ১৪
৯পদঃ
পরে সে জায়গা ছেড়ে সমাজ গৃহে গেলেন।
১০পদঃ
সেখানে একজন লোক ছিল যার একটা হাত শুকিয়ে গিয়েছিল। এবং তারা যীশুকে দোষী করার উদ্দেশ্যে জিজ্ঞেস করলেন বিশ্রাম বারে কি সুস্থ করা বিধেয়? তারা যীশু কে দোষী সাব্যস্ত করতে চেয়েছিল।
১১ পদঃ
তিনি তাদের বললেন তোমাদের মধ্যে এমন লোক আছে যে বিশ্রাম বারে কারোর ভেড়া যদি গর্তে পড়ে তিনি তাকে গর্ত থেকে তুলে নিবেন না?
১২পদঃ
ইহা কত অধিক মূল্যবান যে ভেড়ার চেয়ে মানুষ! সুতরাং বিশ্রাম বারে সুস্থ্য করা বিধেয়।
১৩ পদঃ
তখন তিনি লোকটিকে বললেন তোমার হাত বাড়িয়ে দাও, লোকটি বাড়িয়ে দিল এবং সুস্থতা লাভ করল অন্যান্য সাধারন লোকদের মত।
১৪ পদঃ
তখন ফরিশীরা বাইরে গেলেন এবং তার বিরুদ্ধে ষড়যন্ত্র করতে লাগলেন কিভাবে তাকে ধ্বংশ করা যায়।

১২:১০ “বিশ্রাম বারে কি সুস্থ করা বিধেয়” ? পুরাতন নিয়মে এর কোন পরিষ্কার বক্তব্য নেই কিন্তু ইহা নতুন নিয়মে মৌখিকভাবে চলে এসেছে। ঐতিহ্য গত যেগুলো নাকী রাব্বিরা পুরাতন নিয়মে অনুবাদ করেছেন সেগুলো এভাবে অনুবাদিত হয়েছে। এখানে মানবিকতাকে বেশী গুরুত্ব দেওয়া হয়েছে (যিশাইয় ২৯:১৯) কিন্তু জন সাধারনের চাহিদাকে গুরুত্ব দেওয়া হয়নি।

“এবং যেখানে একজন লোক ছিল যার হাত অবশ হয়ে পড়েছিল” অ্যাপোক্রিপাল অনুযায়ী যিহুদীদের জন্য সুসমাচার ঐতিহ্যগত আমরা শিখতে পারি লোকটি ছিল একজন রাজমিস্ত্রি, এবং এ কারনেই তাঁর ডান হাত অবশ হয়ে পড়েছিল। সুতরাং তিনি কাজ করতে অক্ষম ছিলেন।
১২:১১
“মেষ” এটি অনেকগুলো উদাহরনের মধ্যে একটি যেখানে মৌখিক ঐতিহ্য গত চলে এসেছে এবং আনন্দের চেয়ে বোঝা স্বরুপ হয়ে আছে। মেষ মানুষের চেয়ে ক্রমাগত সমস্যার (১০:৩১)

“যদি” ইহা তৃতীয় পক্ষের বক্তব্য ।
১২:১৪
ফরিশীরা বাইরে গিয়ে তার বিরুদ্ধে মন্ত্রনা করতে লাগল। মার্ক ৩:৬ হতে আমরা শিখতে পাই যে এধরনের পরামর্শ হেরোদিয়ার কাছ থেকেই এসেছিল, ফরিশীরা সর্বদা বিরুদ্ধাচারন বা শত্রুতা করত। (রাজনৈতিক ভাবে এবং ধর্মীয় ভাবে)

“তাহারা তাঁকে কিভাবে বিনষ্ট করতে পারে” নেতাগন নিজেদেরকে ঈশ্বর নির্ভরশীল মনে করত। ধর্মীয় নেতাদের ধারনার বাইরে ছিল যে তার অনুষ্ঠানাদি ও বিশ্রামবার ভঙ্গের কারনে যীশুকে হত্যা করা পাপ নয় (২৬:৪, লূক ৬:১১, যোহন ১১:৫৩)

এন এ এস বি (হালনাগাদ শাস্ত্র পাঠ১২: ১৫- ২১)
১৫ কিন্তু জানার পর সেখান থেকে চলে গেলেন অনেকে তাকে অনুসরন করেছে এবং তাদেরকে তিনি সুস্থ করলেন। ১৬তিনি (যীশু) নিষেধ করে দিলেন যে তাঁকে যেন পরিচয় না দেওয়া হয়। ১৭যিশাইয় ভাববাদীর বচন পূর্ন হয়েছে। ১৮“আমার মনোনীত দাসের উপর বিশ্বাস রাখ, আমার প্রিয়, যার উপর আমার আত্মা সন্তুষ্ট, আমার আপন আত্মাকে তাঁর উপর স্থাপন করব” এবং তিনি ন্যায্যতার উপর ঘোষনা করবেন পরজাতিদের কাছে। ১৯তিনি ঝগড়া করবেন না, তিনি কাঁদবেননা, পথে কেহ তার রব শুনতে পাইবেনা।
২০তিনি কেন নল ভাঙ্গিবেননা। কোন দগ্ধকারীকে তিনি তুলে নিবেননা, যতক্ষন পর্যন্ত না ন্যায় বিচার জয়ীরুপে পরিচালনা না করেন।
২১তার নামেই পরজাতিগন প্রত্যাশা লাভ করবে।

১২:১৫
“এবং তিনি তাদের সকলকে সুস্থ করলেন” এখানে যে ধরনের ক্ষমতা, সহানুভুতি তিনি প্রদর্শন করলেন**!** যীশু লোকদের গুরুত্ব দিতেন, যত্ন নিতেন । শারীরিক সুস্থতা ছিল স্মরন যোগ্য। এমন কি ভূত ছাড়ানো, আপনা আপনি আত্মার কার্যক্রম উদ্ধার করা এবং মুক্তি পাওয়া হযনি। কিছু কিছু পদ প্রভু যীশুর সুস্থ করন কার্যক্রম কে বিভিন ভাবে প্রকাশ করেছেন:

১. মাঝে মাঝে তারা বলেছে“সকলে” মথি ৮:১৬, ১২:১৫ লূক ৪:৪০, প্রেরীত ১০:৩৮)
২. মাঝে মধ্যে তারা বলেছে সকলেই “দয়া” / অনুগ্রহ, প্রত্যেকে নয় “একজন” (মথি ৪:২৩, ৯:২৩)
৩. মাঝে মধ্যে বলে “অনেকেই” সকলে নয় (মার্ক ১:৩৪, ৩:৪০, লূক ৭:২১)
৪. প্রায় তারা প্রয়োগ করেছেন যে “তিনি সকলকে সুস্থ করলেন” (মথি ১৪:১৪, ১৫:৩০, ১৯:২, ২১:১৪)

১২:১৬
“এবং তিনি তাদের নিষেধ করে দিলেন, তিনি কে; সে বিষয়ে যেন বলা না হয়”
১২:১৬ এবং তিনি তাদের নিষেধ করে দিলেন, তিনি কে,সে বিষয়ে যেন না বলা হয়। ইহা মশীহ গ্রন্থের সাথে সম্পর্কযুক্ত। যীশু লোকদের অনুরোধ করে দিলেন যেন বিষয়টি নিয়ে সহভাগ না করেন। তাঁর আশ্চর্য কাজ কিন্তু সংবাদ দিল সহভাগের মূল বিষয় যা প্রক্রিয়ার মধ্যে ছিল। সুসমাচার

তখনও শেষ হয়ে যায়নি। মোশীহ গ্রন্থটিই ছিল সুসমাচারের মূল বিষয়। (৮:৪,৯:৩০, ১৭:৯ মার্ক ১:৪৪, ৩:১২, ৫:৪৩, ৭:৩৬, ৮:৩০, ৯:৯ লুক ৪:৪১,৮:৫৬,৯:২১) যীশু কখনও চাননি, তিনি যেন সমগ্র জায়গায় একজন সুস্থ্যকারী হিসাবে পরিচিত না হন।

১২:১৮ আমার দাস মোশী, যোশুয়া ও দায়ুদ সম্পর্কে পুরাতন নিয়মে এই বিশেষ পদবীটি বিশেষ অর্থে ব্যবহার করা হয়েছে। কারন বিশেষ কবিতায়/ পদ্য অনুসারে যিশাইয় ভাববাদী গ্রন্থে "আমার দাস নামে ডাকা হয়েছে (যিশাইয় ৪২:১- ৯,৪৯:১৭,৫০:৪- ১১,৫২:১৩- ৫৩,১২) ইহা মশীহ স্বভাবের নিগুরতত্ত্ব বর্ননা থেকে নেওয়া হয়েছে । এই চরম উপাদানটি মোশীহের। (যিশাইয় ৫২:১৩- ৫৩: ১২ যাতনার দাসটি। ইহুদিদের যীশু, তারা প্রত্যাশা করেনি যে মশীহ যাতনার হবেন, কিন্তু স্বর্গীয় ক্ষমতায়নে সেনাবাহিনীর মশীহ।এই বর্ননায় যীশুকে ইহুদী নেতাগন কেন গ্রহন করতে পারেনি। (এমন কি যোহন ও বুঝতে পারেনি ১১:৩)

১২:১৭, যিশাইয় ভাববাদী" পদ ১৮- ২১ যিশাই ৪২:১ পদ থেকে উদ্ধৃতি দেওয়া হয়েছে । ইহা প্রকৃতভাবে হিব্রু মেসোরেটিক লেখা থেকে গ্রহন করেনি অথবা সিপ্টোজেন্ট গ্রীক সংকলন থেকেও গ্রহন করেনি। কিন্তু ইহা পরিস্কারভাবে প্রকাশ হয়েছে যীশুই মশীহ।

যিহুদী নেতাগন সর্বদা বুঝতে পারতেন দাস গীতটি, যে গীতটি ইস্রায়েল জাতীকে বুঝাতে হত এবং গীতটি ছিল প্রকৃত অর্থে সত্য (যিশাইয় ৪১:৮,৪২:১,১৯,৪৩:১০,৪৯:৩- ৬) যাইহোক গীতটি ছিল স্বাতন্ত্র বিশেষ ও আদর্শ ইস্রায়েল জাতির (যিশাইয় ৫২:১৪ (LXX) ইস্রায়েলদো ব্যর্থতা ছিল (যিশাইয় ৪২:১৯,৫৩:৪ জগতিস্থ ক্রিয়াকর্মে (আদি ১২:৩ যাত্রা ১৯:৫- ৬) কারন মোশীর স্বেচ্ছাশ্রম চুক্তি (লেবি ২৬:দ্বিতীয় ২৭:২৮) সুতরাং আশীর্বাদের পরির্তে সমগ্র বিষয় ঈশ্বরের বিচার কে দেখতে পেয়েছিল। (যিহি ৩৬:২২- ৩৮) আমার ভালবাসা যার উপর আমার আত্মা সন্তুষ্ট " এই উক্তিটি অবশ্য প্রভূযীশুর বাপ্তিষ্ম ও রূপান্তরের সময়ের করা হয়ে ছিল (৩:১৭,১৭:৫) পিতা তাঁর পুত্রের কাজের জন্য সন্তুষ্ট হয়েছিলেন।

১২:১৮,২১, "তিনি পরজাতিদের কাছে ন্যায্যতা সম্পর্কে প্রচার করেন . . . . . তার নামে যেন পরজাতিরা প্রত্যাশা পায় " এই ঘোষনাটির মধ্যে সে পরজাতিদের জন্য স্বর্গরাজ্যের দুয়ার খুলে দিলেন, পরজাতি বিশ্বাসীরা যিহুদিদেরকে প্রচন্ড ধিক্কার দিয়েছিলেন। (যিশাইয় ২:১- ৪, ইফি ২:১১- ৩:১৩)

১২:১৯, তিনি ঝগড়া করিবেন না ও চিৎকারও করবেন না " ইহা প্রভূ যীশুর কার্যের বিশেষ গুন সম্পর্কে প্যালেস্টাইন সরকারী কর্মকর্তাদের সামনে বর্ননা করেছেন, যেমন হেরোদ ও পিলাত।
১২:২০, তিনি থেৎলা নল ভাঙিবেন না, এবং শলিতা নির্মান করিবেন না, সে পর্যন্ত ন্যায়বিচার জয়ীরুপে প্রচলিত করেন " ইহার অর্থ এরুপ হতে পারে ——

১. যীশু পরজাতিদের সাথে পাপী হিসাবে সনাক্ত হতে পারেন ।

২. যীশু স্বর্গরাজ্যর অতি দূর্বলদের এবং ছোটদের খুজেঁন যতক্ষন পর্যন্ত মর্তে আনন্দ পরিপূর্ণ না হয়।

এন এ এস বি (হালনাগাদ - শাস্ত্র পাঠঃ ১২ঃ২২- ২৪)

২২ পদ তখন একজন ভূতগ্রস্থকে তাহার কাছে নিয়ে আসা হল। সে ছিল অন্ধ ও গোঁগা। যীশু তাকে সঙ্গী করলেন। তাহাতে সেই অন্ধ ও বোবা লোকটি দেখতে ও কথা বলতে পারল।

২৩ পদ, তখন সমস্ত লোক আশ্চর্য হয়ে বলতে লাগল ইনি কি সেই দায়ুদ সন্তান? ২৪ পদ কিন্তু ফরিশীরা যখন শুনতে লাগলেন তারা বলতে শুরু করল "এই ব্যাক্তি আর কিছু নয় কেবল ভূতগনের অধিপতি বেলসবুল ছাড়াই ভূত ছাড়াই।

১২ঃ২২- এটা ছিল শুধুমাত্র মশীহের চিহ্ন কার্য (যিশাই ২৯ঃ১৮, ৩৫ঃ৫, ৪২ঃ৭, ১৬) যিহুদী জাতির জন্যও এ ধরনের সুস্থ্যহতার কার্যক্রম অতিব জরুরী ছিল।

১২ঃ২৩ এই লোকটি কি দায়ুদ সন্তান অথবা কে ? গ্রীক অনুযায়ী প্রশ্নের উক্তর না হওয়ার কথা, কিন্তু উক্তরটা হয়েছিল সত্য অথবা না। দায়ুদ সন্তান বিষয়টি ২য় শমুয়েল ৭ অধ্যায় অনুযায়ী মশীহ সম্পর্কে বলা হয়েছে। ইহা মথি লিখিত সুসমচারে প্রায়শইঃ উল্লেখ করেছেন।

(৯ঃ২৭, ১২ঃ২৩, ১৫ঃ২২, ২০ঃ৩০- ৩১, ২১ঃ৯, ১৫; ২২ঃ২৪)

১২ঃ২৪ ফরিশী শুনে বলেছিল, এটা অক্ষমাপ্রাপ্ত পাপের মূল, যেখানে ঐশ্বরিক অবদানকে শয়তানের কাজে ঠেলে দেওয়া হয়েছে এবং বলা হচ্ছে কোনটি সত্য? মিথ্যা এবং কোনটি অন্ধকার আর কোনটি আলোর? ফরিশীরা প্রভূযীশুর আশ্চর্যকাজ সম্পাদনকে অস্বীকার করতে পারেনি, তাই তারা এটাকে দৈব শক্তি ও শয়তানেরই কাজ বলে অভিহিত করেছেন (মথি
৯ঃ৩২- ৩৪, মার্ক ৩ঃ২২- ৩০, লুক ১১ঃ১৪- ২৬)

বেলসবুল- বেলসবুল বলতে জেবুদ শহরের " দেবতাকে বুঝানো হয় (কনান দেশের উর্বরা শক্তির পুরুষ দেবতা) (২য় রাজা ১ঃ) যিহুদী জাতি কিছু পরিবর্তন করে নাম রাখা হয়েছে "জেবুলের বাল' যার অর্থ জমির উর্বরা বৃদ্ধিকারী ঈশ্বর"। এই শব্দটি প্রচীন কালে প্রাচীন গ্রন্থে অন্য ভাবে উচ্চারন হয়েছে। জেবুল শব্দটি ল্যাটিন পবিত্র ধর্ম গ্রন্থ "ভালগেট " এবং পিসিটা অনুবাদ অনুযায়ী জেবুল হচ্ছে গ্রীক শাস্ত্র থেকে লওয়া। ইহা শয়তানদের পদবী ছিল। পরবর্তীতে জুদাইজিম অনুযায়ী জেবুল হল শয়তান প্রধান।

এন এ এস বি হালনাগাদ শাস্ত্র পাঠঃ ১২ঃ২৫- ৩০
২৫ পদ এবং তাদের চিন্তা জানতে পেরে যীশু তাদেরকে বললেন, যে কোন রাজ্য আপনার বিপক্ষে ভিন হয়" যে কোন শহর অথবা ঘর বিভক্ত হয় " যে টি স্থির থাকতে পারেনা "
২৬ পদ যদি শয়তান শয়তানের বিপক্ষে যায়,সে নিজেই নিজেকে বিপক্ষে করে তোলে। তখন কিভাবে তাঁর স্বর্গ রাজ্য দাড়াতে পারে ?
২৭ পদ আমি যদি বেলসবুল দ্বারা ছাড়াই তবে তোমাদের সন্তানেরা কার দ্বারা ভূত ছাড়াবে? এর কারনের জন্যই তারা তোমাকে বিচারে আনবেনা
২৮ পদ কিন্তু আমি যদি ঈশ্বরের পবিত্র আত্মার দ্বারা ভূত ছাড়াই তখন ঈশ্বরের স্বর্গরাজ্য তোমাদের মধ্যে প্রতিষ্ঠা লাভ করবে।
২৯ পদ অথবা কে কিভাবে সেই বলবান লোকের ঘরে প্রবেশ করবে এবং তার সম্পত্তি বহন করবে? যতক্ষন তিনি প্রথমে তাঁকে বেঁধে রাখবেন ? তখন তিনি তার ঘর লুট করবেই ।
৩০ পদ সে আমার পক্ষে নয় বরং বিপক্ষ, এবং সে আমার সহিত কুড়াইনা বরং সে বিপক্ষে দাড়াই।

১২ঃ২৫- ৩৯, যীশু যুক্তিযুক্ত ভাবে এবং বিশ্লেষনাত্মক আবেদন ফরিশীদের সামনে তাদের দাবি অনুযায়ী তুলে ধরেছেন (মার্ক ৩ঃ২৩- ২৭, লুক ১১ঃ১৭- ২২) সেখানে তিনি বারটি উদাহরন তুলে ধরেছেন

- ২৫ পদ
- ২৭ পদ
- ২৮-পদ
- ২৯ পদ

এই ধাপ গুলো ছিল প্রথম সারির শর্ত বাক্য যেটি মনে করা হয় লেখকের প্রেক্ষাপট থেকে সাহিত্যিক ভাবে সত্যতা প্রকাশ পেয়েছে (২৬,২৭ এবং ২৮ পদ গুলো)
১২ঃ২৫ এবং তাদের চিন্তা জানতে পেরে " ইহা অপ্রত্যাশিত ভাবে একটি অবস্থা সৃষ্টি করেছিল, যীশু তার ঐশ্ব শক্তি প্রকাশ করা সামর্থ দেখিয়ে লোকদের চিন্তা ও দর্শনকে আশ্চর্য করতে বাধ্য করেছিল এবং আপনা থেকে মন্তব্য করতে দেখা যায় (৯ঃ৪)
১২ঃ২৭

- কিসের দ্বারা তোমার সন্তানের ভূত ছাড়ান হল ?
- কিসের দ্বারা তোমার পবিত্র নাম উচ্চারন সহ ভূতগ্রস্থদের দূরীভুত করা হয়।
- কে তোমার অনুসারীদের ক্ষমতা দিয়েছেন যে তাদেরকে তাড়ানোর জন্য ?
- কার মাধ্যমে তোমার নিজের ভূত গ্রস্থদের ছাড়ানো হয়েছে ?
- যিহুদিদের পবিত্র নাম উচ্চারন করে তাদক/ ভেলকী/ ম্যাজিক পদ্ধতিতে ভূত ছাড়াতেন (মর্ক ৯ঃ৩৮ , প্রেরিত ১৯ঃ১৩) অব্যবহৃত পদ গুলো হচ্ছে ৪৩- ৪৫, মনে করা হয় যিহুদী ভূত ছাড়ানোর জন্য সম্পর্কযুক্ত , যে ভাবে ভূত তাড়ানো করা হত , কিন্তু ইহা কোন পুনঃস্থাপন করা হয়না , ইহা পূর্ণ ঈশ্বরের উপরে বিশ্বাস , ও আস্থার পূর্ণতায় জীবন ধারন।

১২ঃ২৮ " যদি... স্বর্গরাজ্য আপনার মধ্যে নেমে আসে " ইহা লোকদের সাহিত্যিক সত্যতার প্রকাশ । এটা ছিল লেখকের মশিহের বিষয়ে উন্মোচন ফলক । ইহা ছিল উচ্চমানের যা মথি সুসমচার

ব্যবহার করেছেন “ স্বর্গরাজ্য হিসাবে ” মার্ক মথি লুক বিভিন্ন সময় “স্বর্গ” হিসাবেই ব্যবহার করা হয়েছে। যেখানে মোট বারটি প্রত্যাশিত বিষয় ঃ-

- ইহা উক্তরন
- ১৯ঃ২৪
- ২১ঃ৩১
- ২১ঃ৪৩

যীশু জোর দিয়েছেন যে তাঁর পবিত্র বাণী প্রযুক্ত ভূত তাড়ানো তাঁর মশীহের ক্ষমতা বলে বিশেষ বিষয় স্বর্গরাজ্য হিসাবে দেখানো যায় ৪ঃ১৭

১২ঃ২৯ এই পদটি প্রায়ই বর্তমানেও আধুনিক চর্চায় ভূত তাড়ানোর জন্যে উপাসনাতে ব্যবহৃত করে । কিন্তু অবস্থা অনুযায়ী ইহা একটি প্রতিজ্ঞা নয়, শাস্ত্র বাক্য যৌথভাবে ভূত ছাড়াই । বিশ্বাসীরা ভূতকে বাধার জন্যে ক্ষমতা দেয়না (যিহুদানঃ) প্রেরিতদেরকে সত্তর বার ভূত তাড়ানোর জন্য ক্ষমতা দিয়েছেন (লুক ১০ঃ১ লুক ১০ঃ১৭- ২০) যাইহোক ইহা কখনো তালিকাভুক্ত হয়নি যে মন্ডলীর জন্যে আত্মা প্রদান একটা পুরস্কার নয় । উদাহরনটি মার্ক সুসমাচারে প্রকাশ পেয়েছে মার্ক ৩ঃ২২- ২৭ লুক ১১ঃ২১- ২৩

১২ঃ৩০ তিনি আমার সঙ্গেও না আমার বিরুদ্ধেও নয় একটি পরিস্কার ও অন্তর্নিহিত পছন্দ অবশ্যই তৈরী করা হয়েছে (মার্ক ৯ঃ৪৯, ৫০ঃ১১ঃ২৩) যীশু নুতন যুগের সূচনা করেন, জনগন অবশ্যই সাড়া দেওয়া উচিত ।

এন.এ এস বি হালনাগাদ শাস্ত্র বাক্য ১২ঃ৩১- ৩২
৩১ পদ এই কারন আমি তোমাদিগকে বলিতেছি যে মনুষ্যদের সকল পাপ ক্ষমা হইবে, কিন্তু আত্মার প্রতি বিরুদ্ধ কারিদের ক্ষমা করা হইবে না ।

৩২ পদ যে কেহ মনুষ্যপুত্রের বিরুদ্ধে কোন কথা কহে যে ক্ষমা পাইবে কিন্তু পবিত্র আত্মার বিরুদ্ধে যে কেহ কথা বলে যে কখনও ক্ষমা, পাবেনা ইহকালেও নয়; পরকালেও নয়।

১২ঃ৩১- ৩২, এই পদ গুলো প্রায়ই স্বরণ করে দেয় যে পবিত্র আত্মার বিরুদ্ধাচরন হচ্ছে “ অক্ষমাপ্রাপ্ত পাপ ” । মার্ক ৩ঃ২৮, ইহা পরিস্কার ভাবে বলা হয়েছে যে “ মনুষ্যপুত্র ” পদটি যীশু খ্রীষ্টের জন্য ছিলনা এই অবস্থার জন্য কিন্তু যিহুদী জাতির বর্ণ গোত্র ও আদর্শ অনুসারেই ব্যবহৃত হয়েছে “ মনুষ্যপুত্র ” হিসাবে, অথবা ব্যাক্তি হিসাবে । এই অর্থটি ৩১ ও ৩২ পদকেও সমতা হিসাবে সমর্থন করেছে । পাপ বিষয়ক আলোচনা অজ্ঞতাই আলোচনা ছিলনা কিন্তু ইচ্ছাকৃত ঈশ্বরের প্রত্যাখান হিসাবে, এবং তাঁর সত্যতা ও মহা আলোকের উপস্থিতিকে বুঝানো হয়েছে । অধিকাংশ লোকজন আবহাওয়া সম্মন্ধে চিন্তিত তারা মনে করে ইহা একমাত্র পপের জন্যই । জনসাধারন যারা ঈশ্বর সম্পর্কে জানতে আগ্রহী , অথবা ভীত তারা পাপে আসক্ত হতে পারেনা । এধরনের পাপের প্রক্রিয়া যীশুর কাছে , যীশুর আলোর উপস্থিতিতে ও কঠিন আধ্যাত্বিকতায় প্রত্যাখাত হয় এইটার সাদৃশ্যটা ইব্রিয় ৬ঃ এবং ১০ঃ।

বিষয়ঃ এই সময় এবং সময়টি আসবে,
পুরাতন নিয়মের ভাববাদীদের ভবিষ্যৎ বাণী গুলোই বর্তমানে প্রসারিত হচ্ছে। তাদের জন্য ভবিষতে ইস্রায়েলের ভৌগোলিক সীমানার মধ্যে রাজ্যটি পুনঃস্থাপিত হবে । ইয়াহুয়া বা ঈশ্বরের প্রতিনিয়ত প্রত্যাখানের এবং অব্রাহামের ভাববাদিদের জন্য (নির্বাসিতদের পরে) একটা নতুন স্বর্গরাজ্যের সূচনা হবে যা যিহুদী ভবিষ্যতব্য সাহিত্যে প্রকাশ করা হয়। এই লেখাগুলো দুটো যুগের মধ্যবর্তি সময়ে শুরু করেন ঃ- একটি হচ্ছে যখন মন্দআত্মা বা শয়তান কর্তৃত্ব করেন , এবং অন্যটি হচ্ছে ধার্মিকতার কর্তৃত্ব যা মশীহ দ্বারা শুভসূচনা করেন এবং আত্মায় পরিচালনা করেন । (সর্বদা দক্ষ ও প্রচুর শক্তিধরের মত)
এই বিষয়টি ধর্মতত্ত্বের (পুনরাগমন) দিক থেকে অত্যন্ত সুস্পষ্টভাবে উন্নত করা হয়েছে । ধর্মতত্ত্ববিদগন " উন্নয়নের প্রকাশ " হিসাবে বর্ণনা করেন । যীশু এবং প্রেরীত পৌল উভয়ই এর প্রকৃততা ও সত্যতা সম্পর্কে তাদের সময়ে নতুন সৃষ্টি সংক্রান্ত সমর্থন জ্ঞাপন করেন ।

যীশু	**পৌল**	**ইব্রীয়**
মথি ১২:৩২	রোমীয় ১২:২	১:২
১৩:২২,২৯	১ম করিঃ ১:২০,২:৬,৮,৩:১৮	৬:৫
	২য় ৪:৪	১১:৩
	গালাতীয় ১:৪	
মার্ক ১০:৩০	ইফি ১:২১,২:১,৭,৬:১২	
	১ম তিমঃ ৬:১৭	
লুক ১৬: ৮	২য় তিম ৪:১০	
১৮:৩০	তীত : ২:১২	
২০:৩৪- ৩৫		

নতুন নিয়মের ধর্মতত্ত্ব অনুযায়ী এই দুটো যীহুদী সময়ে একই বিষয়ে পূনঃ পূনঃ প্রকাশ করেছে কারন অপ্রত্যাশিতভাবে মশীহের আগমন দিন ছিল মূখ্য । যীশুর অবতার হিসাবে বেথলেহেমে জন্ম গ্রহন , পুরাতন নিয়মের ভাবাদীদের ভবিষ্যৎ বাণীর পূর্নতা ও নতুন যুগের শুভসূচনা । যে হোক পুরাতন নিয়ম তার আগমন সম্পর্কে এক বিচারক ও যুদ্ধ বিজয়ী হিসাবে বর্ণনা করেছেন যতক্ষন পর্যন্ত না তিনি প্রথমে একজন যাতনাকারী দাস হিসাবে প্রকাশিত হয়েছেন (যিশাইয় ৫৩:) পরিশ্রমী ও শান্ত (যিহি : ৯:৯), তিনি ভাববাদিদের ভাববাণী পূর্ণ করার জন্য ক্ষমতা নিয়ে প্রত্যাগমন করেন (প্রকাশিতঃ ১৯) । এই দুটি ধাপ পরিপূর্ণ করার অর্থই হল স্বর্গ রাজ্য ; বর্তমানে (উন্মোচন) কিন্তু ভবিষ্যতে (ধংবশ হবেনা) , বিশেষ দেখার জন্য ২য় তিমথী ২:১২, এটা নতুন নিয়মের একটা চিন্তার আবার বিদ্যমান কিন্তু এখন নয় ।

এন এ এস বি হালনাগাদ পাঠ ১২:৩৩- ৩৭
৩৩ পদ - গাছকে ভাল কর অথবা ফলকে কর, গাছকে মন্দ বল অথবা ফলকে মন্দ বল,
৩৪ পদ হে সর্পের বংশেরা তোমরা মন্দ হইয়া কেমন করিয়া ভাল কথা কহিতে পার? কেননা হৃদয় হতে যাহা ছাপিয়া উঠে তাহাই মুখে বলে থাক।
৩৫ পদ ভাল মানুষ, ভাল ভান্ডার হতে ভাল দ্রব্য বাহির করে এবং মন্দ ভান্ডার হতে মন্দ দ্রব্য বাহির করে ।
৩৬ পদ কিন্তু আমি তোদের বলিতেছি, মানুষ যত অনর্থক কথা বলে বিচারের দিনে সে সকলের হিসাব দিতে হবে ।
৩৭ পদ তোমাদের এই বাক্যেই বিচারিত হবে, কেউ নির্দোষ অথবা দোষী হিসাবে পরিগনিত হবে।

১২:৩৩ পদ "গাছকে ফল দ্বারা চেনা যায়" ৭:১৬ পদের ব্যাখা দেখতে হবে।

১২:৩৪ পদ 'তোমরা সর্পের বংশধর " যীশু তার এই কঠিন আজ্ঞা ব্যবহার করেছেন ধর্মীয় নেতাদের প্রতি তার সময়ে। এই বিষয়ে তিনি যোহন বাপ্তাইজকের প্রচারের ভাষা ব্যবহার করেছেন (মথিঃ ৩:৭) আদিতে ৩ঃ সর্পটি ধর্মীয় দ্বৈব চরিত্রের অধিকারী (প্রকাঃ ১২:৯, ২০:২)

"হৃদয়ে যা চাপে মুখে বের হয় " ইহা মনুষ্যের অন্তরে যা প্রবেশ করে তা নয় কিন্তু যা বের হয় সে সম্পর্কে বলা হয়েছে (মার্ক ৭:১৭- ২৩) । মানুষ তাঁর কথার মধ্যে দিয়ে নিজেকে প্রকাশ করে । কথা বলা হচ্ছে ঈশ্বরের সাদৃশ্যের বহিঃ প্রকাশ, কথা বলায় তার মন মানষিকতা প্রকাশ করে (মথিঃ ৭:১, ১৬,২০, লুক : ৬:৪৪, যাকোব ৩:১২)।

১২:৩৬, " বিচারের দিনে তাদের হিসাব দিতে হবে " যীশু পুনরায় শেষ বিচার সম্পর্কে পুনঃউক্তি করলেন এবং এটা হচ্ছে জীবনের অনন্ত পরিণতি (মথি ২৫) । এটা তাদের সম্পর্কে বলা হয়েছে যা যীশুকে প্রত্যাখান করে ।
তাদের জীবনের প্রাধান্যতা, এবং বাক্যেই তাদের আধ্যাত্মিক জীবনের পছন্দের প্রতিফলন ঘটায় (পদ ৩৭)

এন এ এস বি হালনাগাদ পাঠ ১২:৩৮- ৪২

৩৮ পদ: তখন কয়েকজন অধ্যাপক ও ফরীশি তাহাকে বলিল, হে গুরু, আমরা আপনার নিকট কোন আশ্চর্য চিহ্ন দেখিতে ইচ্ছা করি ।
৩৯ পদ: তিনি উত্তর করিয়া তাদের বললেন, দুষ্ট ও ব্যাভিচারী লোক সকল চিহ্নের অন্বেষন করছ কেন ? যোনা ভাববাদির চিহ্ন ছাড়া আর কোন চিহ্ন ইহা দিগকে হইবে না

৪০ পদ: কারন যোনা যেমন তিন দিবারাত্র বৃহৎ মৎসের উদরে ছিলেন, তেমনি মনুষ্যপুত্র পৃথিবীর গর্তে থাকবেন ।

৪১ পদ: নীনবীর লেকেরা বিচারে এই কালের লোকদের সহিত দাড়াইয়া ইহদিগকে দোষী করিবে, কেননা তাহারা যোনার প্রচারে অনুতপ্ত হয়েছিল, আর দেখ যোনা হতে মহান এক ব্যাক্তি এখানে আছেন ।

৪২ পদ: দাক্ষিণ দেশের রানী বিচারে এই কালের লোকদের সহিত উঠিয়া ইহাদিগকে দোষী করিবেন কেননা শলোমনের জ্ঞানের কথা শুনিবার জন্য তিনি পৃথিবীর প্রান্ত থেকে আসিয়াছিল, আর দেখ, শলোমন হতে মহান এক ব্যাক্তি এখানে আছেন।

১২:৩৮: “ আমরা আপনার কাছ থেকে একটা চিহ্ন দেখতে চাই ” তারা যীশুর শিক্ষা ও সুস্থ্যকরন সম্পর্কে শুনেছিল, এবং পবিত্র নাম উচ্চারনের মাধ্যমে কিভাবে কার্য সম্পাদন করতেন তাও জানতেন, তথাপি তারা চেয়েছিল বিশেষ চিহ্নকার্য যার মধ্যমে তারা তারা বিশ্বাস করতে পারেন । এটা প্রকৃতভাবে মথি সুসমাচরে প্রান্তরে পরিক্ষার মত (মথি ৪:৫- ৭) যে নাকি যীশুর উপরে এক ধরনের চাপ বা প্রলোভনের মত ছিল। যাই হোক প্রকৃতপক্ষে তিনি বারবার বিভিন কার্য দেখানোর পরও দেখতে পাইনি বা বুঝতে চেষ্টা করেনি ।

১২:৩৯ “ব্যাভিচারী” ব্যাভিচারী ছিল একটি রূপলঙ্কার যার মাধ্যমে আধ্যাত্মিক অবিশ্বস্ততাকে বুঝানো মত (লেবীয় ২০:৫, গননা, ২৫:১, হোশেয় ১:২, ৪” ১০, ১৮, ৫:৩, যাকোব ৪:৪)।

যেনো ভাববাদির চিহ্ন যেনো যেমন তিন দিন একটি বড় মাছের পেটে ছিলেন , তেমন যীশু ও গুহার গর্তে ছিলেন ।তোদের অবশ্যবই মনে রাখতে হবে যিহুদীরা তিনদিনকে সনাক্ত করে ছিলেন , চব্বিশ ঘন্টার তিনটি সময়কে নয়। দিনের যে কোন অংশ , বলতে সন্ধা থেকে সন্ধা পর্যন্তকে (আদি ১), একটি পূর্ণ দিন হিসাবে গননা হয়েছে।
যীশু পরোক্ষভাবে যোনার ঘটনাকে যোন পুস্তক থেকে নেওয়া গুরুত্ব সহকার তুলে ধরেন ।

১২:৪০ “ পৃথিবীর অন্তর মধ্যে ” এটা ‘ এডেস ’ থেকে নেওয়া হয়েছে মৃত্যুর এলাকা, গহব্বরটি, অথবা সেখানে কোন শিশু জন্ম গ্রহন করেনা । (গীত ১৩৯:১৫,১৬) এটা সৃষ্টিতত্ত্বের অতিপ্রাকৃত ভাষা। এই ভাষা একটি সাধারন মানবীয়কে বর্ণনা করে । যিহুদী জাতি আমাদের পছন্দ করেন , মৃত লাশ কবর দেওয়া হয় , তাই তারা মাটিতেই বাস করে ।

১২:৪১ “ নীনবী দেশের লোক ” ইহা ১১:২০- ২৪ পদের সাথে সম্পর্ক যুক্ত ৪২ পদের মত, যোনার প্রচারে নীনবীবাসী অনুতপ্ত এবং পরিণামে ঈশ্বরের বিচারের জন্য ক্রোধ থেকে নিবৃত করেন ।

“ অনুতপ্ত ” নোট ৪:১৭ পদ দেখুন ।

১২:৪২ দক্ষিন অঞ্চলের রাণী । রাণীর সেবাকে এইভাবে বর্ননা করেছেন।

এখানে শলোমনের চেয়েও মহৎ আবেদন ” এটা আর একটি মশীহ সম্পর্কে পরিস্কার দাবি । ইহা যীশু নিজেকেই প্রকাশ করেছেন । তিনি নিজেকে জ্ঞানীর প্রাচীন চেয়ে শ্রেষ্ঠ হিসাবে দাবি করেছেন (১ম রাজা ৩:১২, ৪:১৯- ৩৪)।

এন এ এস বি হালনাগাদ পাঠ ১২:৪৩- ৪৫
৪৩ পদঃ আর যখন অশুচী আত্মা মানুষ হতে বের হয়ে যায় তখন জলবিহীন নানা স্থানে বিশ্রাম করতে চায়, কিন্তু তাহা পায়না ”
৪৪ পদঃ তখন সে বলে, আমি যে স্থান হইতে বাহির হইয়া আসিয়াছি আমার সেই গৃহে ফিরিয়া যায়, পরে আসিয়া তাহা শুন্য মার্জিত ও শোভিত দেখে ” ।
৪৫ পদঃ তখন সে গিয়া আপনা হতেও দুষ্ট অপর সাত আত্মা কে সঙ্গে লইয়া আসে । আর তাহারা সেই স্থানে প্রবেশ করিয়া বাস করে , তাহাতে সেই মানুষের প্রথম দশা শেষ আরও মন্দ হয় । এই কালের দুষ্ট লোকদের প্রতিও তাহাই ঘটিবে।

১২:৪৩ “ অশুচী আত্মাটি ” ১০:১ পদের নোট দেখুন।

১২:৪৪- ৪৫, এই পদ গুলোতে তিনটি অর্থ বহন করতে পারে । যথাঃ-

- যিহুদীরাও পবিত্র বাক্যাদি উচ্চারন করতে পারত , কোন ব্যাক্তিগত বিশ্বাস ছাড়া এবং কোন অলৌকিক কাজ ছাড়া এবং শয়তানের আত্মা ফিরে আসতো ।
- ইহা ইস্রায়েল জাতির মনের ধারনা বা কল্পনা প্রসূত ছিল, বিশেষভাবে মূর্তি পুজার প্রত্যাখান থেকেই এধরনের ধারনার উদ্ভব হয়েছে । কিন্তু ইহা ঈশ্বরের বা ইয়াহুয়ার পুনঃ সংস্থাপনের বিশ্বাস ছিলনা ।
- ইহা যোহন বাপ্তাইজকের প্রচারকে স্বরণ করিয়েছে । যাকে তারা ঈশ্বর হতে প্রেরীত বলে বিশ্বাস করেছে । যীশুকে প্রত্যাখান করেছে। শেষের শর্তটি ছিল অনেক খারাপ এবং তখনই সমস্যা সৃষ্টি হয়েছে।

এন এ এস বি হালনাগাদ পাঠ ১২:৪৬- ৫০,
৪৬ পদঃ তিনি লোক সমুহের সহিত কথা কহিতেছেন এমন সময়ে তাঁর মা ও ভ্রাতারা তাঁর সহিত কথা কহিবার চেষ্টায় বাহিরে অপেক্ষা করছিলেন।
৪৭ পদঃ তখন একজন তাঁকে গিয়ে জানালেন যে, তোমার মাতা ও ভ্রাতারা তোমার সাথে কথা বলার জন্যে বাহিরে অপেক্ষা করছে ”

৪৮ পদঃ কিন্তু যীশু তাঁকে উক্তর করে বললেন, কে আমার মাতা? আর কারাইবা আমার ভ্রাতা?
৪৯ পদঃ পরে তিনি তাঁর শিষ্যগনের দিকে হাত বাড়াইয়া কহিলেন, ঐ দেখ আমার মাতা ও ভ্রাতারা।
৫০ পদঃ কেননা যে কেহ আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা পালন করে, সেই আমার ভ্রাতা ও ভগ্নি এবং মাতা ।

১২ঃ৪৬ " তাঁর মাতা ও ভ্রাতারা বাহিরে দাঁড়িয়ে ছিলেন " সংগত কারনে তারা চিন্তা করছিলেন যে যীশু কঠোর পরিশ্রম করছেন অথবা তিনি প্রথাসমুহ ভঙ্গ করছিলেন (মার্ক ৩ঃ২০- ২১)

১২ঃ৪৭ এই পদটি গ্রীক বর্ণে অনুবাদ হয়নি, ÔN' অথবা ÔB' পেসিটা বা কপটিকে অনুবাদিত। N, C, এবং D ভালগেট ভিয়াটাসরনে অনুবাদ হয়েছে । ইহা মার্ক সুসমাচারেও দেখা যায় মার্ক ৩ঃ৩২ এবং লুক ৮ঃ২০ । মনে করা হয় ইহা ফরিশীরা যুক্ত করেছেন । এই পদে তিনটি সমান্তরাল রয়েছে । ইহা সংযুক্তি হয়েছে NASB, NKJB, NRSV এবং TEV অনুবাদে। ইউনাইটেড বাইবেল সোসাইটি বিশ্বাস করেন যে গ্রীক ভাষার চতুর্থ সংস্করনে নতুন নিয়ম অনুবাদে অমনোযোগীতার দরুন পদটি বাদ পড়েছে, কারন গ্রীক শব্দের সাদৃশ্যতার জন্যেই কারোর নজরে তেমন পড়েনি।

১২ঃ৫০ পদ " কেননা যে কেহ পিতার ইচ্ছা পালন করে " ঈশ্বরের ইচ্ছা পালন হচ্ছে অনুতপ্ত এবং তার উপর পূর্ণ বিশ্বাস স্থাপন করা, তিনি পাঠিয়েছেন (যোহন ৬ঃ৩৯ - ৪০) । তিনি এক সময় রক্ষা পাবেন, প্রত্যেক বিশ্বাসীই যীশুর সাথে সম্পর্কযুক্ত এবং ঈশ্বরের ইচ্ছা পালন করবে (রমীয় ৮ঃ২৮- ২৯, গালাতীয় ৪ঃ১৯) বিশেষ বিষয় ঈশ্বরের ইচ্ছা ৭ঃ২১।
" তিনি আমার পিতা ভ্রাতা ও ভগ্নি এবং মাতা" খ্রীষ্টের উপর অতিরিক্ত বিশ্বাসই হচ্ছে জগতিস্থ পারিবারিক বন্ধন । খ্রীষ্ট ধর্ম একটি পরিবার এবং ঈশ্বর হলেন পরিবারের পিতা ও ভ্রাতা হলেন যীশু খ্রীষ্ট (রোমীয় ৮ঃ১৫ - ১৭)

আলোচনার প্রশ্ন সমুহঃ
এই টিকা পড়াশুনার নির্দেশিকা মাত্র, যার অর্থ পড়াশুনার সময় নিজের মত করে বাইবেল পড়তে হবে । আমাদের যা আছে তা দিয়েই আলোর পথে চলতে হবে । পবিত্র আত্মার মাধ্যমে আপনাকে পবিত্র বাইবেলের অনুবাদ করতে হবে। অনুবাদের সময় আপনাকে অধিক বেশী প্রভাব বিস্তার করা ঠিক না ।

এই প্রশ্ন আলোচনা এই বইয়ের বিশেষ বিশেষ বিষয় সমুহ জানতে ও চিন্তা করতে সাহায্য করবে । ভাববাদীর মত চিন্তা করতে সাহায্য করবে, বর্ণনা মুলক নয় ।

১. কেন প্রভূযীশু খ্রীষ্ট পুরাতন নিয়মের আইন মথি সুসমাচরের সমর্থন করে দেখিয়েছেন মথি ৫ঃ১৭ - ২১, এবং এখনও কি প্রত্যাখান করে, সুতরাং মৌখিক ঐতিহ্যকে আগ্রহভরে যিহুদীরা কেন পালন করছে ?
২. যীশু কি ১২ঃ অধ্যায়ে নিজেকে মশীহ হিসাবে দাবি করেছেন ?
৩. ফরিশীদের মনে প্রতিক্রিয়া বা বিরোধিতা করার জন্যে যীশু কি অলৌকিক কার্য সাধন করেছেন?

৪. যিশাইয় ৪২:১ - ৪ পদে কতটুকু মশীহ সম্পর্কে বর্ণনা করেছেন ?

৫. ফরিশীরা প্রভূ যীশুকে বেলজিবুল বলে আখ্যায়িত করেছেন ব্যাখ্যা করুন ।

৬. " হেডেস " কি ? এবং কোথায় ?

৭. ৪৩ - ৪৫ পদের উপমাটি বর্ণনা করুন ?

মথি ১৩ঃ অধ্যায় সমুহের আধুনিক অনুবাদ

ইউ বি এস	এন কে জে ভি	এন আর এস ভি	টি ই ভি	জে বি
বীজ বাপকের উপমা ১৩:১- ৯	বীজ বাপকের উপমা ১৩:১- ৯	উপমায় শিক্ষা ১৩:১- ৯	বীজ বাপকের উপমা ১৩:১- ৩ ১৩:৩- ৮	সূচনা ১৩:১- ৩
উপমা দেওয়ার উদ্দেশ্য ১৩:১০- ১৭	উপমা দেওয়ার উদ্দেশ্য ১৩:১০- ১৭	১৩:১০- ১৭	উপমা দেওয়ার উদ্দেশ্য ১৩:১০, ১৩:১১- ১৫, ১৩:১৬- ১৭	উপমার মাধ্যমে যীশু কথা বলেছেন ১৩:১০- ১৭
বীজবাপকের উপমার ব্যাখ্যা ১৩:১৮- ২৩	বীজবাপকের উপমার ব্যাখ্যা ১৩:১৮- ২৩	১৩:১৮- ২৩	যীশু বীজবাপকের উপমার ব্যাখ্যা করেন ১৩:১৮- ২৩	বীজবাপকের উপমার ব্যাখ্যা ২৩:১৮- ২৩
গম ও আগাছার উপমা ১৩:২৪- ৩০	গম ও ঘাসের উপমা ১৩:২৪- ২০	গমের মধ্যে আগাছা ১৩:২৪- ৩০	আগাছার উপমা ১৩:১৮- ২৩	শষ্যক্ষেত্রের আগাছার উপমা ১৩:২৪- ৩০
গরিষা বীজ ও তাড়ীর উপমা ১৩:৩১- ৩২	সরিষা বীজের উপমা ১৩:৩১- ৩২	সরিষা বীজ ১৩:৩১- ৩২	সরিষা বীজের উপমা ১৩:৩১- ৩২	সরিষা বীজের উপমা ১৩:৩১- ৩২
১৩:৩৩	উপমাটি তাড়ির ১৩:৩৩	ইষ্ট (গোজানো পদার্থ বিশেষ ১৩:৩৩	উপমাটি ইষ্টের ১৩:৩৩	১৩:৩৩
ব্যবহৃত উপমা ১৩:৩৪- ৩৫	ভাববাণী ও উপমা ১৩:৩৪- ৩৫	১৩:৩৪- ৩৫	যীশু, ব্যবহৃত উপমা ১৩:৩৪- ৩৫	লোকজন উপমাতেই চিন্তা করত ১৩:৩৪- ৩৫
উপমাটিতে আগাছা সম্পর্কে বর্ণীত হয়েছে	উপমাটিতে ঘাস সম্পর্কে বর্ণীত ১৬:৩৬- ৪৩	১৩:৩৪- ৪৩	যীশু উপমার মাধ্যমে আগাছা সম্পর্কে ব্যাখ্যা দিলেন ১৩:৩৬	উপমাটি আগাছা সম্পর্কে ব্যাখ্যা ১৩:৩৬- ৪৩

১৩:৩৬- ৪৩			১৩:৩৭- ৪৩	

ইউ বি এস	এন কে জে ভি	এন আর এস ভি	টি ই ভি	জে বি
তিনটি উপমা ১৩:৪৪	উপমাটি গুপ্ত ধনের ১৩:৪৪	গুপ্ত ধন ১৩:৪৪	উপমাটি গুপ্ত ধনের ১৩:৪৪	উপমা, ধন এবং মুক্তার ১৩:৪৪
১৩:৪৫- ৪৬	উপমাটি বহুমুল্য মুক্তার ১৩:৪৫- ৪৬	ঊহুমল্যের মুক্তাটি ১৩:৪৫- ৪৬	মুক্তার উপমা ১৩:৪৫- ৪৬	১৩:৪৫- ৪৬
১৩:৪৭- ৫০	উপমাটি টানা জালের ১৩:৪৭- ৫০	টানা জালটি ১৩:৪৭- ৫০	উপমাটি জালের ১৩:৪৭- ৫০	টানা জালের উপমা ১৩:৪৭- ৫০
পৃষ্ঠা - ১		১০৪		
নতুন এবং পুরাতন ধর্ম ১৩:৫১- ৫২	—	১৩:৫১- ২৫	নতুন এবং পুরাতন সত্যতা ১৩:৫১ ১৩:৫১ ১৩:৫২	উপসংহার ১৩:৫১- ৫২
নাসারথে যীশুকে প্রত্যাখ্যান ১৩:৫৩- ৫৮	নাসারথে যীশু প্রত্যাখ্যান হয়েয়েছে ১৩:৫৩- ৫৮	নিজের ঘরে প্রত্যাখ্যান ১৩:৫৪- ৫৮	যীশু নাসারথে প্রত্যাখ্যান হয়েছে ১৩:৫৩- ৭৫ ১৩:৫৭- ৫৮	নাসারথে পরিদর্শন ১৩:৫৩- ৫৮

তৃতীয় অংশটি চক্রাকারে পড়তে হবে (পৃষ্ঠা- ৭)

লেখকের আসল উদ্দশকে অনুসরন করা হয়েছে অধ্যায় পর্যায়ে ।

এই ব্যাখ্যার পড়ার নির্দেশক যার অর্থ বাইবেল অনুবাদের সময় নিজের মত অনুবাদ করে পড়তে হবে। আমাদের প্রত্যেকের নিজস্ব চিন্তায় অগ্রসর হতে হবে। আপনি নিজে একজন অনুবাদক

হিসাবে পবিত্র শাস্ত্রের পবিত্র আত্মার উপর গুরুত্ব দিয়ে অনুবাদ করুন। আপনি অবশ্যই ব্যাখ্যার সময় প্রভাবিত হবেন না।

একটা অধ্যায় একবার বসার সময়ই শেষ করুন । বিষয়বস্তু চিহ্নিত করুন । উপরে যে ভাবে পাঁচভাগে অনুবাদ করা হয়েছে অনুরুপভাবে বিষয় গুলো তুলনা করুন । ধাপ গুলো প্রভাবিত করেনা কিন্তু লেখকের আসল উদ্দেশ্য গুলো নিহীত আছে যে গুলো অন্তরে উপলব্ধি করতে হয় । প্রত্যেকটা ধাপে একটি বিষয় আছে এবং বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে ।

যথাঃ

১. প্রথম ধাপ
২. দ্বিতীয় ধাপ
৩. তৃতীয় ধাপ
৪. ইত্যাদি

মথি এর পটভূমি ১৩:১- ৫৮,

(ক) পাঠে বোঝা যায়, উপমাটি ছিল প্রতিজ্ঞাত বিশ্বাসের উপর গুরুত্ব ও সম্পর্কযুক্ত । এমনকি শিষ্যবর্গরাও যীশুর শিক্ষা পরিস্কারভাবে বুঝতে পারেনি। বিভিনভাবে বুঝতে পেরেছে , যেমন ঃ- নির্বাচনের উপর , আত্মার উপর নির্ভর ও পরিচালনায় , ইচ্ছাকৃত অনুতপ্তের মাধ্যমে এবং গভীর বিশ্বাসে। জানতে পেরেছে স্বগীয় আবেশে এবং মানবিক বিশ্বাসে সাড়া দিয়ে।

(খ) “উপমা” ছিল একটি জটিল শব্দ গ্রীক অর্থ অনুযায়ী “ একই সাথে ছুড়ে দেওয়া” । সাধারন ঘটনা ব্যবহৃত হত আধ্যাত্মিক সত্যতাকে প্রকাশের জন্য । যেকোন ভাবে এটা সকলের স্বরণ থাকত, তাই যিহুদী লেখকরাও গ্রীক শব্দে প্রকাশ করেছে, হিব্রু শব্দ “মাশাল ” যার অর্থ “ধাঁধা” “উদাহরন” বা জ্ঞানী শব্দ ” । কেউ যদি একবার ইচ্ছা করে বিষয়টি পুনঃ চিন্তা করতে এবং গ্রহন আলো থেকে কি আসে, আশ্চর্যভাবে জ্ঞানী শব্দ থেকে অনেক কিছু বেরিয়ে আসতে পারে।

(গ) সাতটি উপমা গুলোই ১৩ ধাপে প্রকাশিত হয়েছে । একই সত্যতাকে বিভিন উপমা বিভিনভাবে প্রকাশ করেছে ।

১. আগাছা এবং টানা জাল,
২. সরিষা বীজ এবং তাড়ী
৩. গুপ্তধন এবং মুল্যবান মুক্তা

ইহা প্রায় আটটি উপমা হিসাবে প্রকাশ করা সম্ভব **(৫১- ৫২)**

মথি	মার্ক	লূক
১৩:১- ৯,১৮- ২৩	৪:১- ৯,১৩- ২০	৮:৪- ৮,১১- ১৫
১৩:৬- ৯	—	—
১৩:২৪- ৩০,৩৬- ৪৩	—	—

১৩:৩১– ৩২	৪:৩০– ৩২	১৩:১৮– ১৯
১৩:৩৩	—	১৩:২০– ২১
১৩:৩৪	—	—
১৩:৪৪	—	—
১৩:৪৫– ৪৬	—	—

(ঘ) মথি ১৩ঃ অধ্যায়ে মোট সাতটি উপমা , বীজ বাপক ও সরিষা বীজ , মার্ক ও লূকে আছে আবার তাড়ির কথা শুধুমাত্র মথি সুসমাচারেই যীশুর দীর্ঘ শিক্ষা হিসাবে উল্লেখ আছে ৫– ৭ অধ্যায় পর্যন্ত । সুতরাং তিনি যীশুর উপমা গুলোকে অবস্থা অনুযায়ী একত্রে সংগ্রহ করেছেন ।

(ঙ) মথি সুসমাচারের গঠন তাঁর সুসমাচরে যীশুর শিক্ষা ও প্রচারকে একত্র করেছেন যেমন ঃ- ৮– ১২ অধ্যায় পর্যন্ত । কতকগুলোতে সাড়া দেওয়া হয়েছে আবার কতকগুলোতে করা হয়নি । যদি যীশু ঈশ্বর মশীহ হন , তাহলে সবগুলোর কেন উত্তর দেননি ? এই প্রশ্নের উত্তর অনুযায়ী বিভিন উপমা ব্যবহৃত হয়েছে এবং উপমাতে উত্তর খুঁজে পাওয়া যায়।

বিশেষ বিশেষ — উপমার অনুবাদ —
প্রভূ যীশুর জীবনের অনেক পরে সুসমাচার লেখা হয়েছে। সুসমাচার লেখকগন
(পবিত্র আত্মার অবদানে) মৌখিক তত্বের উপর বিশেষ নির্ভর করেছেন । রব্বিগন মৌখিক ভাবে উপস্থাপন করতেন । যীশুই প্রকৃত কর্তা যিনি মৌখিক শিক্ষা দিয়েছেন এবং তাঁর অনুসরন করা হয়েছে । আমাদের জানা মতে তিনি কখনও তার প্রচার ও শিক্ষাকে লিখে রেখে যাননি । স্বরনের মধ্যে দিয়ে শিক্ষাকে পুনঃরালোচনা করা হয়েছে এবং সারমর্ম করা হয়েছে ও উদাহরন গুলোকে লিপিবদ্ধ করা হয় । সুসমাচার লেখকগন তারা যা ধারন করেছেন তা লেখায় প্রকাশ করেছেন । উপমাগুলো এমন কৌশলে পড়েনা । উপমাগুলো আরও কঠিন ভাবে সুসমাচারে বর্ণিত হয়েছে।
“ উপমাগুলো গল্প হিসাবে দুটি অর্থে আরও উৎকৃষ্টতায় বর্ননা করা হয়েছে, গল্প আকারের উপমাগুলো আয়নারমত পরিস্কার ভাবে অনুভব ও বুঝার জন্যে সাহায্য করে, “ যীশুর অভিধান এবং সুসমাচার পৃষ্ঠা ৫৯৪, দেখুন।

“ উপমা বলছে অথবা গল্প যে অনুসন্ধান করে বক্তার প্রকৃত বক্তব্য যার উপর তিনি জোর দিয়েছেন এবং উদাহরনটি বাস্তব অবস্থা ও জীবনের বাস্তবতার সাথে মিল আছে । (ঝনদারন্ডেন বাইবেল শব্দ কোষ থেকে লওয়া হয়েছে পৃষ্ঠা—৫৯০)
ইহা কষ্ট করে প্রকৃত অর্থে যীশুর সময়ে যা বুঝানো হয়েছিল তার উপর ভিত্তি করে বুঝার জন্যে বর্ননা করা হয়েছে।

১. অনেকে মনে করে ইহা হিব্রু শব্দ ”মাশাল” থেকে লওয়া হয়েছে যার অর্থ ধাঁধার মত (মার্ক ৩:২৩) দক্ষতা পূর্ণ লোকদের মতে (লূক ৪:২৩) সংক্ষিপ্ত ভাবে (মার্ক ৭:১৫) রহস্যতায় (অন্ধকার বলছে)

২. অন্যান্যরা ছোট গল্প হিসাবে সংক্ষিপ্তভাবে অনেকগুলো উদাহরন ধারন করে আছে।

এটা নির্ভর করে বিষয়ের উপর সংগতি রেখে বর্ণনা করে এক তৃতীয়াংশই যীশুর শিক্ষাকে উদাহরন আকারে লিপিবদ্ধ করা হয়েছে । এটা নতুন নিয়মে সবচেয়ে গুরুত্ব পূর্ণ অংশ কৃতিত্ব। উপমাগুলোই যীশুর শিক্ষার একমাত্র প্রামান্য । দ্বিতীয় বারের মত বর্ণনা গুলো গ্রহন করলে, সংক্ষিপ্ত ভাবে আরও অনেক বিভিনভাবে বর্ণনা গুলো দেখা যায়।

১. সাধারন গল্প (লূক ১৩:৬- ৯)
২. মিশ্র গল্প (লূক ১৫:১১- ৩২)
৩. তুলনামুলক গল্প (লূক ১৬:১- ৮, ১৮:১- ৮)
৪. আজগুবী গল্প (মথি ১৩:২৪- ৩০, ৪৭- ৫০, লূক ৮:৪- ৮, ১১- ১৫, ১০:২৫- ৩৭, ১৪:১৬- ২৪, ২০:৯- ১৯, যোহন ১০; ১৫:১- ৮)

অনেক গুলো উপমা “ বলছে ” এই শিরোনামে বিভিনভাবে সুসমাচরে বিভিন ধাপে বর্ণিত আছে । প্রথম ধাপের উপমা গুলো সাধারন বর্ণনা গূলোকে ও প্রয়োগকৃত নীতি সমুহ মাত্র যা পবিত্র শাস্ত্রের কৃতিত্ব । কিছু নির্দেশনা নিমরুপঃ

১. সমগ্র শাস্ত্রের উদ্দেশ্য চিহ্নিত করা হয় অথবা বৃহদাকারের সাহিত্যের সমাবেশ মাত্র।
২. প্রকৃত শ্রোতাদের সনাক্ত করুন । ইহা যথার্থ হয়েছে যে প্রায় সময় বিভিন দলের জন্যে একই বিষয় বিভিনভাবে উদাহরন দিয়েছেন।

(ক) হারানো মেষ লূক ১৫: পাপীদের নির্দেশ করা হয়েছে।
(খ) হারানো মেষ মথি ১৮: শিষ্যদের নির্দেশ করা হয়েছে ।

ব্দ ও ভাষার প্রকাশ ভঙ্গিঃ

এন এ এস বি (হালনাগাদ শাস্ত্র পাঠ) ১৩:১- ২
১পদ সেই দিন যীশু ঘর থেকে বেড় হয়ে সাগর ধারে গিয়ে বসলেন।
২পদ এবং অনেক লোক এসে তার কাছে জড়ো হলো তাই তিনি একটা নৌকায় গিয়ে বসলেন আর সমস্ত লোকজন সাগর পারে গিয়ে দাড়িয়ে রইল।

১৩:১
“সাগরধারে বসেছিল” বসা বলতে রাব্বিরা অফিসের কার্যক্রম অনুযায়ী শিক্ষা দিতেন। অবস্থাটি এমন একটি জায়গা ও শিক্ষাকে বুঝাতে চান যে সেটি ছিল শিক্ষা দেওয়ার সময়। সমুদ্রকে একটি প্রাকৃতিক নাট্যমঞ্চের মত মনে করা হয়েছে।
১৩:২
“আর তিনি একটি নৌকা পেলেন এবং সেখানে বসেছিলেন” নৌকা ছিল সমুদ্রধারে পর্যাপ্ত, যখন যীশু শিক্ষা দিচ্ছিলেন তখন অনেক লোকজন ছিল। (মার্ক ৩:৯)

এন এ এস বি (হালনাগাদ শাস্ত্র পাঠ) ১৩:৩- ৯
৩পদ- তখন তিনি গল্পের মাধ্যমে অনেক বিষয়ে শিক্ষা দিতে লাগলেন। একজন চাষী বীজ বুনতে

গেল।
৪পদ- এবং বীজ বুনার সময় কতক বীজ পথের পাশে পড়ল আর পাখিরা এসে তা খেয়ে ফেললো।
৫পদ- অন্যান্য বীজ পাথরের জমিতে পড়ল, সেখানে বেশী মাটি ছিল না। মাটি গভীর ছিল না বলে তাড়াতাড়ি চারা গজিয়ে পড়ল।
৬পদ- কিন্তু সূর্য উঠলে পর তা পুড়ে গেল এবং শিকড় ভাল করে বসেনি বলে শুকিয়ে গেল।
৭পদ- অন্যান্যগুলো কাটাবনে পড়ল, কাটা গাছ গুলো বেড়ে উঠে চারাগুলোকে চেপে রাখল।
৮পদ- আর কতকগুলো বীজ উত্তম জমিতে পড়ল, কতকগুলো শতগুন, ষাটগুন ও ত্রিশগুন ফসল দিল।
৯পদ- যার শুনবার কান আছে সে শুনুক।

যাই হোক দুঃখ জনকভাবে উপমাগুলোকে অপব্যবহার করছে এখন'ও অনেকেই শিক্ষাই, সত্যে, মতবাদে অপব্যবহার করছে। এখানে বার্ণাড রামের উক্তি প্রণিধান যোগ্য।
উপমা মতবাদের শিক্ষা দেয় এবং দাবী করে যে তারা মতবাদ গুলো সঠিকভাবে ব্যবহার করেনা - - - আমাদের অবশ্যই পরীক্ষা করে দেখা দরকার আমাদের পরিকল্পনানুযায়ী প্রভুর শিক্ষা প্রামান্য এবং সেগুলো নতুন নিয়মে সংরক্ষিত।
উপমা গুলোকে সঠিকভাবে ব্যবহার করা দাকার, হতে পারে উদাহরন পদ্ধতিতে, খ্রীষ্টিয়ানদের অভিজ্ঞতার আলোকে এবং বাস্তব সম্মত শিক্ষা দেয়া দরকার" (প্রোটেষ্টান্ট বাইবেল অনুবাদ পৃঃ ২৮৫)
উপসংহারে আমাকে ৩টি উক্তি উপস্থিত করতে হচ্ছে যেটি আমাদের উপমা অনুবাদে সাবধান থাকতে সাহায্য করবে।

১. পবিত্র শাস্ত্র কিভাবে পড়তে হয় তা গর্ডন ফি এবং ডো সুয়ার্ট লিখেছেন "উপমাটি ভূল অনুবাদের জন্য যথেষ্ট যাতনা বা বিকৃত হচ্ছে, মন্ডলীতে। (দ্বিতীয় প্রকাশিত পৃঃ ১৩৫)
২. বাইবেল জানা ও প্রয়োগ থেকে লওয়া, লেখক রবার্টসন মেকুইলকিন। "উপমা হচ্ছে, না বলা ঈশ্বরের আশীর্বাদের উৎস এই উৎসে আত্মার সত্যে মানুষের প্রতি ঈশ্বরের গুরুত্বতা প্রকাশ পায়" একই সময়ে উপমা হচ্ছে না বলা বা অব্যক্ত দ্বিধাদন্দের বিষয় যা মন্ডলীতে মতবাদে বা চর্চায় বিরাজমান।
৩. হারমেনেটিক স্নাইরাল থেকে লওয়া গ্রান্ট ওসবরণ, "উপমা গুলো অধিকাংশ সময়ে লেখা এবং অনুবাদে অপব্যবহার করছে এমনকি শাস্ত্রে অনুবাদে'ও। অনুভূতিতে ও অদম্যে সবচেয়ে শাস্ত্র অনুবাদ কঠিন । যোগাযোগের জন্য উপমা অদ্বিতীয়, তখনও ইহা গল্পের মত ব্যবহৃত, ও নির্ভর করে নিত্যদিনের অভিজ্ঞতা, যাই হোক উপমার যোগ্যতা আছে নিজস্ব অর্থ বহন করতে, আধুনিক শ্রোতারা শুনতে কষ্ট পায়, কারন প্রাচীন অনুবাদ পৃষ্টা ২৩৫, একটি সাহায্যকারী উক্তি গ্রহন করা হয়েছে লিংগুইসটিক এবং বাইবেল অনুবাদ পুস্তক থেকে লিখেছেন পিটার কটেরেল এবং ম্যাক্স টারনার। "ইহা এডলফ হলিসাবে বিচার ক্ষমতা সম্পন দৃষ্টি ভঙ্গিতে নূতন নিয়মের যীশুর উপমার মাধ্যমে শিক্ষাকে বুঝার জন্য যিনি নূতনভাবে নির্দেশনা দিয়েছেন। উপমা গুলো আপনা থেকে রুপক অর্থে পর্যাপ্ততা প্রমাণ করেছে এবং সত্য অর্থে পর্যবেক্ষনের জন্য আরম্ভ করেন। কিন্তু যিরমিয় পরিস্কার ভাবে তুলে ধরেন,তাঁর উপাদান ছিল উপমাগুলোকে রোমাঞ্চ থেকে মুক্ত করা এবং কোন বিধিনিয়মে আবদ্ধ না করেঃ নির্ভুল ভাবে অনুবাদ করা। ভূল গুলোকে গুরুত্ব দিয়ে শুধুমাত্র

উপম কে সাধারনভাবে বুঝতে এবং একটি ধারনা নিয়ে, কিন্তু ধারনাটি হবে সাধারন এবং সহজতর” (পৃষ্টা ৩০৮)

অন্য একটি সাহায্য কারী উক্তি হল- গ্রান্ট ওসবরনের, “এই পর্যন্ত আমি উপমা সমন্ধীয় কেবল প্রয়োজনীয় রুপকার নির্দেশ করিনি, আলবিট লেখকের উদ্দেশ্য কে নিয়ন্ত্রন করেছেন। ব্লোমবার্গ (১৯৯০) খ্রীঃ প্রকৃতভাবে যুক্তি দেখিয়েছেন যে উপমাগুলোতে অনেক গুলো বিষয় আছে, চরিত্র আছে যে গুলোতে রুপক ব্যবহার একান্ত অপরিহার্য্য। এগুলো কোথাও বেশী করে তুলে ধরা হয়েছে। সেগুলো সত্যতার খুবই কাছে। এবং একটি বিষয়কে বেশী প্রাধান্য দিয়েছে। (পৃষ্ঠা২৪০)

নূতন নিয়মে এরকম বিভিন রোগীদের আক্রান্ত সম্পর্কে উল্লেখ করা আছে। যেমন সে সব লোকেরা নানা রকম রোগে ও ভীষন যন্ত্রনায় কষ্ট পাচ্ছিল, যাদের মন্দ আত্মায় ধরেছিল এবং যারা মৃগী ও অবশ রোগে ভুগছিল, লোকেরা তাদের যীশুর কাছে আনল তিনি সবাইকে সুস্থ করলেন (৪:২৪)।

১৭:১৬ পদঃ "আমি তাঁকে আপনার শিষ্যেদের কাছে এনেছিলাম কিন্তু তাঁরা তাকে ভাল করতে পারলোনা।"

এটি ছিল অসাধারন ১০:১৮ পদ আমাদেরকে বলে তাদের এ ক্ষমতা ছিল। এখানে তাঁদের ব্যার্থতার কারন হলো প্রার্থনার মধ্যে যথেষ্ট ঘাটতি ছিল। বাবা ও যীশু সম্পর্কে পুস্খানু পস্খু ভাবে মার্ক ৯:২১- ২৪ পদে বর্ণনা করা আছে।

১৭:১৭ পদঃ "যীশু উত্তর করলেন এবং বললেন, অবিশ্বাসী ও দুষ্ট লোকেরা আর কতকাল আমি তোমাদের সঙ্গে সঙ্গে থাকবো? ইহা দ্বিতীয় বিববরন ৩২:৫- ২০ পদে পরোক্ষভাবে যীশুর পরীক্ষিত হওয়ার অভিজ্ঞতা সম্পর্কে লেখা আছে। দ্বিতীয় বিবরনে তিনবার উদৃতি করা আছে। তাকে অবশ্যই জানতে হবে এবং বইটি ভালবাসতে হবে।

১৭:১৮ পদঃ "ছেলেটি সুস্থ হল।" অনেক কিছু বিষয় জানার জন্য মার্ক ৯:২৬ পদ দেখুন। ইহা অবশ্যই স্মরন করিয়ে দেয় যে, প্রত্যেক সুসমাচারের লেখক গনই তাদের নিজ নিজ পন্থা অবলম্বন করে তাঁদের অসামান্য উদ্দেশ্যটুকু এবং জনগনের জন্য উল্লেখ করে লিখেছেন। সেই জন্য প্রত্যেকজন ব্যাক্তিগত ভাবে জানতে চেষ্টা করা অন্যদের পরামর্শ ও বিষয়টাকে একসাথে করার পূর্বেই।

এন এন এস বি (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ১৭:১৯- ২১ পদ।

১৯পদঃ এরপর শিষ্যেরা গোপনে যীশুর কাছে এসে বললেন, "আমরা কেন সেই মন্দ আত্মাকে ছাড়াতে পারলাম না" ।

২০পদঃ যীশু তাদের বললেন, তোমাদের অল্প বিশ্বাসের জন্যই পারলেনা। আমি তোমদের সত্যিই বলছি, যদি একটা সর্ষে দানার মত বিশ্বাসও তোদের থাকে তবে তোমরা এই পাহাড়কে বলবে, "এখান থেকে সড়ে ওখানে যাও; আর তাতে ওটা সরে যাবে।

২১পদঃ তোমাদের পক্ষে কিছুই অসম্ভব হবে না। প্রার্থনা ও উপবাস ছাড়া এ রকম মন্দ আত্মা আর কিছুতে বের হয় না" ।

১৭:১৯পদঃ "কেন আমরা মন্দ আত্মাকে ছাড়াতে পারলাম না" ? 'তোমাদের বিশ্বাস বিন্দু মাত্র নেই" । এটাই যীশুর বার বার মন্তব্য। (৬:৮০, ৮:২৬, ১৬:৮) প্রেরিত বর্গরা ক্ষমতা বান সন্যাসী ছিলেন না।

১৭:২০

এন এ এস বি - 'তোমাদের অল্প বিশ্বাসের কারনে" ।

এন কে জে ভি - "তোমাদের অবিশ্বাস"

এন আর এস ভি - "তোমরা অল্প বিশ্বাসী"

টি ই ভি- "তোমাদের বিশ্বাস যথেষ্ট নয়"

জে বি- "তোমাদের অল্প বিশ্বাস"

পুরনো গ্রীক পান্ডুলিপিতে N and B "অল্প বিশ্বাসকে যুক্ত করা হয়েছে (olieopistis) অন্যান্যগুলো C.D.L and W তে আছে "অবিশ্বাসী" প্রথমটি আসল।

- তোমাদের যদি বিশ্বাস থাকে, সর্ষে দানার মত বিশ্বাস'ও তবে তোমরা এই পাহাড়কে বলবে, "এখান থেকে ওখানে সরে যাও" ।

সর্ষে দানা অত্যন্ত ছোট বীজ এবং এটি যিহুদী জাতির ভাল ভাবেই পরিচিত। যীশু এখানে মানুষের বিশ্বাসের ক্ষমতাকেই জোড় দেন নি কিন্তু এখানে তিনি কর্মে বিশ্বাসীর কথাই জোড় দিয়েছেন। তাদের প্রয়োজনীয় বিশ্বাস কে তিনি ধ্বংস করেনি। এটি তৃতীয় শ্রেনীর শর্ত যুক্ত বাক্য। তিনি ধারনা করেন যে, তাদের বিশ্বাস আছে পাহাড় সরে যাওয়ার ধারনাটি হলো , কিভাবে তারা তাদের প্রধান সমস্যা থেকে সমাধান হতে পারবে? দেখুন (যিশাইয় ৪০:৪, ৪৯:১১, ৫৪:১০) কিছু সংখ্যক বিশ্বাস অনুযায়ী পাহাড়ের উপরে যীশুর কিছু অঙ্গভঙ্গি ছিল, যেখান থেকে তিনি রাত হওয়ার পূর্বে রূপান্তরিত হয়েছিলেন।

১৭:২১। ২১পদ গ্রীক শব্দ Siniaticus (X) or (Vaticanus)

এন এন এস বি (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ১৭:২২- ২৩ পদ। ২২পদঃ পরে গালীল দেশের মধ্যে দিয়ে যাবার সময় যীশু তাঁর শিষ্যদের বললেন, "মনুষ্য পুত্রকে লোকদের হাতে ধরিয়ে দেওয়া হবে" । ২৩পদঃ "লোকেরা তাঁকে মেরে ফেলবে, আর তৃতীয় দিনে তিনি মৃত্যু থেকে জীবিত হয়ে উঠবেন" । এতে শিষ্যরা খুব দুঃখিত হলেন।

১৭:২২
এন এ এস বি- "গালীলে তাঁরা একসাথে সমবেত হয়েছিলেন"
এন কে জে ভি- "তাঁরা যখন গালীলে অবস্থান করছিলেন"
এন আর এস ভি- " তাঁরা গালীলে সমবেত হয়েছিলেন"
টি ই ভি- "যখন শিষ্যরা একসাথে গালীলে আসলেন"
জে বি- "একদিন যখন তারা গালীলে সমবেত হলেন"

এই প্রেক্ষিতে গ্রীক পান্ডুলীপিটি পরিবর্তন ঘটিয়েছে। প্রাচীন পান্ডুলীপি N, এবং B গ্রীক মূল শাস্ত্র অরিগেন ব্যবহার করেছেন। "সবাই একসাথে এসেছিল" যেখানে CD.L এবং W তাদের "বাসস্থান" ছিল প্রথম পারিভাষিক যে শব্দ ছিল আদি ফরিশীদের মাধ্যমে ভুল বুঝাবুঝি হয়েছিল এবং মূল গ্রন্থটি যেন সবার পরিচিত তার জন্য পরিবর্তন করা হয়। তার কারন হলো ১২ জনকে চারটা দলে ভাগ করা হয়েছিল তিনটি দল তারা যীশুর সাথে যাত্রা করেছিল। এবং তারা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাদের পরিবারকে দেখার জন্য বাড়ি ফিরে গেছে । এই পদগুলি যীশু এবং তাঁর শিষ্যদের সাথে একটি নির্দিষ্ট জায়গায় মিটিং করা সম্পর্কে বলা হয়েছে।
"মনুষ্য পুত্রকে মানুষের হাতেই ধরিয়ে দেওয়া হবে; এবং তারা তাঁকে হত্যা করবে এবং তৃতীয় দিনে তিনি আবার উত্থাপিত হবেন" যীশু তাঁর ভবিষ্যত বাণীতে তাঁর কষ্টভোগ এবং মৃত্যুর কথা বলেছেন (১৬:২১, ১৭:৯,১২)
যীশু শুরুতেই তাঁর শিষ্যদেরকে বুঝাতে ভিত্তি তৈরী করেছিলেন শেষ সপ্তাহে তাঁর জীবনে কি ঘটতে যাচ্ছে। এই অধ্যায় থেকে শিখেছি যে যীশু অযিহুদী হতে যাচ্ছে। রোমীয় ২০: ১৯ পদ)

১৭:২৩ পদঃ “শিষ্যরা খুব দুঃখিত হলেন” মার্ক ও লূক উভয়ের মধ্যে সমভাবে তুলে ধরা হয়েছে তবু’ও তারা সেটা বুঝতে পারেনি কিন্তু জিজ্ঞাসা করতেও ভয় পেয়েছিল। ধারনা করা হচ্ছে যে, মহাসভা বা সান্‌হেড্রিন বুঝতে পেরেছিল তাঁর পুনরুত্থান সম্পর্কে ভবিষ্যৎবানী দিচ্ছে কিন্তু শিষ্যরা উপরের কুঠরীতে তার উপস্থিতির জন্য সত্যিকার ভাবে আশ্চর্য্য হয়েছিল । (লূক ২৪:৩৬- ৩৮)

এন এন এস বি (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ মূলবচন ১৭:২৪- ২৭ পদ।
২৪পদঃ যীশু ও তার শিষ্যরা যখন কফর নাহুমে গেলেন তখন উপসনা ঘরের কর আদায় কারী পিতরের কাছে এসে বললেন, “আপনাদের শিক্ষক কি উপসনা ঘরের কর দেননা?
২৫পদঃ হ্যাঁ দেন,” এর পর পিতর ঘরে এসে কিছু বলবার আগেই যীশু তাঁকে বললেন, শিমোন, তোমার কি মনে হয় ? এই পৃথিবীর রাজারা কাদের কাছ থেকে কর বা খাজনা আদায় করে থাকেন? নিজের লোকদের কাছ থেকে না বিদেশীদের কাছ থেকে ?
২৬পদঃ পিতর বললেন, “ বিদেশীদের কাছ থেকে” । তখন যীশু তাঁকে বললেন তাহলে তো নিজের দেশের লোকেরা রেহাই পেয়ে গেছে।
২৭পদঃ কিন্তু আমাদের ব্যবহারে কর আদায় কারীরা যেন অপমান বোধ না করে এই জন্য তুমি সাগরে গিয়ে বড়শী ফেল, আর প্রথমে যে মাছটা উঠবে তার মুখ খুললে একটা রূপার টাকা পাবে। “ওটা নিয়ে গিয়ে তোমার ও আমার কর দিয়ে এসো”

১৭:২৪
এন এ এস বি- “দুই ধরনের খাজনা আদায়”
এন কে জে ভি, এন আর এস ভি - “মন্দিরের কর আদায়”
টি ই ভি - “অর্ধেক সেকল”
জে ভি -

২০ বছরের উপরের বয়সের যিহুদী পুরুষেরা বার্ষিক অর্ধেক সেকল কর জমা দিত। ইহা মার্চ মাসে কিছুটা বাকী থাকত; সেই জন্য যদি আমাদের জানা অনুসারে সময় যদি সঠিক হয়, যীশু দেরীতে এই কর জমা দিয়েছিলেন। এটি সম্ভবত নির্ভর করেছিল মোশীর উপর রব্বীদের অনুরোধটি । যাত্রা ৩০:১১ যদিওবা এটি স্বেচ্ছাকৃত কর, তথাপি ইহা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অর্থডক্স (কট্টরপন্থী) যিহুদীদের বাধ্যতা মূলক । মাছের মুখে পাওয়া যে টাকা দেওয়া হয়েছিল সেটি পিতর ও যীশুর নামে দেওয়া।

১৭:২৫- ২৭পদঃ এই পদ গুলিতে যীশু দেখিয়েছেন, কাদের কর দেওয়া উচিৎ? তিনি নিজে’ও কর পরিপূর্ন ভাবে দিয়েছিলেন তাঁর ধার্মিকতা রাজ্যের জন্য।

১৭:২৭ পদঃ অনেকেই এই বিষয়টি সম্পর্কে সমালোচনা করে থাকেন কারন মনে হয় যীশু এখানে তাঁর মোশীহের ক্ষমতাকে তাঁর ব্যাক্তিগত উদ্দেশ্যকে পূর্ন করার জন্যই ব্যবহার করেছেন। এটা ছিল যীশুর গতিশীল আশ্চর্য্য কাজের ক্ষমতার চর্চামাত্র যে এটি তার শিষ্যদের শিক্ষা দেওয়ার জন্য এবং বিশ্বাসকে দৃঢ় করার জন্য ব্যবহার করেছিলেন।
প্রশ্নগুলোর আলোচনাঃ

এটি পড়াশুনার ব্যাখ্যা দানকারী নির্দেশক যেটি আপনার নিজস্ব বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান হতে সাহায্য করবে। আমাদের প্রত্যেক জনকেই অবশ্যই যে আলোতে আমরা আছি সে আলোতেই চলতে হবে। আপনার অনুবাদে বাইবেল এবং পবিত্রআত্মাই প্রাধান্য পাবে। আপনাকে এটি টিকাকারের নিকট ছেড়ে দেওয়া ঠিক হবেনা।

এই প্রশ্নের আলোচনার মাধ্যমে এই বইয়ের অংশের প্রধান বিষয় গুলো চিন্তা করতে সাহায্য করবে।

১. কেন সিনোপটিক গস্পেলে ৩টি সুসমাচারে একই ঘটনা গুলো সংরক্ষিত করা হয়েছে?
২. কোন কোন সময় বিষয় বস্তুগুলোকে কেন অন্যান্য সুসমাচারের মধ্যেও আলাদাভাবে বর্ননা করা হয়েছে?
৩. কেন যীশু তাঁর শিষ্যদেরকে আভ্যন্তরীনভাবে নির্বাচন করেছিলেন?
৪. কেন এলিয় এবং মোশী যীশু খ্রীষ্টের সেই রূপান্তরিত পাহাড়ে দেখা দিয়েছিলেন?
৫. ঈশ্বরের উক্তি অনুসারে গীতসংহিতা ২ এবং যিশাইয় ৪২ এর গুরুত্ব কি?
৬. ১৭ অঃ ১৬ অধ্যায়ে যীশুর মৃত্যু কিভাবে সম্পর্কযুক্ত?
৭. "মনুষ্যপুত্র" শব্দগুচ্ছটি কেন যীশুর প্রতি প্রয়োগ করা হয়েছে?
৮. যোহন বাপ্তাইজক কি এলিয় হিসাবে পূর্নজন্ম করেছিলেন?
৯. ভূত ছাড়ানো এবং সুস্থ্যকরন কিভাবে বিশ্বাসের সাথে সম্পর্কযুক্ত?
১০. মন্দ আত্মা কি? তারা কি এখনো আমাদের এই পৃথিবীতে আছে?
১১. ঙ্গড়ঁহঃধরহচ পারিভাষিক শব্দ ২০ অধ্যায় কি শারিরিক দক্ষতার সাথে কাজ করাকে বুঝায় বা জীবনের সমস্যার সাথে পরিচালনা করাকে বুঝায়?
১২. যদি যীশু তাঁর নিজের বিশ্বাস ঘাতকতা, মৃত্যু এবং পুনরুত্থান সম্পর্কে বার বার বলেছেন আরপরও কেন তাঁর শিষ্যরা এই ঘটনার জন্য আশ্চর্য্য হয়েছিল?

মথি ১৮

আধুনিক অনুবাদে অনুচ্ছেদ গুলোর অংশ সমূহ

ইউ বি এস৪	এন কে জে ভি	এন আর এস ভি	টি ই ভি	জে বি
স্বর্গরাজ্যের মধ্যে সবচেয়ে বড় ১৮:১- ৫	বড় কে ? ১৮:১- ৫	মানবিক ও ক্ষমা সম্পর্কে বলছে ১৮:১- ৫	বড় কে ? ১৮:১ ১৮:২- ৫	বড় কে ? ১৮:১- ৫ ১৮:১- ৪
পাপের পরীক্ষা ১৮:৬- ৯	যীশু অপরাধীদের সতর্ক করে দেন ১৮:৬- ৯ পদ	নরক সম্পর্কে সতর্ক ১৮:৬- ৭ ১৮:৮- ৯	পাপের পরীক্ষা ১৮:৬- ৭ ১৮:৮- ৯	অন্যদেরকে বিপথে পরিচালনা করা ১৮:৫- ৭ ১৮:৮- ৯ পদ
হারানো মেষের গল্প	হারানো মেষের গল্প	হারানো মেষ ১৮:১০- ১৪	হারানো মেষের গল্প	

১৮:১০- ১৪	১৮:১০- ১৪		১৮:১০- ১৪	
ভাই যে পাপ করেছিল ১৮:১৫- ১৭	পাপীষ্ঠ ভাইয়ের পরিচালনা ১৮:১০- ১৪	অনুস্মরন কারীদের নিয়মানুবর্তীতা ১৮:১৫- ২০	একজন ভাই যে পাপ করেছিল ১৮:১৫- ১৭ বাধা দেওয়া এবং অনুমতিদান ১৮:১৮ পদ ১৮:১৯- ২০	ভাইয়ের সংশোধন ১৮:১৫- ১৭ ১৮:১৮ সাধারন প্রার্থনা ১৮:১৯- ২০
যে কর্মচারী ক্ষমা করেনি তার গল্প ১৮:২১- ৩৫	যে কর্মচারী ক্ষমা করেনি ১৮:২১- ৩৫	ক্ষমা করার মনোভাব ১৪:২১- ২২ ১৮:২৩- ৩৫	যে কর্মচারী ক্ষমা করেনি তার গল্প ১৮:২১ ১৮:২২- ২৭ ১৮:২৪- ৩৪ ১৮:৩৫	ব্যাথায় ক্ষমা ১৮:২১- ২২ যে কর্মচারী ক্ষমা করেনি তার গল্প ১৮:২৩- ৩৫

পড়ার ৩টি ধাপ: দেখুন পৃষ্টা ৬

আদিম লেখকগনকে অনুস্মরন করে অনুচ্ছেদের স্তরকে অভিনিষ্ট করা।

এটিই পড়াশুনার ব্যাখ্যাদান কারী নির্দেশক যেটি আপনাকে নিজস্ব বাইবেল অনুবাদের জন্য দায়িত্ববান হতে সাহায্য করবে। আমাদের প্রত্যেক জনকেই অবশ্যই আমাদের নিজস্ব প্রতিভায় যেতে হবে। আপনার অনুবাদে বাইবেল এবং পবিত্র আত্মাই প্রধান বিষয় হবে। এটি আপনাকে টিকাকারের নিকট ছেড়ে দেওয়া ঠিক হবে না।

এক উপবেসনে অধ্যায়টি পড়ুন। বিষয় গুলোকে বুঝতে চেষ্টা করুন। উপরের পাঁচটি বিভাগ অনুবাদের সাথে আপনি বিষয় বস্তুকে তুলনা করুন। অনুচ্ছেদগুলি স্বগীয়ভাবে অনুপ্রানিত হয়নি কিন্তু ইহা একটি চাবি কাঠি যা আপনি লেথকগনকে অনুসরন করে অনুচ্ছেদ গুলির স্তরকে অভিনিষ্ট করতে পারেন। যেটি হৃদয় বিদারক অনুবাদ।

১.প্রথম অনুচ্ছেদ
২. দ্বিতীয় অনুচ্ছেদ
৩.তৃতীয় অনুচ্ছেদ
৪.ইত্যাদি।

অবস্থার পরিপ্রেক্ষিতে দেখা:

(ক) অবস্থান ছেলে মেয়েদেরকে নির্দেশ করেনা, কিন্তু নূতন বয়স্ক বিশ্বাসীদের কে শিশুদের সাথে তুলনা করে ব্যবহার করা হয়েছে।

(খ) অবস্থান বলতে হেরে যাওয়া থেকে জয়লাভ করাকে বুঝায় না, কিন্তু বিশ্বাসীবর্গের বৈশিষ্টকে বুঝানো হয়েছে।

(গ) মন্ডলী নিয়মানুবর্তিতা বলতে ১৫- ১৯ পদেও সম্পর্কযুক্ত খ্রীষ্টে একে অপরের উপর আমাদের ভালবাসা। (রোমীয় ১৮:, ১ম কর: ৮, ১০:২৩- ৩৩ পদ)

(ঘ) গল্পটি ২১- ৩৫ সম্পর্কযুক্ত দুর্বলদের প্রতি আমাদের সেবা অথবা খ্রীষ্টের মাধ্যমে নূতন খ্রীষ্টানদের প্রতি ঈশ্বরের ভালবাসা । এটি ভিত্তি হিসাবে নয় কিন্তু আমাদের জীবনে ঈশ্বরের ভালবাসার ফল হিসাবে।

শব্দ এবং শব্দগুচ্ছের পড়াঃ

এন এন এস বি (হালনাগাদ) শাস্ত্র মূলবচনঃ ১৮ঃ১- ৬ পদ।
১ম পদঃ সেই সময়ে শিষ্যেরা যীশুর কাছে এসে বললেন, "স্বর্গরাজ্যের মধ্যে সবচেয়ে বড় কে?
২ পদঃ তখন যীশু একটা শিশুকে ডেকে তাঁদের মধ্যে দাঁড় করিয়ে বললেন,
৩ পদঃ আমি তোমাদের সত্যিই বলছি, যদি তোমরা মন ফিরিয়ে শিশুর মত না হও তবে কোন মতেই স্বর্গ- রাজ্যে ঢুকতে পারবে না।
৪ পদঃ যে কেউ এই শিশুর মত নিজেকে নম্র করে সেই স্বর্গরাজ্যের মধ্যে সবচেয়ে বড়।
৫ পদঃ আর যে কেউ এর মত কোন শিশুকে আমার নামে গ্রহন করে সে আমাকেই গ্রহন করে।
৬ পদঃ আমার উপর বিশ্বাসী এই ছোটদের মধ্যে কাউকে যদি কেউ পাপের পথে নিয়ে যায় তবে তার গলায় একটা পাথর বেঁধে তাকে সাগরের গভীর জলে ডুবিয়ে দেওয়া বরং তার পক্ষে ভাল।

১৮ঃ১ পদঃ "শিষ্যরা যীশুর কাছে এসে বললেন" এটি দেখিয়েছেন যে, যীশু বিশ্বাসীবর্গদের সাথে কথা বলেছেন অবিশ্বাসীদের সাথে নয়।

- "তাহলে স্বর্গরাজ্যে বড় কে?" দেখুন মার্ক ৯ঃ৩৩- ৩৪, যোহন ২০;২০- ২৮পদ এই প্রশ্নটি তার অনুসরন কারীদের জন্য কপি করা হয়েছে । প্রশ্নে দেখিয়েছেন যে, শিষ্যরা এখনও স্বর্গরাজ্যের প্রকৃতি সম্পর্কে বুঝতে পারেনি। ইহা আরো দেখিয়েছেন যে শিষ্যরা পিতরকে সবচেয়ে বড় বলে মেনে নিতে পারেনি।

১৮ঃ২ পদঃ "একটি শিশু" মার্ক ৯ঃ৩৩ পদ পরামর্শ দেয় যে, পিতর ছিল শিশু।
১৮ঃ৩ পদঃ "সত্য সত্য" দেখুন বিশেষ ভাবে ৫ঃ১৮ পদ।
"যতক্ষন পর্যন্ত তুমি পরিবর্তন না হও" এটি ব্যাক্তি উদ্দেশ্যের সক্রিয় ক্রিয়াকলাপ নামের কালটি চুড়ান্তভাবে প্রয়োগ করে। ব্যাক্তির আত্তিক বিষয়টি প্রকাশ করা হয় বিভিন চলমান কার্যক্রম উপাদানের মধ্যদিয়ে এবং সম্পৃক্ততার পছন্দে যুক্ত। পরোক্ষ উক্তিটি ঈশ্বরের উদ্যোগে প্রয়োগ করে। (যোহন ৬ঃ৪৪, ৬৫ পদ)

১৮ঃ৪,৬ "আর যে কেহ আপনাকে শিশুর মত... শিশু... এর মত একটি শিশুকে" এ সকল উক্তি গুলো নূতন, নিষ্কলুষ, অপরিনত বা অল্পবিশ্বাসী বয়স্কদের বিষয়ে বর্ননা করে, প্রকৃত শিশুদের নয়। যাহোক, শিশুদের আস্থাপূর্ন নির্ভরশীলতা হউক, বয়স্কদের জন্য প্রকৃত মনোভাব।

১৮ঃ৩- ৪ "তোমরা যদি না ফির ও শিশুদের ন্যায় না হয়ে উঠ, তবে কোন মতে স্বর্গ- রাজ্যে প্রবেশ করতে পারবে না...."

এ প্রসঙ্গে এ পদগুলো উল্লেখ করেছিল (১) কিভাবে একজন ব্যক্তি যীশুর কাছে আসেন এবং (২) কিভাবে একজন ব্যক্তি খ্রীষ্টেতে অবস্থান করেন।

১৮:৫ এটা ১০:৪০ এর গুরুত্বের সদৃশ।

১৮:৬ "বৃহৎ যাতা" এটা নির্দেশ করে যাঁতার উপরদিকের বড় পাথরকে যা শষ্য ভাঙ্গাবার জন্য জীবজন্তুরা টেনে থাকে ।

- "সমুদ্রের অগাধ জলে ডুবিয়ে দেয়া" মরুভুমিতে বসবাসকারী লোকেদের মত ইহুদীরা পানিকে ভয় করত। সেজন্য , এই বাক্যাংশটি সে প্রকার ভয়ানক শারীরিক মৃত্যুকে বর্ননা দেয় যা অন্যান্য বিশ্বাসীবর্গকে পাপ করার দিকে পরিচালনা দেবার চেয়ে উত্তম (তুলনা করুন ৮:১০ পদ। রোমীয় ১৪)।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:৭ [৭]কেননা বিঘ্ন অবশ্যই উপস্থিত হইবে; কিন্তু ধিক সেই ব্যক্তিকে, যাহার দ্বারা বিঘ্ন উপস্থিত হইবে।

১৮:৭ "জগৎকে ধিক.. .. ধিক সে' ব্যক্তিকে" এটাকে রাখা হয়েছিল পুরাতন নিয়মের ভাববাদীদের আক্ষরিক অবয়বের একটি অন্তোষ্টিক্রিয়া কালে শোকসুচক স্তর যা ঈশ্বরের বিচারের প্রতীক হয়েছিল (তুলনা করুন ১১:২১; ১৮:৭; ২৩:১৩; ১৫,১৬,২৩,২৫,২৭,২৯; ২৪:১৯; ২৬:২৪;
লুক ১৯:১- ২)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:৮- ৯ [৮]আর তোমার হস্ত কিম্বা চরন যদি তোমার বিঘ্ন জন্মায়, তবে তাহা কাটিয়া ফেলিয়া দেও; দুই হস্ত কিম্বা দুই চরন লইয়া অনন্ত অগ্নিতে নিক্ষিপ্ত হওয়া অপেক্ষা বরং খঞ্জ কিম্বা নুলা হইয়া জীবনে প্রবেশ করা তোমার ভাল। [৯]আর তোমার চক্ষু যদি তোমার বিঘ্ন জমায়, তবে তাহা উপড়াইয়া ফেলিয়া দেও; দুই চক্ষু লইয়া অগ্নিময় নরকে নিক্ষিপ্ত হওয়া অপেক্ষা বরং এক চক্ষু হইয়া জীবনে প্রবেশ করা তোমার ভাল।

১৮:৯"অগ্নিময় নরক' ***(Gehenna)*** এ শব্দটি হীব্রু ভাষার দুইটি শব্দ থেকে এসেছে। **Ge** এর অর্থ হোল "উপত্যকা" এবং **henna** (হিনোম) শব্দটির অর্থ হোল "হিনোমের পুত্রগন" (তুলনা করুন ২ রাজাবলি ২৩:১০; ২করিন্থীয় ২৮:৩; ৩৩:৬; যিরমিয় ৭:৩১)। এটি ছিল জেরুশালেম নগরীর বাহিরে একটি উপত্যকা যেখানে ফিনিশিয় অগ্নিদেবতাকে শিশু বলিদানের মাধ্যমে পুজা করা হোত। এ শিশু বলিদানকে বলা হোত মোলেক ***(Molech)***। ইহুদীরা এটাকে আস্তাকুড়ে পরিনত করেছিল। যীশু এটাকে রূপক হিসেবে নরক বর্ননা করার জন্য ব্যবহার করেছিলেন ।

এটি একটি ভীতিরূপক পদ। যাহোক, একজন ব্যক্তিকে যীশুর শিক্ষার মধ্যকার বাড়িয়ে বলার ব্যবহারকে অবশ্যই স্মরন করতে হবে। এই পদটি অনুসারীদের, বিশ্বাসীদের সম্পর্কে বর্ননা দেয়। তবুও যীশু এমনকি তার নিজস্ব অনুসারীদেরকে সততা এবং প্রেমময় বিশ্বাসের প্রয়োজনীয়তা সম্পর্কে সতর্ক করেন।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:১০- ১১ [১০]দেখিও, এই ক্ষুদ্রগনের মধ্যে একটীকেও তুচ্ছ করিও না; কেননা আামি তোমাদিগকে কহিতেছি, তাহাদের দূতগন স্বর্গে সতত আমার স্বর্গস্থ পিতার মুখ দর্শন করেন।

১৮:১০ "দেখিও, ঐ ক্ষুদ্রগনের মধ্যে একটীকেও তুচ্ছ করিও না" এ সম্পূর্ন অংশটি পর্বতে দত্ত যীশুর উপদেশের মত একই প্রকার সত্য বিষয়গুলি বর্ননা করে (তুলনা করুন মথি ৫:২২)

“তাদের দূতগন” এই শব্দ দুইটির অর্থ হতে পারে যে বিশ্বাসীগনের একটি সেবাকারী দূত রয়েছে। (তুলনা করুন ইব্রীয় ১:১৪; প্রেরিত ১২:১৫)। এটি একটি চিন্তাকর্ষক/ আকর্ষনীয় মতবাদ কিন্তু এ বিষয়ে বাইবেলে খুব অল্প প্রমান রয়েছে যার উপর একটি ধর্মীয় মতবাদ তৈরী করা যেতে পারে।

১৮:১১ এই পদটি প্রাচীন গ্রীক পান্ডুলিপি **N,B** অথবা গ্রীক পদগুলোতে নাই যা অরিজেন, ইসিবিয়াস এবং জেরোম ব্যবহার করেছিলেন। সিরিয় এবং মিশরীয় অনুবাদের এটি পাওয়া যায় না। প্রকৃত পক্ষে এটি মথি লিখিত সুসমাচারের একটি মূল অংশ ছিল না। প্রথম দিকে মিশরীয় অনুবাদকারীগন লুক ১৯:১০ থেকে এটি মথি লিখিত সুসমাচারে সংযুক্ত করেছিলেন।

পাতা ১৫২

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:১২- ১৪

[১২]তোমাদের কেমন ক্রোধ হয়? কোন ব্যক্তিও যদি এক শত মেষ থাকে, আর তাহাদের মধ্যে একটী হারাইয়া যায়, তবে সে কি অন্য নিরানব্বইটা ছাড়িয়া পর্ব্বতে গিয়া ঐ হারান মেষটীর অন্বেষণ করে না? [১৩]আর যদি সে কোন ক্রমে সেটী পায়, তবে আমি তোমাদিগকে সত্য কহিতেছি যে নিরানব্বইটা হারাইয়া যায় নাই, তাহাদের অপেক্ষা সেইটার নিমিত্ত সে অধিক আনন্দ করে। [১৪]সেইরূপ এই ক্ষুদ্রগনের মধ্যে এক জনও যে বিনষ্ট হয়, তোমাদের স্বর্গস্থ পিতার এমন ইচ্ছা নয়।

১৮:১২- ১৪ “একশত মেষ” এ উপমাটি সেসকল বিশ্বাসী প্রসঙ্গে বর্ননা প্রদান করে যারা সৎ ও পরিশ্রমী থাকার পর পতিত হয় এবং তারপর ঈশ্বরের প্রতি ফিরে আসে। বিশ্বাসীগনকে একে অপরকে সাহায্য এবং পুনঃ স্থাপিত করতে হবে। লুক ১৫:৪- ৭ এ এই একই প্রকার উপমাটি আধ্যাত্বিকভাবে হারিয়ে যাওয়া, আত্ম- ধার্মিক ফরীসীদের নির্দেশ করে। এটা দেখিয়ে দেয় যে যীশু একই প্রকার উপমাগুলো বিভিনভাবে বিভিন শ্রোতা মন্ডলীর জন্য ব্যবহার করেছিলেন।

- “যদি” ১২ এবং ১৩ উভয় পদ দুটি হোল তৃতীয় পর্যায়ের শর্তমূলক বাক্য যা ভবিষ্যতকালের সম্ভাব্য কাজকে বোঝায়।
- **“সত্যই”** ৫:১৮ তে বিশেষ আলোচ্য বিষয় দেখুন।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:১৫- ১৮

[১৫]আর যদি তোমার ভ্রাতা তোমার নিকটে কোন অপরাধ করে, তবে যাও, যখন কেবল তোমাতে ও তাহাতে থাক, তখন সেই দোষ তাহাকে বুঝাইয়া দেও। যদি সে তোমার কথা শুনে , তুমি আপন ভ্রাতাকে লাভ করিলে। [১৬]কিন্তু যদি সে না শুনে, তবে আর দুই এক ব্যক্তিকে সঙ্গে লইয়া যাও, যেন “দুই কিম্বা তিন জন সাক্ষীর মুখে সমস্ত কথা নিষ্পন হয়। [১৭]আর যদি সে তাহাদের কথা অমান্য করে , মন্ডলীকে বল; আর যদি মন্ডলীর কথাও অমান্য করে, সে তোমার নিকটে পরজাতীয় লোকের ও করগ্রাহীর তুল্য হউক। [১৮] আমি তোমাদিগকে সত্য কহিতেছি, তোমরা পৃথিবীতে যাহা কিছু বদ্ধ করিবে, তাহা স্বর্গে বদ্ধ হইবে; এবং পৃথিবীতে যাহা কিছু মুক্ত করিবে, তাহা স্বর্গে মুক্ত হইবে।

১৮:১৫ “যদি তোমার ভ্রাতা কোন পাপ করে” এ অনুচ্ছেদটি ১- ১৪ পদগুলোর আলোকে মন্ডলীর শৃঙ্খলা সম্পর্কে আলোচনা করে। এগুলো হোল তৃতীয় পর্যায়ের শর্তমূলক বাক্যের একটি অনুক্রম, ১৫ (দুইবার), ১৬,১৭ (দুইবার)। এটি ভবিষ্যতের সম্ভাব্য কাজকে বোঝায়।

❑ এখানে গ্রীক পান্ডুলিপির একটি ভিন্নতা রয়েছে। গোলাকার ক্যাপিটাল অক্ষরের ন্যায় অক্ষরে লিখন পদ্ধতিতে লেখা সবচেয়ে প্রথম দিকের সম্পূর্ন গ্রীক ভাষায় অনুবাদ করা এন (N) এবং (B) নূতন নিয়মে "অপরাধগুলোর" পরে "তোমার বিরুদ্ধে" শব্দ দুইটি নাই। এটাকে দেখা গোলকার ক্যাপিটাল অক্ষরের ন্যায় অক্ষরে লিখিত পদ্ধতিতে লিখিত ডি (D), এল, (L) এবং (W) পান্ডুলিপিতে এবং বাইবেলের প্রাচীন ল্যাটিন এবং আমেরিকান অনুবাদ গুলোতে নাই। ইউ.বি.এস সংস্করন ইহাকে বন্ধনীর মধ্যে অন্তর্ভূক্ত করেছে।

❑ ১৮:১৫-১৭ "যাও এবং ব্যক্তিগতভাবে তাকে তার অপরাধ দেখিয়ে দেও" মন্ডলিতে পাপ নিয়ে কিভাবে কাজ করতে হবে সেই সম্পর্কে ইহা ছিল একটি বাস্তব জ্ঞান। ধাপগুলো লক্ষ্য করুনঃ (১) বিঘ্নকারীর কাছে ব্যক্তিগতভাবে দেখা (১৫ পদ) , এক অথবা দুইজন স্বাক্ষীকে সঙ্গে লওয়া এবং আরেকবার যাও, (৩) সমগ্র মন্ডলীর সামনে বিষয়টি উপস্থাপন কর, এবং সবশেষে, (৪) সদস্যপদ বাতিল কর।

> এ সকল নির্দেশাবলী কেবল মাত্র নেতৃবর্গকে উদ্দেশ্য করে বলা হয় নাই কিন্তু সকল বিশ্বাসীকে উদ্দেশ্য করে বলা হয়েছে। আমাদের ভাইয়ের রক্ষক (তুলনা করুন লুক ১৭:৩; গালাতীয় ৬:১-২)। মান্ডলীক শাসন বা শৃঙ্খলার উদ্দেশ্যকে অবশ্যই পরিত্রানমূলক হতে হবে শাস্তিমূলক নয়। যাহোক পাপ প্রবন সাধূদের শরীরের সুনাম এবং শরীরের শান্তি এবং স্বাস্থ্য (আধ্যাত্বিক এবং শারীরিক) অবশ্যই স্থির করতে হবে।

১৮:১৬ "যাতে দুই অথবা তিনজন সাক্ষীর মুখে" পুরাতন নিয়মের সময়ে বিচারালয়ে কোন বিষয়ে নিশ্চিত করার জন্য কমপক্ষে দুইজন সাক্ষীর প্রয়োজন ছিল (তুলনা করুন গননা ৩৫:৩০; দ্বিতীয় বিবরন ১৭:৬ এবং ১৯:১৫)

১৮:১৭ "মন্ডলী" ইহা বাহাত্তর জন পন্ডিতকৃত পুরাতন নিয়মের গ্রীক অনুবাদে হীব্রু শব্দের ব্যবহার "মন্ডলী অথবা ইস্রায়েলের সাম্মিল নীচে প্রতিফলিত করে এবং পঞ্চাশ সপ্তমী উত্তর এর সম্পূর্ন অর্থে নয়। অরামীয় শব্দ " KerishtaÓ (মন্ডলী) ব্যবহার করা হয়েছিল সকল ইহুদী অথবা একটি স্থানীয় সমাজগৃহের অর্থে। এটা ছিল "মন্ডলী কৃত" করার জন্য নূতন নিয়মের একটি উদাহরন।

❑ "সে তোমার নিকটে পরজাতীয় লোকের ও করগ্রাহীর তুল্য হোক" মথি লিখিত সুসমাচার ইহুদীদের জন্য লেখা হয়েছিল। পরজাতীয়দেরকে অশুচী হিসেবে বিবেচনা করা হোত এবং কর সংগ্রহ করার ইহুদীরা ঘৃনার চোখে দেখত (তুলনা করুন ৫:৪৬; ৯:১০-১১; ১১:১৯) এই বাক্যাংশটিকে ইহার দুইটি বর্ননা মূলক উদাহরন সহ ইহুদীরা ভূল বুঝত।

১৮:১৮ "সত্য সত্যই" ৫:১৮তে বিশেষ আলোচ্য বিষয় দেখুন।

❑ "আমি তোমাদেরকে বলছি" "তোমাদেরকে" শব্দটি হোল একটি বহুবচনের শব্দ। যীশু বারজন শিষ্যকে উদ্দেশ্য করে কথা বলতেছিলেন, কেবলমাত্র পিতরকে নয় যেমন করা হয়েছে ১৬:১৯- এ।

❑ "বদ্ধ.. .. .. মুক্ত" এই সকল শব্দকে পরিবর্তন করে "নিষেধ" এবং "অনুমতি" তে রূপান্তরিত করা যেতে পারে। কিভাবে আইনকে বর্তমান অবস্থার সাথে প্রয়োগ করা যায় সেই ব্যপারে আইনানুগ সিদ্ধান্তের জন্য এই উভয় শব্দ দুইটি ছিল ইহুদী পন্ডিত সুলভ শব্দ।

❑ “স্বর্গে বদ্ধ হবে.. .. স্বর্গে মুক্ত হবে” এ সকল পরোক্ষ উক্তি মূলক পুরাঘটিত কর্মবাচক বিশেষণ ছিল কোন কিছু সম্পর্কে বলার জন্য একটি পরোক্ষ পদ্ধতি যে কোন কিছু ইতিমধ্যে সম্পন হয়েছে। এই অনুচ্ছেদটি আধ্যাত্বিক বিষয়ে মানুষের উদ্দেগকে নিশ্চিত করে বলে না, কিন্তু তার লোকদের পবিত্র আত্মার পরিচালনায় ঈশ্বরের ইচ্ছা পৃথিবীতে পূর্ন হয় (তুলনা করুন মথি ১৬:১৯-২০; যোহন ২০:২৩) বিশ্বাসীদের সাথে ঈশ্বরের আচরন অনুসরন করে মান্ডলিক শাসনকে অবশ্যই পরিত্রানমুলক হতে হবে।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:১৯,২০
[১৯]আবার আমি তোমাদিগকে সত্য কহিতেছি, পৃথিবীতে তোমাদের দুই জন যাহা কিছু যাঞ্চা করিবে, সেই বিষয়ে যদি একচিত্ত হয়, তবে আমার স্বর্গস্থ পিতা কর্ত্তৃক তাহাদের জন্য তাহা করা যাইবে। কেননা যেখানে দুই কি তিন জন আমার নামে একত্র হয়, সেইখানে আমি তাহাদের মধ্যে আছি।

১৮:১৯ “যদি দুইজন কোন বিষয়ে এ পৃথিবীতে একমত হয়ে যা কিছু যাঞ্চা করে” এটি একটি তৃতীয় পর্যায়ের শর্তমূলক বাক্য যা সম্ভাব্য ভবিষ্যতের কার্যকে প্রকাশ করে। প্রসঙ্গটি মন্ডলীর অনুশাসন এবং অন্যান্য বিশ্বাসীদের প্রতি আমাদের আচরনের সাথে এই প্রতিশ্রুতিকে সম্পর্কযুক্ত করে। যাহোক ইহা এই ইঙ্গিত করে যে যখন বিশ্বাসীবর্গ প্রার্থনার জন্য সমবেত হয় যীশু সেখানে থাকেন।

১৮:১৯ শাস্ত্রের এই পদটিকে অবশ্যই ১৮ পদে প্রকাশিত পবিত্র আত্মা কর্তৃক প্রকাশিত ঈশ্বরের ইচ্ছার প্রেক্ষিতে বিবেচনা করতে হবে। কেবলমাত্র বিশেষ বিশেষ আধ্যাত্বিক অবস্থার অধিনে বিশ্বাসীবর্গকে প্রার্থনার উক্তরের প্রতিশ্রুতি দেয়া হয়েছে। সবচেয়ে খারাপ বিষয় যা আধুনিক বিশ্বাসী বর্গ মনে করে থাকেন তা হোল যে ঈশ্বর তাদের স্বার্থপর, পার্থিব প্রার্থনার উক্তর দেন।

প্রার্থনার ব্যপারে বাইবেল একটি প্রচলিত মতবিরোধী অভিমত উপস্থাপন করে। কিছু কিছু অনুচ্চেদ প্রার্থনার সীমাহীন পরিধি এবং উক্তর সম্পর্কে বর্ননা দেয় (মথি ১৮:১৯; যোহন ১৪:১৩-১৪; ১৫:৭,১৬; ১৬:২৩)। অন্যান্য অনুচ্ছেদগুলো প্রার্থনার সেইসকল বিষয়গুলো বর্ননা করে যা দ্বারা প্রার্থনা সীমাবদ্ধ তা হোল; (১) আমাদের অধ্যাবসায় (তুলনা করুন মথি ৭:৭-৮; লুক ১১:৫-১৩; ১৮:১-৮; (২) আমাদের মনোভাব (তুলনা করুন মথি ২১:২২; মার্ক ১১:২৩-২৪; লুক ১৮:৯-১৪; যাকোব ১:৬-৭; ৪:১-১০) এবং (৩) ঈশ্বরের ইচ্ছা (তুলনা করুন ১যোহন ৩:২২; ৫:১৪-১৫)।

ধর্মতাত্বিকভাবে বিশ্বাসীগন একমত যে:

(১) ঈশ্বর তাঁর সন্তানদের প্রার্থনাগুলোর দ্বারা অভিভূত

(২)সবচেয়ে বড় দানটি প্রার্থনার উক্তর নয় কিন্তু পিতা ঈশ্বরের সাথে সহভাগিতা;

(৩) সকল প্রার্থনার উক্তর দেয়া হয় এবং

(৪)প্রার্থনা আমাদের জীবন এবং তাদের জীবনের পরিবর্তন করে থাকে যার জন্য আমরা প্রার্থনা করি। যাহোক, যখন সকল বলা হয়েছে এবং করা হয়েছে, তারপর প্রার্থনার মধ্যে একটি “নিগুড় তত্ব” রয়েছে। সত্য দ্বারা যে সিদ্ধান্ত স্থির করা হয়েছে যে ঈশ্বর তাঁর সন্তানদের প্রার্থনার প্রতি উক্তর দিতে তাঁর সার্বভৌমত্বে নিজেকে সীমাবদ্ধ করতে পছন্দ করেছেন। আমাদের নাই কারন আমরা চাই নাই অথবা ভ্রান্তভাবে চেয়েছি।

১৮:২০ যে সংখ্যাটি উল্লেখ করা হয়েছে ১৬ পদে মত। এটা হতে পারে একজন স্বামী এবং একজন স্ত্রী (পারিবারিক পরিবেশে অথবা দুই অথবা অধিক বিশ্বাসী (উপাসনা অথবা শিষ্য পরিবেশে)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:২১- ২২
তখন পিতর তাঁহার নিকটে আসিয়া কহিলেন , প্রভু, আমার ভ্রাতা আমার নিকটে কত বার অপরাধ করিলে আমি তাহাকে ক্ষমা করিব? দশ সাত বার পর্য্যন্ত? যীশু তাহাকে কহিলেন তোমাকে বলিতেছি না, সাত বার পর্য্যন্ত, কিন্তু সত্তুর গুন সাত বার পর্য্যন্ত ।

১৮:২১
এনএসবি, এনকেজেভি,
টি.ই.ভি "সত্তর বার সাত"
এন.আর.এস.ভি.জে.বি "সত্তর সাত বার"

পিতর দয়ালু হতে চেষ্টা করতেছিলেন। ব্যাবিলনীয় ধর্মগ্রন্থে সর্ব্বোচ্চ মাত্রা হিসাবে তিনগুন ছিল (তুলনা করুন আমোষ ১:৩, ৬; ২:৬)। যীশু ক্ষমা করে দেয়াকে সাতগুন সত্তরের একটি নূতন রূপক শোভিত উচ্চতায় নিয়ে গিয়েছিলেন। এর অর্থ এই নয় যে বিশ্বাসীগন ৪৯১ বার ক্ষমা করেন না, কিন্তু ঐ চুক্তিতে আবদ্ধ ভ্রাতাগন অন্যান্য চুক্তিতে আবদ্ধ ভ্রাতাগনকে ক্ষমা করে দেবার জন্য অবশ্যই সব সময় প্রস্তুত থাকতে হবে (তুলনা করুন লুক ১৭:৪) যেমন ঈশ্বর ক্ষমা করেন।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৮:২৩- ৩৫
এজন্য স্বর্গরাজ্য এমন একজন রাজার তুল্য, যিনি আপন দাসগনের কাছে হিসাব লইতে চাহিলেন। তিনি হিসাব আরম্ভ করিলে, একজন তাহার নিকটে আনীত হল, যে তার দশ সহস্র তালন্ত ধারিত। কিন্তু তার পরিশোধ করবার সঙ্গতি না াকাতে তার প্রভু তাকে ও তার স্ত্রী পুত্রাদি সর্ব্বস্ব বিক্রয় করে আদায় করিতে আজ্ঞা করলেন। তাতে সে দাস তার চরনে পড়িয়া প্রনিপাত করে বলল, হে প্রভু, আমার প্রতি ধৈর্য্য ধরুন, আমি আপনার সমস্তই পরিশোধ করব। তখন সে দাসের প্রভু করুনাবিষ্ট হইয়া তাকে মুক্ত করলেন ও তার ঋন ক্ষমা করলেন। কিন্তু সেই দাস বাহিরে গিয়া তার সহদাসদের মধ্যে এক জনকে দেখিতে পাইল, যে তার এক শত সিকি ধারিত; সে তাকে ধরে গলাটিপি দিয়া বলল, তুই যা ধারিস, তাহা পরিশোধ কর। তখন তার সহদাস তার চরনে পড়ে বিনতিপূর্ব্বক বলল, আমার প্রতি ধৈর্য্য ধর, আমি তোমার ঋন পরিশোধ করব। তথাপি সে সম্মত হল না, কিন্তু গিয়া তাকে কারাগারে ফেলে রাখল, যে পর্য্যন্ত ঋন পরিশোধ না করে। এই ব্যাপার দেখে তার সহদাসেরা বড়ই দুঃখিত হল, আর আপনাদের প্রভুর কাছে গিয়া সমস্ত বৃত্তান্ত বলে দিল। তখন তার প্রভু তাকে কাছে ডাকিয়া কহিলেন, দুষ্ট দাস, তুমি আমার কাছে বিনতি করাতে আমি তোমার ঐ সমস্ত ঋন ক্ষমা করেছিলাম, আমি যেমন তোমার প্রতি দয়া করেছিলাম তেমনি তোমার সহদাসের প্রতি দয়া করা কি তোমারও উচিত ছিল না? আর তার প্রভু ক্রুদ্ধ হয়ে পীড়নকারীদের নিকটে তাকে সমর্পন করলেন, যে পর্যন্ত সে সমস্ত ঋণ পরিশোধ না করে। আমার স্বর্গীয় পিতাও তোমাদের প্রতি এই রূপ করবেন, যদি তোমরা প্রতিজন অন্তঃকরনের সহিত আপন আপন ভ্রাতাকে ক্ষমা না কর।

১৮:২৩ "একজন রাজা" মথির কাছে এই উপমাটি অদ্বিতীয় ছিল। অরামীয় ভাষায় এই শব্দটির অর্থ হতে পারত "একজন রাজার কর্মকর্তা"
১৮:২৪ "দশ হাজার তালন্ত" এটি একটি বিরাট আকারের অর্থ ছিল। ছয়শত তালন্ত ছিল দক্ষিন প্যালেষ্টাইনের জন্য বার্ষিক রোমীয় কর। এটি ছিল একটি পূর্বদেশীয় অতিশয়োক্তি অলংকার যীশু কখনও কখনও উপমার মূল বিষয়কে উত্তম রূপে উপলব্দি করানোর জন্য এই সাহিত্য বিষয়ক কৌশলকে ব্যবহার করেছিলেন।

১৮:২৬,২৯ “আমার প্রতি ধৈর্য ধরুন আমি আপনার সমস্তই পরিশোধ করব” এ শব্দগুলি ২৬ এবং ২৯ উভয় পদের একই শব্দ। এই হোল উপমাটির মূল বিষয়।

১৮:৩৪ “পীড়নকারীরা” অরামীয় ভাষায় এই শব্দকে খুব সম্ভবত “জেল কর্মকর্তা” বলা হোত।
১৮:৩৫ “আমার স্বর্গীয় পিতাও তোমাদের প্রতি এরূপ করবেন, যদি তোমরা প্রতিজন অন্তকরনের সাথে আপন আপন ভ্রাতাকে ক্ষমা না কর” এটি হোল একটি তৃতীয় পর্যায়ের শর্তমূলক বাক্য যা ভবিষ্যত কাজকে বোঝাত। ক্ষমাশীলতাকে অবশ্যই মাফ করাতে পর্যবসিত হতে হবে অথবা হওয়া উচিত (তুলনা করুন ৫:৭; ৬:১৪-১৫; ৭-১-২, ১০:৮; লুক ৬:৩৬; কলসীয় ৩:১৩; যাকোব ২:১৩; ৫:৯)। ক্ষমাশীলতা আমাদের পরিত্রানের ভিত্তি হয় কিন্তু ক্ষমা পাওয়ার জন্য একটি নিশ্চিত প্রমান।

আলোচনার জন্য প্রশ্নাবলীঃ

এটা হল একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্কে আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই যে আলো রয়েছে সেই আলোতে চলতে হবে। এই ব্যাখ্যাতে আপনার, বাইবেলে এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। একজন ব্যাখ্যাকারীর কাছে এটাকে আপনি অবশ্যই ছেড়ে দিতে পারেন না।

আলোচনার সময় এই সকল প্রশ্ন আপনাকে সাহায্য করার জন্য দেয়া হয়েছে যাতে আপনি বইটির প্রধান প্রধান অংশের বিষয়গুলি পুঙ্খানু পুঙ্খভাবে চিন্তা করতে পারেন। এগুলোর উদ্দেশ্য হল চিন্তাকে জাগিয়ে তোলার জন্য, চূড়ান্ত করার জন্য নয়।

১. এ অনুচ্ছেদটি কি ঈশ্বরের সাথে সন্তান সন্ততিতের সম্পর্কের সংজ্ঞা প্রদান করে?
২. আমাদের ব্যক্তিগত পাপের সহজাত বৈশিষ্ট প্রদর্শন করার জন্য এ অনুচ্ছেদে কোন দুইটি উপমা দেয়া হয়েছে?
৩. ১২-১৪ পদেও ঐ উপমাটি লুক ১৫:৪-৭ এর মত একই সত্য জ্ঞাপন করে কি?
৪. ২৩-২৫ পদের উপমাটি ক্ষমাশীলতা সম্পর্কে আমাদের নিকটে কি বিষয় জ্ঞাপন করে?

মথি - ১৯

আধুনিক অনুবাদগুলোর অনুচ্ছেদ ক্রমিক বিভাজন

ইউ.বি.এস	এন.কে.জে.ভি	এন.আর.এস.ভি	টি.ই.ভি	জে.বি
বিবাহ বিচ্ছেদের উপর	বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ ১৯:১-১০	বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ ১৯:১-২ ১৯:৩-৯	বিবাহ বিচ্ছেদের সম্পর্কে যীশুর শিক্ষা দেন ১৯:১-২	বিবাহ-বিচ্ছেদ সম্পর্কে প্রশ্ন ১৯:১-২ ১৯:৩-৬

শিক্ষা			১৯:৩	
১৯:১- ২			১৯:৪- ৬	১৯:৭- ৯
১৯:৩-	যীশু কৌমার্য		১৯:৭	
১২	সম্পর্কে শিক্ষা	১৯:১০- ১২	১৯:১০	জিতেন্দ্রিয়তা
	দেন			১৯:১০- ১২
	১৯:১১- ১২		১৯:১১- ১২	যীশু এবং শিশুরা
			যীশু ছোট শিশুদের	
	যীশু ছোট		আশীর্বাদ করেন	১৯:১৩- ১৫
	শিশুদের	শিশুদের আশীর্বাদ	১৯:১৩- ১৪	
	আশীর্বাদ দেন	করা	১৯:১৫	
ছোট	১৯:১৩- ১৫	১৯:১৩- ১৫		
শিশুদে				ধনী যুবকটি
র	যীশু ধনী		ধনী যুবকটি	১৯:১৬- ২২
আশীর্বা	যুবকটিকে	ধনী যুবকটি	১৯:১৬- ২২	
দ দেয়া	পরামর্শ দেন	১৯:১৬- ২২		
হয়েছে	১৯:১৬- ২২	১৯:১৭		
১৯:১৩-		১৯:১৮ক		
১৫		১৯:১৮খ- ১৯		
		১৯:২০		
ধনী		১৯:২১		১৯:২৩- ২৬
যুবকটি	ঈশ্বরের সকলই	১৯:২২	১৯:২৩- ২৪	
১৯:১৬-	সাধ্য	১৯:২৩- ২৬		আত্মত্যাগের
২২	১৯:২৩- ৩০	১৯:২৫		পুরস্কার
		১৯:২৬		১৯:২৭
			১৯:২৭- ৩০	১৯:২৭- ৩০
				১৯:২৮- ৩০
		১৯:২৭- ৩০		
১৯:২৩				
- ৩০				

পাঠ সিরিজ তিন (পৃষ্টা দেখুন)
অনুচ্ছেদ পর্যায়ে মূল লেখকের অভিপ্রায় অনুসরন করে

এটি একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্ক আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই সেই আলোতে চলতে হবে যে আলো আমাদের মাঝে রয়েছে। এই ব্যাখ্যার আপনার, বাইবেলের এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। আপনি একজন ব্যাখ্যাকারীর উপর এই ব্যাখ্যাকে ছেড়ে দিতে পারেন না। আসন থেকে না উঠে একবারেই

অধ্যায়টি পড়ুন। বিষয়টি চিহ্নিত করুন । উপরে উল্লেখিত পাঁচ প্রকারের অনুবাদের আলোকে আপনার বিষয় বিভাজন গুলোকে তুলনা করুন। অনুচ্ছেদে ভাগ করাটা ঐশী প্রেরনার বিষয় নয়, কিন্তু এটা মূল লেখকের

অভিপ্রায় অনুসরনের চাবি বা উপায় সরূপ, যা হল ব্যাখ্যার হৃদপিন্ড সরূপ। প্রত্যেকটি অনুচ্ছেদের একটি এবং কেবলমাত্র একটি বিষয় রয়েছে।

১। প্রথম অনুচ্ছেদ

২। দ্বিতীয় অনুচ্ছেদ

৩। তৃতীয় অনুচ্ছেদ

৪। ইত্যাদি

প্রাসঙ্গিক অন্তদৃষ্টিঃ

(ক) ফরীশীগন বিবাহ বিচ্ছেদের ব্যাপারে কোন প্রশ্নের সম্পর্কে প্রকৃত পক্ষে উৎসাহী ছিলেন না কিন্তু একটি বিতর্কিত বিষয়ের উপর যীশুর অনুগামীদেরকে বিভক্ত করে তারা যীশুর জনপ্রিয়তাকে হ্রাস করবার চেষ্টা করতেছিলেন (তুলনা করুন মার্ক ১০ঃ২- ১২) । এই সংঘর্ষমূলক প্রেক্ষিতে যীশুর উক্তরকে অবশ্যই ব্যাখ্যা করতে হবে। এটি একটি নিরপেক্ষ শিক্ষামূলক অনুচ্ছেদ নয়।

(খ) বিবাহ- বিচ্ছেদের বিষয় আলোচনার সময়ে মথি ৫ঃ৩১- ৩২; মার্ক ১০ঃ১- ১২; লুক ৬ঃ১৮ এবং ১করিন্থীয় ৭ঃ১২- ১৪ কে অবশ্যই বিবেচনায় আনতে হবে। এই অনুচ্ছেদ বিবাহ- বিচ্ছেদ এবং মোশীর রচনাবলীতে উল্লেখিত পুনর্বিবাহের জন্য আইনানুগ পটভূমি সংশ্লিষ্ট করে।

(গ) এ ধরনের কোন সামাজিক বিষয় ব্যাখ্যা করা হয়, তখন যে সকল বিষয়ে সতর্ক হতে হবে তা হোলঃ

১। আপনার নিজস্ব সংস্কৃতি এবং বয়স দ্বারা অতিমাত্রায় প্রভাবিত হওয়া।

২। আপনার বর্তমান অবস্থা এবং অভিজ্ঞতা দ্বারা প্রভাবিত হওয়া।

৩। আপনার অনুমান দ্বারা প্রভাবিত হওয়া।

৪। প্রত্যেকটি অবস্থার জন্য কঠিন এবং মতবাদমূলক নিয়মাবলী তৈরী করা।

শব্দ এবং শব্দ সমষ্টিমূলক অধ্যায়ন

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ ঃ ১৯ঃ১- ২

এই সকল বাক্য সমাপ্ত করবার পর যীশু গালীল হইতে প্রস্থান করলেন, পরে যর্দ্দনের পরপারস্থ যিহুদিয়ার অঞ্চলে উপস্থিত হইলেন; আর বিস্তর লোক তার পশ্চাৎ পশ্চাৎ গমন করল, এবং তিনি সেখানে লোকদিগকে সুস্থ করলেন।

১৯ঃ১ " তিনি গালীল হতে প্রস্থান করলেন এবং যিহুদার অঞ্চলে আসলেন" যীশুর পরিচর্যাকাজের এই সময়টি কখনও কখনও পিরিয়াতে তার পরিচর্যা কাজ বলে অভিহিত করা হয় "ইহা ১৯- ২০ অধ্যায়গুলো অন্তর্ভুক্ত করে। অনেক ইহুদী শমরীয় অঞ্চল দিয়ে যাতায়াত করত না কিন্তু পিরিয়ার জর্দন অঞ্চল দিয়ে পার হোত, তারপর জেরুসালেমের দিকে দক্ষিনে এবং জর্দনের উপর দিয়ে ফিরে এসে যেরিখোতে গিয়ে যিহুদার অঞ্চলে যেতে হোত। আর এভাবে তারা যাতায়াত করত শমরীয়দের প্রতি তাদের ঘৃনার কারনে। তারা শমরীয়দেরকে আধা ইহুদী এবং আধা- পরজাতীয় বলে বিশ্বাস করত। এর এটা হয়েছিল খ্রীষ্টপূর্ব ৭২২ সালে সার্গন দ্বিতীয় এর অধীনে উক্তরের দশ বংশের অ্যাসিরীয় দেশে বন্দীদশার এবং ইহুদী- ধর্মে পরজাতীয়দের পুর্নবাসনের ফল স্বরূপ।

১৯:২ " বিস্তর লোক তার পশ্চাতে পশ্চাত আসল। খুব সম্ভবত এরা ছিল তীর্থযাত্রী যারা জেরুসালেমের দিক যাচ্ছিলেন, কিন্তু এরা সেসকল লোক হতে পারেন যারা সুস্থ্য হতে চেয়েছিল অথবা তারা উৎসাহী লোক ছিলেন।

❑ "আর তিনি সেখানে তাদেরকে সুস্থ্য করলেন" যীশুর সুস্থতা পরিচর্যা কাজের উদ্দেশ্য ছিল তার বার্তাকে সুনিশ্চিত করা, স্বর্গের ভবিষ্যত পরম সুখকে এবং ঈশ্বরের হৃদয়কে প্রদর্শন করতে সহায়তা করা। তিনি মূলতঃ সুস্থ করতে আসেন নাই, কিন্তু শিক্ষা দিতে এসেছিলেন; যাহোক, তিনি যখনই লোকদেরকে পাপের ধ্বংশ থেকে আঘাত পেতে দেখেছেন, তিনি সক্রিয় হয়েছিলেন; আর এখনও তিনি তা করেন।

বিশেষ আলোচ্য বিষয় : সুস্থ্যতা করা কি সকল যুগের জন্য ঈশ্বরের পরিকল্পনা?
১। সুস্থতা করাটা যীশুর এবং শিষ্যদের পরিচর্যাকাজের একটি গুরুত্বপূর্ন বিষয় ছিল।
২। মূলতঃ এর উদ্দেশ্য ছিল সুসমাচারকে নিশ্চিত করা।
৩। এটা ঈশ্বরের হৃদয় প্রদর্শন করে।
৪। ঈশ্বরের পরিবর্তন হয় নাই এবং তিনি এখনও সুস্থ করার মধ্য দিয়ে ভালবাসার কাজ করেন।
৫। কতগুলি উপমা রয়েছে, যেখানে সুস্থতা ঘটে নাই:
(ক) পৌল ২করিন্থীয় ১২:৭- ১০।
(খ) ট্রফিমাস, ২তিমথীয় ৪:২০

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৯:৩- ৯
আর ফরীশীরা তাঁহার নিকটে এসে পরীক্ষা ভাবে তাকে জিজ্ঞাসা করিল, যে সে কারনে কি আপন স্ত্রীকে পরিত্যাগ করা বিধেয়, তিনি উক্তর করিলেন, তোমরা কি পাঠ কর নাই যে, সৃষ্ঠিকর্তা আদিতে পুরুষ ও স্ত্রী করিয়া তাদেরকে নির্ম্মান করেছিলেন, আর বলেছিলেন, এই কারন মনুষ্য পিতা ও মাতাকে ত্যাগ করিয়া আপন স্ত্রীতে আসক্ত হইবে এবং সে দুই জন একাঙ্গ হবে? সুতরাং তারা আর দুই নয়, কিন্তু একাঙ্গ । অতএব ঈশ্বর যাহার যোগ করে দিয়েছেন, মনুষ্য তার বিয়োগ না করুক। তারা তাঁকে বলল, তবে মোশি কেন ত্যাগপত্র দিয়া পরিত্যাগ করবার বিধি দিয়েছেন? তিনি তাদেরকে বললেন তোমাদের অন্তঃকরন কঠিন বলিয়া মোশি তোমাদেরকে আপন আপন স্ত্রীকে পরিত্যাগ করবার অনুমতি দিয়াছেন, কিন্তু আদি হইতে এরুপ হয় নাই। আর আমি তোমাদেরকে বলতেছি, ব্যাভিচার দোষ ব্যতিরেকে যে কেহ আপন স্ত্রীকে পরিত্যাগ করে অন্যকে বিবাহ করে, সে ব্যাভিচার করে; এবং যে ব্যক্তি সেই পরিত্যক্তা স্ত্রীকে বিবাহ করে সেও ব্যভিচার করে।

১৯:৯ ফরীশীদের উৎপক্তি এবং দর্শন সম্পর্কে একটি পূর্ন আলোচনার জন্য ২২:১৫তে টিকা দেখুন।

❑ "তাকে পরীক্ষা ভাবে" - এ পদটির ধ্বংশের উদ্দেশ্য পরীক্ষা করার একটি নেতিবাচক অর্থ ছিল। একটি নিরপেক্ষ পরিবেশে এটি একটি ধর্মতত্ব সম্বন্ধীয় আলোচনা ছিল না। ৪:১ টীকাতে বিশেষ বিষয় দেখুন।

❑ এন.এ.এস.বি. - "আদৌ যে কোন কারনে"
এন.কে.জে.ভি - "যে কোন কারনে"
এন.আর.এস.ভি - "যে কোন কারনে"
টি.এ.ভি - "যে কোন কারনে যা তিনি ইচ্ছা করেন"
জে.ভি- "অথবা যে কোন ছুতা হোক না কেন "

মার্ক ১০:২ পদে প্রশ্নটি ছিল বিবাহ বিচ্ছেদের ব্যাপারে, কিন্তু এখানে প্রশ্নটি বিবাহ বিচ্ছেদের ব্যাপারে উপযুক্ত কারন সংশ্লিষ্ট করে। সাম্মাইদের রক্ষনশীল ধর্মগুরুদের দলটি দ্বিতীয় বিবরন ২৪:১ থেকে কতগুলি অভদ্রতা বা অশ্লীলতা খুজে পেয়েছিলেন যখন হিল্লেলদের উদারপন্থী ধর্মগুরুদের দলটি "তিনি (স্ত্রীলোকটি) কোন সদ্ব্যবহার" খুজে পান না" বিষয়টি খুজে পেয়েছিলেন। অতএব প্রথন দলটি বলেছিলেন পটভূমিগুলো ছিল কেবলমাত্র ব্যাভীচারের অথবা কিছু কিছু অন্যান্য নিষিদ্ধ যৌন কার্য কলাপ; দ্বিতীয় দলটি বলেছিলেন যে কোন কারনের জন্য। পরবর্তীতে, হিল্লোল মতবাদের দলটির ধর্মগুরু আকিবা বলেছিলেন যে কোন ব্যক্তি তার স্ত্রীকে পরিত্যাগ করতে পারেন যদি তিনি অন্য কাউকে আরো সুন্দরী বলে খুজে পান।

১৯:৪ "শুরু থেকে এই উদ্বৃতি আদিপুস্তক ১:২৭ এবং ৫:২ থেকে নেওয়া হয়েছে। বিবাহ ছিল ঈশ্বরের চিন্তা দ্বারা এবং তা ছিল একগামী (তুলনা করুন ২:২৩- ২৪)এবঙ স্থায়ী।

১৯:৫ "এ কারনে ... তার পিতা এবং মাতাকে ত্যাগ করবে" এই উদ্ধৃতি নেওয়া হয়েছে আদিপুস্তক ২:২৪ থেকে। লক্ষ্য করুন পিতা ও মাতা উভয়কে উল্লেখ করা হয়েছে কিন্তু কোন ব্যক্তির একক পরিবারের মৌলিক বিবাদের বিষয়ও উল্লেখ করা হয়েছে যা বিবাহ দাবী করেছিল।

- প্রাচীন পৃথিবীতে পরিবারগুলো একটি বাড়ীতে অনেক প্রজন্মের অগ্রাধিকার এবং স্বাধীনতা নিশ্চিত করা হয়েছে।
- "সে দুইজন একাঙ্গ হবে" এটি হল হীব্রু সংখ্যা "এক" এর বহুবচনাত্বক রুপ। এই শব্দটি আদিপুস্তক ২:২৪ , দ্বিতীয় বিবরন ৬:৪, এবং যিহিস্কেল ২৭:১৭ তে ব্যবহৃত হয়েছিল । এ সকল পদগুলোতে বহুত্বরে সম্ভাবনাকে এই হীব্রু শব্দের এই রুপে দেখানো হয়েছে। ভালবাসা অনেক লোককে সম্পূর্নরুপে মিলন করিয়ে দেয়।

১৯:৬ "সেজন্য ঈশ্বর যা যোগ করে দিয়েছেন" এটি একটি বর্তমান কালের কর্তৃবাচকমুলক নির্দেশ যা সম্পূর্ন কাজটি প্রকাশ করেছিল। 'কে' নয় 'যা' উল্লেখ করে বিবাহ সংস্কারকে গুরুত্বারোপ করা হয়েছিল। "এক সঙ্গে করা" পদ দুইটি অর্থ ছিল "এক সঙ্গে সংযোজিত করা" ।

১৯:৭"মোশি তাকে ত্যাগপত্র দিয়ে পরিত্যাগ করবার আদেশ দিয়েছিলেন" এটি পাওয়া যায় দ্বিতীয় বিবরন ২৪:১ প্রথম অংশ। যীশু বলেছিলেন যে মোশি এটা করেছিলেন এই কারনে নয় যে ঈশ্বর এটা চেয়েছিলেন, কিন্তু লোকদের অন্তকরন কঠিন বলে। স্ত্রীলোকদের সামাজিক অবস্থার জন্য মোশির সহানুভূতি ছিল। এই ত্যাগ পত্রের (১) অনেকগুলো দিন প্রয়োজন হোত, (২) আইনানুগ সাহায্য প্রয়োজন হোত এবং (৪) পূন:বিবাহ ফল স্বরুপ আসত।

১৯:৯

- এন.এ.এস.বি.- " নীতিহীন কাজ ব্যতিরেকে"
  এন.কে.জে.ভি - " যৌন নীতিহীন কাজ ব্যতিরেকে"
  এন.আর.এস.ভি- " ব্যভিচার ব্যতিরেকে"
  টি.এ.ভি - " তার অবিশ্বস্ততা ব্যতিরেকে"

  জে.ভি - " আমি অবিবাহিত স্ত্রী পুরুষ অথবা বিবাহিত ও অবিবাহিতের যৌন সংগমের সম্পর্কে কথা বলছি না। "

গ্রীক শব্দটি হোল "পরনেইয়া" (porneia) যা থেকে ইংরেজী শব্দ pornography অর্থাৎ অশ্লীল রচনা সাহিত্যাদি এসেছে। এটা উল্লেখ করতে পারত অবিবাহিত স্ত্রী পুরুষ অথবা বিবাহিত ও অবিবাহিতের যৌন সংগম, ব্যভিচার অথবা পাশবিকতা অথবা সমকামীতার মত অসংগত যৌন কার্যাবলী।

❑ “অন্য এক মহিলাকে বিবাহ করে” কেবলমাত্র এ সময়ের মধ্যে কেবল একজন ইহুদী পুরুষ লোকের ত্যাগপত্র দেওয়ার অধিকার ছিল। মথি এবং লুক লিখিত সুসমাচার অইহুদী শ্রোতাদের কাছে লেখা হয়েছিল। আর মথি এবং লুকে স্ত্রীলোকদের উদ্দেশ্য বলা হয়েছে (তুলনা করুন মার্ক ১০:১২)

❑ “ব্যভিচার করে” এটা হোল বর্তমান কর্মবাচক (আদালতের সাক্ষীর মত) নির্দেশ। এই পদটিতে কতগুলি মূলগ্রন্থ সমন্ধীয় পার্থক্য লেখকগনের ৫:৩২ উল্লেখ করার কারনে হয়েছে। ৫:৩২ এর ক্রিয়ার কাজগুলো এই অনুচ্ছেদের উপর আলোক সম্পাত করেছে। ৫:৩২ পদে অনুবাদটি হওয়া উচিৎ” তাকে ব্যভিচারিনী হওয়ার কারন হয়” । এটি কর্মবাচকের গ্রীক পাণ্ডুলিপি খ ও গ এর ১৯:৯ পদে পাওয়া যায়। এটি খুব সম্ভবত সেই সামাজিক দাগ বা ছাপকে উল্লেখ করে যা ইহুদী সংস্কৃতি একজন স্বামী পরিত্যাক্ত স্ত্রীলোকের উপর চাপিয়ে দেয়া হোত, যা তাকে একজন ব্যভিচারিনী হিসেবে আখ্যা দিত সেই ঘঁটনাটি দ্বারা যে তাকে পরিত্যাগ করা হয়েছে।

এই অবস্থায় এফ.এফ ব্রুস কতৃক লিখিত প্রশ্নাবলী এবং উল্টরাবলী নামক পুস্তকে, পৃষ্টা ৫৫, তার মন্তব্য আজকাল এই পদের ব্যবহার সম্পর্কে প্রাসঙ্গিকঃ

“তিনি তার শিষ্যদেরকে এমন কোন সুযোগ দেন নাই যে তারা তার নির্দেশের উপর ভিক্তি করে একটি নুতন আইন প্রবর্তন করবে, যেমন তাদের মধ্যে কেহ কেহ করতে চেষ্টা করেছিলেন। তিনি শাব্বাথের নিয়ম সম্পর্কে যা বলেছিলেন তা বিবাহের আইন সম্পর্ক বলা যেতে পারেঃ ইহা মানুষের জন্য সৃষ্টি করা হয়েছে, এবং শাব্বাথের জন্য মানুষ সৃষ্টি করা হয় নাই।”

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৯:১০- ১২
শিষ্যেরা তাঁকে বললেন, যদি আপন স্ত্রীর সঙ্গে পুরুষের এরুপ সম্বন্ধ হয়, তবে বিবাহ করা ভাল নয়। তিনি তাদেরকে বললেন, সকলে এই কথা গ্রহন করে না, কিন্তু যাহাদিগকে ক্ষমতা দত্ত হইয়াছে তাহারাই করে। কারন এমন নপুংসক আছে, যারা মাতার উদর হইতে সেইরুপ হইয়া জন্মিয়াছে; আর এমন নপুংসক আছে, যাহাদিগকে মানুষেরা নপুংসক করেছে; আর এমন নপুংসক আছে, যারা স্বর্গ- রাজ্যের নিমিক্তে আপনাদিগকে নপুংসক করেছে। যে গ্রহন করিতে পারে , সে গ্রহন করুক।

১৯:১০ “শিষ্যেরা বললেন... বিবাহ না করা উক্তম” যীশুর বক্তব্য তাদেরকে প্রচন্ডভাবে ধাক্কা দিয়েছিল। তাদের ছিল সংস্কৃতির সেই দৃষ্টিভঙ্গি যা তাদের মনের মধ্যে দৃঢ়ভাবে বদ্ধ মূল ছিল। আমরা একইভাবে তা করি। বিবাহ হোল মানুষের জন্য ঈশ্বরের ইচ্ছা। এটি একটি প্রথম শ্রেনীর শর্তমুলক বাক্য। এটি একটি বড় আশীর্বাদ কিন্তু একটি বড় দায়িত্বও বটে। বহুসংখ্যক বিবাহ বিচ্ছেদের দিনগুলোতে একটি দৃঢ়, ঐশ্বরিক নিয়ম সম্মত বিবাহের সাক্ষ্য হারিয়ে যাওয়া পৃথিবীতে খুবই শক্তিশালী।

১৯:১০- ১১ বিবাহ একটি নিয়ম (তুলনা করুন আদিপুস্তক ১:২৮, ৯:১৭) কিন্তু চিরকৌমার্য একটি ঐশ্বরিক নিয়ম সম্মত বেছে লওয়ার অধিকার (তুলনা করুন করিন্থীয় ৭, ৭, ১৭)। একজন বিশ্বাসীর প্রার্থনাপুর্ন ইচ্ছা তাকে এই ক্ষেত্রে পথ দেখিয়ে দিতে পারে। যদি কেহ কৌমার্য গ্রহন করতে পছন্দ করেন, ইহা ঈশ্বরের প্রতি সেবা কাজের জন্য হওয়া উচিত (তুলনা করুন ১ করিন্থীয় ৭:৩২)।

১৩- ১৫ পদগুলোর জন্য বর্ননা প্রাসঙ্গিক অন্তদৃষ্টি

ক. মার্ক ১০:১৩- ৩১ এবং লুক ১৮:১৫- ৩০ - এ ১৩- ১৫ পদগুলো সদৃশ।

খ. নূতন নিয়ম ঈশ্বরের সাথে সন্তানদের আধ্যাত্তিক সম্বপর্ক আলোচনা করে না।

গ. মথি ১৮ সন্তানদের আধ্যাত্বিক অবস্থা কিন্তু নূতন বিশ্বাসীদের জন্য একটি উদাহরন হিসাবে তাদেরকে ব্যবহার করে।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৯:১৩- ১৫
তখন কতকগুলি শিশু তার নিকটে আনীত হইল যেন তিনি তাদের উপরে হস্তার্পন করেন ও প্রার্থনা করেন; তাতে শিষ্যেরা তাদেরকে ভর্ৎসনা করলেন। কিন্তু যীশু কহিলেন, শিশুদের আমার নিকটে আসতে দেও, বারন করো না, কেননা স্বর্গ- রাজ্যে এই মত লোকদেরই। পরে তিনি তাদের উপরে হস্তার্পন করিয়া সেখান হইতে চলে গেলেন।

১৯:১৩ “শিশুদের” সমাজ থেকে বহিস্কৃত , নির্বাাসিত, এবং অথবা সুযোগ বঞ্চিতদের নিকট একজন বন্ধ ছিলেন। যীশু সাধারন লোকজন, দাসদের , গরীবদের, মহিলাদের, এবং শিশুদের সাথে বন্ধুত্ব স্থাপন করেছিলেন।

- “যাতে তিনি তাদের উপর হস্তার্পন করেন ও প্রার্থনা করেন” শিশুদের জন্য একটি ছিল ইহুদী ধর্মগুরুদের ঐতিহ্যগত আশীর্বাদ। পরিত্রানের সাথে এর কোন সম্পর্ক নাই। ইহুদী পিতামাতাগন তাদের সন্তানদেরকে দেখতেন ইতিমধ্যে জন্মসুত্রে ইস্রায়েলের নিয়মিত উপাসকমন্ডলীর সদস্য হিসেবে।

১৯:১৪ “কেবলমাত্র শিশুদেরকে” এটি একটি অতীত কর্তৃবাচকমূলক নির্দেশ।সকলের কাছে গ্রহন সাধ্য হবার জন্য যীশু তার ইচ্ছার জোড়ালো ছিলেন।

- “আমার নিকটে আসতে তাদেরকে বারন করিও না” এটি একটি বর্তমান কর্তৃবাচক নির্দেশ যার একটি নেতিবাচক অনুশীলন রয়েছে। এই ব্যাকরনগত শৈলির অর্থ ছিল একটি কাজ বন্ধ করা যা ইতিমধ্যে চালু ছিল।
- “কারন স্বর্গরাজ্য এমত লোকদের” এটা ঐ সকল শিশুদেরকে নির্দেশ করে নাই কিন্তু নির্দেশ করে ঐ সকল লোকদের (১) যাদের শিশুদের মধ্যে বৈশিষ্ট রয়েছে, অথবা (২) যারা নিজেদের কে নীচু অথবা প্রাপ্ত অবস্থায় দেখেন যারা ঈশ্বরের রাজ্যে প্রবেশ করবে (তুলনা করুন ১৮:২- ৪)। এটি শিশুদের পরিত্রানের উপরে একটি বাইবেলের পদ নয়।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৯:১৬- ২২
আর দেখ, এক ব্যক্তি আসিয়া তাকে বলল, হে গুও, অনন্ত জীবন পাইবার জন্য আমি কিরুপ সৎকর্ম্ম করিব? তিনি তাকে বললেন আমাকে সদগুরু বিষয় কেন জিজ্ঞাসা কর? সৎ এক জন মাত্র আছে। কিন্তু তুমি যদি জীবনে প্রবেশ করতে ইচ্ছা কর, তবে আজ্ঞা সকল পালন কর। সে বলল, কোন কোন আজ্ঞা? যীশু বললেন, এই “নরহত্যা করিও না, ব্যভিচার কর না, চুরি কর না, মিথ্যা সাক্ষ্য দিও না, পিতা ও মাতাকে সমাদর কর, এবং তোমার প্রতিবাসীকে আপনার মত প্রেম কর”। সেই যুবক তাকে বলল আমি এ সকলই পালন করিয়াছি, এখন আমার কি ত্রুটি আছে? যীশু তাকে বললেন, যদি সিদ্ধ হতে ইচ্ছা কর, তবে চলিয়া যাও, তোমার যাহা যাহা আছে, বিক্রয় কর, এবং দরিদ্রদিগকে দান কর, তাতে স্বর্গে ধন পাইবে, আর আইস, আমার পশ্চাৎ গামী হও। কিন্তু এই কথা শুনিয়া সেই যুবক দুঃখিত হইয়া চলিয়া গেল কারন তার বিস্তর সম্পত্তি ছিল।

১৯:১৬ “এক ব্যক্তি তার নিকটে আসলেন” ২০ পদ থেকে আমরা জানতে পারি যে তিনি একজন যুবক ছিলেন, ২২ পদ থেকে আমরা জানতে পরি যে তিনি একজন ধনী ব্যক্তি ছিলেন, এবং লুক ১৮:১৮ থেকে আমরা জানতে পারি যে তিনি একজন শাসনকর্তা ছিলেন। (তুলনা করুন মার্ক ১০:১৭- ২২)।

❑ “গুরু ” মার্ক ১০:১৭ এবং লুক ১৮:১৮ তে যে সাদৃশ্য রয়েছে তাতে “সদগুরু” শব্দটি রয়েছে।

❑ “অনন্ত জীবন পাবার জন্য আমি কিরুপ সৎকর্ম করব” এই ইহুদী লোকটির পরিত্রান সম্পর্কে সেই সার্বজনীন ধারনা ছিল যা তার সময়ের অধিকাংশ ইহুদীরা ধারন করত, যা ছিল একটি কার্যমূলক ধার্মিকতা যা মোশির ব্যবস্থা এবং মৌখিক ঐতিহ্যের প্রতি কারোর উপর ভিক্তি করে (তুলনা করুন লুক ১০:২০ ; রোমীয় ৯:৩০- ৩৩)। তিনি অনন্ত জীবনকে দেখেছিলেন ধর্মীয় কর্মের পরিনতি হিসেবে।

❑ “অনন্ত জীবন” এটি ছিল আসন্ন যুগের জীবন সম্পর্কে একটি পুরাতন নিয়ম সম্বন্ধীয় ধারনা (তুলনা করুন দানিয়েল ১২:২)। এই পদ দুইটি নুতন জীবনের গুন এবং ইহার সময়কাল উভয়কেই উদ্দেশ্য করে বলা।

❑ “সৎ কেবলমাত্র একজনই আছে” যীশু তার সততার সম্পর্কে একটি বক্তব্য পেশ করেন নাই, কিন্তু এই লোকটি সততার আদর্শ দেখাতে চেয়েছিলেন যা ঈশ্বরের সন্মুখে উত্তম হবার জন্য প্রয়োজন ছিল। যীশুর ঈশ্বরত্ব অথবা নিষ্পাপতা অবমূল্যায়ন করার জন্য একটি প্রমান করার পদ হিসেবে এই পদটিকে ব্যবহার করা উচিৎ নয়।

❑ “যদি” এটি একটি প্রথম শ্রেনীর শর্তমূলক বাক্য যা লেখকের প্রেক্ষিতে অথবা তার লেখার কারনে সত্য বলে গ্রহন করা হয়। এই পদটিতে এমন কিছু নাই যাতে প্রকাশ করা যায় যে এই লোকটি যীশুকে প্রলোভিত অথবা প্রতারিত করতে চেষ্টা করতেছিল।

❑ “আজ্ঞা সকল পালন” এটি একটি অতীতকালের নির্দেশ (নেসলে গ্রীক অনুবাদে একটি বর্তমান কর্তৃবাচক নির্দেশ রয়েছে)। ইহা পরিষ্কার রুপে যাত্রা ২০ এবং দ্বিতীয় বিবরন ৫ অধ্যায়ের দশ আজ্ঞাকে নির্দেশ করেছিল। এটা ছিল ইহুদী নিয়মের হৃদপিন্ড সরুপ।

১৯:১৮- ১৯ এটা হল দশ আজ্ঞার দ্বিতীয় অর্ধাংশের একটি আংশিক তালিকা যা একজন একই চুক্তিবদ্ধ ভাইয়ের সাথে একজন মানুষের সম্পর্ক নিয়ে কাজ করে। এই তালিকাটি ( ) হীব্রু পদ এবং গ্রীক অনুবাদ থেকে আলাদা

১৯:১৮ “নর হত্যা ” কিংজেমস অনুবাদ (KJV) এবং জেরুসালেম বাইবেল (JB) এই ক্রিয়াকে “হত্যা” হিসেবে অনুবাদ করা হয়েছে। যা “অবৈধ পূর্বকল্পিত হত্যার” জন্য এই হীব্রু শব্দের জন্য একটি দুঃখ জনক অনুবাদ । কিংজেমস (KJV)অনুবাদে “হত্যা” শব্দটি রয়েছে। ইস্রায়েলের চোখের বদলে চোখ আইনানুগ নিয়মাবলী সেই লোকের থেকে একই বিচারের জন্য একই হত্যার প্রতিশোধ প্রদান করে যিনি একটি পরিবারের সদস্যকে হত্যা করেছিলেন। ইহা বিবাদ অথবা সীমাহীন প্রতিশোধ বা প্রতিহিংসা প্রতিরোধ করার জন্য কাজ করত।

১৯:২০ “সেই যুবক” যীশুর সময়ের একজন লোক যুবক বিবেচনা করা হোত যতক্ষন না তার চল্লিশ বছর বয়স হোত। লুক ১৮:১৮। যোগ করে যে সেই লোকটি একজন শাসনকর্তা ছিলেন, যার অর্থ হোল স্থানীয় সমাজ গৃহের অথবা স্থানীয় শহর পরিষদের নেতা ছিলেন।

❑ “আমি এ সকলই পালন করেছি” ফিলিপীয় ৩:৬ তে পৌল একই প্রকার দাবি করেন। এটা রোমীয় ৩:২০ এর বিরোধী নয়, কিন্তু এটা পুরাতন নিয়ম সম্পর্কে ইহুদী ব্যাখ্যার সেই আইন সংগত প্রকৃতি দেখায় যা সম্পর্কে যীশু মথি ৫:২০- ৪৮ এ কথা বলেছিলেন। ধার্ম্মিকতা দেখা হোত একটি

আইনসম্মত নিয়মাবলী অনুসারে সম্পাদিত কাজ হিসাবে। এই লোকটি অনুভব করেছিলেন তিনি তার সময়ের সকল ধর্মীয় কর্তব্য এবং সংস্কৃতির সকল কিছুই পালন করেছিলেন।

১৯:২১ "আমার আর কি বাকী আছে" এটা এই লোকটির হৃদয়ের অস্থিরতা দেখিয়ে দেয়। মোশির সকল ব্যবস্থা এবং তাদের সকল ব্যাখ্যা পালন করার পরও, সে তখনও শুন্যতা অনুভব করত।

১৯:২১ "যদি" একটি প্রথম শ্রেনীর শর্তমূলক বাক্য যা লেখক কর্তৃক তার লেখার কারনে সত্য বলে গ্রহন করা হয়।

- "সম্পূর্ন" এ শব্দটির অর্থ ছিল "পূর্ন" "পূর্নতাপ্রাপ্ত" অর্পিত কাজের জন্য সম্পূর্নরুপে সজ্জিত। ইহা নিষ্পাপতা গ্রহন করে নাই।
- "চলে যাও এবং তোমার যা যা আছে তা বিক্রয় কর" লুক ১৪:৩৩ দেখুন। এটা একজন খ্রীষ্টিয়ানের বিশ্বাসের মৌলিক প্রকৃতি প্রদর্শন করে। এটা হোল একটি সমগ্র প্রতিশ্রুতি । এই লোকটির জন্য পছন্দটি ছিল সম্পত্তির ক্ষেত্র। এই লোকটির সম্পত্তি তাকে আচ্ছন্ন করেছিল। সকল বিশ্বাসীর জন্য এটি একটি প্রয়োজনীয় বিষয় নয়, কিন্তু এটা হোল যীশুর প্রতি একটি মৌলিক এবং চূড়ান্ত প্রতিশ্রুতি।
- "দরিদ্রদেরকে দাও" ১ম করিন্থীয় ১৩:১- ৩ থেকে, আমরা দেখতে পাই যে মনোভাব হল সেই চাবি।
- "স্বর্গে তুমি ধন পাবে" মথি ৬:১৯- ২০ দেখুন।
- "আর এস, আমার পশ্চাদগামী হও" যীশু এই লোকটির আগেকার ধন সম্পদ ছিল এবং তিনি সর্ব প্রথম তাই চাইলেন। ধন সম্পদ নিয়ে লোকটির সমস্যা ছিল না, সমস্যা ছিল এর অগ্রাধিকার তুলনা করুন (১ তীমথিয় ৬:১০)। লক্ষ্য করুন যীশুর পশ্চাদগামী হওয়ার জন্য সেই মৌলিক ব্যক্তিগত প্রতিশ্রুতি (তুলনা করুন মথি ১০:৩৪- ৩৯)

১৯:২২ "সে দুঃখিত হয়ে চলে গেল" যীশু এই লোকটিকে ভালবেসেছিলেন। কিন্তু তিনি রাজ্যের আদর্শ গুলি নীচু করতে চান নাই। এই লোকটির পরিত্রানের ব্যাপারে বাইবেল নীরব রয়েছে। এটা দুঃখের বিষয় যখন আমরা উপলব্দী করি যে (১) সে ভাল উদ্দেশ্য নিয়ে এসেছিল (২) সে সঠিক ব্যক্তিটির নিকটে এসেছিল, (৩) সে সঠিক প্রশ্ন গুলি নিয়ে এসেছিল আর (৪) যীশু তাকে ভালবেসেছিলেন (মার্ক ১০:২১)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৯:২৩- ২৬

তখন যীশু আপন শিষ্যদিগকে বললেন, আমি তোমাদেরকে সত্য কহিতেছি, ধনবানের পক্ষে স্বর্গ- রাজ্যে প্রবেশ করা দুস্কর। আবার তোমাদিগকে বলতেছি, ঈশ্বরের রাজ্যে ধনবানের প্রবেশ করা অপেক্ষা বরং সুচির ছিদ্র দিয়া উটের যাওয়া সহজ। ইহা শুনিয়া শিষ্যেরা অতিশয় আশ্চর্য্য মনে হইতে পারে, যীশু তাদের প্রতি দৃষ্টি করিয়া বললেন, তাহা মনুষ্যের অসাধ্য বটে, কিন্তু ঈশ্বরের সকলই সাধ্য। ।

১৯:২৩ "সত্যই " ৫:১৮ তে বিশেষ আলোচ্য বিষয় দেখুন।

১৯:২৪ "সূচের ছিদ্র দিয়ে উঠের যাওয়া" এই পদটির উপর অনেক আলোচনা করা হয়েছে। ইহা কি আক্ষরিক অথবা গাল ভরা বুলি ? জেরুসালেম নগরীতে কখনও এমন কোন ছোট ফটক ছিল যে যার মধ্য দিয়ে প্রবেশ করতে হলে উঠদেরকে নতজানু হয়ে প্রবেশ করতে হোত। এটা ছিল একটি পূর্ব দেশীয় অত্যুক্তি, যার দ্বারা বোঝানো হোত যে ধনীদের জন্য পরিত্রান পাওয়া অসম্ভব হতে পারে। কিন্তু ঈশ্বরের পক্ষে সকলই সাধ্য (তুলনা করুন একই অধ্যায় ২৬ পদ।)

❑ "ঈশ্বরের রাজ্য" মথিতে এটি ছিল এই পদের একটি দুর্লভ ব্যবহার কারন বিনা কারনে ঈশ্বরের নাম নেয়া ছিল ইহুদীদের ভয়ের কারন (তুলনা করুন যাত্রা ২০:৭; দ্বিতীয় বিবরন ৫:১১)। এই পদটি কখনও কখনও মার্ক এবং লুক লিখিত সুসমাচারে একইভাবে দেখা যায় যা পরজাতীয়দের জন্য লেখা হয়েছিল।

❑ ১৯" ২৫ "শিষ্যগন ... অতিশয় আশ্চর্য মনে করলেন"

পুরাতন নিয়ম শিক্ষা দিত যে ঈশ্বর ধার্ম্মিক ব্যক্তিদেরকে আর্শীবাদ করতেন এবং দুষ্টদের শাস্তি দিতেন (তুলনা করুন দ্বিতীয় বিবরন ২৭:২৮)। ইয়োব পুস্তক, গীত সংহিতা ৭৩ , এবং যিরমিয় ১২:১- ৪ এই ঐতিহ্যগত দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে প্রতিক্রিয়াশীল হয়। কখনও কখনও ধার্মিকেরা কষ্ট ভোগ করে এবং দুষ্টেরা উনতি করে। ধন সম্পাক্তি মর্যাদা এবং স্বাস্থ্য সবসময় ঈশ্বরের আনুকুল্যের চিহ্ন নয়।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ১৯:২৭- ৩০

তখন পিতর উক্তর করিয়া তাকে বললেন দেখুন, আমরা সমস্তই পরিত্যাগ করিয়া আপনার পশ্চাদগামী হইয়াছি; আমরা তবে কি পাইব ? গ্রীশু তাহাদিগকে বললেন, আমি তোমাদিগকে সত্য বলতেছি তোমরা যত জন আমার পশ্চাদগামী হইয়াছ, পুনঃসৃষ্টিকালে, যখন মনুষ্যপুত্র আপন প্রতাপের সিংহাসনে বসিবেন, তখন তোমরাও দ্বাদশ সিংহাসনে বসিয়া ইস্রায়েলের দ্বাদশ বংশের বিচার করবে। আর যে কোন ব্যক্তি আমার নামের জন্য বাটী, কি ভ্রাতা, কি ভগিনী, কি পিতা, কি মাতা, কি সন্তান, কি ক্ষেত্র পরিত্যাগ করিয়াছ, সে তাহার শত গুন পাইবে, এবং অনন্ত জীবনের অধিকারী হইবে। কিন্তু যারা প্রথম এমন অনেক লোক শেষে পড়িবে; এবং যারা শেষের, এমন অনেক লোক প্রথম হইবে।

১৯:২৭ "আমরা তবে কি পাব ?" পিতর সমস্ত কিছুই পরিত্যাগ করেছিলেন কিন্তু তিনি তখনও ইহা সম্পর্কে চিন্তা করতেছিলেন। শিষ্যগন তখনও তাদের জন্য একটি বিশেষ পুরস্কার নিয়ে একটি পার্থিব রাজ্যে আশা পোষন করতেছিলেন। (তুলনা করুন ২০:২১,২৪)

১৯:২৮ "মনুষ্য পুত্র" মথি ৮:২০তে সম্পূর্ন টীকাটি দেখুন।

❑ "তোমরা যত জন আমার পশ্চাদগামী হয়েছ .... দ্বাদশ সিংহাসন বসে ইস্রায়েলের দ্বাদশ বংশের বিচার করবে।" এই পদটি মূল দ্বাদশ প্রেরিতকে বুঝিয়ে থাকে (তুলনা করুন লুক ২২:৩০) যখন একই অধ্যায়ের ২৯ পদ সকল বিশ্বাসীদের প্রতি পর্যাপ্ত আশীর্বাদ এবং অনন্ত জীবনের সুফল প্রসারিত করে (তুলনা করুন মথি ২০:১৬; মার্ক ১০:৩১; লুক ১৩:৩০)। ৫:৩ টীকাতে ঈশ্বরের রাজ্যে শাসন উপর বিশেষ আলোচ্য বিষয় দেখুন। বিশেষ আলোচ্য বিষয় দেখুনঃ ১৪:২০ তে বার সংখ্যাটি।

১৯:২৯

❑ এন.এ.এস.বি. – " যা আছে তার বহুগুন"
এন.কে.জে.ভি, এন.আর.এস.ভি – " শতগুন"
টি.এ.ভি – " শতগুন বেশী"
জে.ভি– " শতগুনের উপরে"

এই বিষয়ে গ্রীক পান্ডুলিপিতে একটি পার্থক্য রয়েছে। "শতগুন" শব্দটি MSSN,C এবং D তে পাওয়া যায়, যখন "অনেকগুন" শব্দটি এবং MSS, B এবং C তে রয়েছে। প্রথম যে পছন্দ তা মার্ক ১০:২৯ কে অনুসরন করে এবং দ্বিতীয়টি লুক ১৮:৩০ কে অনুসরন করে। অধিকাংশ পন্ডিত ব্যক্তিগন

মনে করেন যে মথি এবং লুক মার্কের গঠন প্রনালী অনুসরন করেন। যীশুর প্রতি কোন ব্যক্তির প্রতিশ্রুতি তার পরিবার, সহায় সম্পত্তি এবং এমনকি তার স্বয়ং জীবনের প্রতি তার গভীর অনুরাক্তিকে অপসারিত করতে হবে (তুলনা করুন মথি ১০:৩৪- ৩৯; লুক ১২:৫১- ৫৩)
১৯:৩০ জিনিষগুলি সেরকম নয় যেভাবে আমাদের কাছে উপস্থিত হয় (তুলনা করুন মথি ২০:১৬; মার্ক ১০:৩১; লুক ১৩:৩১।
আমাদের চেয়ে ঈশ্বরের মূল্যায়নের পদ্ধতি আলাদা (তুলনা করুন যিশাইয় ৫৫:৮- ১১)। শিশুসুলভ শিষ্যদেরকে গ্রহন করা হয়েছে যখন ধনবান এবং সুবিধা ভোগীদেরকে বর্জন করা হয়েছে।

আলোচনার জন্য প্রশ্নাবলী

এটা হল একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্কে আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই যে আলো রয়েছে সেই আলোতে চলতে হবে। এই ব্যাখ্যাতে আপনার, বাইবেলে এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। একজন ব্যাখ্যাকারীর কাছে এটাকে আপনি অবশ্যই ছেড়ে দিতে পারেন না।

আলোচনার সময় এই সকল প্রশ্ন আপনাকে সাহায্য করার জন্য দেয়া হয়েছে যাতে আপনি বইটির প্রধান প্রধান অংশের বিষয়গুলি পুঙ্খানু পুঙ্খভাবে চিন্তা করতে পারেন। এগুলোর উদ্দেশ্য হল চিন্তাকে জাগিয়ে তোলার জন্য, চূড়ান্ত করার জন্য নয়।

১. বিবাহ বিচ্ছেদ কি সব সময়ে একটি পাপ?
২. ফরিশিদের প্রশ্নের উত্তরে যীশু বাইবেলের কোন নীতিটির পক্ষে কথা বলেছেণ?
৩. মোশি কেন পুন:বিবাহের অনুমতি দিয়েছিলেন যখন ঈশ্বর এর বিরুদ্ধে ছিলেন?
৪. চৌরকৌমার্য কি আধ্যাত্বিকভাবে বিবাহের চেয়ে উচ্ছতর?
৫. শিশুদের এবং পরিত্রান সম্পর্কে বাইবেলের শিক্ষা মালার সংজ্ঞা প্রদান করুন।
৬. ১৩- ১৫ পদগুলি কি পরিত্রান নিয়ে আলোচনা করে?
৭. ১৭ পদে যীশু কোন "উত্তমতা" কে দাবি করেন না? এটা কি যীশুর ঈশ্বরত্ব এবং নিষ্কলুষতাকে প্রভাবিত করে?
৮. এই লোকটি কি প্রকৃত পক্ষে আজ্ঞার সমস্ত পালন করেছিল? সে কি নিস্কলুষ ছিল? (২০ পদ)
৯. অন্য ঐশ্বর্য কি মন্দ?
১০. এ ধনবান ব্যক্তিকে পরিহার করা সম্পর্কে শিষ্যগন অবাক হয়েছিলেন কেন?

মথি - ২০

আধুনিক অনুবাদগুলোর অনুচ্ছেদ ক্রমিক বিভাজন

ইউ.বি.এস	এন.কে.জে.ভি	এন.আর.এস.ভি	টি.ই.ভি	জে.বি
দ্রাক্ষাক্ষেত্রের কর্মচারী	দ্রাক্ষাক্ষেত্রে কর্মচারীগনের উপমা	দ্রাক্ষাক্ষেত্রে মজুরগন ২০:১- ১৬	দ্রাক্ষাক্ষেত্রে কর্মচারীগন ২০:১- ৭	দ্রাক্ষাক্ষেত্রে মজুরদের উপমা ২০:১- ১৬

গন ২০:১-১৬ যীশু তৃতীয় বার তার মৃত্যু এবং পুনরুত্থান সম্পর্কে ভবিষ্যত বাক্য বলেন ২০:১৭ - ১৯ যাকোব ও যোহনের অনুরোধ ২০:২০ - ২৮ দুইজন অন্ধে নিরাময় ২০:২৯ - ৩৪	২০:১- ১৬ যীশু তৃতীয় বার তার মৃত্যু এবং পুনরুত্থান সম্পর্কে ভবিষ্যত বাক্য বলেন ২০:১৭- ১৯ সালোমি একটি সুনজরের জন্য অনুরোধ করেন ২০:২০- ২৮ ২০:২৪- ২৮ দুইজন অন্ধ দৃষ্টিশক্তি ফেরত পান ২০:২৯- ৩৪	যাতনাভোগ সম্পর্কে তৃতীয় বার ভবিষ্যত বাক্য করা হয় ২০:১৭- ১৯ যাকোব ও জন সম্মান চান ২০:২০- ২৩ ২০:২১ক ২০:২১খ ২০:২২ ২০:২২গ ২০:২৩ ২০:২৪- ২৮ যিরিহোর দুইজন অন্ধ ২০:২৯- ৩৪	২০:৮- ১৫ ২০:১৬ যীশু তার মৃত্যু সম্পর্কে তৃতীয় বার কথা বলেন ২০:১৭- ১৯ একটি মায়ের অনুরোধ ২০:২০ ২০:২৪- ২৮ যীশু দুইজন অন্ধকে নিরাময় করেন ২০:২৯- ৩০ ২০:৩১ ২০:৩২ ২০:৩৩ ২০:৩৪	যাতনাভোগ সম্পর্কে তৃতীয় বার ভবিষ্যত বানী ২০:১৭- ১৯ সিবদিয়ের মা সন্তানদের জন্য একটি অনুরোধ করেন ২০:২০- ২৩ সেবাসহ নেতৃত্ব ২০:২৪- ২৮ যিরীহোর দুইজন অন্ধ ২০:২৯- ৩৪

পাঠ সিরিজ তিন (পৃষ্টা দেখুন)

অনুচ্ছেদ পর্যায়ে মূল লেখকের অভিপ্রায় অনুসরন করে

এটি একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্ক আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই সেই আলোতে চলতে হবে যে আলো আমাদের মাঝে রয়েছে। এই ব্যাখ্যার আপনার, বাইবেলের এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। আপনি একজন ব্যাখ্যাকারীর উপর এই ব্যখ্যাকে ছেড়ে দিতে পারেন না। আসন থেকে না উঠে একবারেই অধ্যায়টি পড়ুন। বিষয়টি চিহ্নিত করুন । উপরে উল্লেখিত পাঁচ প্রকারের অনুবাদের আলোকে আপনার বিষয় বিভাজন গুলোকে তুলনা করুন। অনুচ্ছেদে ভাগ করাটা ঐশী প্রেরনার বিষয় নয়, কিন্তু এটা মূল লেখকের

অভিপ্রায় অনুসরনের চাবি বা উপায় সরূপ, যা হল ব্যাখ্যার হৃদপিন্ড সরূপ। প্রত্যেকটি অনুচ্ছেদের একটি এবং কেবলমাত্র একটি বিষয় রয়েছে।

১। প্রথম অনুচ্ছেদ

২। দ্বিতীয় অনুচ্ছেদ

৩। তৃতীয় অনুচ্ছেদ

৪। ইত্যাদি

প্রাসঙ্গিক অন্তদৃষ্টিঃ

(ক) উপমা ব্যখ্যা করার সময়ে ঐতিহাসিক এবং সাহিত্যিক প্রসঙ্গ বিবেচনা করাটা সমস্যামূলক। এই বিশেষ উপমায় ঐতিহাসিক পটভূমিকা মথি ১৯:৩০ এর শেষ অনুচ্ছেদের সাথে সম্পর্কযুক্ত যা মথি ২০:১৬ এর শেষে পুনরায় উল্লেখ করা হয়েছে। এই সাহিত্যিক সাদৃশ দেখায় যায় যে আলোচ্য উপমাটি প্রাথমিকভাবে ধন সম্পদ এবং পুরষ্কারের বিষয়ের সাথে সংযুক্ত। ১৮:১ এবং ২০:২০- ২১ এবং ২৪ পদে বৃহত্তর সাহিত্যিক পটভুমিকা দেখা যায়, সেখানে শিষ্যগন উদ্বিগ্ন ছিলেন তাদের মধ্যে কে সবচেয়ে মহান ছিলেন।

(খ) অনেকে এই উপমাগুলোকে ব্যাখ্যা করেছেন ইহুদী এবং পরজাতীয়দের মধ্যকার সম্পর্ক উল্লেখ করে এবং সমগ্র নূতন নিয়মের বৃহত্তর প্রেক্ষিতে এটা সম্ভব। কিন্তু বর্তমান প্রেক্ষিতে, স্বয়ং শিষ্যদের মধ্যকার সম্পর্ককের সাথে এই উপমাকে সংযুক্ত থাকতে হবে। ঈশ্বরের রাজ্যের জগতের চেয়ে মূল্যায়নের একটি সম্পূর্ন আলাদা মান রয়েছে। ঈশ্বরের রাজত্ব অদ্বিতীয়ভাবে অনুগ্রহের উপর প্রতিষ্ঠিত এবং মানুষের গুনের উপর নয়। এটা ধর্মীয় শিষ্যত্বের একটি সক্রিয় জীবনের সুনাম হানি করে না; বরঞ্চ অনুগ্রহ পরিত্রানের এবং ধমীয় জীবনযাত্রার জন্য প্রয়োজনীয় বিষয় (তুলনা করুন ইফিষীয় ২:৮- ১০)

(গ) আমাদেরকে মনে করিয়ে দেবার প্রয়োজন আছে যে উপমার ব্যাখ্যা করার সময় মূল সত্য এবং প্রসঙ্গ বিস্তারিত বিষয়গুলোকে একটি ধর্মতাত্বিক পদ্ধতিতে ঠেলে দেয়ার চেয়ে অনেক বেশী গুরুত্ব পূর্ন। উপমাগুলোর মূল বিষয় হোল অপ্রত্যাশিত অথবা সাংস্কৃতিকভাবে বেদনাদায়ক বক্তব্যকে অনুসন্ধান করা।

(ঘ) উপমাগুলোর ব্যাখ্যার পদ্ধতিগত নীতিগুলো জ্ঞানের উপর একটি সম্পূর্ন আলোচনার জন্য ১৩ অধ্যায় দেখুন।

শব্দ এবং শব্দ সমষ্টির অধ্যায়নঃ

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ২০: ১- ৭
কেননা স্বর্গ- রাজ্য এমন এক জন গৃহকর্ত্তার তুল্য, যিনি প্রভাত কালে আপন দ্রাক্ষাক্ষেত্রে মজুর লাগাইবার জন্য বাহিরে গেলেন। তিনি মজুরদের সহিত দিন এক সিকি বেতন স্থির করিয়া তাহাদিগকে আপন দ্রাক্ষাক্ষেত্রে প্রেরন করিলেন। পরে তিনি তিন ঘটিকার সময়ে বাহিরে গিয়া দেখিলেন, অন্য কয়েক জন বাজারে নিষ্কর্ম্মে দাঁড়াইয়া আছে, এবং তাহাদিগকে কহিলেন, তোমরাও দ্রাক্ষাক্ষেত্রে যাও, যাহা ন্যায্য, তোমাদিগকে দিব; তাতে তাহারা গেল। আবার তিনি ছয় ও নয় ঘটিকার পরে বিকাল ঘটিকার সময়ে বাহিরে গিয়া আর কয়েক জনকে দাঁড়াইয়া থাকিতে দেখিলেন, আর তাহাদিগকে বলিলেন, কি জন্য সমস্ত দিন এখানে নিষ্কর্ম্মে দাড়াইয়া আছ? তাহারা তাহাকে বলল, কেহই আমাদিগকে কাজে লাগায় নাই।

২০:১ "কেননা স্বর্গ রাজ্য" উপমাটি দেয়া হয়েছিল এমন একটি উদাহরন হিসেবে কিভাবে এই জগতের দেয়া পার্থিব পুরস্কারগুলো ঈশ্বরের রাজ্যের আধ্যাত্মিক পুরস্কারগুলোর চেয়ে সম্পূর্নরূপে আলাদা ছিল। মথি এটি অপূর্ব। "স্বর্গরাজ্য" ছিল যীশু শিক্ষাদান এবং প্রচার পরিচর্য্যাকাজের মূল বিষয় । ইহা এখন মানুষের অন্তরে ঈশ্বরের শাসনের বিষয় উল্লেখ করে যা একদিন সমগ্র জগতে পরিপূর্ন হবে। (তুলনা করুন ৬:১০)।ঈশ্বরের রাজ্যের বর্তমান এমনকি ভবিষ্যৎ দৃষ্টিভঙ্গিগুলো হোল "ইতিমধ্যকার" এর উৎপত্তি এবং খ্রীষ্টিয় জীবনের এখনও হয় নাই মানসিক চাপ এবং উক্তি যা আপাত দৃষ্টিতে আত্মবিরোধী বলে মনে হলেও সত্য বিরোধী নয়।

- "দ্রাক্ষাক্ষেত্রে" অনেকে মনে করেন এটা ছিল ইস্রায়েল জাতির প্রতি একটি নির্দেশ। এটা সত্য যে একটি দ্রাক্ষাক্ষেত্র পুরাতন নিয়মে কখনও কখনও ইস্রায়েল জাতির প্রতীক বা নিদর্শন হয়েছিল (তুলনা করুন যিশাইয় ৫, যিরমিয় ২:২০; ১২:১০; গীতসংহিতা ৮০:৮) কিন্তু তার এই অর্থ এই নয় যে পুরাতন নিয়মে প্রত্যেকটি ক্ষেত্রে ইহা প্রযোজ্য। এই প্রেক্ষিতে এটাকে মনে হয় উপমার একটি সহজ বিন্যাস এবং সত্যেও একটি প্রধান প্রতীক হিসেবে নয়।

২০:২ "যখন তিনি মজুরদের সাথে দিন এক দিনার বেতন স্থির করেছিলেন" শ্রমিকদের এই প্রথম দলটি দিন একটিমাত্র দল যাদের একদিনের কাজের জন্য একটি মজুরী স্থির করনার্থে আলোচনা করা হয়েছিল। "দিনার" শব্দটি অনুবাদগুলোর সকল আর্থিক মূল্য একটি নিজস্ব ঐতিহাসিক সমমানের সহিত সংযুক্ত। এই অর্থ বিষয়ক পরিমানকে প্রথম শতাব্দীতে ইহার ব্যবহারের আলোকে দেখলে অনেক উত্তম হবে, কারন এটাকে দেখতে হবে একজন সৈনিক অথবা একজন কৃষি শ্রমিকের একদিনের বেতন হিসেবে। একটি প্যালেষ্টাইন পরিবারে একদিনের খাবার এবং জীবন ধারনের প্রয়োজনীয় জিনিষের জন্য এই পরিমান অর্থ যথেষ্ট ছিল।

২০:৩

- এন.এ.এস.বি, এন.কে.জে.ভি, জে.ভি – " প্রায় তিন প্রহরে"
  এন.আর.এস.ভি, টি.এ.ভি– " প্রায় নয় ঘটিকায়"

উপমার সময়ের জন্য এ সকল নাম ধারনার উপর ভিত্তি করা হয়েছে যে একটি দিন সকাল ৬ ঘটিকার শুরু (রোমিয় সময়) সেজন্য, ইহা ছিল সকাল ঘটিকা। ইহুদীরা তাদের দিন সন্ধা ৬ ঘটিকার শুরু করত (তুলনা করুন অদিপুস্তক ১:৫)

একটি প্রশ্ন কেন দ্রাক্ষাক্ষেত্রের মালিক সারাদিন ব্যাপী অনেক বেশী লোককে কাজ করবার জন্য নিযুক্ত করেছিলেন। পন্ডিত ব্যক্তিগন মনে করেন যে দ্রাক্ষাফল চয়ন করার চূড়ান্ত সময় এবং শাব্বাথ দিন খুব তাড়াতাড়ি শুরু হবে; সেজন্য এটা খুব জরুরী ছিল যে দ্রাক্ষাফল নষ্ট হওয়ার পূর্বে যতটা সম্ভব দ্রাক্ষাফল সংগ্রহ করা যায়।

২০:৬ ‘‘কয়েকজন অলসভাবে দাঁড়ায়ে থাকতে দেখলেন’’ যদিও ইংরেজী ভাষায় এই বাক্যাংশটি ক্ষতিকর মনে হতে পারে, যেন দ্রাক্ষা ক্ষেত্রের মালিক এ সকল লোককে সারা দিন কাজ না করার জন্য ভৎসনা করেছিলেন, প্রকৃত পক্ষে তিনি সহজভাবে কয়েকজন মজুরকে দেখেছিলেন যাদেরকে প্রথম দিকে নিযুক্ত করা হয়েছিল। কোন আভাষ নাই যে তারা অলস অথবা উদাসীন মজুর ছিলেন, কিন্তু তারা ছিলেন এমন লোক যারা ঐ দিনের জন্য কোন কাজ খুজে পায় নাই।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ২০: ৮– ১৬
পরে সন্ধ্যা হইলে সেই দ্রাক্ষাক্ষেত্রের কর্তা আপন দেওয়ানকে কহিলেন, মজুরদিগকে ডাকিয়া মজুরী দেও, শেষ জন হইতে আরম্ভ করিয়া প্রথম জন পর্য্যন্ত দেও। তাহাতে যারা বিকাল ঘটিকার সময়ে এক জন এক এক সিকি পাইল। পরে যারা প্রথমে লাগিয়াছিল, তারা আসিয়া মনে করিল, আমরা বেশী পাইব; কিন্তু তারাও এক এক সিকি পাইল। পাইয়া তারা সেই গৃহকর্তার বিরুদ্ধে বচসা করিয়া বলতে লাগল , শেষের ইহারা ত এক ঘন্টা মাত্র খাটিয়াছে, আমরা সমস্ত দিন খাটিয়াছি ও রৌদ্রে পড়িয়াছি, আপনি ইহাদিগকে আমাদের সমান করিলেন। তিনি উত্তর করিয়া তাদের এক জনকে কহিলেন , বন্ধু আমি তোমার প্রতি কিছু অন্যায় করি নাই; তুমি কি আমার নিকটে এক সিকিতে স্বীকার কর নাই ? তোমরা যাহা পাওনা , তাহা লইয়া চলে যাও, আমার ইচ্ছা, তোমাদের যা পওনা ঐ শেষের জনকেও তাহাই দিব। আমার নিজের যা , তা আপনার ইচ্ছামতে ব্যবহার করিবার অধিকার কি আমর নাই, না আমি দয়ালু বলিয়া তোমার চোক টাটাইতেছে ? এই রুপে যারা শেষের তারা প্রথম হইবে, এবং যারা প্রথম তারা শেষে পড়িবে।

২০:৮ ‘‘যখন সন্ধ্যা হোল, দ্রাক্ষা ক্ষেত্রের মালিক তার দেওয়ানকে বলবেন, মজুরদেরকে ডাক এবং তাদেরকে তাদের মজুরী দেও।’’ মোশির ব্যাবস্থা থেকে আমারা জেনেছি যে মজুর দেরকে তাদের কাজ শেষ হবার শেষে মজুরী দিতে হবে যাতে তারা তাদের পরিবারের জন্য খাদ্য কিনতে পারত। (তুলনা করুন ২৪:১৫; লেবীয় পুস্তক ১৯:১৩; মালাখি ৩:৫)। কখনও কখনও জমির মালিকেরা মজুরদের মজুরী পরবর্তী দিন পর্যন্ত আটকে রাখত এটা নিশ্চিত করার জন্য যে তাদের মজুরেরা ফিরে আসবে, কিন্তু এটা ছিল মোশির ব্যবস্থার বিরুদ্ধে।
২০:১০ ‘‘পরে যারা প্রথমে এসেছিল, তারা মনে করল যে তারা বেশী পাবে’’ এসকল লোকেরা মনে করতে ছিলেন যে তারা আরো বেশী মজুরী পাবার যোগ্য কারন যারা অল্প সময় কাজ করেছিল তারা সেই মজুরী পেয়েছিল যা তারা চুক্তি করেছিল। অনেকগুলো পদ্ধতির মধ্যে এটি একটি পদ্ধতি যা দেখায় কিভাবে ঈশ্বরের পদ্ধতিগুলো মানুষের পদ্ধতির থেকে অনেক আলাদা। ১১ পদে আমরা দেখতে পাই যে যখন তারা বেশী টাকা পেল না, তারা বচসা করেই চলল। কাজ পাবার জন্য সেখানে তাদের কৃতজ্ঞতার মনোভাব থাকা উচিত ছিল কিন্তু তাদের মনোভাব রাগে পরিনত হোল কারন তারা সে সকল পায় নাই যা তারা আশা করেছিল। তারা কারন দেখতে লাগল যে যেহেতু তারা

সারাদিন রৌদ্রে কাজ করেছে, সেহেতু তারা বেশী মজুরী পাওয়ার যোগ্য। ধর্মীয় লোকদের এবং আধ্যাত্বিক পুরস্কারগুলোর ক্ষেত্রে এ ধরনের প্রয়োগ লক্ষনীয়।

২০:১৫

এন.এ.এস.বি.- " অথবা তোমার চোখ কেন টাটায়, যেহেতু আমি দয়ালু?"
এন.কে.জে.ভি,- " অথবা তোমার চোখ কি মন্দ যেহেতু আমি ভাল?"
টি.এ.ভি- " অথবা তুমি কি ঈর্ষান্বিত যেহেতু আমি দয়ালু?"
জে.বি- "কেন পরশ্রী কাতর হবে যেহেতু আমি দয়ালু?"

এটা প্রাচীন নিকট প্রাচ্যের রুপক "মন্দ চোখ" এর সাথে সম্পর্কযুক্ত (তুলনা করুন দ্বিতীয় বিবরন ১৫:৯; ১সমূয়েল ১৮:৯)। এই প্রেক্ষিতে ইহা ঈর্ষা এবং পরশ্রীকারতাকে নির্দেশ করে।

২০:১৬

এন.এ.এস.বি. - " অতএব যারা শেষের তারা অবশ্যই প্রথম হবে"
এন.কে.জে.ভি, - "অতএব যারা শেষের তারা প্রথম হবে, এবং যারা প্রথম , তারা শেষে পড়বে। কারন আহুত হয় অনেকে কিন্তু মনোনীত হয় অল্প"
এন. আর.এস.ভি- " অতএব যারা শেষের তারা প্রথম হবে , এবং যারা প্রথম, তারা শেষের হবে।"
জে.ভি - " অতএব যারা শেষের তারা প্রথম হবে, এবং যারা প্রথম , তারা শেষে পড়বে"

এই পদে একটি বাক্যাংশ রয়েছে। তা হোল "আহুত অনেকেই হয় কিন্তু মনোনীত হয় অল্প। এই বাক্যাংশটি কে.জে.ভি (KJV) তে পাওয়া যায় কিন্তু এন.এ.এস.বি, এন.কে.জে.ভি, টি.ই.ভি এবং জে.বি তে বাদ দেয়া হয়েছে।মনে হয় মথি ২২:১৪ থেকে এটা যোগ হয়েছে। গ্রীক পান্ডুলিপি N,B,L অথবা ত য়ে এটা পাওয়া যায় না ।

১৯:৩০ এবং ২০:২০ এর মধ্যে একটি পরিষ্কার সম্পর্ক রয়ছে। পুরস্কার গুলো কোন গুনের উপর ভিক্তি করে দেয়া হয় না কিন্তু অনুগ্রহের উপর ভিক্তি করে দেয়া হয়। এটা উপয়ে উপলব্দি করা যায়: (১) সকল বিশ্বাসী সমান সমান পুরস্কার পাবেন না, কিন্তু কাজে একই মর্যাদা পাবেন। একটি স্বাধীন পরিত্রান এবং খ্রীষ্টাবৎ শিষ্যত্ত্বর মধ্যে এটা কোন বাইবেল সম্পর্কিত মানবিক চাপ অথবা (২) যিহুদীরা যারা সর্বপ্রথম ঈশ্বর প্রতিশ্রুতি পেয়েছিলেন তারা পরবর্তীতে বিশ্বাসীদের চেয়ে বড় পুরস্কার অথবা আশীর্বাদ পাবে না।

অলোচনার জন্য প্রশ্নাবলী

এটা হল একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্কে আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই যে আলো রয়েছে সেই আলোতে চলতে হবে। এই ব্যাখ্যাতে আপনার, বাইবেলে এবং পবিত্র আত্তার অগ্রাধীকার রয়েছে। একজন ব্যাখ্যাকারীর কাছে এটাকে আপনি অবশ্যই ছেড়ে দিতে পারেন না।

আলোচনার সময় এই সকল প্রশ্ন আপনাকে সাহায্য করার জন্য দেয়া হয়েছে যাতে আপনি বইটির প্রধান প্রধান অংশের বিষয়গুলি পুঙ্খানু পুঙ্খভাবে চিন্তা করতে পারেন। এগুলোর উদ্দেশ্য হল চিন্তাকে জাগিয়ে তোলার জন্য, চূড়ান্ত করার জন্য নয়।

১. উপমাগুলো বাখ্যা করার জন্য কি কি নির্দেশাবলী রয়েছে ? (fee এবং stwanrt কর্তৃক লিখিত Ó How to read Bible for all its weather- ॥ক ভাবে বাইবেল পড়তে হবে ইহার সকল মুল্যেও জন্য, পৃষ্টা ১৩৪- ১৪৮)
২. এই উপমার সাহিত্য বিষয়ক প্রেক্ষিত কোনটি ।
৩. ঈশ্বরের সন্তানদের এবং পুরস্কার গুলোর মধ্যকার সম্পর্ক সমন্ধে এই উপমার কি বলার রয়েছে ?
৪. এই উপমা এবং অপব্যয়ী পুত্রের উপমার বড় ভাইয়ের মধ্যেকার সম্পর্ক সম্বন্ধে আপনি কি মনে করেন ?

২০:১৭- ১৮ জন্য প্রশাসনিক অন্তর্দৃষ্টি (fold and lenge pecet)

(ক) এই বর্ননা সাদৃশ্য যা মার্ক ১০:৩২ এ পাওয়া যায় তা শিষ্যদের মনোভাব এবং কাজগুলোর ক্ষেত্রে সনিবেশ করে।

(খ) এই বর্ননা থেকে এট প্রতীয়মান হয় যে শিষ্যদের তখনও মশীহের রাজত্বের সম্পর্কে একটি মৌলিক ভূল ধারনা ছিল।

১৯:২৮ এ যীশুর বক্তব্যেও সাথে এটি খুব সম্ভবত সংযুক্ত ছিল।

(গ) এটা ছিল শিষ্যদের কাছে যীশুর মৃত্যু সম্পর্কে সবচেয়ে বেশী পুঙ্খানুপুঙ্ক রুপে বর্নিত ভবিষ্যত বানী (তুলনা করুন ১৬:২১’ ১৭:২২- ২৩)

শব্দ এবং শব্দ সমষ্টির অধ্যায়নঃ

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ২০: ১৭- ১৯

পরে যখন যীশু যিরুশালেমে যাইতে উদ্যত হইলেন, তখন তিনি সেই বারো জন শিষ্যকে বিরলে লইয়া গেলেন, আর পথিমধ্যে তাহাদিগকে কহিলেন, আর মনূষ্যেপুত্র প্রধান যাজকদের ও অধ্যাপকরদের হস্তে সমর্পিত হইবেন; তাহারা তাহার প্রানদন্ড বিধান করিবে, এবং বিদ্রুপ করিবার , কোড়া মারিবার ও ক্রুশে দিবার জন্য পরজাতীয়দের হস্তে তাকে সমর্পন করিবেন; পরে তিনি তৃতীয় দিবসে উঠিবেন।

২০:১৭ “যখন যীশু যিরুশালেমে যেতে উদ্যত হলেন মার্ক ১০:৩১ বলে তিনি যিরুশালেমের দিকে তার মুখে ফিরালেন এবং শিষ্যদের অগ্রে অগ্রে যাচ্ছিলেন।

২০:১৮ “মনুষ্যপুত্র” মথি ৮:২০ তে লিখিত টীকা দেখুন।

❑ “প্রধান যাজকগন এবং অধ্যাপকগন” এটা ছিল সনহেনদ্রিন মহাসভা সম্পর্কিত। এটি গঠিত হয়েছিল জেরুসালেমের ইহুদী সমাজের ৭০ জন নেতা নিয়ে। পূর্ন নাম ছিল “মহাযাজকগন, অধ্যাপকগন এবং প্রাচীনবর্গ, (তুলনা করুন ১৬:২১) ইহুদীদের জন্য এই মহাসভা ছিল ধর্মীয় এবং রাজনৈতিক বিষয়গুলোতে সবচেয়ে বড় কর্তৃপক্ষ যদিও রোমীয় দখলদার সৈন্য বাহিনী দ্বারা রাজনৈতিক বিবেচনায় এই ধর্ম সভা চরমভাবে সীমাবদ্ধ ছিল।

২০:১৯ “আর বিদ্রুপ করবার, কোড়া মারবার ও ক্রুশে দিবার জন্য পরজাতীয়দের হস্তে তাকে সমর্পন করবে” এটা ছিল রোমীয় কর্তৃপক্ষদের দ্বারা যীশুর অপমান এবং অপব্যবহারের একটি উল্লেখ। সৈন্যরা ইহুদী জনসাধারনদের একচেটিয়াবাদের তাদের বিদ্বেষ প্রকাশ করার জন্য তাদের বিদ্বেষ কে যীশুর উপর স্থানান্তর করেছিলেন।

❑ ‘‘ক্রুশে দাও’’ এই প্রকার প্রানদন্ডের ঘৃনা কেবলমাত্র এর প্রকাশ্য অপমান এবং ব্যথায় মধ্যে সীমাবদ্ধ ছিল না, কিন্তু দ্বিতীয় বিবরন ২১:২৩ এর সাথে সম্পর্ক ছিল; যীশুর সময়ের ধর্মগুরুদের অনুসারে ‘‘ঈশ্বরের অভিশাপ’’ তাদের উপর নেমে আসত যাদেরকে গাছে ঝুলিয়ে মারা হোত। যীশু পাপী মানবজাতির অভিশাপ’’ হলেন (তুলনা করুন লেবীয় ২৬; দ্বিতীয় বিবরন ২৭- ২৮; গালাতীয় ৩:১৩; কলসীয় ২:১৪)।

❑ ‘তৃতীয় দিনে’’ ১ম করিন্থীয় ১৫:৪ পৌল উল্লেখ করেছেন যে এটা ছিল সুসমাচারের একটি প্রয়োজনীয় উপাদান। যাহোক, আমরা যখন, পুরাতন নিয়ম পাঠ করি, ‘‘তিন দিনের’’ উল্লেখ খুজে পাওয়া কঠিন কেহ কেহ হোশেয় ৬:২ ব্যবহার করতে চেষ্টা করেন, কিন্তু এটা চরমভাবে সন্দেহজনক মনে হয়। মথি ১২:৩৮ এর কারনে বড় একটি মাছের পেটের মধ্যে যোনার সময়কে অনেকে ব্যবহার করেন (তুলনা করুন যোনা ১:১৭)। এটা সবচেয়ে বেশী উপযুক্ত মনে হয়।

যীশুর সময়ের ইহুদী জন্য একটি দিনের কোন অংশকে একটি সম্পূর্ন দিন হিসাবে গননা করা হোত। স্মরন করুন ইহুদীরা গোধূলী লগ্ন হতে শুরু করেন (তুলনা করুন অদিপুস্তক ১:৫)। সেজন্য শুক্রবারের অপরাহ্নে শেষে দিকে (তিন ঘটিকা) যীশুর মৃত্যুর সময়কে এবং ছয় ঘটিকায় পূর্বে কবর দেয়াকে একটি দিন হিসাবে গননা করা হোত। শুক্রবার সন্ধ্যা থেকে শনিবার সন্ধ্যা থেকে রবিবার সূর্যোদয় পর্যন্ত ছিল তৃতীয় দিন।

❑ ‘‘তিনি উঠবেন’’ সাধারনত পুরুত্থানকে বলা হয় ঈশ্বরের ইচছার একটি কাজ হিসাবে প্রমান করে যে যীশুর জীবন , পরিচর্যা কাজ, এবং মৃত্যুতে তার অনুমোদন ছিল। যাহোক যোহন ১০:১৭- ১৮ যীশু তার পুনরুত্থানে তার নিজস্ব আধিপত্য দৃঢ়রুপে ঘোষনা করেছেন। রোমীয় ৮:১১ বলে পবিত্র আত্মা যীশুকে উঠিয়েছিলেন। এখানে রয়েছে একটি উত্তম উদাহরন যে পরিত্রান কার্যে পবিত্র ত্রিত্বেও সকল ব্যক্তি অন্তর্ভূক্ত ছিলেন।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ২০: ২০- ২৩

তখন সিবদিয়ের পুত্রদের মাতা আপনার দুই পুত্রকে সঙ্গে লইয়া তার নিকটে আসিয়া প্রণিপাত পূর্ব্বক তার কাছে কিছু যাঞ্চা করিলেন। তিনি তাকে কহিলেন, তুমি কি চাও? তিনি বললেন, আজ্ঞা করুন , যেন আপনার রাজ্যে আমার এই দুই পুত্রের এক জন আপনার দক্ষিন পার্শ্বে, আর এক জন বাম পার্শ্বে, বসিতে পায়।

২০:২০ ‘‘সিবদিয়ের পুত্রদের মাতা’’ মার্ক ১০:৩৫ থেকে আমরা জানতে পারি যে, যাকোব এবং যোহন এই অনুরোধ করার সময় সক্রিয় ছিলেন। যখন কোন ব্যক্তি মার্ক ১৫:৪০ এবং যোহন ১৯:২৫ এর সাথে মথি ২৭:৫৬ তুলনা করেন তখন এটা সম্পূর্নগুপে সম্ভব যে সিবদিয়ের স্ত্রী সালোমি যীশুর মায়ের বোন ছিলেন।

❑ ‘‘প্রনিপাত করে’’ এটি উপাসনা করার কোন কাজ ছিল না কিন্তু স্বার্থপর লক্ষ্য অর্জনের একটি কাজ ছিল। খ্রীষ্টানেরা কুবার ঈশ্বরের সামনে নতজানু হয় কেবলমাত্র তা পাবার জন্য যা তারা পেতে চায়? তারা বিশ্বাস নিয়ে বানিজ্য করে আনুকুল্যে পাবার জন্য (তুলনা করুন ইয়োব ১:৯- ১১)।

❑ ‘তার কাছে কিছু যাচঞা করে’’ মার্ক লিখেছেন ‘‘আমাদের জন্য তাই করুন যা আমরা যাচঞা করি’’ । এটা অপ্রাপ্তবয়স্ক শিশুর অনুরোধের মত শুনায়।

২০:২১ ‘‘আদেশ করুন যেন আপনার রাজ্যে আমার এ পুত্রের একজন আপনার দক্ষিন পার্শ্বে, আর একজন বাম পার্শ্বে বসতে পায়।’’ প্রত্যেক সময়ে যখন যীশু তার মৃত্যু সম্পর্কে আলোচনা করতে

চেষ্টা করেছিলেন, শিষ্যেরা তর্ক বিতর্ক শুরু করতেন তাদের মধ্যে কে সবচেয়ে মহান । এটা একজন ব্যক্তি এবং খ্রীষ্টের কার্যের উপর মৌলিক ভূল বোঝাবুঝি কেবলমাত্র প্রমান করত না, কিন্তু মশীহের রাজত্বও নিয়েও (তুলনা করুন লুক ১৮:৩৪)।
“ঈশ্বরের রাজ্য” এর মতবাদটি হোল যীশুর প্রচার এবং শিক্ষা পরিচর্যা কাজের মূল মতবাদ । মনে হয় ইহা দেখিয়ে দেয় মানুষের হৃদয়ে ঈশ্বরের মর্তমান রাজত্ব এবং সমগ্র জগত ব্যাপী ঈশ্বরের ইচ্ছার ভবিষ্যৎ নিষ্পন্ন হবে যেমন ইহা স্বার্থে বর্তমানে নিষ্পাপ হচ্ছে।(তুলনা করুন মথি ৬:১০)
২০:২২ “কিন্তু যীশুর উক্তর দিলেন, তুমি ...” ২১ পদের ‘তুমি” শব্দটি একবচনের দ্বারা যাকোব এবং যোহনের মাকে সম্বোধন করা হয়েছে কিন্তু ২২ পদে এটা হোল বহুবচনের যা দ্বারা যাকোব এবং যোহন সম্বোধন করা হয়েছে।

- “আমি যে পাত্রে পান করতে যাচ্ছি , তাতে কি তোমরা পান করতে পার?” এই পান পাত্র শব্দটি গন্তব্যস্থল বোঝানোর জন্য প্রাচীন উসারিটের সেমিটিক সাহিত্যেও ব্যবহৃত হোত। বাইবেলে, যাহোক, এটাকে মনে হয় জীবনের অভিজ্ঞতা কে বোঝানোর জন্য, তা ভাল হোক ও মন্দ হোক। ইহাকে সাধারনত বিচারের অর্থ নিয়ে ব্যবহৃত হোত (তুলনা করুন গীতসংহিতা ৭৫:৮ ; যিশাইয় ৫১:১৭- ২৩; যিরমিয় ২৫:১৫- ২৮, ৪৯:১২, ৫১:৭; বিলাপ ৪:২১- ২২, যিহিস্কেল ২২:৩১- ৩৪, হবকুক ২:১৬; সখরিয় ১২:২; প্রকাশিত বাক্য ১৪:১০, ১৬:১৯, ১৭:৪, ১৮:৬)। যাহোক, কয়েকটি অনুচ্ছেদে একে আশীর্বাদ হিসাবের উল্লেখ করা হয়েছিল (তুলনা করুন গীতসংহিতা ১৬:৫, ২৩:৫, ১১৬:১৩; যিরমিয় ১৬:৭)।
- কিংজেমস অনুবাদে (KJV) যীশু বাপ্তিস্ম উল্লেখ পুর্বক যে শব্দগুলো পাওয়া যায় তা কেবল মথিও আদি গ্রীক অনুবাদের একটি অংশ নয়, অথবা লাতিন, সিরিয় অথবা মিশরীয় অনুবাদের অংশ নয়। ইহা মার্ক ১০:৩৮ এবং লুক ১২:৫০ থেকে এসেছিল যা মিশরীয় অনুবাদকদের দ্বারা মথিতে পরে অন্তর্ভুক্ত করা হয়েছিল যেমন মরে ২৩ পদে একইভাবে যোগ করা হয়েছে।
- ২০:২৩ “তোমরা আমার পাত্রে পান করবে” প্রৈরিতিক দলের মধ্যে যাকোব হলেন সর্বপ্রথম সাক্ষ্যময়। যোহন অনেক দীর্ঘজীবন পেয়েছিলেন এবং রোমীয় সরকারের দ্বারা পাট্টম নামক (PATONOS) দ্বীপে নির্বাসিত হয়েছিলেন (প্রকাশিত বাক্য ১:৯) এবং বৃদ্ধ বয়সে ইফিষীয় নগরীতে ইহকাল ত্যাগ করেছিলেন (মন্ডলীর ঐতিহ্যগত ইতিহাস অনুসারে)
- “যাদের জন্য আমার পিতা কর্তৃক স্থান প্রস্তুত করা হয়েছে ” এটা হোল পুরাঘটিত কর্মবাচক নির্দেশ।

এখানে রয়েছে পিতার ইচ্ছা এবং উদ্দেশ্যের প্রতি যীশুর আনুগত্যের আরেকটা উদাহরন সমস্ত কিছুই পিতা ঈশ্বরের বশে নিয়ন্ত্রনে রয়েছে (১করিন্থীয় ১৫:২৭- ২৮)

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ২০: ২৪- ২৮
এই কথা শুনিয়া অন্য দশ জন ঐ দুই ভ্রাতার প্রতি রুষ্ট হইলেন। কিন্তু যীশু তাহাদের নিকটে ডাকিয়া বললেন, তোমরা জান, পরজাতীয়দের অধিপতিরা তাহাদের উপরে প্রভুত্ব করে এবং যারা মহান তারা তাদের উপরে কর্তৃক করে। তোমাদের মধ্যে সেরুপ হইবে না; কিন্তু তোমাদের মধ্যে যে কেহ মহান হইতে চায়, সে তোমাদের পরিচারক হইবে; এবং তোমাদের মধ্যে যে কেহ প্রধান হইতে চায়, সে তোমাদের দাস হইবে; যেমন মনুষ্যপুত্র পরিচর্য্যা পাইতে আইসেন নাই , কিন্তু পরিচর্য্যা করিতে , এবং অনেকে পরিবর্ক্তে আপন প্রান মুক্তির মূল্যরুপে দিতে আসিয়াছেণ।

২০:২৪ "আর এ কথা অন্য দশজন ঐ দুই ভ্রাতার প্রতি রুষ্ট হলেন" তারা খুব রুষ্ট হয়েছিলেন কারন তারা যীশুর নিকট সর্ব প্রথম অনুরোধ করতে পারেন নাই। কিন্তু কারন তারাও রুষ্ট হবার একটি ভান করেছিলেন যদিও তারা জানতেন প্রশ্নটি সীমা ছেড়ে নিয়েছিল কিন্তু গোপনে তারাই একই প্রশ্ন করতে চেয়েছিলেন।

২০:২৬ "তোমাদের মধ্যে যে কেহ প্রধান হতে চায় , সে তোমাদের দাস হবে" মহান হবার জন তাদের লক্ষ্যকে যীশু দোষ বলে রায় দেননি, কিন্তু তার প্রতি কারোর প্রতিশ্রুতির আলোকে এর সত্যিকার স্থিতিমাপক সংজ্ঞায়িত করেছিলেন। যীশুর রাজ্যে নেতৃত্ব হোল সেবকত্ব (তুলনা করুন মার্ক ৯:৩৫; ১০:৪৩)।

২০:২৮"মনুষ্যপুত্র পরিচর্যা পেতে আসেন নাই" এখানে রয়েছে কে সবচেয়ে মহান তার বাস্তব সত্য (তুলনা করুন মার্ক ১০:৪৫)। যীশু জানতেন যে তিনি এসেছিলেন (১) তার পিতাকে প্রকাশিত করতে (২) অনুসরন করার জন্য একটি উদাহরন দেবার জন্য (৩) মানবজাতির পরিবর্তে মরার জন্য।

- "আর তার জীবন দিতে" আধ্যাত্বিক মহত্বের জন্য একটি মূল্য পরিশোধ করতে হয় এবং আর ইহা সেবা কাজে রয়েছে- এমনকি কখনও কখনও চূড়ান্ত সেবায়, যা একজন বন্ধুর জন্য আপন জীবনকে পরিত্যাগ করে (তুলনা করুন যোহন ১৫:১৩; ২করিন্থীয় ৫:১৪- ১৫; ১যোহন ৩:১৬)।
- মুক্তির মূল্য" এই শব্দটি পরোক্ষভাবে প্রকাশ করে একটি মূল্যরুপে যা পরিশোধ করবে একজন দাস অথবা যুদ্ধবন্দীর মুক্তির জন্য। যীশু বিশ্বাসীদের জন্য যা কিছু করেছেন তা তারা তাদের জন্য কোন দিন করতে পারে নাই। এই মূল্য পরিশোধ করা হয়েছিল ঈশ্বরের ন্যায়পরতা এবং ঈশ্বরের প্রেম পুনস্থাপন করার জন্য(তুলনা করুন যিশাইয় ৫৩; ২ করিন্থীয় ৫:২১।

বিশেষ আলোচ্য বিষয়: মুক্তিপন/ মুক্তিপ্রাপ্ত

পুরাতন নিয়ম

(ক) প্রথমত:

দুইটি হীব্রু আইনসম্মত শব্দ রয়েছে,যা এই ধারনা প্রদান করে।

১। গোল (মধড়ষ) মূলত: যার অর্থ হোল একটি মূল্য পরিশোধ করে মুক্ত করা। এই ধারনার সাথে একটি শব্দ "গা" এল (মধ্বড়ষ) যুক্ত হয় যার অর্থ হল একজন মধ্যস্থতাকারী সাধারনত পরিবারের একজন সদস্য (উদাহরনস্বরুপ, জ্ঞাতি ত্রানকর্তা)। পুনরায় জিনিষপত্র, জীবজন্তু, জমি ((তুলনা করুন লেবীয় ২৫,২৭) , অথবা আত্মীয়জনকে (রুথ ৪:১৫, যিশাইয় ২৯:২২) ক্রয় করার অধিকারের এই সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি মিশন দেশ থেকে যাকোব কর্তৃক ইস্রায়েল জাতির মুক্তিতে স্থানান্তরিত হোল(তুলনা করুন যাত্রা ৬:৬, ১৫:১৩; গীতসংহিতা ৭৪:২; ৭৭:১৫; যিরমিয় ৩১:১১) তিনি মুক্তিদাতা হলেন (তুলনা করুন ইয়োব ১৯:২৫; গীত সংহিতা ১৯:১৪; ৭৮:৩৫ হিতোপদেশ ২৩:১; যিশাইয় ৪১:১; ৪৩:১৪; ৪৪:৬, ২৪; ৪৭:৪; ৪৮:১৭, ৪৯:৭, ২৬; ৫৪:৫,৮; ৫৯:২০; ৬০:১৬; ৬৩:১৬; যিরমীয় ৫০:৩৪)।

২। পাদাহ (ঢ়ধফধয) যার মূলত অর্থ হোল "মুক্ত করা অথবা উদ্ধার করা।

(ক) প্রথম জাতের মুক্তি, যাত্রা ১৩:১৪ এবং গননা ১৮:১৫- ১৭

(খ) শারীরিক মুক্তিকে আধ্যাত্বিক মুক্তির বিরুদ্ধে স্থাপন করা হয়েছে, গীতসংহিতা ৪৯:৭,৮,১৫

(গ) যিহোবা ইস্রায়েল জাতিকে পাপ এবং বিদ্রোহ থেকে মুক্ত করবেন, গীতসংহিতা ১৩০:৭- ৮

(খ) ধর্মতাত্বিক ধারনায় তিনটি সম্পর্কযুক্ত বিষয় অন্তর্ভূক্ত রয়েছে:

(১) একটি প্রয়োজনীয়তা, একটি বন্দীদশা, একটি অধিকার খোয়ানো একটি কারাবাস

(ক)শারীরিক

(খ) সামাজিক

(গ) আধ্যাত্বিক (তুলনা করুন গীতসংহিতা ১৩০:৮)

(২)সাধীনতা , মুক্তি এবং পুনঃস্থাপনের জন্য একটি মূল্য অবশ্যই পরিশোধ করতে হবে।

(ক)ইস্রায়েল জাতির (তুলনা করুন দ্বিতীয় বিবরন ৭:৮

(খ) এক ব্যক্তিও (তুলনা করুন ইয়োব ১৯:২৫- ২৭; ৩০:২৮

(৩) কাউকে অবশ্যই একজন মধ্যস্থকারী এবং মঙ্গলকাঙখী হিসেবে কাজ করতে হবে। গাল এ (মধড়ষ) এই হলেন সাধারনত পরিবারের একজন সদস্য অথবা নিকট আত্নীয় অথ্যাৎ (মধ্বড়ষ)

(৪) যিহোবা কখনও কখনও নিজেকে পারিবারিক শব্দ দিয়ে বর্ননা করেন।

(ক) পিতা

(খ) স্বামী

(গ) নিকট আত্নীয়

যিহোবার মাধ্যমে মুক্তি নিশ্চিত হয়েছিল ; একটি মূল্য পরিশোধ করা হয়েছিল , আর মুক্তি অর্জিত হোল ।

নুতন নিয়ম (ঞযড় রিঃয ষধৎমব ভড়হঃ)

(ক) ধর্মতাত্বিক মতবাদ প্রকাশ করার জন্য কতিপয় শব্দ ব্যবহার করা হয়।

১। আগোরাজ্যে (অমড়ৎধ্বড় ওঃধষরুবফ) (তুলনা করুন ১করিন্থীয় ৬:২০; ৭:২৩; ২ পিতর ২:১; প্রকাশিত বাক্য ৫:৯;১৪:৩৪) একটি বানিজ্যিক শব্দ যা কোন কিছুর জন্য একটি মূল্য পরিশোধ করা হয়। আমরা হলাম রক্ত দ্বারা কেনা জনগন যারা আমাদের নিজস্ব জীবন নিয়ন্ত্রন করতে পারি না। আমারা যীশুর সম্পত্তি।

২। এক্সাগোরাজ্যে (ঊীধমড়ৎধ্বড়) (তুলনা করুন গালাতীয় ৩: ১৩; ৪:৫; ইফিসীয় ৫:১৬; কলসীয় ৪:৫) এটাও একটি বানিজ্যিক শব্দ। এটা আমাদের পক্ষে যীশুর মৃত্যুকে প্রতিফলিত করে। যীশু কাজের উপর অর্থাৎ মোশির উপর ভিত্তি করা "অভিশাপ বহন করেছিলেন, যা পাপী মানুষেরা অর্জন করতে পারে নাই। আমাদের সকলের জন্য তিনি অভিশাপ (তুলনা করুন ২১:৩৫) বহন করলেন। যীশুতে ঈশ্বরের ন্যায্যতা এবং প্রেম সম্পূর্ন ক্ষমা, গ্রহন, এবং প্রবেশাধিকারে মিলে যায়।

৩। লুও খঁড় মুক্ত করা

(ক) লুট্রন খঁঃৎড়হ "একটি মূল পরিশোধ" (তুলনা করুন মথি ২০:২৮; মার্ক ১০:৪৫)। এ সকল ছিল যীশুর নিজের মুখ থেকে আগত শক্তিশালী শব্দ সমূহ যা ছিল তার আগমনের উদ্দেশ্য সে সকল পাপের বেতন পরিশোধ কওে। জগতের মুক্তিদাতা হবার বিষয়ে যার জন্য তিনি দায়ী ছিলেন না (তুলনা করুন যোহন ১:২৯)

(খ) লূট্রো খঁঃৎড় মুক্ত করা

(১) ইস্রায়েল জাতিকে মুক্তি দেওয়া

(২) প্রজাবর্গকে মুক্তি দেবার এবং শুচি করার জন্য নিজেকে দান করলেন, তীত ২:১৪

(৩) একজন নিষ্পাপ মধ্যস্থতাকারী হবার জন্য , ১পিতর ১:১৮- ১৯

(গ) লুট্রসিস মুক্তি পরিত্রান, অথবা স্বাধীনতা

(১) যীশুর সম্পর্কে সখরিয়ের ভবিষ্যদ্বানী লুক ১:৬৮

(২)যীশুর জন্য ঈশ্বরের কাছে হানার প্রশংসা লুক ২:৩৮

(৩) যীশু হলেন উত্তম , একদা উৎসর্গীকৃত বলিদান (ইব্রীয় ৯:১৫)

৪। আপোলাইট্রেসিস অঢ়ড়ষুঃৎড়ংরং (তুলনা করুন লুক ২১:২৮ রোমীয় ৩:২৪; ৮:২৩; ১করিন্থীয় ১:৩০ ; ইফিসীয় ১:৭, ১৩;৪:৩০, কলসীয় ১:১৪; ইব্রীয় ৯:১৫

৫। এসটিলাইট্রোন অহঃরষুঃৎড়হ (তুলনা করুন ১তীমথিয় ২:৬) এটি একটি কঠিন পদ (যেমন তীত ২:১৪), যা ক্রুশে সকলের জন্য যীশুর মৃত্যুর সাথে মুক্তি যোগ করে। তিনি হলেন সেই একজন এবং একমাত্র গ্রহনযোগ্য বলিদান; সেই একজন যিনি "সকলের " জন্য মৃত্যু বরন করেন (তুলনা করুন যোহন ১:২৯; ৩:১৬-১৭; ৪:৪২; ১তীমথিয় ২:৪; ৪:১০; তীত ২:১১; ২পিতর ৩:৯; যোহন ২:২; ৪:১৫)।

(খ) নূতন নিয়মে ধর্মতাত্বিক মতবাদ প্রকাশ করে।

(১) মানুষ পাপের দাস (তুলনা করুন যোহন ৮:৩৪; রোমীয় ৩:১০-১৮; ৬:২৩)

(২) পুরাতন নিয়মের মোশির ব্যবস্থা (গালাতীয় এবং পর্বতে দত্ত যীশুর উপদেশ মথি ৫-৭ দ্বারা মানুষের কার্যকলাপ একটি মৃত্যু দন্ডাদেশে পরিনত হয়েছে। (তুলনা করুন কলসীয় ২:১৪)

(৩) যীশু, ঈশ্বরের নিষ্কলুষ মেষ , এসেছেন এবং আমাদের পরিবর্তে মৃত্যুবরন করেছেন (তুলনা করুন যোহন ১:২৯; ২ করিন্থীয় ৫:২১) পাপ থেকে আমাদেরকে ক্রয় করা হয়েছে যাতে আমরা ঈশ্বরকে সেবা করতে পারি। তুলনা করুন রোমীয় ২:৬)

(৪) বিজড়িতকরন দ্বারা যিহোবা এবং যীশু হলেন "নিকট আত্মীয়" যারা আমাদের পক্ষে কাজ করেন। এটা পারিবারিক রুপকগুলি চলতে থাকে(যেমন, পিতা, স্বামী, পুত্র, নিকট আত্মীয়)

(৫) পরিত্রান ছিল না একটি মূল্য যা শয়তানের নিকট দেয়া হয়েছিল (অথ্যাৎ মধ্যযুগীয় ধর্মতত্ব) কিন্তু পরিত্রান হলো ঈশ্বরের প্রেম এবং খ্রীষ্টেতে সম্পূর্ন ব্যবস্থার সাথে ঈশ্বরের বাক্য এবং ঈশ্বরের ন্যায্যতার পূনর্মিলন। ক্রুশেতে শান্তি পুনঃস্থাপিত হয়েছিল, মানুষের বিদ্রোহ ক্ষমা করা হয়েছিল, মানুষের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তি এখন সম্পূর্নরুপে ঘনিষ্ট সহভাগিতায় আবার কার্যকর।

(৬) পরিত্রানের একটি ভবিষ্যৎ দিক রয়েছে(তুলনা করুন ৮:২৩; ইফিষীয় ১:১৪; ৪:৩০) যা আমাদের পুনরুত্থিত দেহ এবং পবিত্র ত্রিত্বের সাথে শারীরিক ঘনিষ্টতা অন্ত র্ভূক্ত করে।

❑ "অনেকের পরিবর্তে" এটা হোল যিশাইয় ৫৩:১১-১২ এর পরোক্ষ উল্লেখ। "অনেক " শব্দটি ব্যবহার করা হয় নাই বিশেষ কয়েক জনের সীমাবদ্ধ অর্থে, কিন্তু ব্যবহার করা হয় খ্রীষ্টের কাজের স্বাভাবিক ফল হিসাবে। ইহুদী ধর্মগুরুগন এবং কুমরান সমাজ "অনেকে" শব্দটি বিশ্বাসী সমাজ অথবা নির্বাচিত ব্যক্তিদের জন্য ব্যবহার করতেন । যিশাইয় ৫৩:১১ঘ এবং ১২ঙ এর সাথে যিশাইয় ৫৩:৬ এর তুলনা দ্বারা , আমরা এবং "অনেকে" এর মধ্যকার খেলা দেখতে পারি। এই একই প্রকার খেলা ব্যবহৃত হয়েছে রোমীয় ৫:১৭-১৯ । ১৮ এবং ১৯ পদ দুইটি একই রকমের যার অর্থ হোল "সকলের" এবং "অনেকে" শব্দ দুইটি একটি অর্থ বোধক। কঠোর ক্যালভিন মতবাদীদের জন্য এটি একটি প্রমান করতে সক্ষম পদ হতে পারে নাই।

এন.এ.এস.বি (হালনাগাদ) শাস্ত্রপাঠ : ২০: ২৯- ৩৪
পরে যিরীহো হইতে তাদের বাহির হইবার সময়ে বিস্তর লোক তার পশ্চাৎ পশ্চাৎ গমন করল। আর দেখ , দুই জন অন্ধ পথের পার্শ্বে বসিয়াছিল; সেই পথ দিয়া যীশু যাইতেছেন শুনিয়া তারা চেচাইয়া বলল, প্রভু দায়ুদ সন্তান, আমাদের প্রতি দয়া করুন। তাতে লোক সকল চুপ চুপ বলিয়া তদেরকে ধমক দিল; কিন্তু তারা আরও অধিক চেচাইয়া বলল, প্রভু দায়ুদ সন্তান আমাদের প্রতি দয়া করুন। তখন যীশু থামিয়া তাদেরকে ডাকলেন , আর বললেন, তোমরা কি চাও? আমি তোমাদের জন্য কি করিব? তারা তাকে কহিল, প্রভু আমাদের চক্ষু যেন খুলিয়া যায়। তখন যীশু করুনাবিষ্ট হইয়া তাদের চক্ষু স্পর্শ করিলেন আর তখনই তারা দেখিতে পাইল ও তার পশ্চাৎ পশ্চাৎ চলল।

২০:২৯- ৩৪ এটি হোল যীশুর আরেকটি আরোগ্য কারী আশ্চর্যকাজ যা তার সহানুভূতি এবং ক্ষমতা প্রকাশ করে। আবার বৈশিষ্টমূলক ভাবে মথি লিখিত সুসমাচারে দুইজন অন্ধ লোক ছিল যারা দৃষ্টিশক্তি পেয়েছিলেন। কেবলমাত্র এক জন নয় যেমন মার্ক ১০:৪৬- ৫২ এবং লুক ১৮:৩৫- ৪৩ রয়েছে।

২০:২৯ “যিরীহো হতে তাদের বের হবার সময়ে” এটি আকর্ষনপূর্ন বিষয় যে মথি এবং মার্ক (১০:৪৬- ৫২) উভয়েই এই আরোগ্য কারী কাজকে উপস্থাপন করেছেন যখন যীশু যিরীহো ত্যাগ করেছিলেন যখন লুক (১৮:৩৫- ৪৩) এটাকে উপস্থাপন করেছেন যখন তিনি প্রবেশ করতেছিলেন। একটি পুরাতন যিরীহো নগরী এবং একটি নূতন যিরীহো নগরী ছিল। এটা সম্ভব যে, উভয় বিবরনীই সত্য।
“দুইজন অন্ধ” দুইজন অন্ধের আরোগ্যদান ছিল একটি পুরাতন নিয়মের মশীহের চিহ্ন (তুলনা করুন যিশাই ২৯:১৮; ৩৫:৫; ৪২:৭, ১৬, ১৮)। তাদের উপর যীশুর সহানুভূতি ও করুনা রয়েছে যাদেরকে বিবেচনা করা হয় “ছুড়ে ফেলা” লোক হিসেবে (তুলনা করুন ২০:৩১)।

আলোচনার জন্য প্রশ্নাবলী:
এটা হল একটি পাঠ সহায়ক টীকা যার অর্থ হল যে বাইবেল সম্পর্কে আপনার নিজস্ব ব্যাখ্যার জন্য আপনি দায়ী। আমাদের প্রত্যেকেরই যে আলো রয়েছে সেই আলোতে চলতে হবে। এই ব্যাখ্যাতে আপনার, বাইবেলে এবং পবিত্র আত্মার অগ্রাধীকার রয়েছে। একজন ব্যাখ্যাকারীর কাছে এটাকে আপনি অবশ্যই ছেড়ে দিতে পারেন না।

আলোচনার সময় এই সকল প্রশ্ন আপনাকে সাহায্য করার জন্য দেয়া হয়েছে যাতে আপনি বইটির প্রধান প্রধান অংশের বিষয়গুলি পুঙ্খানু পুঙ্খভাবে চিন্তা করতে পারেন। এগুলোর উদ্দেশ্য হল চিন্তাকে জাগিয়ে তোলার জন্য, চূড়ান্ত করার জন্য নয়।

প্রত্যেকটি ক্ষেত্রে যেখানে যীশু তার মৃত্যু সম্পর্কে ভবিষ্যদ্বানী করেন শিষ্যেরা কি কি বিষয় আলোচনা করেন?
যীশুর পুনরুত্থান সম্পর্কে পুরাতন নিয়মে কোথায় তৃতীয় দিনের কথা উল্লেখ করা হয়েছে?
যোহনের মায়ের কি যীশুর সাথে কোন আত্মীয়তা ছিল?
কেন ২৮ পদটি খুব গুরুত্বপুর্ন?

"সকলে" এবং "অনেকে" কেন একই অর্থ রয়েছে তা ব্যখ্যা করুন।

মথি ২১

আধুনিক অনুবাদের জন্য অনুচ্ছেদগুলোর বিভাগ সমূহঃ

UBS4	NKJV	NRSV	TEV	JB
তুরী ধ্বনিসহ যিরুশালেমে প্রবেশ ২১:১- ১১	তুরী ধ্বনিসহ প্রবেশ ২১:১- ১১ পদ	তালপত্র রবিবার ২১:১- ১১	তুরী ধ্বনিসহ যিরুশালেমে প্রবেশ ২১:১- ৩ ২১:৪- ৫ ২১:৬- ৯ ২১:১০ ২১:১১	মশীহের যিরুশালেমে প্রবেশ ২১:১- ৯ ২১:১০- ১১
মন্দির পরিষ্কার ২১:১২- ১৩ ২১:১৪- ১৭	যীশু মন্দির পরিষ্কার করেন ২১:১২- ১৭	মন্দির পরিষ্কার ২১:১২- ১৩ ২১:১৪- ১৭	যীশু মন্দির পরিষ্কার করতে যান ২১:১২- ১৩ ২১:১৪- ১৫ ২১:১৬ক ২১:১৬খ ২১:১৭	মন্দির থেকে বিক্রেতাদের বিতারিত করেন ২১:১২- ১৭
ডুমুর গাছটিকে অভিশাপ দিয়েছিলেন ২১:১৮- ২২	ডুমুর গাছটি ২১:১৮- ১৯ ফলহীন ডুমুর গাছের পাঠ ২১:২০- ২২	ডুমুর গাছ অভিশপ্ত হয়েছিল ২১:১৮- ২২	যীশু ডুমুর গাছটিকে অভিশাপ দেন ২১:১৮- ১৯ ২১:২০ ২১:২১- ২২	ফলহীন ডুমুর গাছ, বিশ্বাস ও প্রার্থনা ২১:১৮- ২২
ক্ষমতা সহকারে যীশুর প্রশ্ন ২১:২৩- ২৭	ক্ষমতা সহকারে যীশু প্রশ্ন করেছিলেন	যীশুর ক্ষমতা ২১:২৩- ২৭	যীশুর ক্ষমতা সম্পর্কে প্রশ্ন ২১:২৩ ২১:২৪- ২৫ক ২১:২৭ক ২১:২৭খ	যীশুর ক্ষমতাকে প্রশ্ন করা হয়েছিল ২১:২৩- ২৭

দুই পুত্রের গল্প ২১:২৮– ৩২	দুই পুত্রের গল্প ২১:২৮– ৩২	২১:২৮– ৩২	দুই পুত্রের গল্প ২১:২৮– ৩১ক ২১:৩১খ ২১:৩১গ– ৩২	দুই পুত্রের গল্প ২১:২৮– ৩২
আঙ্গুর ক্ষেতের চাষীদের গল্প এবং টুকরো পাথর ২১:৩৩– ৪৪ ২১:৪৫– ৪৬	দুষ্ট আঙ্গুর ফল উৎপাদক কারীর গল্প ২১:৩৩– ৪৬ ২১:৪২– ৪৪ ২১:৪৫– ৪৬	আঙ্গুর ক্ষেতের চাষীদের গল্প ২১:৩৩– ৪১ ২১:৪২ ২১:৪৩– ৪৪ ২১:৪৫– ৪৬	দুষ্ট আঙ্গুর ক্ষেতে উৎপাদক কারীর গল্প ২১:৩৩– ৩৯ ২১:৪০	দুষ্ট কর্তাদের গল্প ২১:৩৩– ৪৩ ২১:৪৫– ৪৬

পড়ার তিনটি স্তর (দেখুন: ৭)

এটি একটি শুনার দিক নির্দেশক গ্রন্থ যার অর্থ আপনার বাইবেল অনুবাদে আপনাকেই দায়িত্ববান হতে হবে। আমাদের প্রত্যেকজনের যে আলো আছে আমরা যেন সে আলোতে চলি। বাইবেল এবং পবিএ আত্বায় হবে আপনার অনুবাদের প্রধান বিষয। আপনাকে অবশ্যই নির্দেশকের কাছে ছেড়ে দেওয়া ঠিক হবে না।
একটি অধ্যায় একই সময়ে পড়ে শেষ করতে হবে। বিষয় বস্থু চিহ্নিত করতে হবে। উপরের অনুবাদের বিষয় বস্তুর সাথে বিষয় গুলোর সাথে তুলনা করুন। অনুচ্ছেদ গুলো অনুপ্রানিত নয় কিন্তু ইহা লেখকের আসল উদ্দেশ্য গুলোকে অনুসরন করার চাবিকাঠি যেটি হৃদয় গ্রাহী অনুবাদ। প্রত্যেক অনুচ্ছেদ শুধুমাত্র একটি বিষয় বস্থু।

১ প্রথম অনুচ্ছেদ ।
২ দ্বিতীয় অনুচ্ছেদ ।
৩ তৃতীয় অনুচ্ছেদ ।
৪। ইত্যাদি।

অবস্থাগত অন্তঃদৃষ্টি মথি ২১:১—৭ পদ।

ক) তুরী ধ্বনির সাথে প্রবেশ ছিল একটি গুরুত্ব পূর্ণ চিহ্ন যেভাবে যীশু নিজেকে মশীহ হিসাবে প্রতিজ্ঞা করে ঘোষনা দিয়েছিলেন ইহা মার্কেও একই রকম। মার্ক: ১১: ১—১০, লূক: ১৯: ২৯– ৪৪ এবং যোহন: ১২: ১২– ১৯ পদ।

খ) তুরী ধ্বনির সাথে প্রবেশটি ছিল কটূভ্যাস, ঘটনা। যীশুর বাণীটি বাধ্যতা মুলক ভাবেই পরিপূর্ণ করেছিলেন এবং জনসাধারন দৃঢ়রুপে তাঁর মোশীহত্বকে চিৎকার করেছিলেন। যাই হোক, ইহা অবশ্যই স্মরন করিয়ে দিয়েছিলেন যে প্রশংসার গান। (১১৩– ১১৮) তীর্থস্থানে অভ্যর্থনা করার জন্য ব্যবহার করেছিল প্রত্যেক বছর তারা যখন উদ্ধার পর্বটি পালন করতে আসতো। তার ফলে তারা নিদিষ্টি ব্যক্তির কাছে আবেদন করেছিল সেটাই একটি মাত্র ঘটনা।

এটি পরিষ্কার ভাবে ধর্মীয় নেতাদেরকেই ভয় দেখিয়েছিল।

(গ) মন্দির পরিষ্কারের ঘটনাটি ১২ পদ ১৭ পদে নথী করা হয়েছে, এটি স্পষ্ট রূপে দৃশ্যমান হয় যে, যীশুর দ্বিতীয় বার পরিষ্কারের ঘটনা। প্রথমটি নথী করা হয় যোহনঃ ২:১৫ পদে। আমি বক্তিগত ভাবে ছোট খাটো সাহিত্যিক সমালোচনাকে গ্রহন করি না যে দুরবিক্ষনে এগুলি দুই কিন্তু ঘটনা ঐ একই। যদিও বা সিনোপটি সুসমাচার এবং যোহন ক্রমানুসারে সমস্যা রয়েছে ইহা মনে হয় আমার কাছে ভাল, কারন দুটি নথীর ভিনতা থাকার কারনে দুটি পরিস্কৃত করন করাকে বহন করেছে, একটি তার প্রথম পরিচর্যা কাজের মধ্যে এবং দ্বিতীয় শেষ হবার আগে। এটি যিরুশালেমের ধর্মীয় নেতৃবর্গদের বিদ্বেষ বৃদ্ধি পাওয়াটায় ব্যাখ্যা দেওয়া হয়েছে।

বাক্য ও শব্দ গুচ্ছের পড়াঃ

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠঃ ২১: ১- ১১।
১। যীশু তাঁর শিষ্যরা যিরুশালেমের কাছাকাছি পৌছে জৈতুন পাহাড়ের উপরেঃ
২। "তোমরা ঐ সামনের গ্রামে যাও। সেখানে গেলেই দেখতে পাবে একটা গাধা বাঁধা আছে এবং একটা বাচ্চাও তার সঙ্গে আছে। সেই দুটো খুলে আমার কাছে নিয়ে এস।
৩। কেউ যদি তোমাদের জিজ্ঞাস করে তবে বলো, "প্রভুর দরকার আছে তাতে তখনই সে তাদের ছেড়ে দেবে।"
৪। এটা হল যেন নবীর মধ্য দিয়ে এই যে কথা বলা হয়েছিল তা যেন পূর্ণ হয়ঃ
৫। তোমরা সিয়োন কন্যাকে বল, তোমার রাজা তোমার কাছে আসছেন। তিনি নম্র। তিনি গাধার উপর, গাধীর বাচ্চার উপরে চড়ে আসছেন।"
৬। যীশু সেই শিষ্যদের যেমন আদেশ দিয়েছিলেন তাঁরা গিয়ে তেমনি করলেন।
৭। তারা সেই গাধা ও গাধীর বাচ্চাটা এনে তাদের উপর নিজেদের গায়ের চাদর পেতে দিলে পর যীশু বসলেন।
৮। অনেক লোক পথের উপরে তাদের গায়ের চাদর বিছিয়ে দিল। অন্যের গাছের ডাল কেটে নিয়ে পথের উপরে ছড়াল।
৯। যারা যীশুর সামনে ও পিছনে যাচ্ছিল তারা চিৎকার করে বলতে লাগল, হোশানা, দায়ুদের বংশধর প্রভুর নামে যিনি আসছেন তাঁর গৌরব হউক। স্বর্গে প্রভুর হোশানা"
১০। যীশু যিরুশালেমে ঢুকলে পর শহরের সমস্ত জায়গায় মহা হুলস্থুল পড়ে গেল। সবাই জিজ্ঞাসা করতে লাগল "ইনি কে?
১১। লোকেরা বলল, "ইনি গালীলের নাসরত গ্রামের যীশু।"

২১:১ "বৈৎফগী" এই নামের অর্থ "ডুমুর বৃক্ষের সমারোহ" গ্রামটি বৈথনিয়ার যে কোন জায়গায় অবস্থিত এবং যিরুশালেমের মধ্যেই পৃষ্টদেশে জৈতুন পাহাড় নামে যেটি পরিচিত।

- "জৈতুন পর্বত" ইহা অনিশ্চিত যে যীশু তাঁর জীবনের শেষ সপ্তাহ গুলো কোথায় রাত্রি যাপন করেছিল। কোন কোন জন আবার মনে করা হয় যে, তিনি বৈথনিয়াতে ফিরে গিয়ে লাসারের সাথে জীবন কাটিয়ে ছিলেনঃ আবার অন্যান্য জন মনে করেন যে, তিনি জৈতুন পর্বতেই রাত্রি যাপন করেছিলেন। সম্ভবত এটি গেৎশিমানী বাগানের কাছেই। উভয়ের মধ্যে যুক্তি যুক্ততা রয়েছে। যোহনঃ ১২:১- ১০।

২১:২- ৩ পদ এটি ঐ সব ঘটনার মধ্যে একটি যে, এটি যীশুর আশ্চার্য কাজ অথবা প্রকৃতিগত ভাবে তার অলৌকিক জ্ঞান অথবা পূর্ব প্রস্তুতি মূলক। এই উভয় ঘটনা নূতন নয়িমে বর্ণিত আছে। অবস্থার পরিপ্রেক্ষিতে ইহাকে মনে করা হয় এটি একটি পূর্ব পরিকল্পনার সভা।

২১:২ পদ “একটি গাধা বাধা আছে এবং একটা বাচ্চাও তার সাথে আছে” যোহনঃ ১২:১৪ পদে গাধার উল্লেখ আছে কিন্তু গাধা শাবকের উল্লেখ নেই। এর কারন হচ্ছে গাধা শাবকের গুরুত্ব হচ্ছে আলাদা কারন গাধা ইস্রায়েলদের জন্য একটি চিহ্ন স্বরূপ। গাধা হচ্ছে পর্বতের রাজা, রাজা ছিলেন রাজ্যের গাধা সেখানে কোন মানুষ চড়ে নাই কিন্তু তিনি চড়েছেন।

ঘটনা হচ্ছে যীশু গাধায় চড়ে এসেছিলেন বিশেষ ভাবে যেখানে কোন মানুষ ওঠেনি ভাববাদীদের কথাকে পরিপূর্ণ করার জন্য ৫ পদে উল্লেখ করা হয়েছে এবং সখরিয়ঃ ৯:৯ সম্ভবত যিশাইয়ঃ ৬২:১১ পদে উল্লেখ করা আছে। কিন্তু পরবর্তী কালের গ্রীক পান্ডুলিপি গুলোতে যুক্ত করা হয়েছে “সখরিয়” পূর্বে “ভাববাণী” যেখানে কিছু কিছু রীতি নীতি এবং কপটিক অনুবাদে ‘যিশাইয়’ কে যুক্ত করা হয়েছে। গাধা শাবকটি শুধুমাত্র রাজ্যেরই চিহ্ন ছিল না, কিন্তু মানবতা ও শান্তির চিহ্নও ছিল।

২১:৩ “যদি” এটি তৃতীয় শ্রেনীর বা পর্যায়ের একটি শর্তসাপেক্ষ্য বাক্য।

২১:৭ “সেই গাধা ও গাধীর বাচ্চাটা এনে তাদের উপর নিজেদের গায়ের চাদর পেতে দিলে পর যীশু বসলেন।” তাদের জামা কাপড় দুটি পশুর উপর বিছিয়ে দেয়া কার্যক্রমটি ঠিক শেষ সময়ের দুঃখের স্বাগতম জানানোর উৎসব উদযাপনের মত মনে করা হয়েছে। ইহা স্পষ্ট ভাবে পরিলক্ষিত হয় যে, যীশু গাধা শাবকটির উপর চড়েছিলেন তথাপিও গ্রীক শাস্ত্র কিছুটা অনিশ্চিত ছিল। “যাহারা” গ্রীক শাস্ত্রে উভয়কে নির্দেশ করা হয়েছে গাধা শাবক এবং পশু উভয়কেই।

২১:৮ “অনেক লোক তাদের গায়ের চাদর বিছিয়ে দিল” এটি একটি রাজাকে স্বাগতম জানানোর অন্য ঘটনা যেটি আধুনিক অনুবাদ গুলোতে “লাল রংয়ের গালিচা” বিছিয়ে একজন ভিনতর পরিদর্শকের জন্য আয়োজন করা হয়েছে । এখানে যদিও বা পরোক্ষ ভাবে ঐতিহাসিক ভাবে একই ঘটনার উল্লেখ করা আছে (১) যেহু ২রাজাঃ ৯:১৩ এবং (২) শিমন মাক্কাবিয়াস ১ম মাক্কাঃ ১৩:৫১ এবং ২য় মাক্কাঃ ১০:৭।

- “অন্যরা গাছের ডাল পালা ছিড়ে পথের উপরে ছড়াল” যদিও বা এটি চিহ্ন কার্য হিসাবে প্রতিনিয়ত তারীশূন্য রুটির পর্ব দিনে করে থাকে লেবিঃ ২৩:১৩- ২০। ঐ ডাল গুলো ছিল সাধারনের চেয়ে বড়। এখানে ছোট ডাল গুলোই ব্যবহার করা হয়েছিল এবং আধুনিক রীতি নীতির সাথে তুলনা করা যথা কাজের এই তিনটি কার্যক্রম হল — (১) পশুর উপরে জামা কাপড় বিছানো। (২) রাস্তাতেও জামা কাপড় বিছানো। (৩) রাস্তা ঘাটে ডাল পালা ছড়ানো বা বিছানো মানে যীশু খ্রীষ্টকে একজন রাজার সমান করে সন্মানে ভূষিত করা এবং দায়ুদের মশীহ হিসাবে প্রকাশ করা।

২১:৯ “যারা সামনে পিছনে যাচ্ছিল তারা চিৎকার করে বলতে লাগল” “চিৎকার করা” শব্দটি Imperfect tense যে প্রকাশ করা হয়েছে যে তারা পুনরাবৃত্তি করে চিৎকার করেছিল। এটি গীত ১১৮: ২৬- ২৭ থেকে উদ্ধৃতি দেওয়া হয়েছে। ইহ উদ্ধার পর্বের একটি অংশ সাহিত্যে এটি বুঝানো হয়েছে। হিব্রু হালেল গীতটি (গীত ১১৩- ১১৮) এগুলো প্রত্যেক বছর তীর্থ যাত্রীদের উদ্ধার পর্বের উৎসবে স্বাগতম বা সম্বর্ধনা জানানো হত কিন্তু এ বছর একাকীত্ব ব্যক্তি যীশুর আশার অপেক্ষায় ছিল। এই পদ গুলি একক ভাবে তাকে প্রয়োগ করা হয়েছে! তিনি তাদের পরিপূর্ণতা।

- NASB NKJV,
  NRSV, JB- Òহোশানা”
  TEV - “তাঁর গৌরব বা প্রশংসা”

শব্দীটি হয়তো অরামীয়- বাগধারা যার অর্থ ‘‘রাজার ক্ষমতা’’ সাহিত্যগত ভাবে ইহার ইব্রীয় অর্থ হলো ‘‘হোশানা’’ গীতঃ ১১৮- ২৬। যেটি প্রত্যেক দিক শুভেচ্ছা জানানোর জন্য ব্যবহৃত হওয়া। সাধ্যকার অর্থ ‘‘এখন আমাদের রক্ষা কর’’। প্রথম যীশুকে নির্দেশ করে এবং দ্বিতীয় ঈশ্বর পিতাকে, তার প্রশংসা করেছে তাকে মোশীহ হিসাবে পাঠিয়ে দেওয়ার জন্য।

- ‘‘দায়ুদের পুত্র’’ এটি ছিল মোশীহের পদবী (মথিঃ ৯:২৭, ১২:২৩, ১৫:২২:২০:৩০- ৩১; ২২:৪২) ইহা পরোক্ষ ভাবে ২ শমুয়েল ৭, ছিল যেটি ভবিষ্যৎ সম্পর্কে বলা হয়েছিল যে, এটা সর্বদায় দায়ুদের বংশধর থেকে হবে। এটি মোশীহের পরি পূর্ণতা হওয়ার প্রয়োজন ছিল যিহুদা বংশ থেকে। (আদিঃ ৪৯:১০, গীতঃ ১০৮ পদ)

- ‘‘ধন্য যাহার পবিত্র নামে আসিতেছেন’’ এটি লূক লিখিত সুসমাচারে একই ভাবে যুক্ত করা হয়েছে ‘‘তিনি রাজা’’ এবং এটি পরিষ্কার ভাবে প্রয়োগ করা হয়েছিল।

২১:১০ ‘‘আর তিনি যিরুশালেমে প্রবেশ করলে, নগরময় হুলস্থুল পড়ে গেল, বলল, উনি কে? ইহা সত্য যে অনেক লোকই শুনেছিল যীশুর ক্ষমতা সম্পন্ন কাজ সম্পর্কে এবং তাঁকে ভাববাদী পদবীতে আরোপিত করা হয়েছিল। কিন্তু ইহা পরিষ্কার ভাবে প্রকাশিত হওয়া দরকার ছিল যে, তিনি শুধু মাত্র ভাববাদীই নয়, কিন্তু ভবিষ্যৎ বাণী পূর্ণ ভাববাদী। ঘটনা গুলো হচ্ছে অনুসরন কর ইহা যে কোন জনের কাছে স্পষ্টভাবে প্রকাশিত হবে যার পবিত্র চক্ষু আছে সেই দেখবে।

এদিকে লূক ১৯:৪১ যীশু যিরুশালেম নগরকে দেখে দুঃখিত হয়েছিলেন এবং কেঁদেছিলেন; যা হোক মথিঃ ২৩:৩৭- ৩৯ পদ পর্যন্ত এটি নথীতে রাখেনি। সুসমাচার লেখকগন প্রভাবে নির্বাচন করে তুলে ধরেছেন। উপস্থাপনে যীশুর শিক্ষা গুলোকে সংক্ষিপ্ত আকারে তুলে ধরার সমর্থন ছিল।

সুসমাচার পাশ্চাত্যের ক্রমানুসারে, ইতিহাস অনুসারে নয় কিন্তু ধর্মতাত্ত্বিক ধারায় হারিয়ে যাওয়াকে বিষয়বস্তু করার জন্য এবং রক্ষা কারীদেরকে শিক্ষা দেওয়া হয়েছিল।

২১:১১ ‘‘লোক সমূহ বলল, উনি সেই ভাববাদী গালীলের নাসরতীয় যীশু’’ যীশুকে স্বর্গীয় প্রভাবে প্রতিষ্ঠা কারী এবং ক্ষমতা মোশীহের ভাববাণীর সাথে সম্পর্ক যুক্ত দ্বিতীয় বিবঃ ১৮:১৫- ১৯ পদ। লোকেরা স্বাধীন ভাবে যোগ দিয়েছিল ও বিশ্বাস করেছিল যে, যীশু ঈশ্বরের একজন ভাববাদী (লূকঃ ৭:১৬, ২৪:১৯, যোহনঃ ৪:১৯, ৬:১৪, ৭:৪০, ৯:১৭) অবস্থা অনুযায়ী তাঁর মোশীহত্ত্বকে প্রমান করে।

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠঃ ২১:১২- ১৩
১২ পদঃ পরে যীশু ঈশ্বরের ধর্মধামে প্রবেশ করলেন এবং যত লোক ধর্মধামে কেনা কাটা করছিল, তাদের সকলকে বের করে দিলেন এবং পোদ্দারদের মেজ ও যারা কপোত বিক্রি করছিল, তাদের আসন সকল উল্টিয়ে ফেলে দিল।
১৩ পদঃ আর তাদের বললেন, লেখা আছে, ‘‘আমার গৃহ প্রার্থনার গৃহ হবে, কিন্তু তোমরা ইহা দস্যুদের গহ্বর করে তুলছ।

২১:১২ পদ, পরে যীশু উপাসনা ঘরে ঢুকলেন এবং সেখানে যারা কেনা বেচা করছিল তাদের সবাইকে তাড়িয়ে দিলেন। তিনি টাকা বদল করে দেবার লোকদের টেবিল এবং যারা কবুতর বিক্রি করছিল তাদের বসবার জায়গা উল্টে দিয়ে বললেন।

এটি ছিল দ্বিতীয় ধাপের মন্দির পরিষ্কার (যোহনঃ ২:১৫ পদ)

মহা পুরোহিত এবং তার পরিবার বিশেষ ভাবে অস্থায়ী কুটির উভয়েরই তিনি মালিক। তারা রোমীয় ক্ষমতা থেকে অধিকার কিনে নিয়েছিল। তারা প্রথম থেকেই তীর্থ স্থানে সংযুক্ত ছিল। বিদেশীদের

ভূমি থেকে যারা সেখানে উৎস্বর্গের জন্য অসমর্থ ছিল এবং নিদিষ্ট টাকা (সেকল) মন্দির থেকে নির্ধারন করা হয়েছিল। উভয়ের জন্য কোন মূল্য নির্ধারন ছিলনা। যদি ব্যক্তি তার পুত্র উৎস্বর্গ করতে এসেছিল প্রথমে পরিদর্শকদের দ্বারা তা পরিক্ষা করা হয়েছিল। সেখানে কোন কোন ভেজাল হলে পরে তাদের কাছ থেকে কিনতে বাধ্য করত এবং তা উচ্চ মূল্যেই কিনতে হত।

মন্দিরটি শুধুমাত্র (Shekel) গ্রহন করা হত। (যাত্রাঃ ৩১:১৩) সেখানে কোন যিহুদীদের Shekel যথাযথ ভাবে বা যথেষ্ট ছিল না। কিন্তু সেখানে একটি টিরিয়ান ছিল। মন্দিরটি তীর্থ স্থানটিতে মূল্য বেশী করে নেওয়া হয়েছিল। কবুতরটি যারা গরীব তাদের জন্যও ছিল সুতরাং তারাও উৎস্বর্গে অংশ নিতে পারত। (লেবীঃ ১:১৪, ৫:৭, ১২:৮, ১৪:২২ পদ) কিন্তু মহা পুরোহিত তাদের কাছ থেকে অধিক পরিমানে টাকা গ্রহন করেছিল। তাঁর সময়ে যিহুদী ধর্মীয় নেতাদের শোষনই ছিল যীশুর রাগের উদাহরন স্বরূপ। যদি রাগ পাপ হয় যীশুও পাপ করেছিল। (ইফিঃ ৪:২৬ পদ)।

২১:১৩ পদঃ "লেখা আছে আমার গৃহকে সর্ব জাতির প্রার্থনা গৃহ বলা যাবে।" সকল বিক্রেতা ও ক্রেতারা যারা সেখানে বসেছিল তারা ছিল অযিহুদী। যার অর্থ ছিল জায়গাটি যেন Y A Z Aকে উপাসনা করার জন্য আর্কষণ করা হয় । যীশু যিশাই ৫৬:৭ পদকে উদ্ধৃতি দিয়েছেন এবং পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন যিরঃ ৭:১১ পদকে। মার্কে ঐ একই ভাবে (১১:১৭) তিনি শব্দ গুচ্ছটি সংযুক্ত করেছেন "সর্ব জাতির প্রার্থনার গৃহ বলা হবে।" মথি যিহুদীদের লিখেছেন, এখানে বা মার্কে সমস্ত জাতীকে জোড় দেওয়া হয়নি।

মার্ক রোমীয়দের লেখায় ইহা যুক্ত করেছেন।

NASB হালনাগাদ (শাস্ত্র পাঠঃ ২১:১৪- ১৭)

১৪ পদঃ এর পরে অন্ধ ও খোড়া লোকেরা উপাসনা ঘরে, যীশুর ঘরে, যীশুর কাছে, আসল, আর তিনি তাদেরকে সুস্থ করলেন।

১৫ পদঃ তিনি যেসব আশ্চার্য কাজ করেছিলেন প্রধান পুরোহিতেরা ও ধর্ম শিক্ষকেরা তা দেখলেন। তাঁরা উপাসনা ঘরের মধ্যে ছেলে মেয়েদের চিৎকার করে বলতে শুনলেন "হোশানা দায়ুদের বংশ ধর"

১৬ পদঃ এই সব দেখে শুনে তারা বিরক্ত হয়ে যীশুকে বললেন, "ওরা যা বলছে তা তুমি শুনতে পাচ্ছ ? " যীশু তাদের বললেন, হ্যাঁ পাচ্ছি। শাস্ত্রে আপনারা কখনও পড়েননি; ছোট ছেলে মেয়ে এবং শিশুদের কথার মধ্যে তুমি নিজের জন্য প্রসংশার ব্যবস্থা করেছ ? "

১৭ পদঃ এর পরে যীশু তাঁদের ছেড়ে শহরের বাইরে বৈথনিয়া গ্রামে চলে গেলেন এবং সেখানেই রাতটা কাটালেন।

২১:১৪ পদ "অন্ধ এবং খোড়া লোকেরা উপাসনা ঘরে যীশুর কাছে আসল, আর তিনি তাদের সুস্থ করলেন।" ১৪ এবং ১৫ পদ মথি লিখিত সুসমাচারের সাথে একই ধরনের কিন্তু তারা দেখিয়েছেন যে, এমনকি এই দীর্ঘ সময়ে ধরে যীশু তার সুসমাচার তাঁর ধর্মীয় নেতাদের কাছে আশ্চার্য কাজের মধ্য দিয়ে, ভাল বাসা ও সহানুভূতি সহকারে কাজ দেখিয়েছেন। এগুলিই পুরাতন নিয়মের মোশীহের চিহ্ন। (১) অন্ধের দিক যিশাইঃ ২৯:১৮; ৪২:৭,১৬)। (২) খোড়া লোকদের সাহায্য যিশাঃ ৪০:১১, মিথাঃ ৪:৬, সফনিয়ঃ ৩:১৯) (৩) উভয় চিহ্নই এক সাথে যিরমীয়ঃ ৩১:৮ এবং যিশাইয়ঃ ৩৫:৫- ৬ যদি তাদের সাধারন আধ্যাত্মিক দৃষ্টি দিয়ে দেখে তারা তাঁর ক্ষমতা, সহানুভূতি আর পুরাতন নিয়মের পরি পূর্ণতা দেখতে পারে, কিন্তু তারা সে মত করে নাই।

২১:১৫ পদঃ “কিন্তু যখন প্রধান পুরোহিত ও ধর্মযাজকেরা” সাধারন বিচার সভার (Shenhendrin) মহা পুরোহিত ও ধর্মযাজকের প্রধানেরা যুক্ত করেছেন (২৩:১৬- ২১) এ পন্থাগুলোই যীশুর সময়ে যিরুশালেমের ঐ সমস্ত নেতাদের নির্দেশ করে ।
“মন্দিরে শিশুরা চিৎকার করছিল, হোশান্না দায়ুদের সন্তানঃ তারা বিরক্ত হয়ে গেলেন” যখন শিশুরা প্রশংসার ধ্বনি যীশুকে প্রয়োগ করেন যীশুর সময়ের পূর্বে এবং তারা বারবার পূনরাবৃত্তি করেছিলেন যার জন্য ফরিশীদের কাছে এটি মনদুঃখের কারন হয়েছিল।
২১:১৬ পদঃ “এবং তাকে বললেন, সন্তানেরা কি বলছে তুমি কি তা শুনতে পাও?” লূক ১৯:৩৯ অন্যান্য ফরিশীরা নালিশ করেছিল ঐ একই বিষয় নিয়ে। যীশু আবার এই পদবীটি অন্যভাবে গ্রহন করেছিল তাঁর মোশীহের দাবীটি।
“যীশু তাদের বললেন, তেমরা কি কোন দিন পড়নি? এটি ছিল একটি কঠিন মন্তব্য যেটি প্রয়োগ করা হয়েছিল যে তারা তাদের শাস্ত্রের সাথে সে খুব বেশী পরিচিত ছিল না। যীশু ব্যঙ্গ করেই কথাটি ব্যবহার করে করেছিলেন। এবং বিদ্রুপ করেছিলেন। ধর্মীয় নেতাদের সম্পর্কে বিভিন্ন সময়। (১২:৩, ১৯:৪, ২১:৪২, ২২:৩) এদিকে যীশু গীত ৮:২ পদকে তুলে ধরেছেন, মোশীহের গীতে এটি প্রয়োজন ছিল না কিন্তু ইহা একটি গীত যেটি নিশ্চিত করা হয় যে সন্তাদের কথাই সত্য হবে বয়স্কদের জানার আগেই।
২১:১৭ পদঃ “তিনি তাদের ছেড়ে শহরের বাইরে বৈথনিয়া গ্রামে চলে গেলেন এবং সেখানে রাত্রি যাপন করলেন।”
যোহন ১২:১- ১০ পদের মধ্যে যীশু লাসারের সাথে ছিলেন, মার্থা ও মরিয়মের সাথে তাঁর জীবনের শেষ প্রান্তে তাদের সাথে রাত্রি যাপন করেছিলেন।

আলোচনার প্রশ্নঃ এটি একটি পড়াশুনার দিক নির্দেশনা গ্রন্থ যার অর্থ আপনার বাইবেল অনুবাদে আপনাকেই দায়িত্ববান হতে হবে। আমরা যে আলোতে আছি আমাদের প্রত্যেক জনকেই সে আলোতেই চলতে হবে। আপনার বাইবেল এবং পবিত্র আত্মাই হবে আপনার অনুবাদের প্রধান বিষয়। আপনাকে অবশ্যই এটি নির্দেশকের কাছে ছেড়ে দেওয়া ঠিক হবে না। এই প্রশ্নের আলোচনাগুলো আপনাকে এই অধ্যায়ের প্রধান বিষয়গুলো চিন্তা করতে সাহায্য করবে। তারা বিরক্তিকর ভাবেই অর্থ প্রকাশ করেছিলেন, সুস্পষ্ট নয়।

১. তুরীধ্বনী সহ প্রবেশ করা কেন গুরুত্বপূর্ণ?
২. যীশুর গাধার উপর উঠে যাওয়া কেন এত গুরুত্ব?
৩. ব্যখা করুন গীত ১১৮:২৬- ২৭ পদ, অদ্বিতীয়কে সমারোহের সাথে স্বাগত জানানোর কারন কি?
৪. যীশু কেন মন্দিরে ক্রেতা বিক্রেতাদের দেখে মনে কষ্ট পেলেন?
৫. ধর্মীয় নেতৃবর্গরা যীশুর আর্শ্চয্য ঘটনা দেখে কেন আনন্দ পাননি?

অবস্থাগত অন্তদৃষ্টিঃ ২১:১৮- ৪৬
ক) ২১ অধ্যায়ে তুরী ধ্বনী সহকারে উপাসনা ঘরে প্রবেশ এবং দ্বিতীয়ের সাথে তৃতীয় উপমার যথেষ্ট সুসংগত মিল আছে। ইহা ছিল যীশু খ্রীষ্টের মোশীহত্বকে যিহুদী নেতাদের সাথে আলোচনা করর পদক্ষেপ।
খ) ইহা অত্যান্ত কঠিন যীশুর কতগুলো বিয়োগ করা

১. যিহুদী রাজ্য
২. তাঁর নেতৃবৃন্দ অথবা
৩. উভয়ই।

গ) উপাসনা ঘর পরিস্কার ১২-১৭ পদ এটি বিয়োগের কার্যক্রম। ডুমুর বৃক্ষকে অভিশাপ দেওয়া ১৮-২২ পদ এটাও বিয়োগের কার্য্যক্রম। দুই ছেলের গল্প ২৮-৩২ বিয়োগের গল্প, দুষ্ট কৃষকের গল্প ৩৩-৪৬। এটাও ছিল বিয়োগের গল্প, রাজার বিবাহ উৎসব ২২:১-১৪। প্রশ্ন থেকে যায় নেতৃবৃন্দরা ইহা রব্বীদের যিহুদা তত্ত্ব কি নির্দিষ্ট ছিল যে যীশু বিয়োগ হচ্ছে?

শব্দ ও শব্দগুচ্ছের পড়াঃ

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠঃ ২১:১৮-১৯ পদ
১৮ঃ পরদিন সকালে ফিরে আসবার সময় যীশুর ক্ষিদে পেল।
১৯ঃ পথের পাশে একটা ডুমুর গাছ দেখে তিনি গাছটার কাছে গেলেন, কিন্তু তাতে পাতা ছাড়া আর কিছুই দেখতে পেলেননা। তখন তিনি গাছটাকে বললেন, "আর কখনও তোমার মধ্যে ফল না ধরুক" আর তখনই ডুমুর গাছটি শুকিয়ে গেল।

২১:১৮ঃ "সকাল হলে, যীশু নগরে ফিরছিলেন" সময়ের ফলাফল মার্কে কিছু পার্থক্য রয়েছে (মার্ক ১১:১২-১৪) দৃশ্যত্ব যীশু বৈথনিয়া থেকে ফিরছিলেন, যে যিরুশালেম থেকে ২ মাইল ছিল (মার্ক ১১:১২ পদ)

২১:১৯ পদঃ "পথের পাশে একটি ডুমুর গাছ দেখে, তিনি গাছটির কাছে গেলেন" ইহা ছিল পথিকদের বিশ্রাম নেওয়ার বিধি সংগত কারন এবং ফল গাছ বা মাঠ থেকে খাবার খাওয়া তাদের আইন সংগত ব্যাপার ছিল (দ্বিতীয় বিবরন ২৩:২৪-২৫)
"কিন্তু সেখান থেকে পাতা ছাড়া কিছুই পেলেন না" মার্ক ১১:১৩ যুক্ত করা হয় "ইহা ডুমুর ফলের সময় ছিল না' এটি ভাববাণী কাজ বিয়োগ সম্পর্কে এটি বুঝিয়েছেন যিহুদী নেতাদের বা জাতিদের। বাইরের জগত থেকে তারা উন্নতিশীল আত্মিক এবং ধর্মীয় ভাবে দেখেছিল কিন্তু সেখানে কোন এটির অলৌকিক ফল ছিল না। (কলঃ ২:২১-২৩, তিমঃ ৩:৫, যিশাই ২৯:৩)
"এক সময় ডুমুর গাছটি শুস্ক হয়ে গেল" মার্ক ১১:২০ মথি করা হয়েছে যে, শুকিয়ে যাওয়ার ঘটনাটি পরের দিন সকালে ঘটেছিল। এর সাথে সম্পর্কিত গল্প আমরা লূকে পাই ১৩:৬-৯ পদে। এই পাঠটি ছিল যিহুদী ধর্মীয় নেতৃবর্গদের বিরুদ্ধে ব্যবহাড়ম্বর একটি প্রর্দশনী এবং ভালবাসার অভাবে অত্যন্ত খারাপ এবং ঈশ্বরের প্রতি প্রতিজ্ঞাত।

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠঃ ২১:২০-২২ পদ
২০ পদঃ শিষ্যরা তা দেখে আশ্চর্য হয়ে বললেন, "ডুমুর গাছটা এত তাড়াতাড়ি কেমন করে শুকিয়ে গেছে?
২১ পদঃ উত্তরে যীশু বললেন, "আমি তোমাদের সত্যিই বলছি, তোমরা সন্দেহ না করে বিশ্বাস কর তবে ডুমুর গাছের উপরে আমি যা করেছি তোমরাও তা করতে পারবে। কেবল তা নয়, কিন্তু যদি এ পাহাড়কে বল, উঠে গিয়ে সাগরে পড়, তবে তাও হবে।
২২ পদঃ তোমরা যদি বিশ্বাস করে প্রার্থনা কর তবে তোমরা যা চাইবে তাই পাবে।

২১:২১পদ: 'যদি' এটি তৃতীয় শ্রেণীর শর্তসাপেক্ষ একটি বাক্য এবং অর্থ হচ্ছে সম্ভবত ভবিষ্যৎতের কার্যক্রম।

"এই পর্বত" এটি নির্দেশ করা হয় জৈতুন পর্বতকে যেটি পরিষ্কার ভাবে ধারনা দেওয়া হয়েছে।

'সাগর' এটি নির্দেশ করে মরুসাগরকে এবং জৈতুন পর্বতের দৃশ্যত্বকে। পুরাতন নিয়মের কার্য্যাবলী পর্বতের নিমস্থ এবং উত্থিত্ব উপতক্যাগুলি সাধারনত অযিহুদীদের সাথে সম্পর্কযুক্ত তাদের শারিরিক ভাবে যিরুশালেমে YAWH এর সাথে সম্পর্ক। সেই কারনে অবস্থান অনুবাদ করা হবে না বিশ্বাসের মাধ্যমে যুক্তি সংগত বিশ্বাসের ক্ষমতা কিন্তু আত্তিকভাবে ঈশ্বরের নিকট প্রবেশ করা অযিহুদীদের বাগধারা বিশিষ্ট যেটি যিহুদী নেতৃবৃন্দের কার্যে শ্বাস রুদ্ধতা ছিল। এই অবস্থা বিয়োগ বা ত্যাগের শাস্ত্রাংশ দেখতে পারবে। ১২- ১৭, ২৮- ৩১, ৩৩- ৪৬, ২২,১- ১৪ পদ।

২১:২২ পদ: "তোমরা যদি বিশ্বাস করে প্রার্থনা কর তোমরা যা চাইবে তাই পাবে।" মনে রাখা উচিৎ শর্তসাপেক্ষ প্রতিজ্ঞাটি মানুষের শর্ত প্রতিক্তোরের সাথে জড়িত আছে। এটি স্বাভাবিক ভাবে একই ধরনের পন্থা বাইবেলের সত্যটাকে প্রকাশ করার জন্য কিন্তু পশ্চিমা লোকদের কাছে এটি খুবই কঠিন যারা পরিস্কার স্পষ্টতাকে পছন্দ করে। (তুলনা করুন মথি ১৮:১৯, যোহন ১৪:১৩- ১৪; ১৫:৭; ১৬:২৩, ১ম যোহন ৩:২২; ৫:১৪- ১৫, মথি সাথে ৭:৭- ৮ রূক ১১:৫- ১৩; ১৮:১- ৮; ১৮:৯- ১৬ মার্ক ১১:২৩- ২৪ এবং যাকোব ১:৬- ৭; ৪:৩ পদ।)

খারাপ গুলো নয় ঈশ্বর অবিশ্বাস সন্তানদের উক্তর তাদের স্বার্থপরতা, বস্তুর প্রতি আগ্রহ এদের জন্য ঈশ্বর করবে। বিশ্বাসীবর্গ যারা খ্রীষ্টের মত হতে খ্রীষ্টকে অনুসন্ধান করে তাঁকে প্রশ্ন করে যে, দয়া করো ঈশ্বর এবং তাঁর রাজ্যকে বাড়িয়ে দাও।

NASB(হালনাগাদ) শাস্ত্র পাঠ: ২১:২৩- ২৭ পদ

২৩ পদ: পওে যীশু আবার উপসনা ঘরে গেলেন। যখন তিনি সেখানে শিক্ষা দিচ্ছিলেন তখন প্রধান পুরোহিতেরা ও যিহুদীদের বৃদ্ধ নেতারা তার কাছে এসে বললেন, তুমি কোন অধিকারে এসব করছ? এই অধিকার তোমাকে কে দিয়েছে?

২৪পদ: যীশু তাদের বললেন "আমিও আপনাদের একটা কথা জিজ্ঞাসা করব। আপনারা যদি আমাকে তার উক্তর দিতে পারেন তবে আমিও আপনাদের বলব আমি কোন অধিকারে এসব করছি?

২৫ পদ: বলুন দেখি বাপ্তিস্ম দেবার অধিকার যোহন কোথা থেকে পেয়েছিলেন? ঈশ্বরের কাছ থেকে না মানুষের কাছ থেকে? তখন তারা নিজেদের মধ্যে এই আলোচনা করলেন, "আমরা যদি বলি ঈশ্বরের কাছ থেকে, তবে লোকদের কাছ থেকে আমাদের ভয় আছে কারন সবাই যোহনকে নবী বলে মানে।"

তখন যীশু তাঁদের বললেন, "তবে আপনাদের আমিও বলবনা আমি কোন অধিকারে এসব করছি।

২১:২৩ পদ: "প্রধান পুরোহিত ও যিহুদীদের বৃদ্ধ নেতারা" নোট করা হয়েছে ১৫ পদে "প্রধান পুরোহিত" এবং "ফরিশী" তাদেরকে বলা হয়। এই তিন দলের লোকেরা বিচার সভা তৈরী করেছিল। অফিসিয়াল অথবা নন অফিসিয়াল ভাবেই হউক যে কোন ভাবেই কিন্তু তারা সেখানে যিহুদীদের কে প্রতিনিধিত্ব করত।

"যখন তিনি শিক্ষা দিচ্ছিলেন" যীশু শিক্ষা দিচ্ছিলেন শলোমনের বন্দর কোর্টে অযিহুদীদের উপসনালয় এলাকায়। তিনি এখনও যিহুদী নেতৃবর্গদের কাছে পৌছার জন্য চেষ্টা চালাচ্ছেন।
"কার ক্ষমতা বলে তোমরা এসব করছ" এটি ছিল প্রধান কেন্দ্রিয় **প্রশ্ন!** এগুলি উপাসনা ঘর পরিস্কার করাকেই নির্দেশ করে (১২- ১৬) যীশুর মৌলিক প্রথাগুলো অথবা তার জনসাধারন সম্মূক্ষে আশ্চর্য্য কাজ সমূহ বাতিল করেন। তাঁরা তার আশ্চর্য্য কাজ গুলোকে অস্বীকার করেননি সুতরাং তাঁর ক্ষমতাকেই উৎস হিসাবেই আক্রমন করেছেন। দৃশ্যত্ব যীশুর সময়ের ধর্মীয় নেতৃবর্গরা তার শিক্ষা দিয়েছিল যীশু ছিলেন উচ্ছ পর্য্যায়ের শয়তানের একজন ব্যাক্তি (১২:২৪, মার্ক ৩:২২ লূক ১১:১৫ যোহন ৭:২০; ৪:৭৪,৫২; ১০:২০- ২১)

৯ পদঃ তখন সেই বুদ্ধিমতি মেয়েরা উত্তরে বলল, 'না, তেল যা আছে তাতে হয়তো আমাদের ও তোমাদের কুলাবেনা। তোমরা বরং দোকানদারের কাছে গিয়ে নিজেদের জন্য তেল কিনে নাও।

১০ পদঃ সেই বুদ্ধিহীন মেয়েরা যখন তেল কিনতে গেল তখনই বর এসে পড়লেন। তখন যে মেয়েরা প্রস্তুত ছিল তার বরের সঙ্গে বিয়ে বাড়ীতে গেল। তারা সবাই ভেতরে গেলে পর দরজা বন্ধ কওে দেওয়া হল।

১১ পদঃ "পরে সেই বুদ্ধিহীন মেয়েরা এসে বলল, 'দেখুন দরজাটা খুলে দিন।'

১২ পদঃ উত্তরে বর বললেন, 'সত্যি বলছি, আমি তোমাদে চিনিনা।'

২৫:১ পদঃ "স্বর্গরাজ্যের প্রজারা চান যেন ঈশ্বরই পৃথিবীকে শাসন করেন এবং সকল মানুষ তাঁকে যেন একমাত্র প্রভু বলে স্বীকার করে ও তাঁর ইচ্ছা পালন করেন। (মথিঃ ৬:১০ পদ)।

(১৯) "বরের সাথে সাক্ষাৎ করতে গেলেন" এই গল্পটির পটভূমি ১ম শতাব্দীর যিহুদী প্যালাষ্টাইন সমাজের বিবাহের রীতি, কৃষ্টিকে এখানে তুলে ধরা হয়েছে। কয়েক বছর পর বাগদান অনুষ্ঠানের নিয়ম করা হয় বর কনের বাড়িতে গিয়ে তাঁকে তার বাড়িতে আনতে হত ৭ দিনের (ভোজ) খাবারের ব্যবস্থা করে।

গ্রীক পান্ডুলিপিতে ইব্রীয় রীতিনীতির সাথে এটিকে মিল দেখতে পাওয়া যায়। সবচেয়ে সর্বোৎকৃষ্ট এবং প্রাচীন গ্রীক "শাস্ত্র বরের সাথে দেখা করতে বাইরে যেতেন।" বেজাই (Bezae) গ্রীক পান্ডুলিপি (D) এবং ল্যাটিন, সিরিয়কি (Syriac), কোপটিক (Coptic) এবং আমেরিকার অনুবাদগুলি যথাযথ ভাবে গ্রীক শাস্ত্র গুলিখে অরিগেন (Origin)| অ্যাথানিয়াস (Athanasius), ক্রসৌস্টম (Crysostom), যেরোম এবং আগষ্টিন ব্যবহার করেছেন এবং কনেকে যুক্ত করেছেন।" এটি তখনই নির্দেশ দিবে সে বিবাহ অনুষ্ঠানে যোগ দিবে।

২৫:৫ পদঃ "বর আসতে দেরী হয়েছিল" ইহা হয়তোবা যীশু আগমনের দেরী হওয়ার কথাই বলেছেন। মথিঃ ২৪:১৪ পদ এবং ৪৩- ৪৪ পদ ও ইঙ্গিত দেয় যিরূশালেম ধ্বংশ এবং তাঁর দ্বিতীয় আগমন সম্পর্কে। এই দীঘসময় আদি মন্ডলীকে আশ্চার্যানিত করেছিল তবুও এই ধারনাটি যীশু এবং পৌলের শিক্ষা গুলোতেই ইঙ্গিত পাওয়া গিয়েছিল। (১১ থিষঃ ৫)

(২০) *"তাঁরা সবাই অলস হয়ে পড়েছিল এবং ঘুমাতে শুরু করেছিল"* এখানে কোন দোষা রোপের ইঙ্গিত করা হয়নি। ইহা কেবল মাত্র অবস্থাকে বুঝানোর জন্য গল্পটিতে প্রস্তুতিকেই জোড় দেওয়া হয়েছে।

২৫:১০ "দরজাটি বন্ধ হয়ে গিয়েছিল" লূকঃ ১৩:২৫ পদের সাথে এই গল্পটি ইস্রায়েল এবং পরজাতীদের সাথ সম্পর্ক যুক্ত কিন্তু এখানে এই পরিস্থিতির যীশুর দ্বিতীয় আগমনের সম্পর্ককেই বুঝানো হয়েছে।

২৫:১২ "আমি তোমাকে চিনিনা" প্রস্তুতির অভাব জনিত কারনেই ছিল অভ্যান্তধন ফলাফল। নতুন নিয়মে উপস্থাপিত পরিক্রমের পথকে সামঞ্জস্য রেখে দেখাতে হবে।

১. ইহা জনসাধারনে একটি প্রকাশ্য সিদ্ধান্ত ।
২. ইহা একটি শিষ্যত্ব, জনসাধারনের ধার্মিক জীবন যাপন। অথবা
৩. ইহা একটি অবগত বিষয়ক ধর্মতত্ব।

এইসব তিনটি বিষয়েই পরিপক্কতার প্রয়োজন রয়েছে। পুরাতন নিয়মে "জানা" শব্দটি ব্যাক্তিগত সম্পর্কের ধারনাটি ব্যবহার করা হয়েছে। (আদিঃ ৪:১, যিরঃ ১:৫) খ্রীষ্টান ধর্ম ইব্রীয় ধারনা ব্যাক্তিগত ধারনা এবং গ্রীক ধারনা দুইটিকেই সংযুক্ত করেছেন। সুসমাচার ব্যাক্তি এবং বাণী উভয়ই।

২৫:১৩ পদঃ
NASB " সতর্ক থাক, কারন সেই দিন বা সময়ের কথা তোমরা জাননা "
NKJV "সেই জন্য দেখ মনুষ্য পত্র সে দিনে কি রাতে আসবেন তা তোমরা জাননা "
NRSV "সেই জন্য তুমি জাগিয়া থাক, সেই দিন বা সেই সময় জাননা "
TEV " দেখ , কারন তোমরা সেই দিন বা সেই সময় জাননা " ।
JB "সুতরাং জাগিয়া থাক, কারন তুমি সেই দিন বা সময় জাননা।"
সত্যতায় হচ্ছে এই পৃথিবীর মূল উদ্দেশ্য। বিশ্বাসী বর্গদের অবশ্যই সক্রিয় থাকতে হবে প্রভু যীশু নিশ্চিত কি হঠাৎ ফিরে আসার জন্য (২৪:৩৬)। এ সম্পর্কে অনেক গুলো পান্ডুলিপি পাওয়া যায়। ২৪:২৪ পদে "মনুষ্য পুত্র আসবে" এটি স্পষ্টভাব অনুকরন করে যোগ করা হয়েছে। এই অতিরিক্ত

শব্দ গুচ্ছটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে দেওয়া ছিল না। P". N.A. B.C. DLWX এবং Y এবং Y এগুলো ল্যাটিন, সিরাক, কপাটিপ, আমেরিকার অনুবাদ। স্পষ্টভাবে বুঝা যায় ইহা মথি লিখিত সুসমাচারে সুস্পষ্ট নয়।

NASB (হালনাগাদ) মূলবচনঃ (২৫:১৪-১৮)
১৪ পদঃ ইহা এমন একজন লোকের মত যিনি বিদেশে যাবার আগে তাঁর দাসদের ডেকে তাঁর সমস্ত সম্পত্তির ভার তাদের হাতে দিয়ে গেলেন।
১৫ পদঃ সেই দাসদের ক্ষমতা অনুসারে তিনি একজনকে পাঁচহাজার, একজনকে দু'হাজার ও একজনকে এক হাজার টাকা দিলেন। তিনি এক জনকে পাঁচহাজার, একজনকে দু'হাজার ও একজনকে এক হাজার টাকা দিলেন।
১৬ পদঃ যে পাঁচ হাজার টাকা পেল সে ও একই ভাবে আরো দু'হাজার টাকা লাভ করল।
১৭ পদঃ যে দু'হাজার টাকা পেল সে ও একই ভাবে আরো দুহাজার টাকা লাভ করল।
১৮ পদঃ কিন্তু যে এক হাজার টাকা পেল সে মাটিতে গর্ত খুঁড়ে তার মনিবের টাকা গুলো লুকিয়ে রাখল।

২৫:১৫ পদঃ "অবিলম্বেই একজন পাঁচ তালন্ত গ্রহন করেছিল।" এই উপমাটি লূকঃ ১৯:১১-১৭ পদের সাথে সাদৃশ্য রয়েছে। অনেক গুলো গ্রীক পাণ্ডুলিপির সাথেই সম্পর্ক যুক্ত। ১৪ পদ অনুযায়ী ১. কৃতদাসের মালিক সম্পর্কে বর্ণনা করা হয়েছে। ২. কৃতদাসটি যদিও গ্রীক শাস্ত্রে পরিবর্তিত হয়েছে তথাপি মথি সুসমাচারের অবস্থান অনুসারে পরক্ষনেই কৃতদাস প্রথার মনোনয়ন দেওয়া হয়েছে।

(২১) "পাঁচ তালন্ত" একটি তালন্তের সমপরিমান প্রায় ছয় হাজার দীনার। একজন সৈনিক ও শ্রমিকের জন্য প্রতিদিন দীনারি খরচ হত। R.S.V. এর পদটীকা অনুযায়ী- "প্রায় ১৫ বছরে অধিক অধিক শ্রমিকদের জন্য ব্যয় করা হত।

(২২) "নিজস্ব সামর্থ অনুযায়ী" উক্তিটি বাইবেলের নীতি অনুসরন করে (মথিঃ ১৩:৮ পদ)।

NASB(হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫:১৯-২৩ পদ।
১৯ পদঃ অনেক দিন পর সেই মনিব এসে দাসদের কাছ থেকে হিসাব চাইলেন।
২০ পদঃ যে পাঁচ হাজার টাকা পেয়েছিল সে আরো পাঁচ হাজার টাকা নিয়ে এসে বলল, 'আপনি আমাক পাঁচ হাজার টাকা দিয়েছিলেন।
২১ পদঃ দেখুন, আমি আরো পাঁচ হাজার টাকা লাভ করেছি। তখন তার মনিব তাকে বললেন, 'বেশ করেছ। তুমি ভাল ও বিশ্বস্ত দাস। তুমি অল্প বিষয়ে বিস্বস্ত বলে আমি তোমাকে অনেক বিষয়ে ভার দেব। এস আমার অনেক ভাগী হও।
২২:পদ ঃ- যে দুহাজার টাকা পেয়েছিল সে এসে বলল, আপনি আমাকে দুহাজার টাকা দিয়েছিলেন । দেখুন আমি আরো দুহাজার টাকা লাভ করেছি।
২৩ঃ পদ ঃ- তখন তার মনিব তাকে বললেন, "বেশ করেছ। তুমি ভাল ও বিশ্বস্ত দাস। তুমি অল্প বিষয়ে বিশ্বস্ত বলে আমি তোমাকে অনেক বিষয়ের ভার দেব। এসো আমার আনন্দের ভাগী হও।

২৫:২১- ২৩ পদ ‘‘বেশ করেছ তুমি ভাল ও বিস্বস্ত দাস ’’ ভাল তত্ত্বাবধায়ক, শুধুমাত ঐ পরিমানই ছিল না, বহিরাগত ও ছিল।

NASB (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫:২৪- ২৫ পদ।
২৪ পদঃ যে এক হাজার টাকা পেয়েছিল সে এসে বলল, ‘দেখুন, আমি জানতাম আপনি ভয়ানক কঠিন লোক। আপনি যেখানে বীজ বোনেননি সেখান থেকে কাটেন এবং যেখানে ছড়াননি সেখান থেকে কুড়ান।
২৫ পদঃ এই জন্য আমি ভয়ে ভয়ে বাইরে গিয়ে মাটিতে আপনার টাকা লুকিয়ে রেখেছিলাম। এই দেখুন, আপনার জিনিস আপনারই আছে।’

২৫: ২৪- ২৫ পদঃ দাসদের বৈশিষ্ট্যকে ঈশ্বর যর্থাথ ভাবে বর্ণনা করেননি। কেহ যেন এই গল্প গুলিকে রূপক অর্থে পরিপূর্ণ ভাবে ঠেলে না দেয়। নূতন নিয়মে এই গল্প কাহিনী গুলি তুলনা এবং সাদৃশ্য উভয় আছে।

NASB (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫:২৬- ২৮ পদ।
২৬ পদঃ উত্তরে তার মনিব তাকে বললেন, ‘দুষ্ট ও অলস দাস! তুমিতো জানতে যেখানে আমি বুনিনি সেখানে কাটি আর যেখানে ছড়াইনি সেখানে কুড়াই।

২৭ পদঃ তাহলে মাহজনদের কাছে আমার টাকা জমা রাখনি কেন? ‘তা করলে তো আমি এসে টাকাটাও পেতাম এবং সঙ্গে কিছু সুদও পেতাম।’

২৮ পদঃ তারপর তিনি অন্যদের বললেন, তোমরা ওর কাছ থেকে টাকা গুলো নিয়ে যার দশহাজার টাকা আছে তাকে দাও।

২৫:২৭ পদঃ ‘‘সুদ’’

NASB (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫:২৯- ৩০ পদ।
২৯ পদঃ যার আছে তাকে আরো দেওয়া হবে আর তাতে আর অনেক হবে। কিন্তু যার নেই তার যা আছে তাও তার কাছ থেকে নিয়ে নেওয়া হবে।
৩০ পদঃ ঐ অপদার্থ দাসকে তোমরা বাইরে অন্ধকারে ফেলে দেওঃ যেখানে কানাকাটি করবে আর যন্ত্রনায় দাঁতে দাঁত ঘষতে থাকবে।

২৫:২৯ পদঃ ‘‘যার যত আছে তাকে আরো দেওয়া হবে’’ দেখুন মথিঃ ১৩:১২, মার্কঃ ৪:২৫, লূকঃ ৮:১৮, ১৯:২৬। ‘‘অধিক’’ এটি মূল বচনে নেই কিন্তু নিঃসন্দেহে ইহা প্রয়োগ করা হয়েছিল।
২৫:৩০ পদঃ ‘‘ঐ অপদার্থ দাসকে তোমরা বাইরে অন্ধকারে ফেলে দাওঃ যেখানে লাকে কানাকাটি করবে আর যন্ত্রনায় দাঁতে দাঁত ঘষতে থাকবে। (দেখুন ৮:১২, ১৩:৪৭, ৫০; ২২:১৩:২৪:৫১) পশ্চিমা

পাঠক/ পাঠকাগণ পূর্বনতে লীয়দের অতিরিক্ত মন্তব্য এবং তাদের রূপক ভাষার স্বাচ্ছন্দ্য বোধ করে না। এই গল্পটি শুধুমাত্র পরিত্রানের প্রারম্ভিক প্রয়োজনীয়তাকেই দেখাননি কিন্তু চলমান দায়িত্ব বোধ সম্পর্কে ও তুলে ধরেছেন। জীবন যাবনের মাধ্যমেই সুস্পষ্ট ভাবে নিশ্চিত করা গিয়েছিল। বুনেনি- কাটনি। (ফল ও নেই- মূল ও নেই)

প্রশ্নগুলোর আলোচনাঃ

এটি পড়াশুনার একটি দিক নির্দেশক গ্রন্থ যার অর্থ এই যে, আপনাকে নিজস্ব বাইবেল অনুবাদে আপনাকেই দায়িত্ব বহন করতে হবে। আমাদের যে আলো আছে, আমাদের প্রত্যেক জনকে সে আলোতেই চলতে হবে । বাইবেল এবং পবিত্র আত্মায়ই আপনার অনুবাদে অগ্রগন্য হবে। আপনাকে এটি নির্দেশকের নিকট ছেড়ে দেওয়া ঠিক হবে না।

এই প্রথম আলোচনার বিভাগ গুলোর মাধ্যমে বইয়ের অংশের বিভিন প্রধান বিষয় গুলো ধারনা নিতে আপনাকে সাহায্য করবে।

(১) এই গল্পের মূল সত্যতা কি?

(২) অন্যান্য বড় ২৪ এবং ২৫ অধ্যায় গুলো কিভাবে এই গল্প গুলির সাথে সাদৃশ্য দেখাবে।

(৩) যীশু খ্রীষ্টের শিক্ষা অনুসারে সুসমাচার লেখকগণ অনুপ্রানিত হয়ে নির্বাচন, সংযুক্তি এবং সাজানোর লেখকগণ যে উক্তিটি ব্যবহার করেছেন তা বাখ্যা কর।

(অ) ইহা যীশু নিজেই খোলাখুলি ভাবে আভ্যন্তরিন বিষয় নিয়ে এবং মানব জীবনের ভয়ানক পাপের এবং ফলের বিষয় নিয়ে কথা বলেছেন। ইহা যীশু এবং যীশু একা যিনি শুধু শেষ বিচার নয় কিন্তু অতন্ত নরক সম্পর্কে ও জোড় দিয়ে কথা বলেছেন।

(ই) এই বাক্যগুলি মনে হয় ১৬ঃ২৭ পদের সর্বশেষ বর্ণনা। একটি সর্বোৎকৃষ্ট সাদৃশ্য হলো প্রকাশিতঃ ২০ঃ১১- ১৫।

(ঈ) স্বগীয় বাজার গৌরবার্থেই যীশু আবার আসবেন। যিহুদীরা যে পন্থায় তাঁর প্রথম আসার অপেক্ষা করেছিলেন তার সাথেই সাদৃশ্য রয়েছে।

(উ) বাইবেলে নিশ্চিতভাবে বিচার সম্পর্কে বলেছেন, কিন্তু বিভিন গ্রাহকদের
কাছে বারবার চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়েছে।

- (১) ঈশ্বর বিচারক হিসাবে কাজ করেন। (রোমীয়ঃ ১৪ঃ২, ১ম পিতরঃ ১ঃ১৭)
- (২) খ্রীষ্ট বিচারক হিসাবে যোহনঃ ৫ঃ২২, ২৭ মথিঃ ১৬ঃ২৭, প্রেরীতঃ ১০ঃ৪২, ২য় করঃ ৫ঃ১০, ২য় তিমঃ ৪ঃ১)
- (৩) ঈশ্বর খীষ্টের মাধ্যমে (প্রেরীতঃ ১৭ঃ৩১, রোমীঃ ২ঃ১৬)

শব্দ ও শব্দ গুচ্ছের পড়া ঃ

NASB (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫:৩১- ৩৩ পদ।
৩১ পদঃ মনুষ্য পুত্র সমস্ত স্বর্গদূতদের সঙ্গে নিয়ে যখন নিজের মহিমায় আসবেন তখন তিনি রাজা হিসাবে তাঁর সিংহাসনে মহিমার সঙ্গে বসবেন।
৩২ পদঃ সেই সময় সমস্ত জাতির লোকদের তার সামনে একসঙ্গে জড়ো করা হবে। রাখাল যেমন ভেড়া আর ছাগল আলাদা করে তেমনি তিনি সব লোকদের দুভাগে আলাদা করবেন।
৩৩ পদঃ তিনি নিজে ডান দিকে ভেড়াদের আর বা দিকে ছাগলদের রাখবেন।

২৫:৩১ "মনুষ্য পুত্র" পুরাতন নিয়ম অনুসারে মনুষ্য পুত্র শব্দটি মানবিক হিসাবে বুঝাতে সাধারন ভাবে ব্যবহৃত হয়েছে। যেমন, গীতঃ ৮:৪ পদ এবং যিহিঃ ২:১ পদ। যে কোন ভাবে দানিয়েলঃ ৭:১৩ পদ মনুষ্য পুত্রকে মানবিক হিসাবে ডাকা হয়েছে, স্বর্গ থেকে মেঘ যোগে দেবতা অনন্ত স্বর্গরাজ্য প্রতিষ্ঠার জন্য এসেছেন। মনুষ্য পুত্র পদবীটি যিহুদীরা রাব্বি নিকেল থেকে ছিল না। যীশু ব্যবহার করেছেন, নিজেকে ও দাবী করেছেন মনুষ্য পুত্র হিসাবে। মানবিক ধারনা এবং দেবতা এবং যিহুদীদের সংকীর্ণ, জাতীয় বোধ ও সৈন্যবাহিনীর নিয়মানুসারে করা হয়েছে। মনুষ্য পুত্র হিসাবেই স্বর্গের মেঘ রথে রড়েছেন। দানিঃ ৭:১৩ পদ। তিনি এখন পবিত্র স্বর্গীয় দূতদের সাথে লোকদের বিচার করতে আসছেন। মথিঃ ২৫:৩১, ১ম থিমঃ ৪:১৩- ১৮ পদ।

- "তাঁর গৌরব" (দেখুন গৌরবের নোট ১৬:২৭ পদ)
- "সমস্ত স্বগীয় দূতরায় তার সাথে" দূতেরা স্বর্গে সমবেত হয়ে কাজ করবে। তারা প্রায়ই সহযোগী হয়ে এসেছিল (১৬:২৭, মার্কঃ ৮:৩৮, ২য় থিষঃ ১:৭, যিহুদাঃ ১৪ঃ এবং দানিঃ ৭:১০ পদ)
- "তিনি তার রাজ সিংহাসনে বসবেন" তিনি তার রাজ সিংহাসনে ঈশ্বরের পক্ষ হয়ে একমাত্র প্রভু এবং রাজা হয়ে বসবেন কিন্তু একজন বিচারক হিসাবে। (১৯:২৮ পদ)

২৫ঃ ৩২ পদঃ "সমগ্র জাতি তাঁর সম্মুখে সমবেত হবে।" এই পাঠটি সম্ভবত উপমা নয় কিন্তু একটি নাটকীয় ভাবে উপস্থাপিত হয়েছে মথি লিখিত সুসমাচারে। সমস্ত প্রশ্নই শেষ সময়ের এবং একটি আশ্চর্যের বিষয় এই সমস্ত জাতি অন্তভুক্ত করা হয়েছে। যারা মৃত এবং জীবিত অথবা শুধুমাত্র যারা জীবিত তাদের জন্যই।
এই অধ্যায়ে "সমস্ত জাতিকে" প্রয়োগ করা হয়েছে। বিশ্ব সম্মাক্তের লোকদের কাছে সুসমাচার প্রচার সম্পর্কে। (প্রকাশঃ ৫ঃ) যিহুদী জাতিকে অন্তভুক্ত করা হয়েছে আদি পুস্তকের লক্ষ্য (৩:১৫, ১২:১- ৩ এবং মাত্রাঃ ১৯:৪- ৬) যিহুদী জাতিকে মিশনারী হিসাবে ডাকা হয়েছে।

বিশেষ লক্ষ্যে চিহ্নিত করা খুবই কষ্টকর যেমন

(১) যারা সুসমাচারকে প্রত্যাখান করেছে অথবা

(২) যারা কাজের জন্য অন্তভুক্তের বাইরেছিল। দলই যীশুকে প্রভু বলে ডাকছেন (মথিঃ ৭:২১- ২৩) এ ধরনের বিচার সম্ভবত সীমিত ছিল যারা তালিকার বাইরে বা সুসমাচারে সারা দেয়নি সুতরাং উপমাটির অর্থ মাটির উপমার সাথেই সাদৃশ্য আছে। (মথিঃ ১৩ঃ) শেষ সময়ের চাপটি অন্যান্য বিশ্বাসীদের প্রতি ভালবাসার কমতিকেই দেখানো হয়েছে। (যোহনঃ ২:৯,১১,৩:১৫,৪:৭- ২১ পদ) সমস্তই মিথ্যা পেশা হিসাবে প্রকাশিত। মথিঃ ১৩- ২১,২২, ১ম যোহঃ ২:১৯।

- “তিনি প্রত্যেকেই একে অপর থেকে পৃথক করবেন” । অধিক মিল গম ও শ্যামা ঘাসের দৃষ্টান্ত (মথিঃ ১৩ঃ২৪- ৩০, ৩৬- ৪৩) শেষ দিন না হওয়া পর্যন্ত পৃথক করা হবে না। সুতরাং মেষ ও ছাগলকেই শেষ দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে। তাদের জীবনের ফল অনুসারেই ভোগ করবে। এখানে জ্ঞাতব্য যে শুধুমাত্র দুধরনের বৈশিষ্ট্য।
- “মেষ পালক ভেড়া ও ছাগ হতে পৃথক করবেন” ঈশ্বর মেষপালক হিসাবে পুরাতন নিয়মে সাধারন ভাবে প্রদাশিত হয়েছে। (গীতঃ ২৩) মেষ পালক হিসাবে যিহিস্কেল ৩৪ অঃ দুষ্ট মেষ পালক ও উত্তম মেষ পালক হসাবে ঈশ্বর বিচার করবেন সে সম্পর্কে বর্ণনা করা হয়েছে। একই বিষয়টি যীশু সক্কেয়ের জীবনে অর্থগত প্রয়োগ করেছেন।
(১১ঃ৪- ১৪, যোহনঃ ১০ঃ)

২৫ঃ৩৩ পদঃ “ডান পার্শ্বে” এই অধ্যায়ে মানব তত্বের অবস্থানকেই বাইবেল প্রকাশ করেছেন যেমনঃ তার সম্মান তার ক্ষমতা এবং তার কতৃত্ব।

NASB (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫ঃ৩৪- ৪০ পদ।
৩৪ পদঃ এরপরে রাজা তার ডান দিকের লোকদের বলবেন, ‘তোমরা যারা আমার পিতার আশীর্বাদ পেয়েছ, এস। জগতের আরম্ভে যে রাজ্য তোমাদের জন্য প্রস্তুত করে রাখা হয়েছে তার অধিকারী হও।
৩৫ পদঃ যখন আমার খিদে পেয়েছিল তখন তোমরা আমাকে খেতে দিয়েছিলেঃ যখন পিপাসা পেয়েছিল তখন জল দিয়েছিলে; যখন অতিথি হয়েছিলাম তখন আশ্রয় দিয়েছিলে;
৩৬ পদঃ যখন খালি গায়েছিলাম তখন কাপড় পাঠিয়েছিলে; যখন অসুস্থ হয়েছিলাম তখন আমার দেখাশোনা করেছিলে; আর যখন আমি জেলখানায় বন্দী অবস্থায় ছিলাম তখন আমাকে দেখতে গিয়েছিলে।”
৩৭ পদঃ তখন সেই ঈশ্বর ভক্ত লোকেরা উত্তরে তাকে বলবে, ‘প্রভু আপনার খিদে পেয়েছে দেখে কখন আপনাকে খেতে দিয়েছিলাম বা পিপাসা পেয়েছে দেখে জল দিয়েছিলাম ?

৩৮ পদঃ কখনই বা আপনাকে অতিথি হিসাবে আশ্রয় দিয়েছিলাম, কিংবা খালি গায়ে দেখে কাপড় পড়িয়ে ছিলাম ?
৩৯ পদঃ আর কখনই বা আপনাকে অসুস্থ দেখে বা জেল খানায় আছেন জেনে আপনার কাছে গিয়েছিলাম ?
৪০ পদঃ এর উত্তরে রাজা তখন তাদের বলবেন, ‘আমি তোমাদের সত্যই বলছি, আমার এই ভাইদের মধ্যে সামান্য কোন একজনের জন্য যখন তা করেছিলে তখন আমারই জন্য তা করেছিলে।

২৫ঃ৩৪ পদঃ “রাজা” যীশু প্রকাশ্যে রাজার আমার কথাই বলেছিলেন। (প্রকাশিতঃ ১৭ঃ১৪, ১৯ঃ১৬) **YHWH** ইয়াহয়ে নিজে ও রাজার মত কথা বলেছেন, যখন এই তথ্যটি যীশুর জন্য ব্যবহার করা হয়েছিল তখন সেটি অতিরিক্ত বৈশিষ্ট্য বয়ে নিয়ে আসে। (দ্বিতীয় বিবরঃ ১০ঃ১৭ পদ, ২য় তিমঃ ৬ঃ১৫) এই পরিবর্তনীয় পদবী নূতন নিয়মে লেখকদের সাধারন কৌশল ন্যাযবতীয় যীশু খ্রীষ্টের প্রভুত্বকে নিশ্চিত করার জন্য।

- “তুমি যে আমার পিতাকে আশীর্বাদ করেছিলে” তারা অতীতে আশীর্বাদ পেয়েছিল এবং এখন ও পাচ্ছে। ঈশ্বর একজন সক্রিয় প্রতিনিধি ছিলেন।

- “উত্তরাধীকার সুত্র” খীষ্টিয় বিচার আমাদের পাপের উপর ভিক্তি করে নয় (তীতঃ ২:১৪, ১ম যোহনঃ ১:৭ পদ) কিন্তু আমাদের আত্তিক দান এবং ঈশ্বরের প্রতি আমাদের প্রাপ্যতাকে স্বীকার করে। (১ম করিঃ ৩:১৫, ২য় করঃ ৫:১০)
- “পৃথিবী সৃষ্টির শুরু থেকে স্বর্গরাজ্য তোমার জন্য প্রস্তুত” এটি একটি পূর্ণ সক্রিয় কাজ। নূতন নিয়ম এই শব্দগুচ্ছটিকে বিভিন্ন সময় ব্যবহার করেছেন। বিশ্বসী বর্গের জন্য ঈশ্বর সৃষ্টির শুরু থেকেই যে অনেক কিছু করেছেন তা বর্ণনা করেছেন। (যোহনঃ ১৭:২৪, ইফিঃ ১:৪,১১; ১ম পিতরঃ ১:১৯-২০, পকাশিঃ ১৩:৮ পদ) উদ্ধারে ত্রিত্ব ছিল অত্যন্ত সক্রিয় (আদিঃ ১:১) ঈশ্বরের কাজের পূর্বে কখন ও ব্যর্থ হয়নি।

২৫:২৫-৩৯ পদঃ আমাদের ভাল কাজ এবং জীবন যাপনে ভালবাসা প্রকাশ এবং নিশ্চিত আমাদের যীশু খ্রীষ্টে আমদের প্রারম্ভক প্রতিজ্ঞা (ইফঃ ২:৪-৯,১০) কর্মবিহীন বিশ্বাস মৃত (যাকোঃ ২:১৪-২৬)

২৫:৪০ “আমার এই ভাইদের মধ্যে সামান্য কোন একজনের জন্য যখন তা করেছিলে তখন আমারই জন্য তা করেছিলে। এখানে “নৎড়ঃযবৎ” বা “ভাই” শব্দটি অবশ্যই বিশ্বাসী বর্গদের নিদের্শ করে। ইহা বিশ্বাসী বর্গরা বিশ্বাসীদের বর্গদের জন্যই বহন করে ইহাই জোড় করা হয়েছে। (মথিঃ ১০:৪০) যীশু এবং তার অনুসরন কারীদের সাদৃশ্য (প্রেরিতঃ ৯:৪,২২:৭,২৬:১৪) এবং ১ম করঃ ৮:১২। একজনকে ব্যাথা দেওয়া মানে উভয়কেই ব্যাথা দেওয়া একজনকে আশীর্বাদ করা মানে উভয়কেই আশীর্বাদ করা।

NASB (হালনাগাদ) শাস্ত্রপাঠঃ ২৫:৪১- ৪৬ পদ।

৪১ পদঃ পরে তিনি তাঁর বাঁ দিকের লোকদের বলবেন, 'ওহে অভিশপ্ত লোকেরা, আমার কাছ থেকে তোমরা দূর হও। শয়তান এবং তার দুতদের জন্য যে চিরকালের আগুন প্রস্তুত করা হয়েছে তার মধ্যে যাও।

৪২ পদঃ যখন আমার খিদে পেয়েছিল তখন তোমরা আমাকে খেতে দাওনি, যখন পিপাসা পেয়েছিল তখন জল দাওনি।

৪৩ পদঃ যখন অতিথি হয়েছিলাম তখন আশ্রয় দাওনি, যখন খালি গায়েছিলাম তখন আমাকে কাপড় পরাওনি; যখন অসুস্থ হয়েছিলাম এবং জেল খানায় বন্দি অবস্থায় ছিলাম তখন আমাকে দেখতে যাওনি।

৪৪ পদঃ তখন তারা তাকে বলবে, প্রভু কখন আপনার খিদে বা পিপাসা পেয়েছে দেখে, কিংবা অতিথি হয়েছেন দেখে, কিংবা খালি গায়ে দেখে, কিংবা অসুস্থ বা জেলখানায় আছেন জেনে সাহায্য করিনি।

৪৫ পদঃ উত্তরে তিনি তাদের বলবেন, আমি তোমাদের সত্যিই বলছি, তোমরা যখন এই সামান্য লোকদের মধ্যে কোন একজনের জন্য তা করনি তখন তা আমারই জন্য করনি।

৪৬ পদঃ তারপর যীশু বললেন, 'এই লোকেরা অনন্ত শাস্তি পেতে যাবে কিন্তু ঐ ঈশ্বর ভক্ত লোকেরা অনন্ত জীবন ভোগ করতে যাবে।

২৫:৪১ পদঃ "পরে তিনি তাঁর বাঁ দিকের লোকেদের বলবেন, আমার কাছ থেকে তোমরা দূর হও।" নরক একটি অনন্ত মন্দ ভাব ইহা ঈশ্বর এর সাথে সহভাগিতা রক্ষা করাকে আলাদা করে দেয়। মথিঃ ৭:২৩, লূকঃ ১৩:২৭ পদ। ঈশ্বর মানুষদেরকে নরকে প্রেরন করে না। তারাই তাদের নিজস্ব জীবন যাপনে তাদের নির্বাচনে নিজেদেরকে নরকে প্রেরন করে।

- **Accursed ones** (অভিশাপ গ্রস্থরা) এটি ইংরেজীতে ব্যবহৃত **PERFECT Passive PARTICIPLE**. এটি ব্যকরনের দিক থেকে এই পরিবেশে বিভিন সময়ে বিভিন ভাবে পদবিন্যাস করা হয়েছিল। ইহা অতীতে যে সমস্ত ঘটনা ঘটেছিল এবং তার ফলাফল হিসাবে বর্তমানে ও চলছে সেগুলোর সম্পর্কে বলে। কাজটি বাইরের প্রতিনিধিদের মাধ্যমে করা হয়েছে। এই লোকেরা ঈশ্বর কৃতৃক প্রত্যাখাত এবং অতীতে তারই প্রতিমূর্তি খ্রীষ্ট স্থায়ী ভাবে অন্ধত্ব এবং প্রত্যাখাত হয়ে ধ্বংশ হয়েছে। অন্যান্য লোকদের ভালবাসার অভাব জনিত কারনেই এই বিতারিত বা প্রত্যাখাত বিষয়টি নিজে থেকেই প্রকাশিত হয়েছে। (৪২:৪৩)
- "শয়তান এবং তার দুতদের জন্য যে চিরকালের আগুন প্রস্তুত করা হয়েছে" নরক মানুষের জন্য তৈরী ছিল না, কিন্তু স্বর্গীয় দুতদের জন্যই তৈরী করা হয়েছিল।

মথি ২৫ অধ্যায় অন্ধকারের মিশ্র রুপক কাহিনী, ৩০ পদে অন্ধকার ৪১ পদে আগুন। নরক যাতনার ও ভয়ের কারন গুলো মানুষের কাছে বর্ণনার মত কোন শব্দ নেই এবং বাইবেলে ও এমন কোন কার্যকরী ধারনা তুলে ধরবার মত অথবা বিভিন যম্ভাব্য ইঙ্গিত গুলো তুলে ধরা হয়নি।

এ ধরনের অধিকাংশ রুপক ধারনা গুলো আর্বজনা স্তুপের মত যিরুশালেমের অনতিদূরে হিনোম নামক পর্বত হতে যাকে ঘেনা নামে পরিচিত সেই সকল ব্যাপারে স্বয়ং যীশু ও প্রায় সময় কথা বলেছেন। (যিশঃ ৩৩:১৪, ৬৬:২৪, মথিতঃ ১০,১২; ৫:২২, ৭:১৯; ১৩:৪০,৪২,৫০; ১৮:৮- ৯, যিহুদাঃ ৭: প্রকাঃ ১৪:১০, ১৯; ২০; ২০:১০,১৪,১৫, ২১:৮)

২৫:৪৫ পদঃ “আমি তোমাদের সত্যই বলছি” আক্ষরিক ভাবে “ধসবহ” এই শব্দটি ছিল ইব্রিয় শব্দ যার অর্থ “অনুমোদিত হবে”। ইহা পবিত্র বাইবেলের লেখকগণের দ্বারা ব্যবহৃত হয়েছিল সত্যতাকে অনুমোদিত করার জন্য এবং বাক্যের ধারনা এবং শিক্ষা সম্পর্কে সত্যতার জন্য। যীশু অদ্বিতীয় বাক্য হিসাবে শুরুতেই এই শব্দ গুলি ব্যবহার করতেন। তিনি প্রায়ই অথবা দুবারের বেশী গুরুত্ব দিয়ে ব্যবহার করেছেন।
২৫:৪৬ পদঃ “এই লোকেরা অনন্ত শাস্তি পেতে যাবে, কিন্তু ঐ ঈশ্বর ভক্ত লোকেরা অনন্ত জীবন ভোগ করতে যাবে।” বিষয়টি একই রকম যে, গ্রীক শব্দ (ধরড়হড়ং) স্বর্গকে চিরস্থায়ী হিসাবে বর্ণনা করেছেন (যোহনঃ ৩:১৬) নরকের প্রতি ও চিরস্থায়ী হিসাবে প্রয়োগ করা হয়েছে (মার্কঃ ৯:৪৮, প্রকাশিতঃ ২০:১০) দানিয়েলঃ ১২:২ পদে পুনরুত্থানকে ধার্মিক ও দুষ্ট উভয়ের জন্যই বর্ণনা করা হয়েছে।

অনন্ত নরক শুধুমাত্র বিদ্রোহী লোকদের জন্যই নাটকীয় নয় কিন্তু এটি ঈশ্বরের জন্য ও। ঈশ্বর মনুষ্য সৃষ্টি করেছেন তাঁর সৃষ্টি ঘটনার অগ্রজ হিসাবে। আমরা তাঁরই প্রতিমূর্তিতেই সৃষ্টি হয়েছি এবং তাঁর সাদৃশ্যেই আমরা তাঁর সাথে সহভাগতা লাভ করি। ঈশ্বর মানুষকে গ্রহন যোগ্য করে নির্বাচন করেছেন, নির্বাচনের ফল সরুপ তার বৈশিষ্ট্যানুসারে ঈশ্বর তার সৃষ্টি থেকে নিজেকে পৃথক রেখেছেন। নরক খোলা ঈশ্বরের হৃদপিন্ড থেকে রক্ত বইছে যে, কোন সুস্থ্য হবে না।

প্রশ্ন অলোচনাঃ

এটি পড়াশুনার একটি দিক নির্দেশক গ্রন্থ যার অর্থ এই যে, আপনাকে নিজস্ব বাইবেল অনুবাদে আপনাকেই দায়িত্ব বহন করতে হবে। আমাদের যে আলো আছে, আমাদের প্রত্যেক জনকে সে আলোতেই চলতে হবে । বাইবেল এবং পবিত্র আত্মায়ই আপনার অনুবাদে অগ্রগন্য হবে। আপনাকে এটি নির্দেশকের নিকট ছেড়ে দেওয়া ঠিক হবে না।
এই প্রথম আলোচনার বিভাগ গুলোর মাধ্যমে বইয়ের অংশের বিভিন প্রধান বিষয় গুলো ধারনা নিতে আপনাকে সাহায্য করবে।

১। নরক কি ভাবে আগুন এবং অন্ধকার হতে পারে?
২। এই অংশ গুলি কি মানুষকে তার ভাল কর্মের জন্য রক্ষা করার শিক্ষা দেয়?
৩। নিজস্ব মতে এই অংশের কোন বিষয়টি সত্যতার কেন্দ্র বিন্দু?
৪। খ্রীষ্টানরা কি বিচারিত হবে?
৫। ঈশ্বরের কাছে নরক কি ক্ষতি?

মথি ২৬

আধুনিক অনুবাদে অনুচ্ছেদের বিষয় সমূহঃ

USB	NKJV	NRSV	TEV	JB
যীশুকে মেরে ফেলার ষড়যন্ত্র	যীশুকে মেরে ফেলার ষড়যন্ত্র	যীশুর মৃত্যু ২৬:১- ৫	যীশুর বিরুদ্ধে ষড়যন্ত্র	যীশুর বিরুদ্ধে চক্রান্ত ২৬:১- ২ ২৬:৩- ৫

২৬:১- ৫	২৬:১- ৫	২৬:৩- ৫	২৬:১- ২ ২৬:৩- ৫	
বৈথনিয়াতে অভিষেক ২৬:৬- ১৩	বৈথনিয়াতে অভিষেক ২৬:৬- ১২	২৬:৬- ১৩	বৈথনিয়াতে যীশু অভিষিক্ত হন ২৬:৬- ৯ ২৬:১০- ১৩	বৈথনিয়ায় অভিষেক ২৬:৬- ১৩
যীশুর প্রতি যিহুদার যুক্তি ২৬:১৪- ১৬	যিহুদার যীশুর বিরোধিতা করতে সম্মতি ২৬:১৪- ১৬	২৬:১৪- ১৬	যিহুদার বিরোধিতা করতে যিহুদার সম্মতি প্রকাশ ২৬:১৪- ১৬	যিহুদার যীশুর বিরোধিতা করেন ২৬:১৪- ১৬
শিষ্যদের সাথে উদ্ধার পর্বের ভোজ ২৬:১৭- ২৫	শিষ্যদের সাথে নিস্তার পর্বের ভোজ করেন ২৬:১৭- ৩০	শেষ ভোজ ২৬:১৭- ১৯	যীশু নিস্তার পর্বের ভোজে শিষ্যদের সাথে খেতে বসেন ২৬:১৭ ২৬:১৮ ২৬:১৯	উদ্ধার পর্বের ভোজের জন্য প্রস্তুতি ২৬:১৭- ১৯
		২৬:২৬- ২৯	২৬:২০- ২১ ২৬:২২ ২৬:২৩- ২৪ ২৬:২৫- ২৬	যিহুদার সম্পর্কে ভবিষ্যদ্বানী ২৬:২০- ২৫
প্রভুর ভোজের প্রতিষ্ঠান ২৬:২৬- ৩০		২৬:২৬- ২৯	পিতরের অস্বীকার সম্পর্কে ভবিষ্যৎ বাণী ২৬:৩১- ৩২ ২৬:৩৩ ২৬:৩৪ ২৬:৩৫ ২৬:৩৬	পিতরের অস্বীকার সম্পর্কে ভবিষ্যৎ বাণী ২৬:৩০- ৩৫ পদ
গেৎসিমানী বাগানে যীশুর প্রার্থনা ২৬:৩৬- ৪৬	বাগানে প্রার্থনা ২৬- ৪৬:৩৬	২৬- ৪৬:৩৬	গেৎসিমানী বাগানে যীশুর প্রার্থনা ২৬:৩৬- ৩৮ ২৬:২৯ ২৬:৪০- ৪১ ২৬:৪২- ৪৩ ২৬:৪৪- ৪৬	গেৎসিমানী বাগানে ২৬:৩৬- ৪৬
শত্রুদের হাতে	গেৎসিমানী	২৬:৪৭- ৫৬	যীশু শত্রুদের	আটক

যীশু ২৬:৪৭- ৫৬	বাগানে যীশু শত্রুদের হাতে ২৬:৪৭- ৫৬		হাতে ২৬:৪৭- ৪৮ ২৬:৪৯ ২৬:৫০ ২৬:৫০- ৫৪ ২৬:৫৫- ৫৬ ২৬:৫৬	২৬:৪৭- ৫৬
মহাসভার সামনে যীশু ২৬:৫৭- ৬৮	যীশু মহাসভার সম্মুখে ২৬:৫৭- ৬৮	যীশু কায়াফার সামনে ২৬:৫৭- ৬৪	মহাসভার সামনে যীশু ২৬:৫৭- ৬১ ২৬:৬২- ৬৩ ২৬:৬৪ ২৬:৬৫- ৬৬ ২৬:৬৬ ২৬:৬৭- ৬৮	যীশু মহাসভার সামনে ২৬:৫৭- ৬৮
পিতর যীশুকে অস্বীকার করেন ২৬:৬৯- ৭৫	পিতর যীশুকে অস্বীকার করেন এবং কাদেন ২৬:৬৯- ৭৫	২৬:৬৯- ৭৫	পিতরের অস্বীকার ২৬:৬৯ ২৬:৭০- ৭১ ২৬:৭২ ২৬:৭৩ ২৬:৭৪ ২৬:৭৪- ৭৫	পিতরের অস্বীকার ২৬:৬৯- ৭৫

পড়ার তিনটি ধাপ ঃ- (দেখুন পৃ:৭)

কপি করতে হবে - - - - - - - - - - - - - -

বাক্য এবং শব্দগুচ্ছ পড়ার জন্য ২৬:১- ৩৫ পদ

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬:১- ২ পদ
১ পদ: এই সব কথার শেষে যীশু তাদের বললেন।
২ পদ: তোমরা তো জান আর দুইদিন পরেই উদ্ধার পর্ব, আর মনুষ্য পুএকে ক্রুশে দেবার জন্য ধরিয়ে দেওয়া হবে।”

২৬:১ পদ: “যীশু যখন এই সব কথা শেষ করলেন” ২৪ অ: ২৫ অ: যীশুর দিত্বীয় আগমনের কথায় নির্দেশ করে।

২৬:২ পদঃ ‘‘দুইদিন পর উদ্ধার পর্বের দিন আসছে’’ প্রভুর ভোজের নিদিষ্ট তারিখ নিয়ে বিতর্কিত রয়েছে এবং এই কারনেই তার সমস্ত পরিচর্যা কর্মের ভ্রমনের শেষ সপ্তাহকেই মনে করা হয়ে থাকে। প্রভুর ভোজের উদ্দেশ্যে উদ্ধার পর্বের উদ্দেশ্যের সাথে যথেষ্ট মিল আছে। যোহঃ ১:২৯

- ‘‘মনুষ্য পুত্র’’ মথি ৮:২০ পদে দেখুন।
- ‘‘ক্রুশে দেবার জন্যে হস্তান্তর করা হবে’’ যীশু তার শিষ্যদেরকে বিভিন্ন সময় বারবার সর্তক করে দিয়েছিলেন (মথিঃ ১৬:২১, ১৭:৯; ১২,২২-২৩; ২০:১৮-১৯; ২৭:৬৩) এই সব ভবিষ্যৎ বাণী তাঁর অনুসরন কারীদের দুঃখ ভোগের পরে সাহসী করবে। যীশু ভবিষ্যতে কি ঘটবে তা জানতেন। যীশু নিজের জীবনে তা প্রতিষ্ঠিত করেছিলেন। (মার্কঃ ১০:৪৫ যোহঃ ১০:১১,১৫,১৮) কিন্তু তিনি সদা সর্বদা সময়ে এবং সত্যিকার ভাবে কি ঘটনা ঘটবে তার প্রতি সর্তক ছিলেন।
- ‘‘ক্রুশারোপিত’’ জন সাধারন দ্বারা অত্যাচারের সীমাকে তৈরী করে রেখেছিলাম। ফৈনিকী অথবা মেসোপটামিয়ার বিদ্রোহীদের দ্বারা এবং দোষী কিন্তু রোমীয়রায় তৈরী করেছিল। কোন রোমীয় নাগরিককে ক্রুশারোপ করার বিধি ছিল না। ইহা জন সাধারনের বেত্রাঘাতে পরিনত করে ছিল এবং ক্রুশে বেত্রাঘাত করা হয়েছিল। ক্রুশটি বড় অক্ষরের ÔTÕ আকারের মত করা হয়েছিল।অথবা অন্যান্য ক্রুশ গুলো ছোট অক্ষরের t অথবা x অক্ষরের মত করা হত। ইহা কখন ও মাচা তৈরী অথবা ভাজ করার মত বিভিন্ন লোকের সময় বিভিন্ন সময়ে অথবা একসাথেই ক্রুশারোপন করা হত। মৃত্যুর কিছুদিন আগে থেকেই নির্ধারিত ব্যক্তির জন্য বিভিন্ন ধরনের ক্রুশের নক্সা তৈরী ও নির্ধারন করা হত। অবশেষে মৃত্যু অবচেতনেই মৃত্যু ঘটে। দোষী ব্যক্তিটিকে হাতে পায়ে প্যারেক মেরে দম বন্ধ করেই মারা হত। এর জন্যই যীশুর সাথে যে দুইজন ক্রুশারোপন করা হয়েছিল তাদের মধ্য থেকে পা ভেঙ্গে ফেলা হয়েছিল। যাতে করে যীশুর মত তারা ও ত্নীশীঘ্রই মারা যায়।

যোহন ১৯:৩২

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬:৩-৫ পদ

৩,৪ পদঃ সেই সময়ে মহাপুরোহিত কায়াফার বাড়ীতে প্রধান পুরোহিতেরা ও যিহুদীদের বৃদ্ধ নেতারা একত্র হলেন এবং যীশুকে গোপনে ধরে এনে মেরে ফেলবার ষড়যন্ত্র করলেন।

৫ পদঃ তবে তারা বললেন,‘‘পর্বের সময়ে নয়; তাতে লোকদের মধ্যে হয়তো গোলমাল শুরু হবে।’’

২৬:৩ পদঃ মহাপুরোহিত এবং প্রধান পুরোহিত’’ এটি ছিল মহাসভার ছোট একটি পদবী।

- ‘‘মহাপুরোহিতের বাড়ীতে এটি কেন্দ্রিবিন্দু হিসাবে-কায়াফার প্রাঙ্গনকেই নির্দেশ করেবং সম্ভবত আনার মিশন।
- ‘‘কায়াফা’’ কায়াফা মহাপুরোহিত রোমীয় সাম্রাজ্যের দ্বারা নির্বাচিত হয়েছিলেন, খ্রীঃপূর্ব ১৮-৩৬ মূল্যের জন্যই বিনিময় করা হয়েছিল। তিনি আনার জামাতা ছিলেন, খ্রীঃপূর্ব ৬-১৫ পর্যন্ত মহাপুরোহিত ছিলেণ।

ক্ষমতাশালী পরিবার গুলো আধ্যাত্মিকতার চেয়ে রাজনৈতিক ও সম্পদের দ্বারা বেশী অনুপ্রানিত হয়েছে। ইহা সমস্ত সদ্দুকীদের বিচারের জন্যই অদৃশ্য ছিল। এই বিষয়ের জন্য সেন্ট হেনরী দায়ী ছিলেন।

২৬:৪ পদঃ "তার একত্রে তাঁকে মেরে ফেলবার ষড়যন্ত্র করলেন" (মথিঃ ১২:১৪,মার্কঃ১৪:১, লূকঃ২২:২, যোহনঃ৫:১৮,৭:১,১৯:২৫,৮:৩৭,৪০,১১:৫৩) তার যীশুর প্রথম পরিচর্যা কাজ থেকেই হত্যা করতে চেয়েছিলেন কিন্তু তারা উপযুক্ত সময় খুঁজতে ছিলেন। যখন সাধারন লোকজন তার সাথে থাকবে না। তারা যীশুর প্রতি জনপ্রিয়তার জন্যই ইর্ষা করেছিল এবং তার শিক্ষার জন্য ও ভয় করেছিল।

২৬:৫ পদঃ "পর্বের সময়ে" নিস্তার পর্বটি ভোজের সাথে সম্পর্ক ছিল। তাড়িশুন্য রুটি দিয়ে ৮ দিনের ভোজ গ্রহন করা হত। মাত্রা ১২ঃ এবং যোষেফাস এন্ড এন্টিকুইটি অব সিউস।

- "জন সাধারনের মধ্যে উচ্ছেদের মনোভাব জেগে উঠেছিল" অনেক তীর্থ যাত্রায় গালীল এবং দায়াসফোরা হতে যিরুশালোম সম্পাদিত হত বিশেষ ভাবে নিস্তার পর্ব যিরুশালেমে অনুষ্ঠিত হত। এই নিস্তার পর্বে বিশ বছর থেকে যিহুদী পুরুষদের অবশ্যই আসতে হত। লেবীয় (৩:২,৪,১৭,৪৪, গননাঃ ২৯:৩৯)। যিরুশালেম সাধারনত বছরে তিনবার জোনাকীর্ণ হত। বিশেষ ভাবে বছরে তিনবার বাৎসরিক ভোজের আয়োজনের সময়, রোম সাম্রাজ্য সর্বদা অতিরিক্ত সৈন্য মোতায়েন করতে ভোজের আয়োজনের দিন।

NASB(হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬:৬- ১৩
৬ পদঃ যীশু যখন বৈথনিয়াতে চর্মরোগী শিমোনের বাড়ীতে ছিলেন তখন একজন স্ত্রীলোক তাঁর কাছে আসল।
৭ পদঃ সেই স্ত্রীলোকটি একটি সাদা পাথরের পাত্রে করে খুব দামী আতর এনেছিল। যীশু যখন খেতে বসলেন তখন সে তাঁর মাথায় সে আতর ঢেলে দিল।
৮ পদঃ শিষ্যরা তা দেখে বিরক্ত হয়ে বললেন,"এই দামী জিনিষটি কেন নষ্ট করা হচ্ছে? এটাতো অনেক দামে বিক্রি করে টাকাটা গরিবদের দেওয়া যেত।" যীশু এই কথা বুঝতে পেরে শিষ্যদের বললেন,"তোমরা এই স্ত্রীলোকটিকে দুঃখ দিচ্ছ কেন? সে তো আমার প্রতি ভাল কাজই করেছে।
১১ পদঃ গরীবের সবসময় তোমাদের মধ্যে আছে, কিন্তু আমাকে তোমরা সব সময় পাবে না।
১২ পদঃ সে আমার দেহের উপর এই আতর ঢেলে দিয়ে আমাকে কবরের জন্য প্রস্তুত করেছে।
১৩ পদঃ আমি তোমাদের সত্যি বলছি, জগতের যে কোন জায়গায় সুখবর প্রচার হবে সেখানে এই স্ত্রীলোকটির কথা মনে করিয়ে দেবার জন্য তার এই কাজের কথা ও বলা হবে।

২৬:৬ পদঃ"কুষ্ঠী শিমনের বাড়ী" মরিয়ম ও মার্থা খাবার পরিবেশন করেছিলেন। (যোহনঃ ১২ অঃ) কিন্তু ইহা তাঁদের ঘর ছিল না। ইহা সম্ভবত তাদের আত্মিয়দের বাসা ছিলেন। সবচেয়ে বড় কথা হল ইহা ছোট গ্রাম বৈথনিয়া থেকে।

২৬:৭ পদঃ" একজন স্ত্রীলোক" যোহনঃ ১২:৩ পদে বলেছেন ইহা মরিয়ম ছিল, লাসারের বোন। এই অংশটি লূকঃ ৭:৩৭- ৩৯ পদে সেই ব্যভিচারীনি স্ত্রীলোকটি সম্পর্কে কোন ভূল ধারনা নয়।

- Ò(alabaster) স্ফটিক বিশেষ খুব দামী সুগন্ধি দ্রব্য"

এটি ছিল মিশরের সাদা বা হলুদ পাথরের একটি পাত্র। এর শিশির আবরনটি ভারতীয় সুগন্ধি ঔষধী দিয়ে তৈরী করা হয়েছিল। (পরমগীতঃ১:১২;৪:১৩- ১৪, মার্ক১৪:৩,যোহঃ১২:৩) ইহা ছিল অত্যন্ত দামী এবং মরিয়মের বিবাহের যৌতুক বলে ধারনা করা হয়।

- "ইহা তাঁর মাথায় ঢালা হয়েছিল" যোহঃ ১২:৩ বলে যে, মহিলাটি সে সুগন্ধি দ্রব্য মাথায় না দিয়ে তাঁর পায়ে দিয়ে ছিল। শিশিটি ১২১ কেজি ওজন ধরেছিল অথবা ১ রোমীয় পাউন্ড,

ইহা তাঁর শরীরের জন্য যথেষ্ট ছিল। একবার শিশি খোলা হলে সেটি আর পরবর্তীতে বিক্রি করা যায় না।

২৬:৮ পদ: “শিষ্যরা উপজীবিকাহীন শিষ্যরা” যোহন: ১২:৪ বলে ইহা ইস্কোরিতীয় যিহুদা যিনি উক্তেজিত হয়েছিল।
২৬:৯ পদ: “মূল্যবান জিনিষের জন্য” এটির মূল্য ছিল তিনশত দিনারী। (যোহন ১২:৫) একটি দিনারী প্রতিদিনের সৈন্য এবং শ্রমিকদের সমান দেওয়া হত। যিহুদা দরিদ্রদের খাদ্যাভাব সম্পর্কে চিন্তা করেছিল। যেকোন ভাবেই হোক সে সম্ভবত নিজের জন্য কিছু টাকা রেখে দিতে চেয়েছিল। (যোহন ১২:৬)

২৬:১১ পদ: “গরীবেরা তো সব সময় তোমাদের মধ্যে আছে” দরিদ্রতা সম্পর্কে এটি বিপক্ষ যুক্তি ছিল না কিন্তু যীশুর উপস্থিতি একত্বতাকে চিনতে পারা।

১৬:১২ পদ: “কবরের জন্য প্রস্তুত করা” মরিয়ম ও একজন শিষ্য ছিলেন, হয়তো বা তিনি প্রেরিত বর্গদের চেয়েও অনেক কিছু জানতেন। এই সুগন্ধি দ্রব্য মৃত মানুষের শরীরেই মাখানো হত কবর প্রাপ্ত হওয়ার আগে। (যোহন : ১৯:৪০)
২৬:১৩ “সমস্ত পৃথিবীতে” যীশু পরিকল্পনা করলেন। তার সুসমাচার সমস্ত পৃথিবীতে প্রচার করা হবে। (মথি ২৪:১৯, ১৪:৩২, ২৮:১৯,২০) এটি পুরাতন নিয়মের ভবিষ্যৎ বর্ননাটি পরিপূর্ণ হয়েছে।

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬: ১৪- ১৬ পদ।
১৪ পদ: তখন সেই বার জন শিষ্যের মধ্যে যিহুদা ইস্কোরিতীয় নামে শিষ্যটি প্রধান পুরোহিতদের কাছে গিয়ে বলল,
১৫পদ: “যীশুকে আপনাদের হাতে ধরিয়ে দিলে আপনারা আমাকে কি দেবেন ? ’ এবং প্রধান পুরোহিতেরা ত্রিশ টাকা গুনে তাকে দিল।
১৬ পদ: তারপর থেকে যিহুদা তাঁকে ধরিয়ে দেবার জন্য সুযোগ খুঁজতে থাকল।

২৬:১৪ পদ; “যিহুদা” এই শব্দ সম্পর্কে বিভিন মতবাদের বিষয় সমূহ উত্থাপিত হয়েছে। (গ্রীক পান্ডুলিপি এই শব্দ সম্পর্কে বিভিন ভাবেই বলা আছে।) ইহা নিবেদন করা হয়েছে ঃ-

১. কেরিওতের লেকে যিহুদা নগরের।
২. গালিল নগরের লোকটি কারটামের গালিল নগরে।
৩. ব্যাগটি টাকা রাখার জন্য ব্যবহার করা হত।
৪. ইব্রিয় শব্দ “শ্বাস রোধ করা” অথবা
৫. গ্রীক শব্দ গুপ্ত ঘাতকের ছুড়ি।

যদি (১) ইহা সত্য যে বার জনের মধ্যে তিনিই একমাত্র যিহুদার লোক ছিলেন। (৫) ইহা যদি সত্য হয় তাহলে কুষ্ঠি শিমোনের মত তিনিও খুব গোড়ামী লোক ছিলেন। বর্তমানে যে সব বই লেখা হয়েছে সেখানে বিভিন ভাবে যিহুদা সম্পর্কে ইতিবাচক দিক নিয়ে ব্যাখা করা হয়েছে। বইয়ের নামকরন যুদাস, বিশ্বাস ঘাতক অথবা যীশুর বন্ধু ? (উইলিয়াম ক্লাসেন ১৯৯৬)
২৬:১৫ পদ: “যীশুকে আপনাদের হাতে ধরিয়ে দিলে আপনারা আমাকে কি দেবেন” তার অভিপ্রায় ছিল অত্যন্ত সুস্পষ্ট (যোহন ১২:৬) যিহুদার গল্পটি ব্যাখা করা যায় না। অনেক আধুনিক

মতবাদ গুলি বলা হচ্ছে চাপ দিতে চেষ্টা করেছেন যীশু একজন আকাঙ্খী যিহুদীদের সৈনিক মশীহ। সুসমাচার লেখকগণ তাকে চোর বলে আখ্যায়িত করেছেন।

- "ত্রিশ রোপ্য মুদ্রা" এটি সখরিয় ভাববাণীর পরিপূর্ণতা, (সখরিয়ঃ ১১:১২- ১৩, মথিঃ ২৭:৯- ১০) যীশু ছিলেন একজন পরিত্যাক্ত মেষ পালক। পুরাতন নিয়মে দাসদের জন্য মূল্য প্রদান করা হত (মাত্রাঃ ২১:৩২) অধ্যায় ৯- ১৪ সখরিয় বারবার নোট করেছেন ভাববাণীর উৎসের সাথে যীশুর পরিচর্য্যা কাজকে মিল দেখাতে। (১) মথিঃ ২১:৪- ৫, সখরিয়ঃ ৯:৯, (২) মথিঃ ২৪:৩, সখঃ ১২:১০, (৩) মথিঃ ২৬:১৫, সখঃ ১১:১২- ১৩, (৪) মথিঃ ২৬:৩১, সখঃ ১৭:৭, (৫) মথিঃ ২৭:৯- ১০, সখঃ ১১:১২- ১৩ পদ।

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬: ১৭- ১৯ পদ।
১৭ পদঃ খামিহীন রুটির পর্বের প্রথম দিনে শিষ্যরা যীশুর কাছে এসে বললেন," আপনার জন্যে উদ্ধার পর্বের ভোজ আমাদের কোথায় প্রস্তুত করতে বলেন ?"
১৮ পদঃ যীশু বলেন,"শহরের মধ্যে গিয়ে ঐ লোককে বল যে গুরু বলেছেন,"আমার সময় কাছে এসে গেছে। আমার শিষ্যদের সঙ্গে আমি তোমার বাড়ীতেই উদ্ধার পর্ব পালন করব।"
১৯ পদঃ যীশু শিষ্যদের যে আদেশ দিয়েছিলেন শিষ্যরা সেই ভাবে উদ্ধার পর্বের ভোজ প্রস্তুত করলেন।

২৬:১৭ পদঃ"প্রথম দিনে খামিহীন রুটির পর্ব" সঠিক সময় অনুসারে শেষ সপ্তাহটি বিতর্কিত, সিনপটিক গসপেলে অনেকবার (মথি মার্ক লূক) এবং যোহন (১৩:১;১৯:১৪,১৪,৩১,৪২) তারা একমত নয়। আটদিনের উৎসবের দুটি বিশ্রাম দিন ও যুক্ত, উদ্ধার পর্বই প্রথম (লেবীঃ ২৩:৪- ৮, দ্বিতীয়ঃ ১৬:৮)

- "শিষ্যরা" ঃ লূক ২২:৮ নিদিষ্ট করে যে, এই শিষ্যরা ছিলেন পিতর এবং যোহন।
- "উদ্ধার পর্ব" ইহা নিশান মাসের ১৫ বিকাল ৬ টায় সময় খাক্তয়া হত। সপ্তাহের সঠিক দিনে বিভিন বছরে কারন যিহুদীদের শুনার ক্যালেন্ডার অনুসারে।

(২০)

২৬:১৮ পদঃ"নিদিষ্ট ব্যক্তি" লূক ২২:১০ পদ বলে, তাকে দেখতে পাবে,"এক কলসী জল বহন করে যাচ্ছে" কার্যক্রম প্রথাগত ভাবে একজন মহিলার কাজকেই নির্দেশ করা হয়েছে।

- NASB. NRSV, JB "আমার সময় সনিকট"
  NKJV "আমার সময় খুবই নিকটে"
  ঞ উ ঠ "আমার সময় এসেছে"

এই ছিল একটি রহস্যপূর্ণ শব্দ গুচ্ছ যেটি যীশু ব্যবহার করেছেন তাঁর প্রত্যাখান, বিশ্বাসঘাতক এবং ক্রুশে রোপনের সময়ে। যোহঃ ২:৪; ৭:৬,৪,৩০, ৪:২০, ১২:২৩; ১৩:১,১৭:১)

- "আমার শিষ্যদের সঙ্গে তোমার বাড়ীতে" অনেকে মনে করেন, বিশ্বাস করেন যে, এটি ছিল যোহন, মার্ক এর বাড়ী।

(১) বার্নবার চাচা (করঃ ৪:১০) (২) মিশন কাজে সাহায্য কারী ১২:২৫:১৩:৫,১৩:১৫:৩৭,৩৯) এবং (৩) মার্ক লিখিত সুসমাচারটি লেখক পিতরের কাছ থেকে শুনে/ তাঁর স্মৃতি শক্তি থেকেই লিখেছেন। (১ম পিতরঃ

৫:১৩ পদ) ইহাও বুঝা যায় যে, এটি ছিল উপরের কুঠরীতে। প্রেরিতঃ ১:১৩,১২:১২) যেখানে শিষ্যরা পবিত্র আত্মার আসার অপেক্ষা করেছিলেন। (প্রেরিতঃ ১:৫,২:১)

NASB (হালনাগাদ) (শাস্ত্র পাঠ ২৬: ২০-২৫ পদ)
২০ পদঃ পরে সন্ধা হলে যীশু সেই বারজন শিষ্যকে নিয়ে খেতে বসলেন।
২১ পদঃ খাবার সময়ে তিনি বললেন,"আমি তোমাদের সত্য বলছি, তোমাদের মধ্যে একজন আমাকে শত্রুদের হাতে ধরিয়ে দেবে।"
২২ পদঃ এতে শিষ্যরা খুব দঃখিত হয়ে একজনের পর একজন যীশুকে জিজ্ঞাসা করতে লাগলেন, সে কি আমি প্রভু ?"
২৩ পদঃ উত্তরে তিনি তাদের বললেন,"যে আমার সঙ্গে পাত্রের মধ্যে হাত দিচ্ছে সেই আমাকে ধরিয়ে দেবে।
২৪ পদঃ মনুষ্য পুত্রের বিষয়ে শাস্ত্রে যে ভাবে লেখা আছে ঠিক সেই ভাবে তিনি মারা যাবেন বটে, কিন্তু হায় সেই লোক, যে মনুষ্য পুত্রকে শত্রুদের হাতে ধরিয়ে দেয়। সেই মানুষের জন্ম না হলেই বরং তার পক্ষে ভাল হত।
২৫ পদঃ যে যীশুকে শত্রুদের হাতে ধরিয়ে দিতে যাচ্ছিল সেই যিহুদা বলল,"গুরু সে কি আমি ?" যীশু বললেন"তুমি ঠিক কথাই বললে।"

২৬:২০ পদঃ"টেবিলের চারিদিকে বসলেন" মিশর দেশে সাধারনত এমন একটি সময়ের মধ্যে শুধু মাত্র টেবিল চেয়ার ব্যবহার করা হয়। কিন্তু প্যালেষ্টাইনে তারা হাটু গেড়ে টেবিলের পাশে থাকত। এই জন্য মরিয়ম সহজে তার পায়ে তৈল ঢেলে দিতে পেরেছিলেন। (যোহঃ ১২:৩)
২৬:২১ পদঃ"বিশ্বাস ঘাতক পুর্বক" এটি গ্রীক শব্দ ধরিয়ে দেওয়া (Paradidomi) ইহা সর্বদায় বিশ্বাস ঘাতক হিসাবে অনুবাদ করা হয়ে থাকে। ইংরেজী বাইবেলে কিন্তু এটি প্রকৃতি অর্থ নয়। ইহা ইতিবাচক অর্থ হতে পারে অবিশ্বাস (মথিঃ ১৪:২৭ পদ) অথবা মন্তব্য করা প্রেরিতঃ ১৪:২৬;১৫:৫০) আবার নেতিবাচক অর্থে কাউকে ক্ষমতা থেকে বিচ্যুত করা অথবা কাউকে শয়তানের হাতে ঠেলে দেওয়া। (১ করঃ ৫:৫, ১ম তিমঃ১:২০) অথবা ঈশ্বর কে উপেক্ষা করে কোন একজনকে পূজা করা। (প্রেরিতঃ ৭:৪২) ইহা স্পষ্ট যে, অবস্থার প্রেক্ষাপটে অর্থটি সাধারন ক্রিয়া।
২৬:২২"সে কি আমি প্রভু ?" প্রত্যেক শিক্ষাই জিজ্ঞাসা করলেন। গ্রীক গ্রীমার নেতিবাচক উত্তর প্রদান করেছিল।
২৬:২৩ পদঃ"যে আমার সঙ্গে পাত্রের মধ্যে হাত দিচ্ছে সেই আমাকে ধরিয়ে দেবে।" যে আমার সঙ্গে খাওয়া দাওয়া করে, সে ও আমার বিরুদ্ধে পা উঠিয়েছে।
যিহুদা স্বসন্মানে যীশুর পাশে বসেছিল। যীশু তবুও যিহুদার মন পরিবর্তনের চেষ্টা করেছিল।

- "পাত্রটি " এটি ছিল প্রথাগত উদ্ধার পর্ব বাদামের সস, কিসমিস, ডুমুর, খেজুর এবং একজাতীয় রস।

২৬:২৪ যীশু অবশ্য জানতেন তিনি কে এবং তাঁকে কি করতে হবে (যোহঃ ১৩:১) ঈশ্বরকে প্রকাশ করার জন্য মনুষ্য জাতির কাছে উদাহরন হিসাবে দেওয়ার জন্যে তাকে অনুসরন করতে, এবং তাদের পাপের জন্যে মৃত্যুবরন করতে যীশু এসেছিলেন।
(মার্কঃ ১০:৪৫, প্রেরিতঃ ২:২৩-২৪, ২ করঃ ৫:২১) ভাববাণী হিসাবেও তার বাণী প্রকাশিত হয়েছিল (৩১:৪,৫,৬)

- “যদি” এটি দ্বিতীয় শ্রেনীর শর্তসাপেক্ষ বাক্য। যিহুদার বিশ্বাস ঘাতকতা করার প্রয়োজন ছিল। সে যে কষ্ট ও শাস্তি পাবে এটি ছিল তার কাজের পূর্ব সংকেত। এটাই ছিল নির্বাচন এবং ইচ্ছা স্বাধীন কাজের রহস্য।

২৬:২৫ পদ:“গুরু সে কি আমি ?” মনে রাখতে হবে যিহুদা অন্য শিষ্যদের মত “প্রভু” পদবী ব্যবহার না করে “রাব্বি” পদবী ব্যবহার করেছে যীশুকে সম্বোধন করার জন্য।

- “ইহা তুমি নিজেই বললে” যীশু তবুও তার (যিহুদার) মন পরিবর্তন করাতে চেষ্টা করেছির। বাগধারার মত এ শব্দ গুচ্ছটি ২৬:৬৪ এবং ২৭:১১ পদে ও ব্যবহৃত আছে।

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬: ২৬- ২৯। ২৬পদ: খাওয়া দাওয়া চলছে, এমন সময়য় যীশু রুটি নিয়ে ঈশ্বরকে ধন্যবাদ দিলেন। পরে তিনি সেই রুটি টুকরো টুকরো করলেন এবং শিষ্যদের দিয়ে বললেন, “এই নাও, খাও, এ আমার দেহ” ২৭ পদ: এর পরে তিনি পেয়ালা নিয়ে ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে বললেন, “পেয়ালার এই আঙ্গুর রস তোমরা সবাই খাও,” ২৮-পদ: কারন এই আমার রক্ত যা আনেকের পাপের ক্ষমার জন্য দেওয়া হবে। মানুষের জন্য নূতন ব্যবস্থা আমার এই রক্তের দ্বারাই বহাল করা হবে। ২৯ পদ: আমি তোমাদের বলছি, এখন থেকে যতদিন আমি আমার পিতার রাজ্যে তোমাদের সঙ্গে আঙ্গুর ফলের রস নূতন ভাবে না খাই ততদিন পর্যন্ত আমি আর তা খাবনা।

২৬:২৬ পদ: “যখন খাওয়া দাওয়া চলছিল” এটি শেষ স্মরনার্থক ভোজকে প্রকাশ করেছে, ভোজের পরে তিনি নিজেই সেই কাপকে আশীর্বাদ প্রকাশ করলেন। যীশু যাত্রা পুস্তকের উদ্ধারের সঙ্গে মিল দেখাতে চেয়েছেন। তিনি ঈশ্বরের মেষশাবক ছিলেন কিন্তু নূতন সন্ধির চিহ্ন স্বরূপ তিনি রুটি এবং দ্রাক্ষারসকে বেছে নিয়েছিলেন, উদ্ধার পর্বের মেষকে নয়। মথি বারবার যীশু দ্বিতীয় মোশী নূতন নিয়ম প্রদান কারী হিসাবে বর্ননা কবরেছেন। যীশু পাপীদের জন্য নুতন যাত্রা পুস্তক এনে দিয়েছিলেন।
২৬:২৬ পদ: ‘রুটি’ এটি তারিশূন্য রুটি, কেক, উদ্ধার পর্বের ভোজকে সমভাবেই নির্দেশ করে। (যাত্রা ১২)

২৬:২৬- ২৮ “এই আমার শরীর ---------- এই আমার রক্ত” পৌলের পত্রে ১ম কর: ১১:১৭- ৩৪ পদে প্রথম প্রভুর ভোজ সম্পর্কে রেকর্ড করা হয়। (Sinoptic gospel) তিনটি সুসমাচার মথি, মার্ক, লূক নূতন নিয়মের কতগুলো পুস্তকের পরে লেখা হয়। সঠিক তারিখ সম্পর্কে কোন নিদিষ্ট নেই তবে তারা আদি মন্ডলীর লেখা নয়।

২৬:২৮“এটি আমার নূতন নিয়মের রক্ত” এটি মনে হয় যাত্রা ২৪:৮ পদকে প্রকাশ করা হয়েছে। কিন্তু প্রাচীন গ্রীক পান্ডুলিপি গুলি চুক্তির পূর্বে নূতন শব্দটি যোগ করেছেন।
M S S.A.C.D এবং W মিরমিয় ৩১:৩১- ৩৪ পদের প্রতিফলিত। যে কোন ভাবেই হউক অনেক প্রাচীন পান্ডুলিপি গুলো এ সমস্ত বিষয় সংযুক্ত করে নাই (MSS p37 N, B and L) ইহা সম্ভবত লূক লিখিত মুসমাচারের ২২:২০ পদের সদৃশ্য রয়েছে। ইহা মার্ক ১৪:২৪ পদে প্রকাশিত হয়নি ১৪:২৪।

- “প্রত্যেকের জন্য ঢেলে দিয়েছিল”

যিশাইয় ৫৩:১১- ১২ পদে যিশাইয়ের নিকট এটি পরোক্ষ ভাবে উল্লেখ করা হয়েছে।
“অনেকেই ” যিশাইঃ ৫৩:১১,১২ এবং “আমাদের সকলই” যিশাই ৫৩৬ এই দুইটি বিষয়কে নিয়ে অনেকভাবে আলোচনা করা হয়েছে। এই বিষয়ের প্রশ্নের উত্তর হয়তো রোমীয় ৫:১৭- ১৯ পদে পাওয়া যাবে।
“সকল মানুষ” ৫:১৮ একই ভাবে “অনেকেই” ৫:১৯ পদ যীশু সকল মানুষের জন্য মৃত্যু বরন করেছে। যোহন ৩:১৬। প্রছন অবস্থায় সকল মানুষ তাঁর মাধ্যমে রক্ষা পেয়ছে।

- “পাপের ক্ষমার জন্য” এটি নূতন নিয়মের আস্থা (যিরঃ ৩১:৩১- ৩৪) এবং যীশুর নামের গুরুত্ব (ÒY H W H রক্ষা করে” মথি ১২)

২৬:২৯ পদঃ “আমি যতদিন আমার পিতার রাজ্যে তোমাদের সঙ্গে আঙ্গুর ফলের রস নূতন ভাবে না খাই ততদিন পর্যন্ত আমি আর তা খাব না।”
এটি মশীহের শেষ সময়ের সান্ধ ভোজের কথার নির্দেশ করা হয়েছিল। ৮:১১ পদ এটি প্রায় বিবাহ ভোজে যীশুর ভূমিকার মত মন্ডলীতে ও করনীয় রয়েছে (ইফিঃ ৫:২৩,২৯!)

দেখুন ঈশ্বরের রাজ্য সম্পর্কে বিশেষ বিষয় (৪:১৭)

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬:৩০ পদ। ৩০ পদ; পরে তারা একটা গান গেয়ে বের হয়ে জৈতুন পাহাড়ে গেলেন।

২৬:৩০ “গান গেয়ে” গানটি সাধারনত একটি অথবা আরো অধিক প্রশংসার গান ছিল। গীতঃ ১১৩-১১৪, অথবা ১৪৬- ১৫০ প্রথাগতভাবে/ নিয়মানুক্রমে এটি উদ্ধার পর্ব পালনের বন্ধ হওয়ার দিনে ব্যবহার করা হত অথবা ইহা হয়তোবা মহা উল্লাস করা হত। (গীত ১৩৬)

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬: ৩১- ৩৫ পদ। ৩১ পদঃ পরে যীশু তাঁর শিস্যদের বললেন, “ আজ রাতে আমাকে নিয়ে তোমাদের মনে বাধা আসবে। পবিত্র শাস্ত্রে লেখা আছে, ‘আমি রাখালকে মেরে ফেলব, তাতে পালের ভেড়া গুলো ছড়িয়ে পড়বে।” ৩২ পদ; “ কিন্তু আমাকে মৃত্যু থেকে জীবিত করা হলে পর আমি তোমাদের আগেই গালীলে যাব।” ৩৩ পদঃ ‘তখন পিতর তাঁকে বললেন, “ আপনাকে নিয়ে সবার মনে বাধা আসলেও আমার মনে কখনো বাধা আসবেনা।” ৩৪ পদঃ যীশু তাকে বললেন, “কিন্তু আমি তোমাকে সত্যি বলছি, আজ ভোর রাতে মোরগ ডাকবার আগেই তুমি তিনবার বলবে যে, তুমি আমাকে চেনোনা।” ৩৫ পদঃ পিতর যীশুকে বললেন, “আমাকে যদি আপনার সঙ্গে মরতে’ও হয় আমি কখন’ও বলবনা, আমি আপনাকে চিনিনা।” অন্যশিষ্যরা সবাই সেই একই কথা বললেন।

২৩:৩১ পদ: ‘‘তোমরা সকলে দূরে সরে যাবে’’ যীশু পরিস্কারভাবে তাঁর শিষ্যদের প্রতি এটা মন্তব্য করেছেন যে তাঁর প্রয়োজনের সময়ে তাঁর শিষ্যরা সবাই দূরে সরে যাবে।(২৬:৫৬) শুধুমাত্র যোহনই তাঁর সাথে ছিলেন। পিতর দূর থেকে তাঁকে অনুসরন করেছিলেন।

- ‘‘এই জন্যই লেখা হয়েছে’’ এটি সখরিয় ১৩:৭ পদ তেকে পূন:রুক্তি করা হয়েছে। ইহা অত্যান্ত মজার ব্যাপার যে, সখরিয়ের প্রথম ৮ অধ্যায় পর্যন্ত প্রকাশিত বাক্যে পূন:রুক্তি করা হয়েছে আবার শেষের ৬ টি অধ্যায় সুসমাচাওে উদ্বৃতি দেওয়া হয়েছে। ইহা Y H W H যিনি মেষদিগের আঘাত করেছিলেন (যিশাইয় ৫৩:৬, ১০ রোমীয় ৪:৩২) ঈশ্বরের পরিকল্পনা ছিল সর্বদাই ওক্ষা করা প্রেরিত ২:২৩, ৩:১৮, ৪:২৮, ১৩:২৯ পদ)
- ‘‘আমি গালীলে তোমাদের অগ্রে যাব’’ এটি পুনরুত্থানের পরের সভাটি বিভিন সময় তিনি উল্লেখ করেছেন। (মথি ২৬:৩২, ২৪:৭, ১৩:১৬- ২০; ১ম কর: ১৫:৬ এবং ২১) এটি শিষ্যদের জন্য বড়ই উৎসাহ জনক ছিল।

২৬:৩২ ‘‘আমার উথ্বিত হওয়ার পরে’’ দেখুন বিশেষভাবে (২৭:৬৩)
২৬:৩৩ ‘‘সবাই দূরে চলে গেলেও’’ পিতরের অনুমান স্পষ্ট ভাবে প্রকাশ পাই। এটি অনেকাংশে মথি ১৬:২২- ২৩ এবং - - - - যেখানে পিতর প্রভুর অস্তিত্বকে অস্বীকার করেছিলেন।
২৬:৩৪ পদ: ‘‘সত্য সত্য আমি তোমাকে বলছি’’ লেখ্য অথবা সাহিত্যিক ভাষায় এটি ÒamenÓ ‘‘আমেন’’ যার প্রকৃত অর্থ ‘‘সম্মত থাকা’’ কিন্তু এর অর্থ ‘‘আমি রাজি’’ বা ‘‘আমি সম্মত’’
যীশু তার বক্তব্যের গুরুত্বকে শুরু করতে একমাত্র এই শব্দটি ব্যবহার করেছেন।

- ‘‘চারটি প্রহর’’ দেখুন মার্ক ১৩:৩৫ পদ। এটি ১২.০০- ভোর ০৩.০০ টা পর্যন্তের সময়কে বলা হয়ে থাকে। ইহা ৪র্থ প্রহরটি রোমীয়দের থেকেই হবে কারন যিহুদীরা তাদেরকে তাদের পবিত্র নগরে ঢুকতে অনুমতি দেয়না।

প্রশ্নগুলির আলোচনা ঃ
এটি পড়াশুনার একটি দিক নির্দেশনা গ্রন্থ যার অর্থ এই যে, আপনার নিজস্ব বাই বেল অনুবাদে আপনাকে দায়িত্ব বহন করতে হবে। আমাদের যে আলো আছে, আমাদের প্রত্যেক জনকে সে আলোতেই চলতে হবে । বাইবেল এবং পবিত্র আত্মাই আপনার অনুবাদে অগ্রগন্য হবে। আপনাকে এটি নির্দেশকের নিকট ছেড়ে দেওয়া ঠিক হবেনা ।
এই প্রশ্ন আলোচনার বিভাগ গুলির মাধ্যমে বইয়ের অংশের বিভিন প্রধান বিষয়গুলো ধারনা নিতে আপনাকে সাহায্য করবে।

১. ধর্মীয় নেতারা কেন যীশুকে হত্যা করতে চেয়েছিল ?
২. চারটি সুসমাচার গুলির মধ্যে ধারাবাহিক ভাবে কি সমস্যা রয়েছে ? বাইবেল কি ভুল ?
৩. যিহুদা কি তার কর্মের জন্য দায়ী ? সে কি করেছিল ? কেন সে এটা করেছিল ?
৪. প্রভুর ভোজের গুরুত্ব কি ?
৫. যিহুদা কি প্রভুর ভোজ গ্রহন করেছিল ?
৬. কেন শিষ্যদের ভবিষ্যৎ বাণী স্বপক্ষ ত্যাগ করে নথি করে রেখেছিল।

বাক্য এবং শব্দ গুচ্ছের পড়া ২৬: ৩৬- ৭৫।

N A S B (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬:৩৬- ৩৮ পদ।
৩৬ পদ: পরে যীশু শিষ্যদের সঙ্গে গেৎশিমানী বাগানে গেলেন এবং শিষ্যদের বললেন, ‘‘আমি ওখানে গিয়ে যতক্ষন প্রার্থনা করি ততক্ষন তোমরা এখানে বসে থাক।’’

৩৭ পদঃ এই বলে তিনি পিতর এবং সিবিদিয়ের দুই ছেলেকে সঙ্গে নিয়ে গেলেন। তাঁর মন দুঃখে ও কষ্টে ভরে উঠতে লাগল।
৩৮পদঃ তিনি বললেন, ‘‘দুঃখে যেন আমার প্রান বেড়িয়ে যাচ্ছে। তোমরা এখানেই থাক আর আমার সঙ্গে জেগে থাক।’’

২৬:৩৬ পদঃ ‘‘তখন যীশু তাঁদের সঙ্গে গেৎশিমানী নামক জায়গায় আসলেন।
‘‘গেৎশিমানী’’ নামের অর্থ ইব্রিয় ভাষায় ‘‘তৈল পেষন যন্ত্র’’
ইহা জৈতুন পর্বতের পশ্চিমদিকে যিরুশালেমে শহরের মুখোমুখি আলাদা একটি বাগান দৃশ্যমান হয়েছিল। শহরের মধ্যে বাগানটি অবৈধ ভাবে ছিল কারন বাগানের জন্য যে প্রয়োজনীয় সার তৈরী করা হয়েছিল সেগুলি স্বভাবতই শহরকে নোংরা করে ফেলেছিল। স্পষ্টভাবে বুঝা যায় যে, যীশু বারবার এই বাগানে এসেছিলেন। এমনকি তার দুঃখভোগ সপ্তাহের সময়’ও তিনি তাঁর শিষ্যদের সঙ্গে রাত্রি কালে উপযুক্ত স্থানে এখানে ছিলেন। যিহুদা এই জায়গাটি সম্পর্কে ভালভাবে জানতেন।
২৬:৩৭ পদঃ ‘‘তিনি পিতর ও সিবদিয়ের দুই পুত্রকে সঙ্গে নিয়ে গেলেন’’ মার্ক ১৪:৩৩ এবং যোহন ৪:২১ পদ থেকে আমরা জানি যে দুই পুত্রটি ছিল যাকোব এবং যোহন। এটি ছিল শিষ্যদের মধ্যে গভীর চক্রাকারে নেতৃত্ব। বিশেষ ভাবে এই দুই শিষ্য যীশুর সাথে বিশেষ বিশেষ সময় গুলোতে উপস্থিত ছিলেন যখন অন্য কোন শিষ্যরা উপস্থিত ছিল না।

এতে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে উভয় দিগেই বিশেষ প্রশিক্ষন এবং অন্যদিকে এটি আবার অন্য শিষ্যদের প্রতিহিংসার কারন’ও। সত্যিকার অর্থে যীশু কেন এসব অভ্যন্তরিন বিষয়গুলির প্রতি অনিশ্চিত ছিলেন। বারজন শিষ্যকে তিনি তিনজন করে ৪ টি দলে বিভক্ত করেছেন। ইহাও সম্ভব যে দল গঠনের ফলে শিষ্যরা সময়ানুযায়ী বাড়িতে যেতে এবং পরিবারকে দেখে আসতে পারতেন।
‘‘দুঃখ এবং যন্ত্রনা শুরু হয়েছিল’’ গ্রীকে অত্যান্ত কঠিন বিষয় (মার্ক ১৪:৩৩) আমরা এখন পবিত্র মাটিতে এখানে বাগানে ঈশ্বরের পুত্রকে দেখতে পাচ্ছি কিন্তু ঐ সময়; আক্রমনের সময় মনুষ্য পুত্রকে কিভাবে দেখা যাবে। যীশু অবশ্যই তাঁর শিষ্যদের কাছে পুনরুত্থানের পর এসব ঘটনার অবশ্যই মিল দেখাবে। যারা পরীক্ষা প্রলোভনের সম্মুক্ষীন হয় এবং যারা সেই কালভেরী ক্রুশের দুঃসহ যন্ত্রনার অভিজ্ঞতা ও মূল্যকে বুঝতে চেষ্টা করে তাদের জন্য এটি সুস্পষ্টভাবে অত্যান্ত সাহায্যকারী হবে।

২৬:৩৮ পদঃ ‘‘দুঃখে যেন আমার প্রান বেড়িয়ে যাচ্ছে’’
এটি পুরাতন নিয়মের ভাষার বৈশিষ্ট (গীত ৪২:৫) তিনি হৃদয়ের প্রকাশ করেছিলেন যে টি মানুষকে পাপ থেকে উদ্ধারের বিষয়টি সংযুক্ত ছিল। লূক ২২:৪২ পদে ঐ একই ধরনের কিছু সমস্যা গুলো তুলে ধরা হয়েছে। যেগুলি নথি পত্রে উল্লেখ ওয়েছে দুত তাঁর পরিচর্যা করতে এসেছিল এবং সে দেখতে পেল রক্তের ফোটায় তার সমস্ত শরীর ভিজে গিয়েছিল। এই বাগানটিও ছিল সেই জায়গা যে জায়গায় তিনি শয়তানের কাছ থেকে জয়ী হতে পেরেছিলেন। শয়তান দ্বারা পরীক্ষিত হওয়ার ঘটনা মথি ৪অধ্যায় এবং পিতর তাকে সাহায্য করার মনবাসনা নিয়েছিল, কিন্তু তিনি নিজেই প্রলোভিত হয় মথি ১৬:২২ পদে পরিপূর্ণ ভাবে প্রকাশ করা হয়েছে।

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠ ২৬:৩৯- ৪১ পদ।
৩৯ পদঃ পরে তিনি কিছু দূরে গিয়ে মাটিতে উবুর হয়ে পড়লেন এবং প্রার্থনা করে বললেন,

‘আমার পিতা, যদি সম্ভব হয় তবে এই দুঃখের পেয়ালা আমার কাছ থেকে দূরে যাক। তবুও আমার ইচ্ছা মত না হউক, তোমার ইচ্ছা মত হউক।’
৪০ পদঃ এর পরে তিনি শিষ্যদের কাছে এসে দেখলেন তাঁরা ঘুমিয়ে পড়েছেন। তিনি পিতরকে বললেন, “ একি তোমরা ঘুমিয়ে পড়েছ, আমার সঙ্গে একঘন্টাও জেগে থাকতে পারলেনা ? ”
৪১ পদঃ জেগে থাক ও প্রার্থনা কর যেন পরীক্ষায় না পড়।

২৬ঃ৩৯ পদঃ “তিনি কিছু দূরে গিয়ে মাটিতে উবুর হয়ে প্রার্থনা করলেন” যীশুর সমসাময়িকী সুন্দর ছবি গুলো যেমন গেৎশিমানী বাগানে হাটু গেড়ে প্রার্থনা করা, পাথর নাড়াচাড়া করা কিন্তু ইহা ঠিক নয়। গ্রীক শব্দ এখানে নিশ্চিত করেন যে তিনি সম্পূর্নভাবে চাপে শায়িত ছিলেন, এমনকি তাঁর শারিরিক মৃত্যুতেও এই সময়ের মধ্যে। ইহাই ছিল যীশু খ্রীষ্টের ভীতসন্ত্রস্ত একটি প্রশ্ন। অনেকে চক্ষু গোচর হয়েছে যে ইহা ছিল তার মৃত্যু ভয় অথবা তার শিষ্যরা তার মন্ডলীকে ভাল নেতৃত্ব দিতে পারবেনা। যীশু যিনি ঈশ্বরের সাথে গভীর সম্পর্ক ছিলেন সময়ে সময়ের মধ্যেই তিনি মানুষকে হারানোর অভিজ্ঞতা লাভ করেছিলেন ঈশ্বরের সাথে সেতু বন্ধনের উপায় তিনি করেছিলেন। ইহা এই সেতুই ছিল যা মানুষের পাপের ভার বহন করে সব মানুষের ভার তিনি নিয়েছিলেন। ঈশ্বরের পুত্র সত্যিকারে মানুষের জন্য এ পৃথিবীতে থাকায় ঈশ্বর থেকে কিভাবে আলাদা হয়ে গিয়েছিলেন।
“আমার পিতা যদি সম্ভব হয়, এই পান পাত্রটি আমা থেকে দূরে থারুক।” এই অনুচ্ছেদে এটি একটি অত্যান্ত গুরুত্ব পূর্ন বাক্য। মার্ক এর একই ঘটনা থেকে আমরা বুঝতে পারি যে, সে অরামীয় ভাষা ব্যবহার করেছেন “ধননধ” “আব্বা” যে পারিবারিক সম্পর্কের কথা তুলে ধরা হয়েছে।
ইহা বারবার অনুবাদ করা হয়েছে “ফধফফু” বাবা। কিছু সময়ে ইহা পরিবর্তন হয়। “ঈশ্বর আমার ঈশ্বর আমায় তুমি কেন আমায় পরিত্যাগ করিয়াছ?” (২৭ঃ৪৬) শব্দ গুচ্ছ “যদি সম্ভব হয়” (Frist Class Conditional Sentence) (প্রথম শ্রেনীর শর্ত সাপেক্ষ বাক্য) মার্ক সুসমাচারেও একই ধরনের শব্দ গুচ্ছ “সবই সম্ভব” শব্দটি ৩৫ এবং ৪৪ পদের কিছুটা ভিনতা দেখা যায় এবং মুসমাচারের সমস্যা গুলো সমাধান ৪৪ পদ থেকে আমরা অনুমান করতে পারি যীশু একই ধরনের প্রার্থনা তিনবার করেছিলে।
‘কাপের’ ধারনা পুরাতন নিয়মে মানুষের ভাগ্যকে চিহ্নিত করা হয়, সাধারন ঈশ্বরের বিচারকেই ধরে নেওয়া হয়। গীতঃ (৭৫ঃ৮, যিশাঃ ৫১ঃ১৭,২২, যিরঃ ২৫ঃ১৫,১৬,২৭,২৮) বিচারের কাপ হচ্ছে যে, ঈশ্বর মানুষকে পরিবর্তন করাতে তাঁর প্রিয় পুত্রকে ধ্বংশ করেছেন করঃ ৫ঃ২১, গালাঃ ৩ঃ১৩ পদ।
“তথাপি আমার ইচ্ছায় না হউক তোমার ইচ্ছাই সিদ্ধ হউক” উচ্চারনটি ‘আমি’ এবং তুমি হচ্ছে গ্রীক অনুগ্রহের অবস্থান। এটি যুক্ত ভাবে প্রথম শ্রেনী এবং তৃতীয় শ্রেনী শর্তসাপেক্ষ বাক্য ৪২ পদ দেখায় যে তার উদ্দেশ্য তার প্রার্থনায়। তথাপি তার মানবিক প্রকৃতিতে তিনি মুক্তির জন্য কেঁদেছিলেন। তিনি তার হৃদয়কে পরিপূর্ণ ভাবে ঈশ্বরের নিকট সপে দিয়েছিলেন (মার্কঃ ১০ঃ৪৫) শেষ দিনে পিতার পক্ষ হয়ে।
২৬ঃ৪০“পরে তিনি শিষ্যদের কাছে এসে দেখলেন তার ঘুমিয়ে পড়েছেন” শিষ্যদের সমালোচনা করার পূর্বে লূকঃ ২২ঃ৪৫ পদকে দেখি ‘তারা দুঃখে ঘুমিয়ে পড়েছিল” ইহা বর্ণনা করা হয়েছে যে তারা যীশুর ব্যাথা বহন করতে অক্ষম ছিল কারন যীশু তার মৃত্যু সম্বন্ধে তাদের সাথে ভবিষৎ বাণী করেছিলেন এবং তারা যে ভয়ে ছিনভিন হবে তাও তিনি বলেছিলেন। যদিও বা যীশু মানুষের সাথে বন্ধুত্ব সহভাগিতা করেছিলেন তথাপিও তার জীবনে অভাবের সময় উপস্থিত হয়েছিল, এই সময়ে তাকে একা পড়তে হবে এবং তাঁকে বিশ্বাসীদের জন্যই সম্মুখিন হতে হয়েছিল।

২৬:৪১ পদ: “জেগে থাক ও প্রার্থনা কর যেন পরিক্ষায় না পড়।” এই দুইটায় Present imperatives এটি ছিল তার মিষ্যদেও জন্য সতর্কতা, পরীক্ষার চলমান সত্যতা (মথিঃ ৪:১১, লূকঃ ৪:১৩) এখানে পরীক্ষায় বিভিন থিওরি দেখানো হয়েছে এই অবস্থানে (১) শিষ্যরা প্রার্থনার পরিবর্তে ঘুমিয়ে পড়ছিল। (২) শিষ্যরা সবাই যীশুকে ধ্বংশ করবে ৫৬ পদ। (৩) পিতরের অস্বীকার ৬৯-৭৫ পদ অথবা (৪) গর্ভমেন্টে ধর্মীয় বিচার (মথিঃ ৫৬:১০-১২, যোহনঃ ৯:২২, ১৬:২) পরীক্ষা শব্দটির গ্রীক শব্দ (Parasmos) ইহা ধ্বংশ করার জন্য পদক্ষেপ নেওয়ার চেষ্টা করাকে বুঝায়। মথিঃ ৬:১৩, লূকঃ ১১:৪, যোহনঃ ১:১৩) ইহা আরো অন্য একটি গ্রীক শব্দ ঃবংঃব এর জন্য ব্যবহার করা হয়েছে (dokimago) শক্তিকে খর্ব করার চেষ্টাকে বুঝায়। যে কোন ভাবেই হোক সর্বদায় বিভিন অবস্থানে ইহাকে উপেক্ষা করা যায় না। ধর্মতাত্ত্বিক দিক দিয়ে ইহা বলা যেতে পারে যে ঈশ্বর তার সন্তানদের পরিক্ষা করতে পারে না ধ্বংশ করতে পারে কিন্তু তিনি আধ্যাত্তিক বৃদ্ধির জন্য সুযোগ দিয়ে থাকেন (আদিঃ ২২:১, যাত্রাঃ ১৬:৪:২২ঃ:২০, দ্বিতীঃ৮:২, মথিঃ৪, লূকঃ৪, ইব্রীয়ঃ ৫:৮ পদ) যে কোন ভাবেই হোক তিনি সর্বদা সত্য পথই দিয়ে থাকেন । ১ম করঃ ১০:১৩ পদ।

“আত্মা ইচ্ছুক, কিন্তু মাংস দুর্বল” এটি হচ্ছে যীশুর আত্ম স্বীকারোক্তি যিনি মানব জাতি এবং তার দুর্বলতা সম্পর্কে জানে (ইব্রিয় ৪:১০পদ) এবং আমরা জানি তিনি আমাদের ভালবাসেন এবং এই জন্যই তিনি মৃত্যুবরন করেছেন। (রোমীয় ৫:৪) এবং এখন আমাদের জন্য মধ্যস্থতা করছেb| (রোমীঃ ৮:৩৪, ইব্রীয়ঃ ৭:২৫, ৯:২৪, যোহনঃ ২:১) প্রশংসা|

NASB (হালনাগাদ) শাস্ত্র পাঠঃ ২৬:৪২-৪৬ পদ
৪২ পদঃ তিনি ফিরে গিয়ে দ্বিতীয় বার প্রার্থনা করে বললেন, “পিতা আমার আমি গ্রহন না করলে যদি এ দুঃখের পেয়ালা দূর না হয়, তবে তোমার ইচ্ছাই পূর্ণ হোক।
৪৩ পদঃ তিনি ফিরে এসে দেখলেন তাঁরা আবার ঘুমিয়ে পড়েছেন, কারন তাদের চোখ ঘুমে ভারি হয়ে গিয়েছিল।
৪৪ পদঃ তিনি আবার তাদের ছেড়ে গিয়ে তৃতীয় বার সেই একই ভাবে বলে প্রার্থনা করলেন।
৪৫ পদঃ পরে তিনি শিষ্যদের কাছে এসে বললেন, ‘এখনও তোমরা ঘুমাচ্ছ আর বিশ্রাম করছ? দেখ, সময় এসে পড়েছে, মনুষ্য পুত্রকে পাপীদের হাতে ধরিয়ে দেওয়া হবে।
৪৬ পদঃ ওঠো, চলো, আমরা যাই। দেখ যে আমাকে শত্রুদের হাতে ধরিয়ে দেবে সে এসে পড়েছে।

২৬:৪২ পদঃ “আমি গ্রহন না করলে যদি এই দুঃখের পেয়ালা দূর না হয়।” এটি একটি সংযুক্ত কারী প্রথম শ্রেনীর শর্তভুক্ত এবং তৃতীয় শর্তসাপেক্ষ বাক্য। ইহা ইঙ্গিত করে যে, তাকে ক্রুশে হত হতে হবে কিন্তু তিনি জানতেন তার পিতার নিকট খোলা খোলি ভাবে- ব্যাখা ও দিতে পারতেন।
ইহা জানা ভাল যে, ঈশ্বরের ইচ্ছা আমাদেরকে পরিত্যাগ করার জন্য নয়। আমাদের ভয় আমাদের দ্বিধার জন্য তিনি পরিত্যাগ করবেন না কিন্তু যেভাবে যীশুর সাথে কাজ করেছেন ঠিক তেমনি ভালবাসা এবং বিশ্বাসে তিনি আমাদের সঙ্গে কাজ করবেন। আমরা নিজেরা কোন সময় ঈশ্বরের ইচ্ছা ব্যতিরেকে প্রার্থনা করতে পারিনা।
২৬:৪৪ পদঃ“তৃতীয় বার সেই একই কথা বলে প্রার্থনা করলেন” যীশু তৃতীয় বারের মত প্রার্থনা করলেন । প্রভু যীশুর এই প্রার্থনাটি পৌলের প্রার্থনার মত ছিল, । প্রভুকে আমি তৃতীয় বারের মত

